ৈ স্থান্তীপত্ৰ । প্ৰথম খণ্ড

সত্য।

विषय			:	পৃষ্ঠা
প্রথম উপদেশ—				
শার্কভৌমিক ও অবশ্যস্থাবী মূলতক্ষে	র সত্তা	i		· · · >
দ্বিতীয় উপদেশ—				
সার্বভৌমিক ও অবশ্যস্তাবী মূলতত্ত্বের	উৎপ ৰি	র নির্ণন্ন	•••	>>
তৃতীয় উপদেশ—	_	,		
সাৰ্বভৌমিক ও অবশ্যন্তাবী তত্ত্বসমূহে	রে প্রকৃত	মূল্য	•••	৩৮
চতুৰ্থ উপদেশ—				
ঈশর মূলতত্ত্বের মূলতত্ত্ব	•••	•••	. ***	83
পঞ্ম উপদে শ —		·		•
যোগবাদের গ্রহতন্ত্র	•••	•••	•••	.
দ্বিতীয়	খণ্ড			
হুন্দর	1			
প্রথম উপদেশ—				
মানব-মনে সৌন্দর্য্যজ্ঞান	•••			335
দ্বিতীয় উপদেশ—				- • • •
বাহ্য পদার্থের মধ্যে স্থন্দর	•••	•••	•••	288

^{विवन्न} ज् ीग्न डेशतम् न	·,				7ही
শির্কলা চতুর্থ উপদেশ—	•••	•••	•••	••	' ንቂባ
শিল্পক্ষার ভেদ নির্ণন্ন	 তীয়	 খণ	•••	•••	747
	মঙ্গল				
প্রথম উপদেশ—					
मक्रव	•••				
দ্বিতীয় উপদেশ—		***	•••	•••	799
^{সার্থের} নীতি তৃতীয় উপ দেশ —	•••	***	•••	•••	\$ 38
ষ্মন্তান্ত অসম্পূর্ণ নীতিবাদ চতুর্থ উপদেশ —	•••		•••	•••	₹€0
ধর্মনীতির প্রকৃত মূলতত্ত্ব পঞ্চম উপদেশ—		•••	•••	•••	२৮১
আপনার প্রতি ও অ ত্যের প্রতি ব	ক্তি ব্য	•••	•••	•••	৩১৭

অবতরণিকা।

বঙ্গীর পাঠকের নিকট, "সভ্য-স্থলর-মন্তল"-গ্রন্থ প্রণেতা প্রসিদ্ধ ইরানী-দার্শনিক ডিক্টর কুজাার * কিঞিৎ পরিচয় দেওরা আবশ্যক বিবেচনার, তাঁহার জীবনী ও দার্শনিক গ্রন্থাবদী সম্বন্ধে সংক্ষিপ্ত বিবরণ নিমে প্রদত্ত হইল ।

ভিক্তর কুজাঁ।, একজন ঘড়ি-নির্মাতার প্র। ইনি ১৭৯২ খুটাব্দে পারী নগরে জন্মগ্রহণ করেন। ১৮১৫ খুটাব্দে, 'নর্ম্মান্স'-বিদ্যালয়ে ও বিধবিদ্যালয়ের সাহিত্য-বিভাগে দর্শনসম্বন্ধে উপদেশ দিতে আরম্ভ করেন। পরে, তিনি জর্মান-ভাষা শিখিয়া, Kant-এর গ্রন্থ, Jakobi-র গ্রন্থ ও Scilling-এর "প্রকৃতির দর্শন" নামক গ্রন্থের অনুশীলনে মনোনিবেশ করেন। ক্রেম হেগেলের সহিত স্থাবদ্ধনে আবদ্ধ হন।

ক্রান্সে রাজনীতিক বিপ্লব উপস্থিত হওয়ায় তাঁহার কর্ম্মজীবনের প্রবাহ কিছুকালের জন্ম নিক্ষ হয়। ১৮১৪-১৫ এই ছই বংসরের মধ্যে ফ্রান্স-রাজ্যে যে সকল ঘটনা সংঘটিত হয়, সেই সকল ঘটনার সময়ে তিনি রাজকীয় পক্ষ গ্রহণ করেন। কিন্তু রাজ-পক্ষ গ্রহণ করিলেও তিনি রাষ্ট্রনীতিক্ষেত্রে উদার মতাবলধী ছিলেন। কিছুকাল পরে, উদারনীতির বিক্লম্বে একটা প্রতিক্রেয়া উপস্থিত হয়। তাহার ফলে, 'নর্ম্মান'-বিদ্যালয় প্রভৃতিতে তাঁহার যে কর্ম্ম ছিল সেই কর্ম হইতে তিনি বিচ্যুত হন। কিন্তু ইহা তাঁহার পক্ষে একপ্রকার শাপে বর হইল। এই অবসরে, আরও সম্যক্রপে দর্শনের অফ্লীণন করিবেন মনে করিয়া তিনি জ্মানদেশে যাত্রা করিলেন। ১৮২৪-২৫ এই সময়ে যথন তিনি বর্লনে অবস্থিতি করিতেছিলেন,

^{*} কুর্জাার "জ" ইংরাজী z অক্ষেরের স্থায় উচ্চারিত হইবে।

বাক্যানাপ প্রসঙ্গে অসাবধানে কোন একটা আইনবিকদ্ধ কথা বণিক্ষা ফেলায়, ফরাসী-পুলিসের অভিযোগে তিনি কারাগারে নিঃক্ষিপ্ত হন।
ছয় মাস পরে কারামুক্ত ছইলেও, তিন বংসরুকাল পর্যান্ত তাঁহার
ড়ৢৢৢৢয়পর ফরাসী রাজ্পর কারের সন্দেহ-দৃষ্টি নিপতিত ছিল। যাহা হউক,
দর্শন-ঘটিত তাঁহার নিজস্ব মতগুলি এই সময়ে তিনি ভাবিয়া চিন্তিয়া
বেশ পরিপুট্ট করিয়া তুলিয়াছিলেন। তাঁহার সময়য়য়য়াদ, তাঁহার
তল্পবিদ্যা, তাঁহার ইতিহাসের দর্শন, এই সকলের ম্লতব ও খুটনাট্রিগুলি তিনি তাঁহার ''দার্শনিক টুক্রা" নামক গ্রন্থে বিকৃত
করেন (১৮০৮)। "সতা স্কল্ব মঙ্গল," লাকের দর্শন," তাঁহার
এই শেষ প্রণাত সর্ক্ষেক্টে গ্রন্থগুলি—তিনি ১৮১৫ হইতে ১৮২০
খুটাক পর্যান্ত যে সকল উপদেশ দিয়াছিলেন, তাহারই একপ্রকার
প্রতিসংস্করণ মাত্র।

• ঠাহার "দার্শনিকটুক্রা" নামক গ্রন্থে, বিভিন্ন দর্শনের সংমিশ্রিত শ্রুভাব পরিদৃষ্ট হয়। এই সকল দর্শনের প্রভাব-বলে তাঁহার মতগুলি চরম পরিপক্ষ ভা লাভ করে। কারণ, দার্শনিক মূলতর ও দার্শনিক পদ্ধতি সম্বন্ধে কুল্পা। বেরূপ সমব্যবাদা ছিলেন, তাঁহার চিন্তাপ্রণালী ও দার্শনিক অভ্যাসও ভদক্রপ ছিল। এই "দার্শনিক টুক্রা" প্রকাশত হইবার পর হইতেই তাঁহার ঝাতির বিস্তার আরম্ভ হয়।
ইহার পরেই তাঁহার দর্শনের ইতিহাস প্রকাশিত হ্যু।

১৮২৮ খুটানে কুজা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকের আধান পুনঃ প্রতিষ্ঠিত হন। তাহার পর তিন বংসর কাল, দর্শনের সর্বোত্তম ৰাাথ্যাত। বলিয়া তিনি যার পর নাই প্রথাতি অর্জন করেন। তিনি যে বিষয়ে উপদেশ দিতেন তাহার একটা মোটামুট রেথাপাত করিয়া পরে তাহার খুটনাটিগুলি স্ক্রেণালীক্রমে ও বিশদ্রূপে পূরণ করিয় দিতেন। কি করিয় আলোচ্য বিষয় ক্রমশ ফুটাইয়া তুলিতে হয়, বাড়াইয়া তুলিতে হয়, তাহার কৌশনটি তিনি বেশ জানিতেন। তাঁহার দার্শনিক বাঝায়, পরিপুই পরিক্টু শক্ষরক্ষত বাক্যবিত্রের একটা অনর্গন প্রবাহ থাকিত। তাঁহার বাক্যপ্রয়োগের রীতিটিপুর বিশ্ব, স্থানিত ও ওজয়া। সমস্ত জিনিস একটা সাধারণ নিয়মেয় সামিল করিবার দিকে ফরাসী মানস-প্রকৃতির বেরুপ একটা প্রবণতা দেখা যায়, কুজাার রচনার মধ্যেও সেইরুপ প্রবণতা পরিলক্ষিত হয়। দর্শনের ব্যাধানকার্যো তিনি অবিত্রীয় ছিলেন। ব্যাধানশক্তির সহিত তাঁহার কল্পনার্শক্তি ছিল বলিয়া, তিনি তাঁহার নিজের ভাবে ছাত্রদিগকে সহজে অনুপ্রাণিত করিতে পারিতেন। তিনি বেরুপ দর্শনচর্চরে জন্ম, বিশেষত দর্শনের ইতিহাস অনুশীলনের জনা লোকের একটা ক্রচি জন্মাইয়া দিয়াছিলেন, সপ্তদশ শতাকীর পরে সেরুপ আর কেহ করিতে পারেন নাই।

১৮৩২ খ্রান্দে রাজসরকারের অনুগ্রহে তিনি ফ্রান্সের অভিজ্ঞাত-শ্রেণীতে উন্নীত হন। অবশেষে ১৮ খুটান্দে প্রধান মন্ত্রী তিয়েরের (Thiers) আমলে তিনি নর্ম্মাল বিদ্যালয়ের পরিচালকের পদে নিম্নোজিত হন ও কার্য্যতঃ বিশ্ববিদ্যালয়ের সর্ক্ষয় কর্তৃত্ব লাভ করেন। এই সময়ে তাঁহারই যত্ত্বে, ফ্রান্সে লোকশিক্ষার স্ব্যাবস্থা প্রথম প্রবৃত্তিত হয়।

তাঁহার জীবনের শেষদশায়, কোন এক গৃহের অন্তর্গত এক প্রস্তু কাম্রা ভাড়া করিয়া সাদাসিধাভাবে ও বিনা আড়ম্বরে জীবন্যাপন করিতেন। তাঁহার এই আবাস-ঘরে, তাঁহার একটি উংক্লপ্ত লাই-রেরী ছিল। সমস্ত জীবন ধরিয়া তিনি যে সকল গ্রন্থ সংগ্রন্থ করিয়াছিলেন, তাঁহার সেই সাধের গ্রন্থগুলি এই লাইব্রেরীতে রক্ষিত হইরাছিল। ১৮৬৭ থৃষ্টাব্দে ৬৫ বংসর বর:ক্রম কালে তিনি ইহলোক পরিত্যাগ করেন।

কুজাঁর দর্শনে তিনটি বিশেষত দৃষ্ঠ হয়। তাঁহার প্রণালী, তাঁহার প্রণালী-প্রস্ত কার্যাফল বা দিছান্ত এবং ইতিহাদে বিশেষতঃ দর্শনের ইতিহাদে ঐ প্রণালী ও দিছান্তের প্রয়োগ। তাঁহার প্রণাত দর্শন সাধারণত সমব্যবাদ নামে অভিহিত হইয়া থাকে। কিছু প্রকৃতপক্ষে উহা গোণভাবে সমব্যয়াফ । সমব্যবাদ একটা বিশেষ মতবাদের উপর প্রতিষ্ঠিত না হইলে, নিফল হয়। কুজাা নিজেই বলিয়াছেন, দেরূপ সমব্যবাদকে প্রকৃত সমব্যবাদ বলা যায় না, উহা দর্শনের একটা নিফল ও অছ সংগ্রহ মাত্র। সমব্যবাদকে প্রতিষ্ঠিত করিবার জন্য একটা বিশেষ দর্শনপ্রতি আবিশ্রক। তাহার মতে পছতি, দিছান্ত ও ঐতিহাদিক দর্শন—ইহারা পরস্পরের সহিত্ব ঘনিষ্ঠ সম্বস্ত্র আবিদ্ধ।

পর্যাবেক্ষণ, বিশ্লেষণ ও সিফ্লান্ত নির্ণয়—ইহাই তাঁহার দার্শনিক প্রণালী। কুল্যা বলেন, আই পর্যাবেক্ষণপ্রণালীই, দর্শনের প্রকৃত প্রণালী। আমাদের আয়ুট্রতন্য—যাহাতে অফুভবসিদ্ধ সমস্ত মানদিক ব্যাপার প্রকাশ পার, সেই আয়ুট্রতন্যক্ষেত্রে এই প্রণালী বিশেষরূপে প্রয়োগ করা আবশ্যক। এই প্রণালীর প্রয়োগফলেই মনোবিজ্ঞানের উৎপত্তি। কি তম্ববিদ্যা, কি মনোবিজ্ঞান, কি ইতিহাসের দর্শন, সমস্তেরই প্রকৃত পত্তনভূমি মানসিক পর্যাবেক্ষণ। কুল্গা বলেন, আয়ুট্রতন্যে অফুভূত প্রতাক্ষ তথ্যগুলি হুইতেই বৈধ অফুমানের হারা, দার্শনিক সত্যে উপনীত হওয় বার।

মানসিক পর্যাবেক্ষণের শারা, অন্তঃকরণের এই তিনটি ভন্ত

উপণৰ হয়। ইন্দ্ৰিয় বোধ, খৈচ্ছিকক্ৰিয়াবা স্বাধীন ইচ্ছাও প্ৰজ্ঞা (Reason)। এই তিনটি ব্যাপার বিভিন্ন লক্ষণাক্রান্ত হইলেও আত্ম-रेहज्राता উशामत পुषक मजा नाहे। हेक्तिव्रत्वाध वा हेक्तिव-গৃহীত বিষয় - অবশাস্তাবী। উহাদের ক্রিয়া আমাদের নিজের উপর আরোপ করিতে পারিনা। প্রজার বিষয়গুলিও এইরূপ অবশ্যস্তাবী (Necessary)। ইন্দ্রিয় বোধের ন্যায় প্রজ্ঞাভ আমা-দের ইচ্ছা-সন্তুত নহে। আত্মইচতন্যের দৃষ্টিতে, আমাদের স্বেচ্ছা-মূলক ক্রিয়াগুলিই বাক্তিত্বের পরিচায়ক। ইচ্ছার্তিই আমার অন্তরত্ব "ব্যক্তি," আমার "আমি"। এই "আমি"ই আমাদের মানসিক জগতের কেন্দ্র, উহাকে ছাড়িয়া চৈতন্য অদন্তব। আমা-দের সমস্ত চৈতনা প্রজার আলোকেই আলোকিত। এই প্রজা व्यापनारक व्यापनि উपमिक्त करत, हे जित्र रवाधरंक উपमिक्त करत. ইচ্ছাবুত্তিকে উপলব্ধি করে। অতএব উক্ত তিন অবিচ্ছেন্য মূল উপাদান লইয়াই আমাদের চৈতনা। কিন্তু প্রজ্ঞাই আমাদের জ্ঞানের—এমন কি আয়ু হৈতন্যেরও অব্যবহিত পত্তনভূমি।

প্রজা সম্বন্ধীয় মতবাদটেই, কুজাার দর্শনতন্ত্রের একটি মুধ্য
বিশেষত্ব। তাঁহার মতে, মানসিক পর্যাবেক্ষণের দ্বারা আমরা বে
প্রজ্ঞাকে উপলব্ধি করি, সেই চৈতন্যগত প্রজ্ঞার প্রকৃতি নির্দ্ধিশেষ, অর্থাং—অ-ব্যক্তিগত। আমরা উহার প্রবর্ত্তক নহি। উহার
প্রকৃতি ব্যক্তিত্বধর্ম্মের ঠিক বিপরীত। উহা অবশ্যস্তাবী ও সার্ম্ধভৌমিক। জ্ঞানের অবশাস্থাবী ও সার্ম্মেটেমিক তত্ত্ত্ত্তিলি মনোবিজ্ঞানক্ষেত্রে স্বাকার করা সর্ম্মতোভাবে কর্ত্ত্ব্য। ইহা বিশেষরূপে
প্রতিপাদন করা আরশ্যক বে, এই তত্ত্ত্তিলি সম্পূর্ণরূপে অ-ব্যক্তিগত
বা ব্যক্তিত্ব-নিরপেক্ষ। Kant তাঁহার মানসিক বৃত্তিদমুহরে

বিশ্লেষণে, এই কণাটির উল্লেখ করেন নাই : কুজাণার বিখাদ, ইচতনাপর্যাবেক্ষণপদ্ধতির সাহাযো. এই মুখা তত্তী দর্শনে সল্লিবেশ করিয়া, তিনি দর্শনের পূর্ণতা বিধান করিয়াছেন। স্লেড্ডা-শক্তিনম্পন্ন স্বাধীন আত্মার সম্বরুষ্ত্রেই প্রজ্ঞা বিবয়ীস্থানীয় বা-বাষ্টিস্থানীয়। কিন্তু উহা প্রকৃতপক্ষে নির্বিশেষ। ইহা বিশ-মানবের অন্তর্ভূত কোন আত্মারই নিজম্ব নহে; এমন কি, বিশ্বমানবেরও নিজ্ञ নহে। যথাযথক্সপে বলিতে গেলে, বিশ্ব-প্রকৃতি ও বিশ্বমানবই প্রজ্ঞার নিজ্ञ। কেননা, প্রজ্ঞার নিয়ম-গুলি বাতীত, উভয়েরই উচ্ছেদ অবশান্থাবী। সেই নিয়মগুলি কি প কুজাার মতে, প্রজ্ঞার ছইটি মুখা নিয়ম;—এক কার্যা-কারণের নিষম: আর এক বস্তুগতার নিয়ম। এই ছই নিয়ম इहेट अना नियम छनि প্রবাহিত হয় এই ছই नियम हहेट, একদিকে, আনরা একটি বাক্তিগত সত্তায় আসিয়া—স্বাধীন আত্ম-সূত্রায় আসিয়া উপনীত হই। এবং অন্য দিকে অব্যক্তিগত "আমি-না"-তে আদিয়া, বিশ্বপ্রকৃতিতে আদিয়া, একটি শক্তি-জ্বতে আসিয়া উপনীত হই। মনোবোগের ক্রিয়া ও ঐচ্ছিক-ক্রিরার হেতৃ বা মূলপুরবর্তিক বেরূপ আমরা নিজেকে মনে করি, দেইরূপ, ইন্দ্রিবোধসমূহের হেতৃ আমার বাহিরে অবস্থিত এরূপ না ভাবিয়া থাকিতে পারি না। তাই এই বাহা জগতের অস্তির আমার নিজের অন্তিত্তেরই ন্যায় বাস্তব ও নিশ্চিত বলিয়া আমানের প্রতীতি হয়।

কিন্তু এই "আমি" ও "আমি-না" এই ছই শক্তি, পরস্পরের সধদে দদীম — উভয়ই উভয়ের দীমা নির্দেশ করিয়া দেয়। এই দুই শক্তির দদীমতা হইতে আমরা একটি পরম কারণের ধারণায় — শ্বদীদের ধারণায় উপনীত হই। এই কারণটি মাপনাতে আপনি
পর্যাপ্ত, এবং এই কারণে উপনীত হট্যা আমাদের জ্ঞান পরিতৃপ্ত হয়। এই কারণই ঈর্যার। তিনি বিধ্যানবের সহিত,
বাহ্য জগতের সহিত, এই কারণস্ত্রে আবদ্ধ। যে হিসাবে তিনি
ঐকান্তিক কারণ, দেই হিসাবেই তিনি ঐকান্তিক বস্তু। কিন্তু
স্পষ্ট করিবার শক্তি তাঁহার স্বন্ধগত—তাঁহার স্বভাবদিক। তিনি
স্পষ্ট না করিয়া থাকিতে পারেন না।

ঈশুর দম্বন্ধে তাঁহার এইরূপ মত দেখিয়া কেহ কেহ তাঁহাকে বিশ্বক্রবানী বলিয়াছেন। কিন্তু তিনি তাহার উত্তরে এইরূপ বলেন:--"বাহাজগতের নিয়মাবলীকে ঈপরের সহিত একীভূত করা, জগংকে ঈধরে পরিগত করা—ইহাই প্রাকৃত বিশ্বস্মবাদ। কিন্তু আমি, আত্মী ও বাহাজগং এই সদীম ক্লারণৰয়ের পার্থকা এবং উভায়র সহিত অধীম কারণের পার্থকা নির্দেশ করিয়াছি। এই চুই স্থাম কারণ-ম্ম্যাম কারণের বিকার বা প্রকার-ভেদ মাত্র, এইরূপ Spinoza-র মত। কিন্তু আমার মত তাহা नरह। यामि वतः এই कथा विन, উहाता श्राक्षीन मिक्कि, উहारमुक्र ক্রিয়াশক্তি উহাদের আপনাদের মধ্যেই নিহিত। স্বাধীন সদীম-मछात मध्यक अरेड्रेक् बातगारे आमात्मत भटक यरबर्छ। छटक. আমার মতে, এই হুই দ্বীম দত্তা দেই প্রমকারণ-প্রস্তুত কার্য্যঃ উহারা পরম কারণের সহিত কার্য্য সম্বন্ধে আবদ্ধ। আমি যে ঈশ্বরেক कथा विल. (प्र क्रेश्व विश्वक्षवामित क्रेश्व नहिन, अभवा Eleacties সম্প্রদায় যেরূপ ঈশ্বরের ঐকান্তিক একতা প্রতিপাদন করিয়া বলেন যে. ঈথরের সহিত স্ষ্টির বা বহুত্ত্বের কোনপ্রকার সংস্রব থাকা ष्मगञ्ज - प्यामात क्रेयंत (मृज्य क्रेयंत्र अन्य न्याम । प्याम (य क्रेयंत्रक

প্রতিপারন করি, সে ঈধর ক্রিয়াশীল, স্থরনশীল, তাঁহার স্ঞ্ম-भीनठा व्यवगुष्ठावी। स्थिताका ও ইনিয়াকটিকসদের ঈশ্বর বস্তু-মাত্র। এইরূপ ঈধরকে কোন অর্থেই কারণ বলা যাইতে পারে না। জীম্বরের ক্রিয়াবা স্মষ্টিকার্য্য যদি তাঁহার পক্ষে অবশ্যস্তাবী হয়, তবেত তিনি এই অবশ্যন্তাবিতার অধীন। ইহার উত্তরে আমি বলি. প্রকৃতপক্ষে এই স্বধীনতা স্বধীনতাই নহে। ইহা স্বাধীনতার উচ্চতম রূপ। ইহা স্বত:ক্তুরি স্বাধীনতা। ইহাচিস্তা-নিরপেক বা অচিপ্তিত ক্রিয়াশীলতা। তাঁহার ক্রিয়া,—প্রকৃতি ও ধর্মবুদ্ধির সংগ্রাম হইতে উংপন্ন নহে। তিনি অগীমভাবে স্বাধীন। মায়-বের বিশুরতম স্বত:প্রবর্ত্তিত ক্রিয়াও ঐশ্বরিক স্বাধীনতার ছায়া-মাত। जेन्द्रत न्याधीन ভাবে कार्या करतन. किन्न रिम्हा यम् छहा-সম্ভত নহে: অথবা, অন্তর্মপ কার্য্য করিলেও করিতে পারিতাম — ্এইরূপ বিকল্প-বৃদ্ধিও তাঁহার কার্য্যে নাই। আমাদের স্থায় তিনি চিন্তা করিয়া, কিংব। আমাদের ভার ইচ্ছা করিয়া তিনি কাজ করেন না। তাঁহার স্বতঃক্তি ক্রিয়া, ইচ্ছাজনিত আয়াস ও কষ্ট হইতে যেরূপ বজ্জিত, অবশাস্থাবিতার যান্ত্রিক ক্রিয়া হইতেও দেইরূপ বর্জিত। আমানের উপনিখনেও ঠিক এই কথাই আছে। উপনিষদ বলেন-"স্বাভাবিকী জ্ঞান বল ক্রিয়া চ", অর্থাৎ ঈথরের জ্ঞান বলক্রিয়া স্বভাবসিদ।

তাঁহার মতবাদের উপর উপনিষদের কিছু প্রভাব ছিল কি না
ঠিক্ বলা যায় না। তবে ভারতীয় দর্শনাদির প্রতি তাঁহার যে
প্রগাঢ় ভক্তি ছিল, তাঁহার নিম্নলিখিত বাক্যে তাহার পরিচয় পাওয়া
যায়:—"ভারতের পুরাকীর্ত্তিস্কলপ কাব্য দর্শনাদি মনোযোগের সহিত
পাঠ করিলে এত তত্ত্—এত গভীর তত্ত্ আবিকার করা যায় এবং


যুরোপীয় প্রতিভা বেধানে আসিয়া থামিয়া গিয়াছে দেই সব সিদ্ধান্তের
ক্ষুত্রতার সহিত তুলনা করিয়া এতটা তফাৎ মনে হয় বে, আমরা
প্রাচ্য প্রতিভার সমুধে নতজার হইতে বাধ্য হই, এবং দেখিতে
পাই এই মানবজাতির আদিম নিবাসই উচ্চতম দর্শনের জ্রমাভূমি।"

তাঁহার সমন্বয়বাদের অর্থ এই যে. তিনি মনোবিজ্ঞানের পদ্ধতি দর্শনের ইতিহাসে প্রযোগ করিয়াছেন। চৈতন্যোপলন তথ্য সকলের সহিত, সকল প্রকার দার্শনিক সম্প্রদায়ের মতবাদ-শুলি মিলাইয়া, তিনি যে সিদ্ধান্তে উপনীত হইরাছেন তাহা এই :---প্রত্যেক সম্প্রদায়ের দর্শনে যে সকল মানসিক ব্যাপার ও তত্ত্বের কথা আছে তাহা সত্য হইলেও, হৈতন্যে যে কেবল ঐগুলিই অবস্থিত এরপ বলা যায়না; কিন্তু তাঁহাদের মতে, কেবল ঐগুলিই চৈতনোকে অধিকার করিয়া আছে। স্বতরাং প্রত্যেক দর্শন একেবারেই মিথ্যা নহে, পরস্ত অসম্পূর্ণ। এই দর্শনগুলিকে সন্মিলিত করিলে, চৈতন্যের সমগ্রতার অনুরূপ একটি সমগ্র দর্শন সংগঠিত হইতে পারে। কেহ কেহ অজ্ঞানবশত মনে করেন. এইভাবে দর্শন রচিত হইলে কতকগুলি দার্শনিক মতবাদের সংমিশ্রণ মাত্র , হইরে, তাহার অধিক নহে। কিন্তু তাহা ঠিক নহে। প্রত্যেক দর্শনের মধ্যে যাহা মিথ্যা, যাহা কিছু অসম্পূর্ণ তাহা বাদ দিয়া, তাহার সত্যাংশকে সম্পূর্ণ করিয়া তুলিয়া এইরূপ দর্শনের দারা, একটি অথও সত্যকে প্রতিষ্ঠিত করা হইবে।

কুজাঁার একজন ঘোরতর প্রতিপক্ষ Sir William Hamilton কুজাঁার সম্বন্ধে এইরূপ অভিপ্রায় ব্যক্ত করিয়াছেন;—ভিক্টর কুজাঁা একজন স্থগভীর ও মৌলিক তত্ত্বদশী, একজন প্রাঞ্জলতাঞ্চণবিশিষ্ট বাগ্বিভবসম্পন্ন স্থলেথক; কি প্রাচীন, কি অর্ধাচীন উভন্থ-

কালের বিদ্যাতেই স্থপণ্ডিত। দেশ, কাল, সম্প্রদার, ও ব্যবসারগক্ত সকল প্রকার অন্ধ সংস্কার হইতে বহু উর্দ্ধে অবস্থিত এইরূপ একজন দার্শনিক; এবং বাঁহার সমূরত সমন্বর্যাদ, সর্বত্তি সত্যামুসদ্ধানে প্রবৃত্ত হইরা, অতীব বিরুদ্ধ পক্ষীয় দর্শনের মধ্যেও সভোর অথওতার সন্ধান পাইরাছে।"

ঐজ্যোতিরিজ্ঞনাথ ঠাকুর।



সার্বিভৌমিক ও অবশ্যস্তাবী মূলতত্ত্বের সত।।

শুধু আজ ৰলিয়া নহে, সৰ্ব্বকালেই মহন্তগণ ছুইটি তত্ত্বের স্বাবগুকতা অন্ধুভৰ করিয়া আদিতেছে।

এই হ্রের মধ্যে প্রথমটি অধিকতর প্রবল ও হ্রতিক্রমণীয়। সেটি কি ?—না, কতকগুলি ধ্রুব অপরিবর্ত্তণীয় মূলতর, যাহা কালের উপর নির্ভর করে না, স্থানের উপর নির্ভর করে না, অবস্থার উপর নির্ভর করে না, অবস্থার উপর নির্ভর করেনা, এবং যাহা মানব-চিত্তের অদীম বিশ্বাস ও বিশ্রামের স্থল। যে কোন বিষয়েরই গবেষণা হউক, যতক্ষণ শুধু কতকগুলি বিচ্ছিন্ন অসম্বদ্ধ তথ্য প্রাপ্ত হওয়া যায়,—যতক্ষণ সেই তথ্যগুলিকে কোন-একটা মূলতত্বে উপনীত করা না যায়, ততক্ষণ তাহা বিজ্ঞানের সামিল হয় না—তাহা বিজ্ঞানের উপকরণ মাত্র।

এমন কি, ভৌতিক বিজ্ঞান তথনি আরম্ভ হয়, যথন আমর।
প্রাকৃতির রাজ্যে নানা তথ্য পর্যাবেক্ষণ করিয়া দেই দকল তথ্যকে
কতকগুলি নিয়মের সঙ্গে বাধিয়া দিই। প্রেটো বলিয়াছেন:—"ওধু
ঘটনা লইয়া বিজ্ঞান হয় না।"

এই-ত গেল আমাদের প্রথম আবশুকতা। আর একটি তত্ত্বরও আবশুকতা আমরা অমুভব করিয়া থাকি ;—উহাও প্রথমটির ভাষ বৈধ। যাহাতে আমরা মনঃকলিত কতকগুলি থেয়ালের দারা,—
নিপুণ অথচ কৃত্রিম কতকগুলি যোগাযোগের দারা প্রবঞ্চিত না হই,
যাহাতে বাস্তবের উপর —প্রতাক্ষ অনুভব ও পরীক্ষার উপর নির্ভক্ত করিতে পারি, এরূপ কোন একটি তত্ত্বেরও আবশুকতা আমরা অনুভব করিয়া থাকি। ভৌতিক বিজ্ঞানের ক্রুত উন্নতি ও বিজয়কীর্তি সন্দর্শনে অজ্ঞ জনের চক্ষ্ ঝলসিয়া যায়; তাহারা জানে না, এই উন্নতি পরীক্ষা-প্রয়োগ-পদ্ধতিরই ফল। অধুনা, এই পদ্ধতিটি এতটা লোকপ্রিয় হইয়া উঠিয়াছে এবং ইহাকে এতটা অতিরিক্ত দীমায় লইয়া যাওয়া হইয়াছে যে, যদি কোন বিজ্ঞানের অনুশীলনে এই পদ্ধতিটি অবলম্বিত না হয়,
ভাহা হইলে ভাহার প্রতি আর কিছুমাত্র মনোযোগ করা হয় না।

পর্যাবেক্ষণ ও প্রজ্ঞাকে একত্র মিনিত করা,—কোন বিজ্ঞানের অনুশীলনে মভিলানী হইলে, সেই বিজ্ঞানের আদর্শকে লক্ষ্যভ্রপ্ত হইতে না দেওয়া, এবং পরীক্ষার পথে উহাকে অনুসন্ধান ও লাভ করা—ইহাই দর্শনশাস্তের সমস্থা।

গত ছই বংসর ধরিয়া আমি যে সকল উপদেশ দিয়াছি তাহা
এক্ষণে স্মরণ কর:—কঠোর বৈজ্ঞানিক গছতি মনুসালে ইহা কি
সিদ্ধ হয় নাই বে, জ্ঞানী-অজ্ঞান-নির্দ্ধিশেষে মন্ত্র্য্য মাত্রেরই অন্তরে
এক্ষপ কতকগুলি জ্ঞান, ধারণা, প্রতাতি, মূলতত্ত্ব আছে যাহা—
বোর সংশ্রবাদী মুখে অস্বীকার করিলেও, তাঁহার অজ্ঞাতসারে
তাঁহার প্রত্যেক কার্য্য ও বাবহারকে নিয়মিত করে ? একটু আয়জিজ্ঞাসা করিলেই এইগুলি প্রত্যেকেরই অন্তরে অন্তত্ত হইবে।
এমন কি, অতীব গ্রাম্য ইতর জনেরাও নিজ নিজ পরীক্ষার এইগুলি
উপলব্ধি করিয়া থাকে। এইগুলি গুধুনে পরীক্ষার সীমার মধ্যেই
বন্ধ তাহানহে—ইহা পরীক্ষাকেও অতিক্রম করে—পরীক্ষার উপর

কর্ড্য করে। বিশেষ-বিশেষ ব্যাপার-সমূহের মধ্যে থাকিয়াও এইগুলি সার্বভৌমিক,—ইহা বিশেষ-বিশেষ ব্যাপারে প্রযুক্ত হইয়া থাকে; আগন্তক ব্যাপারের সহিত মিশ্রিত থাকিলেও, এগুলি নিত্য ও অপারিহার্য্য; আমরা স্বয়ং আপেক্ষিক ও সীমাবদ্ধ হইলেও, আমাদের সমক্ষে এগুলি অসীম ও নিরপেক্ষ বলিয়া উপলব্ধি হয়। আমি তোমাদের সমূথে পরম্পর-বিয়দ্ধ কতকগুলা ছুর্ব্বোধ কথা উপস্থিত করিতেছি না, আমি আজ যাহা বলিতেছি তাহা আমার পূর্ব্ধ-পূর্ব্ধ উপদেশেরই দিনান্ত ফল।

সকল বিজ্ঞানেরই মূলে কতকগুলি সার্বভৌমিক ও অবশুস্তাবী মূলতব যে আছে তাহা ইতঃপূর্ব্বে প্রদর্শন করিতে আমার কিছু মাজ কট্ট পাইতে হয় নাই।

ইহা-ভ স্পষ্টই পড়িরা আছে—এমন কোন গণিত শাস্ত্র নাই যাহার কতকগুলি স্বতঃশিদ্ধ মূলহত্ত নাই—কতকগুলি নির্দিষ্ট লক্ষণাঃ নাই—অর্থাৎ যাহার কতকগুলি নিরপেক্ষ মূলতত্ত্ব নাই।

যাহা চিস্তার গণিত সেই ভারশাস্ত্রের দশা কি হয় যদি আমরা তাহা হইতে কতকগুলি মূলস্থ্য সরাইয়া লই—সেই স্ব স্থ্য যাহা সকল যুক্তি ও সকল দিদ্ধাস্তের মূলীভূত।

কোন ভৌতিকবিজ্ঞান কি সম্ভব হইত, যদ্দি তৎসংক্রাস্ক তাবং ঘটনা ও ব্যাপারের মূলে কোন-একটা হেতু কিলা মিল্লম না থাকিত ?

চরম হেভ্-রূপ কোন মূলতত্ত্ব না থাকিলে, শারীরবিজ্ঞান কি একপদও অগ্রদর হইতে পারিত ? তাহা হইলে কি আমরঃ কোন-একটি দেহ-যন্ত্রের ব্যাথা৷ করিতে পারিতাম—কোন দৈহিক যন্ত্রের প্রক্রিয়া নিশ্ধারণ করিতে পারিতাম ? যে মূলতত্ত্বর উপর সমগ্র ধর্মনীতি নির্ভর করে—যাহার উপর সমস্ত ধর্ম প্রতিষ্ঠিত তাহাও কি এই প্রকৃতির নহে ?

স্থান-কাল-নির্দ্ধিশেষে, নীতিবোধ-বিশিষ্ট ব্যক্তি মাত্রেই কি এই সকল মূলতত্ত্বের শাসনাধীন নহে ? নীতিবোধ-বিশিষ্ট এমন কোন জীব কি কল্পনা করিতে পার যাহার বিবেক-বৃদ্ধি এই কথা বলে না যে,— অন্তরের রিপুদিগকে প্রজ্ঞার অধীনে রাখা কর্ত্তব্য, প্রতিজ্ঞা পালন করা কর্ত্তব্য, স্থার্থের প্রবল প্ররোচনা সত্ত্বেও, যে বস্তু অ্যমার নিকট কেহ বিশ্বাস পূর্দ্ধক গচ্ছিত রাখিয়াছে ভাহা প্রত্যপণ করা কর্ত্তব্য ?

এ সমন্ত দার্শনিকদিগের কুসংস্কার কিস্বা ন্যায়বাগীশদিগের কতক-গুলি শাস্ত্রীয় বাগাড়ধর মাত্র নহে। অতিসামান্ত জ্ঞানেও ইহা উপলব্ধি হইয়া থাকে।

যদি আমি তোমাকে বলি, একটা হত্যাকাণ্ড হইয়াছে, অমনি কি তুমি আমাকে জিজ্ঞাদা কর না,—কোথার হইয়াছে, কাহা-কর্তৃক হইয়াছে এবং কেন হইয়াছে? তাহার তাৎপর্য্য এই:—কাল, জান, হেতু-ঘটিত—এমন কি, চরম হেতু-ঘটিত এমন কডকগুলি মূলতত্ব তোমার অস্তরে নিহিত আছে যাহা সার্ব্বভৌমিক ও অবশাস্তাবী এবং সেই সকল মূলতব্ব দারা চালিত হইয়াই তোমার মন এইরূপ জিজ্ঞাদায় তোমাকে প্রবৃত্ত করে।

যদি আমি বলি, কোন প্রণয়-ষটিত ব্যাপার কিয়া উচ্চাকাঝা এই হত্যাকাণ্ডের হেতু,—তুমি কি তৎক্ষণাৎ, কোন প্রেমিক কিংকা কোন উচ্চাকাঝী ব্যক্তির কল্পনা কর না ? তাহার আংপর্য্য এই;— তুমি জান, কোন কর্ত্তীভিন্ন কোন কার্য্য নাই,—কোন বস্তুভিন্ন কিংবা বাস্তবিক সত্তাভিন্ন কোন গুণ নাই, কিংবা কোন ঘটনা নাই। যদি আমি তোমাকে বলি, ঐ হত্যাপরাধে অভিযুক্ত ব্যক্তি এইরূপ

বলিতেছে বে, তাহার অভান্তরন্থ যে ব্যক্তি এই হত্যাকাণ্ডের ক্রনা করিয়াছিল, সঙ্গল করিয়াছিল, এবং উহা কার্য্যে পরিণত করিয়াছিল দে এক ব্যক্তি নহে,—সময়াস্তরে তাহার ব্যক্তিত্ব অনেকবার নবীক্তত হইয়াছে, তাহা হইলে—দে যদি অকপট-ভাবে এই কথা বলিয়া থাকে—তাহাকে কি তুমি পাগল বলিবে না ? এবং যদিও তাহার বিবিধ কার্য্য ও অবস্থার মধ্যে বৈচিত্র্য থাকে, তবু কি তুমি ভাহাকে দেই একই ব্যক্তি বলিয়া অবধারিত ক্রিবে না ?

মনে কর, যদি ঐ অভিযুক্ত ব্যক্তি নিজ দোষ সাক্ষাই করিবার জন্য এইরপ বলে:—আমি নিজ স্থথের জন্য এই হত্যা করিয়ছি; তা ছাড়া, এই নিহত ব্যক্তি এরপ ছর্দশাগ্রস্ত যে তাহার জীবন তাহার পক্ষে ভার-স্বরূপ হইয়াছিল; ইহাতে দেশেরও কোন ক্ষতি বৃদ্ধি নাই, কেননা একজন অকর্মা নাগরিকের পরিবর্তে, এমন একজন লোক পাওয়া যাইতেছে যে দেশের অধিকতর কাজে আদিতে পারে; তা ছাড়া, এক ব্যক্তির অভাবে সমস্ত মন্ত্র্যান্তরে, তুমি কি সহজভাবে শুধু এই কথা বল না যে—সম্ভবতঃ সেই হত্যাকারীর পক্ষে এই হত্যাকাপ্ত স্থবিধাজনক, কিন্তু তাহা সত্তেও ইহা ন্যায়-বিরুদ্ধ কার্য্য এবং সেই হত্য কোন ব্যপদেশেই এই হত্যাকাণ্ডের অন্থমাদ্দন করা যাইতে পারে না।

যে বৃদ্ধির দারা কতকগুলি সার্বভৌমিক ও অবশুস্তাবী মূলতক্ব শীক্ত হয়, সেই একই বৃদ্ধির দারা - কোন্গুলি সার্বভৌমিক ও অবশুস্তাবী নহে, কোন্গুলি অপেক্ষাকৃত ব্যাপক অর্থাৎ নৃ্নাধিক স্থলে প্রযুক্ত হয় মাত্র—তাহাও নির্নীত হইয়া থাকে।

একটা ব্যাপক সত্যের দৃষ্টান্ত দিই: যথা—রাত্রির পর দিন

আইদে। কিন্তু এ সভাটি কি সার্ব্বভৌমিক ও অবগ্রন্তারী ? ইহা कि मर्त्ताप्तर्भ विञ्च ?—रा, जामाप्तत विभिन्न मर्त्ताप्तर विञ्च। কিন্তু যত প্রকার দেশ সম্ভবত থাকিতে পারে—সমস্ত দেশেই কি ইহা বিস্তুত ?—না; যেহেতু, অন্য কোন জগতের বিধানামুসারে এমন কোন দেশও আমরা কলনা করিতে পারি যাহা চির-নিশায় নিমজ্জিত। যে জগৎ আমাদের ইন্দ্রিয়-গোচর তাহার নিয়মগুলি আমর৷ বেমনটি দেখি তাহাই, তাহার অধিক নহে: তাহা অবগ্রস্তাবী নহে। ঐ সকল নিয়মের যিনি প্রণেতা, তিনি অন্য নিয়মও নির্পাচন করিতে পারিতেন। জগতের অন্য কোন বিধানান্নগারে অন্য প্রকার ভৌতিক ব্যাপারেরও কল্পনা করা যাইতে পারে. কিন্তু অন্য প্রকার গণিততত্ত্ব কিংবা অন্য প্রকার নীতিতত্ত্বের কল্পনা করা যায় না। তেমনি, রাত্রি ও দিবদের মধ্যে বেরূপ সম্বন্ধ এক্ষণে আমরা প্রত্যক্ষ করি, দে সম্বন্ধ স্থল-বিশেষে নাও থাকিতে পারে—এরূপ কল্পনা করা অসম্ভব নহে। অতএব ∕রাত্রির পর দিন আইদে —এই যে সত্য, ইহা একটি ব্যাপক সত্য-সম্ভবতঃ সার্মভৌমিক সত্য; তাই বলিয়া, ইহা অবশ্ৰম্ভাবী সত্য নহে।)

মন্টেদ্কা বলিয়াছেন, "সাধীনতা গ্রীয় দেশের ফল নহে"।
মানিলাম উত্তাপে আত্মা নিস্তেজ ও তুর্কল হইয়া পড়ে,—উষ্ণ দেশে
স্বাধীন শাসনতর পরিচালন করাকঠিন; কিন্তু তাই বলিয়া উহা হইতে
এইরূপ দিলান্ত হয় নায়ে, এই নিয়েরে বাতিক্রম কোণাও হইতে
পারে না। বাস্তবপক্ষেও কতকগুলি বাতিক্রম-স্থল আছে। অতএব
এই নিয়মটিও একেবারে সার্কভৌমিক নহে, এবং ইয়ার অবগুম্ভাবিতাও
আরো কম। কিন্তু এইরূপ ভাবে ভুমি কি কারণতত্ত্বর কথা
বলিতে পার ? কোনো স্থানে কিংবা কোন কালে, ভুমি কি এমন

কোন ব্যাপার কল্পনা করিতে পার যাহা কোন ভৌতিক কিংঝা নৈতিক কারণ ব্যতীত উৎপন্ন হইয়াছে ?

যদি কল্পনা-বলে জগতের সমস্ত সত্তা ধ্বংস করিয়া, সেই ধ্বংসাব-শেষের মধ্যে শুধু একটি মনকে অধিষ্ঠিত রাখা যার, আর সেই মনের বৃত্তিগুলিকে যদি কিঞ্চিমাত্রও পরি:ালিত করা আবশুক হর, তাহা হইলে, সেই মনের মধ্যে কতকগুলি অবশ্যান্তাবী মূলতত্ত্ব নিবিপ্ত করিতে আমরা বাধ্য হই।

এই সকল মূলতত্ত্বর ভিত্তিকে টলাইবার জন্য এবং উহাদের কার্য-প্রদার কমাইবার জন্য, প্রত্যক্ষ-পরীক্ষাবাদিরা কতই চেষ্টা করিরাছেন—কিন্তু দেই চেষ্টা যে র্থা চেষ্টা হইরাছে তাহা আমরা কতবার দেথাইরাছি। প্রত্যক্ষবাদিরা কি বলেন গুনা যাক্।

যাহাকে আমরা সার্ন্ধভৌনিক ও অবগুছাবী বলি সেই কারণ-তত্ত্ব
সম্বন্ধে তাঁহারা বলিবেন—ইহা মনের একটা আত্যাস-মাত্র। তাঁহারা
বলেন—প্রকৃতি-রাজ্যে আমরা দেখিতে পাই, একটা ঘটনা আর একটা
ঘটনাকে অন্তুসরণ করে, এবং এই ব্যাপার প্রত্যক্ষ করিয়াই আমাদের মন, তাহাদের মধ্যে একটা সম্বন্ধ হাপন করে; এই সম্বন্ধকই
আমরা কার্য্য-কারণের সম্বন্ধ বলি। এইরূপ ব্যাথ্যা, গুধু যে কারণের
মূলতত্ত্বকে উচ্ছেদ করে তাহা নহে, কারণ-সম্বন্ধে আমাদের যে ধারণা
আছে তাহারো মূলোছেদ করে! মনে কর ছইটি গোলা আমাদের
সম্মুথে রহিয়াছে। একটি চলিতে আরম্ভ করিল; তাহার পরেই
আর্র্য একটি চলিল। এইরূপ পারপ্র্যায় যথন সনির্বন্ধক্ষতারে পুনঃ
পুনঃ ঘটিতে থাকে, তথন সেই পারপ্র্যায়ের সহিত নিত্যতার যোগ
হয় এইমাত্র। অন্নাত্র ইচ্ছাশক্তির প্রেয়াণে কোন কার্য্য সম্পাদন
করিয়া আমরা যে কারণ-শক্তির পরিচন্ন পাই, পুর্কোক্ত পারস্পর্যাের

দারা সেই কারণশক্তি সন্ত ত কার্য্য-কারণের বিশেষ সম্বন্ধটি আমরা উপলব্ধি করিতে পারি না। যিনি আত্মনতের স্থাকতি বরাবর রক্ষা করিয়া আদিয়াছেন সেই পরীক্ষাবাদী হিউমও এই কথা সহজেই সপ্রমাণ করিয়াছেন যে, কোনো প্রত্যক্ষ-পরীক্ষার দারা, বৈধভাবে কারণ-তত্ত্বের ভাব আমরা উপলব্ধি করিতে পারি না।

কারণ-জ্ঞান-সম্বন্ধে যাহা বলিলাম, ঐ জাতীয় অন্যান্য জ্ঞান-সম্বন্ধেও এই একই কথা বলা যাইতে পারে।

অন্ততঃ, বস্তুত্ব ও একত্ব-জ্ঞানের উদাহরণ এইখানে দেওয়া যাউক। ইন্দ্রিয়ের দ্বারা, শুদ্ধ কতকগুলি গুণ ও ঘটনামাত্র আমরা উপলব্ধি করি। আমরা বিস্তৃতি ম্পর্শ করি, বর্ণ দর্শন করি, গন্ধ আঘ্রাণ করি। কিন্তু বিস্তৃত, রঞ্জিত, গন্ধিত বস্তুকে কি আমাদের ইন্দ্রিয় গ্রহণ করিতে পারে ? এই বিধয়ে হিউম একটু কৌতুক করিয়া বলিয়াছেন। তিনি জিজ্ঞাদা করিয়াছেন, আমাদের কোন্ ইক্রিয়ের কোঠায় বস্তু-জ্ঞানকে ফেলিতে পারা যায় ? তবে, তাঁহার মতে - তাঁহার পরীক্ষাবাদ-অফু-সারে, এই বস্তুজ্ঞানটি কি १--কারণ-জ্ঞানের ন্যায় ইহাও একটা বিভ্রম মাত্র। একত্বের জ্ঞানও আমরা ইন্দ্রিয়াদি হইতে প্রাপ্ত হই না। কেননা একতা কি ?—না,—তাদায়্যতা, অ-বহুগতা: পক্ষাস্তরে, ইন্দ্রিয়ের ममत्क यांश किছू প্রকাশ পায় তৎসমস্তই, পারম্পর্যা-বিশিষ্ট--- সমস্তই, যৌগিক। কোন কাক্ষকার্য্যের মধ্যে যে একতা দৃষ্ট হয় উহা কারু-কার্য্য-সম্ভূত, মানব-মনের রচনা-সম্ভূত। কোন পদার্থের বিভিন্ন অংশের মধ্যে একতা থাকিতে পারে, কিন্তু উহা অঙ্গ-সংস্থানের একতা। জ্ঞান-মূলক ও নীতি-মূলক একতা কেবল আত্মারই গ্রাহ্য—উহা हे किए प्रत्न और। नरह।

ইক্রিয়ের দ্বারা, যদি সামান্য ধারণাগুলিরই ব্যাখ্যা না হয়, তবে

ঐ ধারণা-সমৃহের মধ্যে যে মৃণতত্ব নিহিত—যাহা সার্বভৌমিক ও অবশুদ্ধানী—তাহার ব্যাখ্যা ইন্দ্রিমের দ্বারা হওয়া ত আরো অসম্ভব। "এই একটা তথ্য, ঐ আর একটি তথ্য"— এইরূপ বিশেষ-ভাবেই ইন্দ্রিমণ বিষয় গ্রহণ করিতে পারে, কিন্তু যে মূলতত্ব সার্বভৌমিক ভাহা ইন্দ্রিমের অতীত। অমুক অমুক তথ্যটি কি ?—প্রত্যক্ষ-পরীক্ষা ভধু তাহারই পরিচয় দেয়; কিন্তু, "উহা না হইলেই নয়", "উহার না হওয়াটা অসম্ভব"—এবিধি জ্ঞানে প্রত্যক্ষ-পরীক্ষা পৌছিতে পারে না।

আর একটু বেশি দ্রে যাওয় য়াক্। পরীক্ষাবাদ, শুধু যে সার্ক্রিটামিক ও অবশাস্তাবী মূলতত্ত্বর ব্যাথ্যা করিতে পারে না তাহা নহে; আমরা আরো এই কথা বলি, এই সব মূলতত্ত্বকে ছাড়িয়া, পরীক্ষাবাদ প্রত্যক্ষ-জ্ঞানেরও ব্যাথ্যা করিতে পারে না।

কারণের মূলতত্বকে উঠাইরা লও—দেখিবে, মানব-মন আপনা হইতে ও আপনার বিকার গুলি-হইতে কিছুতেই বাহির হইতে পারিবে না। ঐ ইন্দ্রিয়বোধগুলির কারণ কি, অথবা উহার কোন কারণ আছে কি না তাহা শ্রমণ আছাণ, আস্থাদন, দর্শন, ক্পর্শ, প্রভৃতি ইন্দ্রিয়-বোধের দ্বারা জানিতে পারিবে না। কিন্তু এই কারণতত্ত্বকৈ মানব-মনে আদার প্রতিষ্ঠিত কর,—স্বীকার কর যে, প্রত্যেক আবির্ভাব, প্রত্যেক পরিবর্তন, প্রত্যেক ঘটনার স্থার, প্রত্যেক আবির্ভাব, প্রত্যেক পরিবর্তন, প্রত্যেক ঘটনার স্থার, প্রত্যেক ইন্দ্রিয়বোধেরও একটা কারণ আছে, (কেনমা ইহা-ত ক্পর্টই দেখা যায়, আমাদের কতকগুলি অস্ত্রুতির কারণ আমরা নিজে নহি—অবশ্যই তাহার জন্য কারণ আছে)—তাহা হইলে, এমন কোন কারণে তৃমি স্বভাবত উপনীত হইবে যাহা তোমা হইতে স্বতন্ত্র। যাহাজগতের ধারণা প্রথমে এইরপেই আমাদের মনে উদর হয়। কারণ-সমূহের এই সার্ব্যভৌমিক ও অবশ্যন্তাবী মূলতত্ত্ব হইতেই

আমরা বাহ্য জগতের সভা উপলব্ধি করি এবং এই ধারণাটিও উক্ত মূলতব্বের ধারাই সমর্থিত হইয়া থাকে। তবে-কিনা, ঐ শ্রেণীর অন্যান্য মূলতব্বও এই ধারণাটকে আরো পরিবর্দ্ধিত ও পরিপুষ্ট করিয়া তুলে।

আমি জিজ্ঞাদা করি—যথনি তুমি জানিলে, কতকগুলি বাহাবস্ত আছে,তথনি তোমার মনে হয় কি না—দেই সকল বস্তু কোন-না-কোন স্থান অধিকার করিয়া আছে ? তাহা যদি তুমি অস্বীকার কর, তাহা ছইলে, কোনো বস্তু কোনো স্থানে যে অবস্থিতি করে ইহাও তোমাকে অস্বীকার করিতে হয়, অর্থাৎ তাহা হইলে এমন একটা ভৌতিক সভাকে ভোমার অস্ত্রাকার করিতে হয়—যাহা মনোবিজ্ঞানেরও একটি মূলতত্ত্ব—যাহা সাধারণ জ্ঞানেরও একটি মূলস্ত্র। কিন্তু, কোন বস্তু বেথানে থাকে, অনেক সময় সেইস্থানটিও একটা বস্তু—কেবল প্রথমটি অপেক্ষা অধিকতর ব্যাপক এই মাত্র। এই নৃতন বস্তুটিও আবার আর একটা স্থানে অধিষ্ঠিত। এই যে নৃতন স্থান ইহাও কি একটা বস্তু ৪ যদি বস্তু হয়, এই বস্তুটিও আর একটি স্থানে অধিষ্ঠিত যাহা অপেক্ষাকৃত আরো বৃহৎ ;—এইরূপ পরূপর। এইরূপে তোমার মন একটা অদীম ও অনম্ভ স্থানের ধারণায় উপনীত হয় – যাহার মধ্যে, সমন্ত সসীম স্থান ও সমন্ত বস্তু সন্নিবিষ্ট। এই অসীম ও অনন্ত স্থানই আকাশ।

ইহা-ত অতি সহজ কথা। দেথ—এই জল যে এই জল-পাত্রের
মধ্যে আছে তাহা কি তুমি অস্বীকার কর ? এই জল-পাত্রাট যে
একটা ঘরের মধ্যে আছে তাহা কি তুমি অস্বীকার কর ? এই ঘরটি
ধ্য আর একটি বৃহত্তর স্থানে আছে তাহা কি তুমি অস্বীকার কর ?
আর সেই বৃহৎ স্থানটিও যে আর একটা বৃহত্তর স্থানের অস্তর্গত তাহা
কি তুমি অস্বীকার কর ?—এইরূপে তোমাকে আমি অনস্ত আকাশ-

পর্যান্ত লইয়া যাইতে পারি। উক্ত প্রতিজ্ঞাগুলির মধ্যে তৃমি যদি একটা প্রতিজ্ঞা অস্বীকার কর, তাহা হইদে তোমাকে দমন্ত প্রতিজ্ঞাই অস্বীকার করিতে হয়। যদি প্রথমটিকে স্বীকার কর, তাহা হইদে শেষ্টিকেও স্বীকার করিতে তৃমি বাধ্য হইবে।

যাহা হইতে গোড়ায় বস্তুজ্ঞানই উৎপন্ন হয় না—শুধু সেই ইক্সিয়-বোধ কি করিয়া তোমাকে আকাশের ধারণায় উপনীত করিবে ? অতএব দেখা যাইতেছে, এস্থলেও একটা উচ্চতর মূলতত্ত্বের মধ্যবর্ত্তিতা আবশ্যক।

বেমন আমরা বিখাদ করি, বস্তুমাত্রই একটা স্থান অধিকার করিয়া আছে, দেইরূপ আমরা বিখাদ করি, ঘটনামাত্রই কোন-না-কোন দমরে সংঘটিত হয়। এমন কোন ঘটনা কি করনা করিতে পার যাহা কোন কালাংশেরই অন্তর্গত নহে? তোমার মানদ-চক্ষে, এই কালের স্থায়িত্ব পর-পর প্রদারিত ও পরিবর্দ্ধিত হইয়া, অবশেষে আকাশের ন্যায় কালকেও অসীম বলিয়া তোমার উপলব্ধি হয়়। কালকে যদি তুমি অস্বীকার কর—যে সকল বিজ্ঞানশাস্ত্র কালের যারিক বিশ্বাদের উপর মানব-জীবন বিশ্রাম করে, দেই সকল বিখ্যাদকেও তোমার উপর মানব-জীবন বিশ্রাম করে, দেই সকল বিখাদকেও তোমার উচ্ছেদ করিতে হয়়। যে ছইটি মূলতর বাহাজগৎ-জ্ঞানের অন্তর্নিহিত ও সহজাত দেই আকাশ ও কালের ধারণা কেবল ইন্দ্রিরোধের দ্বারা ব্যাধ্যাত হইতে পারে না।

তাই, পরীক্ষাবাদীরাও বেশ ব্ঝিয়াছেন,—এরূপ কতকগুরি সার্কভৌমিক ও অবশ্যস্তাবি মূলতত্ত্ব আছে যাহা অপরিহার্য্য, অথচ পরীক্ষাবাদ যাহার ব্যাথাা করিতে অসমর্থ।

এইথানে থামা যাকু:--সামরা তত্ত্বারেষণে প্রবৃত্ত হইয়া এ পর্য্যন্ত

ষাহা কিছু নির্ণন্ন করিয়াছি, হন্ন তাহা আকাশ-কুল্পন্মে পর্থাবদিত হইরাছে, নন্ন আমরা এইটুকু নিশ্চিত জানিয়াছি—মানব চিত্তে এরপ
কতকগুলি মূলতত্ব বস্তুতই :মুদ্রিত রহিন্নাছে যাহা সার্ক্তেটমিক ও
অবশ্যস্তাবী।

কতকগুলি সার্বভৌষিক ও অবশ্যস্তাবি মূলতত্ত্বের সক্তা সপ্রমাণ ও সমর্থন করিয়া আমরা এক্ষণে এই-প্রকৃতির মূল্তর মানবজ্ঞানের ন্ধকল বিভাগেই অন্বেষণ করিতে প্রবৃত্ত হইতে পারি, এবং পুর যথাযথ-ভাবে এই মূলত্রগুলিকে শ্রেণীবদ্ধ করিতেও চেষ্টা করিতে পারি। কিন্তু কতকগুলি প্রথাত দুষ্টান্ত হইতে আমাদের যে শিক্ষা লাভ হুইরাছে—তাহাতে ভর হয় পাছে বহুমূল্য ধ্রুব তবের সহিত কতকগুলি অপ্রমাণিত অনুমান মিশ্রিত করিয়া দেই তত্বগুলির মর্য্যাদা লাঘ্ত করি। এরপ শ্রেণীবন্ধনে তত্ত্বিদ্যা আপাততঃ খুব উজ্জ্বল মূর্ত্তি ধারণ করিবে বটে, কিন্তু প্রাজ্ঞ-জনের চক্ষে উহার প্রামাণিকতা কমিয়া ঘাইবে। ক্যাণ্টের দৃষ্টান্ত অন্নুদরণ করিয়া, গত বংদরে আমারাও তোমাদের সমকে, মূলতরগুলির শ্রেণীবন্ধনে প্রবৃত্ত হইয়াছিলাম; যে সকল মূলত ৰ সাৰ্ধ্বভৌমিক ও অবশান্তাবি এবং যে সকল ধারণঃ ८मटे मक्न मृनल्यद असूरकी—त्मटे मकन मृनल्य ও धात्रगात मःथा। কমাইতেও চেষ্টা পাইয়াছিলাম। এই কার্য্যের গুরুত্ব সম্যক্ হানয়ঙ্গম করিলেও, এস্থলে উহার পুনরাবৃত্তি করিতে আমরা ইচ্ছা করি না। একটা মহৎ উদ্দেশ্য আমাদের সন্মুথে বিদ্যমান। 🛮 উনবিংশ শতাব্দীর ফরাদী-প্রতিভার সহিত যে মতবাদ মিশ খার, দেই মতবাদকে যাহাতে স্থদৃঢ় ও সারবান্ ভিত্তির উপর প্রতিষ্ঠিত করিতে পারি ভাহাই আমাদের চেষ্টা। এই হেতু, যাহা কিছু ব্যক্তিগত ও অনিশ্চয়া-ত্মৰু তাহা আমরা পরিহার, করিব। ক্রনিংসবর্গের দার্শনিক ক্যাণ্ট্র, দার্ন্ধভৌমিক ও অবশুস্তাবি মূলতব্ব-সমূহের যে শ্রেণীবিস্থাস করিয়া-ছেন তাহার পরীক্ষা ও বিচার করিতে আমরা চাহি না; আমরা এই সকল মূলতব্বের প্রকৃতির অভ্যন্তরে আরো অধিক দূর পর্যান্ত প্রবেশ করিতে চাহি; আমাদের কোন বৃত্তি এই সকল মূলতত্বকে প্রকাশ করে—কোন্ বৃত্তির সহিত উহাদের যোগ আছে তাহাই তোমাদের নিকট দেথাইতে চাহি।

এই মূলতত্বগুলির বিশেষদ্ব এই,—চিন্তা করিয়া দেখিলেই আমরা প্রত্যেকেই বুঝিতে পারি, এই মূলতত্বগুলি আমাদের অন্তরে নিহিত রহিয়াছে. কিছু আমরা উহাদিগকে উৎপাদন করিতে পারি না-আমরা উহাদের জন্মদাতা নহি। আমরা উহাদিগকে মনে ধারণা कति, कार्या প্রয়োগ করি, কিন্তু উৎপাদন করি না। আমাদের সাক্ষীচৈত্যুকে জিজ্ঞাসা করিয়া দেখা যাউক। যেমন আমি কোন বস্তু নিজ বলে মঞালিত করিয়া ব্**ঝিতে পারি—আমিই ঐ গতিক্রিয়ার** কারণ, দেইরূপ, জ্যামিতিক লক্ষণাগুলির কারণ আমি স্বরং-এইরূপ কি আমার প্রতীতি হয় ? যদি আমরাই এই লক্ষণাগুলি প্রণয়ন করিয়া থাকি, তাহা হইলে উহা ত আমাদের নিজক্ষধন। তাহা হইলে আমরা উহাদিগকে ভাঙ্গিতে পারি, বিক্লুত করিতে পারি, পরিবর্ত্তন করিতে পারি, এমন কি, উচ্ছেদ করিতেও পারি। কিন্তু ইহা নিশ্চিত যে. আমরা তাহা পারি না। তবেই দেখা যাইতেছে. আমরা উহাদের উৎপাদক নহি। ইহাও স্প্রমাণ হইরাছে.—বে-हेक्तिग्रताथ পরিবর্তনশীল, সীমাবদ্ধ, তাহা হইতে পূর্ব্বোক্ত সার্ব্ব-ভৌমিক ও অবশ্রম্ভাবি মূলতত্ত্ব কথনই উৎপন্ন অথবা দিদ্ধ হইতে: পারে না। স্কুতরাং আমরা এই অপরিহার্য্য দিদ্ধান্তে উপনীত হই:--মূলতবগুলি আমাতে আছে কিন্তু আমার নহে। আর যেমন ইন্দ্রিয়-

বোধ ৰাহজগতের সহিত আমাদের সম্বন্ধ স্থাপন করে, সেইরূপ আর কোন চিত্তরন্তি, সেই মৃলতন্ত্-সমূহের সহিত আমাদের যোগ নিবন্ধ করে;—সেই সকল মূলতন্ত্ব, যাহা বাহজগতের উপরেও নির্ভর করে না, আমার নিজের উপরেও নির্ভর করে না। সেই চিত্তর্তিটি কি ?—না, প্রজ্ঞা।

মানব-অন্ত:করণে তিনটি সাধারণ বুত্তি আছে, যাহা পরম্পর বিমিশ্রিত—যাহা প্রায় একদঙ্গেই কাজ করে। কিন্তু আলোচনার স্মবিধার জন্ম, উহাদিগকে আমরা বিশ্লেষণ করি, বিভাগ করি। কিন্তু তাহা সত্তেও আমরা জানি,—উহাদের ক্রিয়া একসঙ্গেই সম্পাদিত হয়—উহাদের মধ্যে একটা ঘনিষ্ঠ যোগ-বন্ধন আছে—অবিভাজ্য একতা আছে। এই বৃত্তিগুলির মধ্যে প্রথম ধর্ত্তবা—কর্ত্তশক্তি:--ইচ্ছাধীন ক্রিয়াপ্রবর্তনী শক্তি। ইহার ঘারাই মনুয়োর ব্যক্তিভ বিশেষরূপে প্রকটিত হয়; এবং ইহার অভাবে, অ্যান্স বৃত্তিগুলি না-থাকার সামিল হইয়া পড়ে; কেন না, তাহা হইলে, আমাদের নিজত্বই থাকে না। যে মুহূর্তে, আমাতে কোন ইন্দ্রিয়বোধ প্রকাশ পায়, দেই মুহুর্ত্তের অবস্থাটি পরীক্ষা করিলে দেখিতে পাইবে—একট মন:সংযোগ না করিলে, কোন প্রতাক্ষ জ্ঞানই উৎপন্ন হয় না। মনের এই কর্ত্তশক্তি অথবা ইচ্ছাশক্তি যে মুহূর্তে রহিত হয় সেই মুহূর্ত্তেই প্রতাক্ষ জ্ঞানেরও অবদান হয়। স্ব্রুপ্তি অথবা মৃচ্ছিত্ত অবস্থার কথা আমাদের শারণ হয় না : কারণ, দে সময়ে আমাদের কর্ত্তশক্তি স্তম্ভিত থাকে, - কাজেকাজেই আত্মচৈতন্ত অন্তর্হিত হয় — কাজেকাজেই স্মৃতিও বিনুপ্ত হয়। এমন কি. অনেক সময়ে, রিপুর আবেগ বশতঃ, यथन आमारानत साधीना हिन्द्रा यात्र.-यथन आमारानत का खडान থাকে না,—দেই সঙ্গে আত্মজানও বিলুপ্ত হয়—তথন আমরা কি

করিয়ছি, কিছুই জানিতে পারি না। এই কর্তৃশক্তি—এই স্বাধীনতা পাকাতেই মন্ত্রের মন্ত্রান্ত। এই স্বাধীনতা থাকা প্রযুক্তই, মন্ত্র্য়ে আপনাকে সংঘত করে, নিয়মিত করে, শাসিত করে। এই স্বাধীনতা— এই কর্তৃশক্তির অভাবে, মান্ত্র্য আবার প্রকৃতির বণীভূত হইয়া পড়ে। চিত্তের এই অংশটি যেরূপ প্লাঘ্য ও স্থলর, এরূপ আর কোন অংশই নহে। কিন্তু যেমন একদিকে, আমাদের কর্তৃত্ব ও স্বাধীনতা আছে, তেমনি আবার অন্ত বিষ্ক্রে আমরা পরাধীন,—আমরা বাহ্ জগতের নিয়মাধীন। এছলে আমি কর্ত্তা নই—আমি ভোকা। আমি আমার স্থথ-ছঃথের কর্ত্তা নই—আমি স্থধ-ছঃথ ভোগ করি মাত্র। আমার অন্তরে, কতকগুলি আকাজ্জা, কতকগুলি বাসনা, কতকগুলি প্রবৃত্তি নিয়ত উথিত হইতেছে বলিয়া আমি অন্তর্ত্ব করি, কিন্তু আমি উহাদের জন্মণতা নহি। আমি ইচ্ছানা করিলেও, উহারা স্বতঃ উথিত হইয়া আমার জীবনকে স্থথ-ছঃথে পূর্ণ করে।

ইচ্ছাশক্তি, ইন্দ্রিরবোধ—এই ছইটি ছাড়া আমাদের আর একটি বৃত্তি আছে;—দেটি, জ্ঞানবৃত্তি—বৃদ্ধিবৃত্তি—প্রজ্ঞা। (যে নামেই শুভিহিত হউক না, তাহাতে কিছু যায়-আদে না) এই বৃত্তির দ্বারা আমরা বিভিন্ন শ্রেণীর এমন কতকগুলি সত্যকে উপলব্ধি করি;— যাহা প্রজ্ঞার অভ্যন্তরে নিহিত বলিয়া অন্থমিত হয়—যাহা জ্ঞানক্রিয়ার সহিত অন্থম্ধ —যাহা ইন্দ্রিয়-প্রতিবিদ্ব ও ইচ্ছা-সঙ্কল্ল হইতে সম্পূর্ণরূপে স্বত্ত্ব। এবং এই বৃত্তির দ্বারাই সেই সার্ক্ষ্ডেনিক ও অবশ্রম্ভাবি মূলতব্ত্তিক্তির আমরা উপলব্ধি করি। *

^{*} আমার প্রদত্ত এই দকল উপদেশের পুর্বে মানব-চিত্রতির এইরূপ শ্রেণীবিভাগ ছিল ন।। আজ-কাল এইরূপ শ্রেণীবিভাগ সাধারণতঃ অবলক্ষিত স্থ্যাহে। আজ-কাল এই ভিত্তির উপারেই আধুনিক অধ্যাহ্মবিদ্যা স্থাপিত।

ইচ্ছাশক্তি, ইক্সিরবোধ ও প্রজ্ঞা—এই তিন রন্তি একণে নিন্চিত্ররূপে অবধারিত হইরাছে। বে সকল মূলতবের দারা বৃদ্ধির্ভি চালিত্ত

হর—সেই মূলতবের সন্তা, এবং ইক্সিরবোধ ও ইচ্ছাশক্তির সন্তা—
এই তিনেরই সত্যতা সম্বন্ধে আমাদের সান্দীটেততা সাক্ষ্য দের।
আমাদের পর্য্যবেক্ষার মধ্যে যাহা কিছু আসিয়া পড়ে, তৎসমন্তই আমরা
বাস্তবিক বলিয়া অভিহিত করি। আমরা যে স্থপ তৃঃখ ভোগ করি
সেই স্থপ তৃঃখের ভোগও বাত্তবিক, কেন না উহা আমাদের
আমটেতততার বিষয়ীভূত। আমাদের ইচ্ছাশক্তি-সম্বন্ধেও এই কথা
বলা যাইতে পারে। আমাদের বৃত্তির্ভি অথবা প্রক্রি সম্বন্ধেও, এবং
যে সকল মূলতবের দারা এই প্রজ্ঞা প্রকাশিত সেই মূলতবের সম্বন্ধেও
এই একই কথা বলা যাইতে পারে। অতএব আমরা এইরূপ
প্রতিপাদন করিতে পারি যে, সার্ক্সভৌমিক ও অবশুস্তাবি মূলতবের
সত্তা, আমাদের পর্য্যবেক্ষার উপর বিশ্রাম করে, এবং যে পর্য্যবেক্ষণ
আরো অব্যবহিত ও স্থ্নিশ্চিত সেই সাক্ষ্যটেততত্তার সাক্ষ্যের উপর
বিশ্রাম করে।

কিন্তু আমাদের সাক্ষীটেততা সাক্ষী তিন্ন আর কিছুই নহে। যে জিনিনটি যাহা তাহাই সাক্ষীটেততা প্রকাশ করে মাত্র—তাহা স্বষ্টি করে না। এই-এই পতিক্রিয়া তুমি উৎপাদন করিয়াছ, এই-এই ইন্দ্রিয়নোধ তুমি অন্থত্তব করিয়াছ,—ইহা আয়াটেততা কিংবা সাক্ষীটিততা তোমাকে জ্ঞাপন করিয়েছে বলিয়াই যে তাহা সত্য এরূপ নহে। অথবা, "এই-এই তত্ত্ব বৃদ্ধিবৃত্তি স্বীকার করিতে বাধ্য"—এই কথা সাক্ষীটৈততা বলিতেছে বলিয়াই যে উহা সত্য তাহা নহে। আসল কথা, উহাদের বাস্তবিক সত্তা আছে বলিয়াই, উহা অস্বীকার করা প্রজ্ঞার পক্ষে অসম্ভব। প্রজ্ঞানিহিত সার্ক্তেমিক ও অবশ্রস্তাবি

খুলতত্বের সাহায্যে প্রজ্ঞা যে সকল সত্য প্রাপ্ত হয়, সে সমস্ত নিরপেক্ষ সভা—আতান্তিক সভা। প্রজ্ঞা উহাদিগকে সৃষ্টি করে না—উহা-দিগকে প্রকাশ করে মাত্র। প্রজ্ঞা স্বকীয় মূলতত্ত্বের বিচারকর্ত্তা नटर ; প্রজ্ঞা উহাদের সম্বন্ধে কোন হিসাব দিতে পারে না। কারণ, প্রজ্ঞা উহাদের সাহায্যেই বিচার করিয়া থাকে এবং উহাদেরি নিয়মাধীন। তা-ছাড়া, সাক্ষীচৈতন্ত প্রজ্ঞাকে উৎপাদন করে না, উহার মূল তম্বগুলিকেও উৎপাদন করে না। কারণ, সাক্ষীচৈতন্তের আর কোন কাজ নাই, আর কোন ক্ষমতা নাই—উহা প্রজ্ঞার এক প্রকার দর্পণ বই আর কিছুই নহে। অতএব নিরপেক্ষ সত্যগুলি প্রতাক্ষ-পরীক্ষা ও দাক্ষীচৈতক্স হইতে স্বতম্ব: প্রত্যক্ষপরীক্ষা ও আহুটেতক্ত উহাদের সন্তা-সম্বন্ধে সাক্ষ্য দেয় মাত্র। একপক্ষে, প্রতাক্ষ-পরীক্ষার ঘারাই সতাসকল প্রকাশিত হয়, পক্ষাস্তরে তেনান প্রত্যক্ষ-পরীক্ষার দারাই উহাদের ব্যাখ্যা করা যায় না। প্রত্যক্ষ-পরীক্ষা ও প্রজ্ঞার মধ্যে এইরূপ ঐক্যও আছে, প্রভেদও আছে। প্রতাক্ষ-পরীক্ষার সাহায্যেই আমরা এমন কিছু প্রাপ্ত হই যাহা প্রত্যক্ষ-পরীক্ষাকেও অতিক্রম করে।

অতএব দেখ, আমরা যে দর্শনশাস্ত্রের উপদেশ দিতেছি, উহা কতকগুলি আহমানিক দিদ্ধান্তের উপর, অথবা প্রত্যক্ষ পরীক্ষার উপর প্রতিষ্ঠিত নহে। আমরা যে তব অহ্নসন্ধান করিতেছি, দেই সব তব পর্যাবেক্ষা হইতে প্রাপ্ত হইরাছি বটে, কিন্ত আমাদের দেই পর্যাবেক্ষা জ্ঞানের উৎকৃষ্ঠ অংশের প্রতিই প্রযুক্ত। এইখানেই আমরা ক্ষপরাপর যাত্রী হইতে ভিন্ন পথ ধরিরাছি। এই পথের ভিডিটি যেমন স্কৃদ্ তেমনি উন্নত।

আমরা যে নবপন্থাটি আবিষ্কার করিয়াছি, তাহা কিছুতেই পরি-

ত্যাগ করিব না: উহাতেই আমরা অবিচলিত ভাবে আবদ্ধ থাকিব। এই সার্বভৌমিক ও অবশান্তাবী সুলতবগুলি-সম্বন্ধে, বিভিন্ন দিক্ দিয়া, বিভিন্ন ভাবে আলোচনা করা যাইতে পারে; এই সকল মূলত ব হইতে যে সকল মহা মহা সম্পা সমুখিত হয়, তাহাও আলো-চনা করা যাইতে পারে ;—এই পর্যালোচনার উপরেই দমগ্র দর্শন-শাস্ত্র প্রতিষ্ঠিত। এই পর্ণালোচনার দ্বারাই, দর্শনশাস্ত্রের পূর্ণতা, পরিমাণ, ও বিভাগ সম্পাদিত হয়। মানব-চিত্ত ও তৎসংক্রাস্ত নিয়-মের আলোচনাই যদি তত্ত্ববিদ্যার আলোচনা হয়, তাহা হইলে স্পষ্ট দেখা যাইতেছে,—যে সমস্ত সার্ব্বভৌমিক ও অবশান্তাবি মূল-তত্ত্ব প্রজ্ঞার উপর আধিপত্য করে, সেই মূলতত্বগুলির আলোচনাই দর্শনশাস্ত্রের উচ্চতম অংশ। তত্ত্বিদ্যার এই অংশকে, জর্মাণ-দেশে প্রাজ্ঞানিক তত্ত্ববিদ্যা বলে। ইহা পারীক্ষিক তত্ত্ববিদ্যা হইতে সম্পূর্ণ-রূপে ভিন্ন। এই অংশকে, আয়ীক্ষিকী-বিদ্যাও (তর্কশাস্ত্র) বর্জন করিতে পারে না। প্রজ্ঞার নির্দারণ-প্রণালীর মূল্য ও বৈধতা পরীক্ষা করাই যথন আশ্বীক্ষিকী বিদ্যার কাজ, তথন—যে সকল মূলতত্ত্বের উপর প্রজ্ঞা প্রতিষ্ঠিত তাহার মৃণ্য ও বৈধতার পরীক্ষা আরীক্ষিকী বিল্যা কি করিয়া বর্জন করিবে ?

এই সকল মূলতত্ত্বর পর্য্যালোচনা হইতেই আমরা ক্রমে ঈশ্বর-তত্ত্বে উপনীত হই। যদি আমরা এই সকল মূলতত্ত্বের স্ত্রহান দেই মূলজ্ঞান পর্যান্ত আরোহণ করিতে পারি—যে মূলজ্ঞানের উপরেই আমাদের জ্ঞানের প্রথম ব্যাশ্যা ও চরম ব্যাশ্যা নির্ভর করে—তবেই দর্শন-মন্দিরের অভ্যন্তরন্থ পবিত্র দেব-নিকেতনটি আমাদের সন্মুধ্ধে উদ্যাটিত হইবে।

দ্বিতীয় উপদেশ।

দার্ব্বভৌমিক ও অবশ্যম্ভাবী মূল তত্ত্বের উৎপত্তি নির্ণয়।

পরীক্ষা-প্রণালী অবলম্বন করিয়া এবং মনোরুত্তি-সকল যথাযথক্রশে বিশ্লেষণ করিয়া কতকগুলি মূলতত্ত্বের মত্তা আমরা সিদ্ধ করিয়াছি, এক্ষণে এরপ মনে করা যাইতে পারে। যে পরীক্ষা সর্বাপেকা নিশ্চিত সেই সাক্ষীচৈতন্যের পরীক্ষা হইতে যেমন একণিকে আমরা এই সকল তত্ব প্রাপ্ত হইয়াছি, তেমনি আবার দেখিতে পাই, যে উচ্চভূমির উপর এই দকল মূলতত্ত্ব অধিষ্ঠিত, দেখানে পরীক্ষার হাত পৌছায় না, এবং ঐ সকল মূলতত্ত্ব আমাদের সম্মুথে যে সকল অভিনব প্রদেশ উদ্ঘাটিত করে তাহাও পরীক্ষাবাদের অনধিগম্য। আমরা দেখিয়াছি, এই প্রকার মূলতত্ত্ব প্রায় সকল বিজ্ঞান-শান্ত্রেরই শীর্ষদেশে অধিষ্ঠিত। এই তরগুলির উৎপত্তি নির্ণয় করিবার নিমিত্ত, আমা-দের সমন্ত মনোবৃত্তি অন্বেয়ণ করিয়া পরিশেষে আমরা এই সিদ্ধান্তে উপনীত হইয়াছি যে, একটি ছাড়া আর কোন মনোবৃত্তি হইতে উহাদের উৎপত্তি অসম্ভব। সেটি কি १—না, জ্ঞান-বৃত্তি ; যাহাকে আমরা প্রজ্ঞা নামে অভিহিত করিয়াছি। ইহা সাধারণ বুদ্ধিবৃত্তি হইতে সম্পূর্ণরূপে পৃথক। আমাদের সাধারণ বুদ্ধিরুত্তি, প্রজ্ঞা হইতেই কতকগুলি নিয়ম প্রাপ্ত হইয়াছে।

আমর। এই পর্যান্ত আদিয়াছি; কিন্তু এইখানেই কি থামিতে পারিব ? অধুনা মানব-বৃদ্ধি বেন্ধপ পরিণতি লাভ করিয়াছে, এই পরিণত মানব-বৃদ্ধিতে এরূপ কতকগুলি মূলতত্ব আমাদের নিকট প্রকাশ পার বাহার সভায় সংশয় করা অসম্ভব। তাহার দৃষ্টান্ত; কার্য্য- কারকের মূলতত্ত্ব আমাদের নিকট এইরূপ ভাবে প্রকাশ পায়, যথা:— যাহা কিছু প্রকাশ পাইতে আরম্ভ করে, তাহারি একটা অবশ্যস্তাৰি কারণ আছে। অন্যান্য মূলভবগুলিও এই একইরূপ স্বভঃসিদ্ধতার আকার ধারণ করে। কিন্ধ যেমন মিনার্ভাদেরী অন্তর্শন্তে স্কুসর্জ্জিত इरेबा, জुপिটারদেবের মন্তক হইতে বাহির হইয়াছিলেন, সেইরূপ এই তম্বগুলিও কি ন্যায়শাস্ত্র ও পাণ্ডিত্যের সাজসজ্জায় সন্দিত হইয়া মানব-আত্মা হইতে একেবারেই বাহির হইরাছে ? গোড়ায় উহাদের কিরপ লক্ষণ প্রকাশ পাইয়াছিল ? কিন্তু সার্বভৌমিক ও অবশা-স্তাবি মূলতত্ত্বের স্ত্রন্থানে আরোহণ করা কি আমাদের পক্ষে সম্ভব ? যে পথ দিয়া উহারা অধুনা এই অবস্থায় উপনীত হইয়াছে সেই সমস্ত পথ অনুসরণ করিতে কি আমরা সমর্থ ? এই নৃতন সমস্যাটির কতটা প্তরুত্ব তাহা সহজেই অনুভব করা যায়। এই সমস্যাটির মীমাংসা করিতে পারিলে, ঐ মূলতত্বগুলির সম্বন্ধে আমাদের জ্ঞান-চক্ষ্ অনেকটা খুলিয়া যাইতে পারে। কিন্তু ইহাতে বাধাবিমও অনেক। भील नामद्र छे९ थिछ-छान्यत नाग्र यादा ध्यव्हन, त्मरे मानवक्षात्मक স্তুত্তসানটিতে কেমন করিয়া প্রবেশ করা যাইতে পারে ? ঐ তম্সাচ্ছন্ত অতীতের মধ্যে প্রবেশ করিতে গেলে, এরপ কি আশঙ্কা হয় না যে, হয়ত অবশেষে আমরা একটা কাল্লনিক সিদ্ধান্তে গিয়া উপনীত হইব ? ইহা একটি ৰিষম সঙ্কট স্থান। ঐ মগ্ন শৈলটি নৌকা-ডুবির জন্ত এরূপ প্রসিদ্ধ যে ঐ প্রাছেশে প্রাবেশ করিবার পূর্বেই বিশেষ সাবধান হওয়া আবশুক। তাছাড়া ইহাও মনে হয়, বড় বড় দার্শনিক পণ্ডি-তেরাও এই বিষম সমস্তার মধ্যে প্রবেশ করিতে সাহদ না পাইয়া, উহাকে চাপা দিয়া ব্লাখিয়াছিলেন। সর্ব্ধপ্রথমে, লক্ ও কাঁডিয়াক্ — এই চুই দার্শনিক, এই সমস্যার বাধা অতিক্রম করিতে গিয়াই এতটা পথম্ব ইইয়াছেন; এবং একথাও বলা যাইতে পারে, তাঁহারা এই কার্য্যে প্রবৃত্ত হইয়া, সমস্ত দর্শনশান্তের মূল-প্রস্রবণকে কলুষিত করিয়া তুলিয়াছেন। যাঁহারা পরীক্ষা-প্রণালীর এত ভক্ত, সেই পরীক্ষাবাদিরা এই স্থলে আদিয়াই এক প্রকার পৃষ্ঠভঙ্গ দিয়াছেন। কেন না, সাক্ষীচৈতন্যের সাক্ষ্য গ্রহণে ও চিস্তা-আলোচনার সাহায্যে আমরাযে সকল তত্ত উপলব্ধি করি, সেই সকল তত্ত্বের বাস্তবিক লক্ষণ গোডায় পর্যালোচনা না করিয়া, কোন একটা দীপালোক কিংবা প্রথপ্রদর্শক সঙ্গে না লইয়া, একেবারেই তাঁহারা স্বভাগনের অনুসরণে প্রবৃত্ত হইয়াছিলেন। পক্ষান্তরে, রীড্ ও ক্যাণ্ট-এই ছুই দার্শনিক পণ্ডিত, পাছে অতীতের তমোজালে পথ হারাইয়া ফেলেন, এই ভয়ে বর্ত্তমান-দীমার মধ্যে আপনাদিগকে আবদ্ধ রাখিয়াছিলেন। তাঁহারা. সার্বভৌমিক ও অবশ্রস্তাবী মূল তবগুলির আকার গোড়ায় কিরূপ ছিল তাহানা জিজ্ঞাসা করিয়া, অধুনা তাহাদের কিরূপ অবস্থা, তাহারি সবিশেষ আলোচনা করিয়াছেন। পরীক্ষাবাদিদিগের ছ:সাহদিক চেষ্টা অপেক্ষা, আমরা ইহাদের সাবধানতা ও বিমুঘ্যকারি-তার পক্ষপাতী। তবে কি না, যখন একটা সমস্যা সম্মুখে উপ-থিত হইনাছে,—যতক্ষণ না ইহার একটা স্থমীমাংদাহয়, ততক্ষণ উহা মানব-চিত্তকে নিরম্ভর বিক্ষম ও উদ্বেজিত করিবে। অতএব. উহাকে একেবারে এড়াইয়া-যাওয়া দর্শনশাস্ত্রের উচিত নহে, পরস্ক অতিমাত্র সতর্কতা সহকারে, কঠোর প্রণালী অবলম্বন পূর্বক ইহার আলোচনায় প্রবুত্ত হওয়াই দর্শনশাস্ত্রের কর্ত্তব্য ।

আর একবার এই কথাগুলি স্বরণ করাইয় দেওয়া যাক্;—তাহা

হইলে আমাদের পক্ষেও ভাল হইবে, অন্যের পক্ষেও ভাল হইবে:—

মানব-জ্ঞানের আদিম অবস্থা হইতে আমরা এক্ষণে বছদুরে; তদ্ধব্

জ্ঞানসমূহকে চক্ষের সন্মৃথে আনিয়া পরীক্ষা করা আমাদের পক্ষে এখন অসম্ভব। পক্ষান্তরে, উহাদের বর্তমান অবস্থা, আমাদের আয়তের মধ্যে রহিগছে। আর কিছু করিতে হইবে না,৩५ একবার আপনার অন্তরের মধ্যে প্রবেশ করিয়া, আলোচনা করিয়া দেখিলেই আমাদের আয়-চৈতন্য হইতেই আমরা সমস্ত তম্ব উদ্ধার করিতে পারিব। কতকগুলি স্থানিশ্চিত তত্ত্ব হইতে যাত্র। আরম্ভ করিলে, পরে আর পথন্রই হইয়া কোন কাল্লনিক দিদ্ধাস্থের মধ্যে গিয়া পডিতে হইবে না। জ্ঞানের আদিম অবস্থা-রূপ মূল-প্রস্রবণে আরোহণ করিবার সময়, যদি কথন ভ্রমে পতিত হই, তাহা হইলে আমরা সেই ভ্রম সহজেই বঝিতে পারিব এবং অপক্ষপাতী পর্যাবেক্ষার সাহায়ে উক্ত ভ্রম সংশোধন করিতেও সমর্থ হইব। আমরা এখন যেখানে অব্যতিত করিতেছি. যদি জ্ঞানের স্বত্রস্থান হইতে, বৈধ উপায়ে আবার দেইখানে ফিরিয়া আদিতে না পারি, তাহা হইলেই নিশ্চিতরূপে বুঝিতে পারিব, আমরা ভ্রান্ত হইয়াছি-পথভ্রপ্ত হইয়াছি। সাধারণত: সত্য আমাদের নিকট যে আকারে প্রকাশ পায়, তাহার একট। নীরস 😎 বিবরণ নিম্নে দে এয়া যাইতেছে ঃ—

১। ছই প্রকারে আমরা সত্যকে উপলব্ধি করিতে পারি।
তাহার দৃষ্টাস্থ,—মনে কর, ছইটি প্রস্তর তোমার সম্মুথে রহিয়ছে;
পরে, আর ছইটি প্রস্তর উহাদের পার্শ্বে হাপিত হইল। তথন আমরা
এই অকাট্য সত্যে উপনীত হই যে, প্রথমোক্ত ছইটি প্রস্তর এবং
শেবাকে ছইটি প্রস্তর—এই উভয়ে মিলিয়া চারিটি প্রস্তর হইল। এইস্থলে সত্যকে আমরা বস্তভাবে উপলব্ধি করিলাম; কতকগুলি বাস্তবিক
ও নির্দিষ্ট পদার্থের আধারে ঐ সত্যাটিকে প্রাপ্ত হইলাম। তা-ছাড়া,
কথন কথন আমরা সাধারণভাবেও এইরূপ প্রতিপাদন করি বে,ছ্মে-

ছুরে চার হয়। তথন আফর। ঐ সত্য, অনির্দিষ্ট ভাবে, বস্তু-নিরপেক্ষ ভাবে ব্যক্ত করিয়া থাকি। ইহাই সত্যের বস্তু-নিরপেক্ষ স্কন্ধ ধারণা।

এখন দেখা যাউক্, সত্য-উপলব্ধির এই যে ছই প্রকার-ভেদ,—
ইহার মধ্যে কোন্টি মানব-জ্ঞানে, কালের হিসাবে, অগ্রে প্রকাশ
পায়। ইহা কি ঠিক নহে—ইহা কি একবাক্যে সকলেই স্বীকারকরেনা যে, আমাদের বস্তুগত স্থুল ধারণাই বস্তু-নিরপেক্ষ স্ক্রে ধারগার অগ্রবর্ত্তী ? স্থান-কাল-অবস্থা-নিরপেক্ষভাবে, কোন বিশেষ
সাধারণ সত্যকে উপলব্ধি করিবার পূর্ব্বে, গোড়ায় কি আমরা কোনসত্যকে, এই-এই বিশেষ অবস্থায়, এই-এই বিশেষ মুহূর্ত্তে, এই-এই
বিশেষ স্থানে উপলব্ধি করি না ?

২। "ইহা কি আমি অস্বীকার করিতে পারি १"—এইরূপ প্রশ্ননা করিয়া, কোন সত্যকে আমরা অন্য প্রকারেও উপলব্ধি করিতে পারি। তথন, আমাদের জ্ঞানের যে স্বাভাবিক ধর্ম তাহারি প্রভাবে সত্যকে উপলব্ধি করি। তখন, জ্ঞান স্বতঃপ্রবৃত্ত হইয়া কার্য্য করে। তখন যে সত্য আমরা জ্ঞানে উপলব্ধি করি, তাহাকে সন্দেহ করিতে চেষ্টা করিলেও সন্দেহ করা যায় না, অস্বীকার করিতে চেষ্টা করিলেও অস্বীকার করা যায় না। তখন সেই সত্য আমাদের নিকট সর্ব্বপ্রকার নেতিবাদের অতীত বলিয়া প্রতীত হয়। তখন সেই সত্য, ওশ্ব্ একটা সত্য বলিয়া আমাদের নিকট প্রকাশ পায় না, পরস্ক অবগ্রুদ্ধ একটা সত্য বলিয়া আমাদের নিকট প্রকাশ পায় না, পরস্ক অবগ্রুদ্ধ ভাবি সত্যরূপে প্রকাশ পায়।

নেই সত্যের অর্জনকালে, গোড়ার আমরা চিন্তা আলোচনার দার। আরম্ভ করি না। আলোচনা বলিলে বুঝার, তাহার আগে কোন একটা ব্যাপার হইনা গিরাছে যাহার বিষয় আলোচনা হইতেছে। যদি উপাহিত ব্যাপারের পুর্মের আর কোন ব্যাপার হয় নাই এইরূপ দাঁড় করাইতে হয়, ভাষা য়ইলে দেই বাপারটিকে সতঃদিদ্ধ না বিলিল চলে না। এইরপ সত্যের যে স্বতঃদিদ্ধ ও সয়য় প্রতীত, উহা কি সভার চিয়া-প্রস্ত অবশ্রস্থাবি ধারণার প্র্রবিজী নহে ? কি বাজি, কি জাতি—উভরেরি মধ্যে চিয়ারতি বিলম্বে উর্রতি লাভ করে। বলিতে গেলে এই চিয়া-আলোচনার রৃত্তিই প্রকৃত দার্শনিক বৃত্তি। কথন কথন ইহা হইতেই চিয়াদ্ধনিত সন্দেহ ও সংশ্যবাদ, কথন বা স্থগতীর বিধাস উৎপদ্ম হয়। ইহা হইতেই বিবিধ মতবাদ, কথিম তর্কশাস্ত্র এবং বিবিধ ক্রত্রেম শাস্ত্রীয় স্ত্রের উৎপত্তি। (সেই স্ত্রগুলি, অভ্যাসবশতঃ আমরা এইরপ ভাবে ব্যবহার করি যেন উহা আমাদের মনের স্বাভাবিক ধর্ম) কিন্তু আসলে ধরিতে গেলে, স্বতঃদিদ্ধ সয়য় প্রত্যারই প্রকৃতির প্রকৃত তর্কশাস্ত্র। সর্কপ্রকার জ্ঞানার্জন-ব্যাপারে এই সয়ল প্রত্যারেরি কর্তৃত্ব আমরা উপলব্ধি করি। কিন্তু, জনসাধারণ, মানব-জাতির বার্মানা লোক, উহাকে অতিক্রম করিতে পারে না, প্রত্যুত অসীম নির্ভরের সহিত্ব উহারি উপর বিশ্রাম করে।

মানব-জ্ঞান-সম্হের উৎপত্তি-স্থান কোথায়, আমরা উহার সহজ মীমাংসা এইরূপ করিয়াছি:—আমরা এইটুকু নির্দারণ করিতে পারি-লেই যথেষ্ট মনে করি—কোন্ মনোব্যাপারটি অন্ত সকল মনোব্যাপাবের পূর্ববর্ত্তী—যাহা ব্যতীত অন্ত কোন মনোব্যাপার প্রকাশ পাইতে পারে না, এবং যাহা আমাদের জ্ঞানবৃত্তির প্রথম ক্রিয়া ও প্রথম ক্রপ।

বেহেতু, চিস্তা-আলোচনার লক্ষণ যাহাতে আছে তাহা কথনই গোড়ার ব্যাপার হইতে পারে না, অবশ্য তাহা আর একটা পুর্ব্ববর্তী অবস্থার স্তনা করে; অতএব, ইহা হইতে প্রতিপন্ন হইতেছে— জামাদের আলোচা বিষয়টি অধুনা থেমন চিস্তার চিত্নে ও স্ক্রধারণার িছে চিক্লিড, গোড়ার দেরপ কথন ছিল না; গোড়ার, অবশ্য কোন বিশেষ অবস্থার, কোন একটা দীবাবের বস্তব আকারে উহা প্রকাশ পাইরাছিল এবং কাল-ক্রমে তাহা হইতে আপনাকে বিনির্দ্ধ করিরা, এইরপ একণে হক্ষতর্বের আকার—সার্বভৌমিক আকার ধারণ করিরাছে। একই শৃত্যালের এই হুইটি প্রান্ত। এখন আমাদের শুধ্ এইটুকু অন্ন্যনান করা আবশ্যক, কি করিয়া মানব-জ্ঞান একটি প্রান্ত হুইতে অপর প্রান্তে,—আদিম অবস্থা হুইতে বর্তমান অবস্থায়—স্থূল হুইতে হক্ষে উপনীত হুইয়াছে।

সামগ্রিক অবস্থা (concrete) হইতে স্থিশাসার (abstract) তুল তথ্য হইতে স্ক্ষতত্ত্বে কিরূপে উপনীত হওয়া যায় 🕬 স্পষ্টই দেখা যাইতেছে, দেই প্রক্রিয়ার দ্বারা উপনীত হওয়া যায়. যাহাকে সার-নিম্বর্ণ বলে,—কেবলীকরণ বলে,—(abstraction)— প্রত্যাহ্বতি বলে। ইহা-ত গোলা কথা। কিন্তু এই প্রত্যাহ্বতির ষ্মাবার হুই প্রকার ভেদ স্বাছে। এক্ষণে নেই ভেদ নির্ণর করা আৰ-শুক। মনে কর, বিশেষ-বিশেষ অনেকগুলি পদার্থ তোমার সন্মুথে রহিয়াছে। যে সকল লক্ষণে উহারা লক্ষণাক্রান্ত দেই সকল লক্ষণ-গুলিকে এক পাশে রাখিয়া, তন্মধ্যে যে লক্ষণটি উহাদের মধ্যে সাধা-রণ---দেই লক্ষণটিকে যথন ভূমি কেবলীক্বত করিয়া অর্থাৎ অন্য হইতে পৃথক করিয়া আলোচনা কর, তথন তুমি কি কর १—না, সেই লক্ষণটিকে তুমি অন্যান্য লক্ষণ হইতে প্রত্যাহ্নত করিয়া লও। এই প্রত্যান্ত্তির প্রকৃতিও নিয়ম একবার আলোচনা করিয়া দেখ। এই প্রত্যাহরণ-ক্রিয়া তুলনার ছারা সাধিত হয়; বিবিধপ্রকার বিশেষ-বিশেষ দৃষ্টান্তের উপর ইহা প্রতিষ্ঠিত। একটা দৃষ্টান্ত—বর্ণ সম্বনীয় সাধারণ ও স্ক্র (abstract) ধারণা আমোদের মনে

কিরূপে উৎপন্ন হয় তাহা একবার আলোচনা করিয়া দেখা বাক্ যাহা পূর্ব্বে কথন দেখি নাই এক্নপ একটা সাদা রঙের জিনিস আমার চক্ষের সমূথে রাথা যাক্; এই সাদা রঙের জিনিস্টি দেথিবামাত্রই কি সাধারণ বর্ণ-সম্বন্ধে আমার একটা ধারণা জন্মিবে ? প্রথমেই কি আমি গুল্লতাকে এক দিকে এবং বর্ণকে অপর দিকে রাখিতে সমর্থ হুইব ? তোমার অন্তরের মধ্যে কিরূপ প্রক্রিয়া হয় তাহা একবার বিশ্লেষণ করিয়া দেখা উহার যে গুলতা তুমি উপলব্ধি করিতেছ, ঐ গুত্রতার মধ্যে যে নিজম্বটুকু আছে তাহা যদি উঠাইয়া লও, **मिथित—ममछरे विनष्टे हरेबा गारेता। ७** ज्ञारक छेराका कतिबा, কেবলমাত্র বর্থকে পৃথক্ করিতে,—কেবলীকৃত করিতে, কিছু-তেই তুমি সমর্থ হইবে না। কেন না, একটি মাত্র বর্ণ তোমার সন্মৃথে রহিয়াছে, আর দেটি গুলবর্ণ। তুমি যদি গুলবর্ণটিকে উঠাইয়া নও, তাহা হইলে বৰ্গ-সম্পর্কে আর কিছুই থাকে না। এই माना तर्छत्र किनिरमत शत्र, এक्টा नीन तर्छत किनिम आयक, তার পর একটা লাল রঙের জিনিদ আম্বক,—ইত্যাদিক্রমে অস্তান্ত রঙের জিনিদ আহক, তথন তুমি ঐ বিভিন্ন বর্ণগুলিকে উপলব্ধি করিয়া তাহাদের বৈষম্য-সমূহকে উপেক্ষা করিতে পার ; এবং উপেক্ষা করিয়া সেই সকল চাক্ষ্য অনুভূতির মধ্যে—অর্থাৎ বর্ণগুলির মধ্যে— যাহা সাধারণ তাহাই তুমি পৃথক ভাবে আলোচনা করিতে পার। এইরূপেই বর্ণসম্বন্ধে তোমার একটা ক্রন্মুদার (abstract) সাধারণ श्रीत्रश करना।

আর একটা দৃষ্টান্ত গ্রহণ করা যাক্। তুমি যদি পন্ম ছাড়া আর কোন ফুলের গন্ধ আন্তাশ করিয়া না থাক, তাহা হইলে, গন্ধ-সম্বন্ধে তোমার কি একটা সাধারণ ধারণা জ্ঞাতে পারে ?—না, তাহা কথনই

পারে না। এন্থলে, পদ্মের গন্ধই তোমার নিকট একমাত্র গন্ধ. ভাহা-ছাড়া তুমি আর কোন গন্ধ খুঁজিতে যাইবে না—আছে বলিয়া সন্দেহও করিবে না। কিন্ত যদি পদ্ম-গদ্ধের পর গোলাপের গন্ধ আত্রাণ কর, এবং যাহাতে পরম্পরের মধ্যে তুলনা করা যাইতে পারে এ**রূপ** আরো অনেকগুলি ফুলের গন্ধ আঘাণ কর, তবেই তাহাদের মধাগত সাম্য বৈষম্য উপলব্ধি করিলা, সাধারণ গন্ধ-সম্বন্ধে ভোমার একটা ধারণা জন্মিবে। একটা পুষ্প-গন্ধের সহিত আর একটা পুষ্প-গন্ধের সাম্য কোথায় ?—উভয়ের মধ্যে সাধারণ জিনিসটি কি ?—উভয় গন্ধই একই ইক্রিয়ের দারা এবং একই ব্যক্তির দারা আঘাত-- ইহা-ভিন্ন উহাদের মধ্যে সাধারণত্ব আর কি থাকিতে পারে ? এস্থলে সামান্টী-করণ-প্রক্রিয়া—ব্যাপ্তিগ্রহ-প্রক্রিয়া (generalization) যে সম্ভব হয়—অন্ত্রাণকারী পুরুষের অর্থাৎ বিষয়ীর একস্বই তাহার একমাত্র েহেতু। সেই বিষয়ী স্মরণ করে—দে একই ব্যক্তি হইয়া, বিভিন্ন অন্তৃতির দারা উপরঞ্জিত হইয়াছে। বিবিধ **পুষ্পের আঘাণ-রূপ** 'কতকগুলি অনুভূতি বিবয়ীর না হইলে, বিভিন্ন বিকারের দ্বারা উপ-রঞ্জিত হওয়া সত্তেও, সে যে একই ব্যক্তি—এ জ্ঞান তাহার জন্মিতে পারে না; এবং আঘাত বিষয়টির বিবিধ লক্ষণের মধ্যে, কেন্টি সদৃশ ও কোন্টি বিদদৃশ—দে জ্ঞানও তাহার জন্মিতে পারে না। এইরূপ ত্বলে—একমাত্র এইরূপ স্থলেই, – বিষয়ী তুলনা করিতে পারে. কেবলীকরণ (abstraction) করিতে পারে, সামান্তীকরণ বা ব্যাপ্তিগ্রহ (generalization) করিতে পারে।

সার্বভৌমিক ও অবশুস্তাবী মূলতত্ত্বরূপ স্ক্রন্মসারে (abstract) উপনীত হইতে হইলে, এ সমস্ত ব্যাপারের প্রয়োজন হয় না। এন্থলে কারণ-তত্ত্বটির দৃষ্টান্ত গ্রহণ করা যাক্। মনে কর, তুমি ছয়টি বিশেষ-

বিশেষ দৃষ্টান্ত-হইতে, কারণ-তত্ত্বে উপনীত হইয়াছ। কিন্তু তুমি যদি শুধু একটা দুষ্টান্ত-হইতে এই তথটি উদ্ধার করিতে, তাহা হইলেও ফলের কোন তারতম্য হইত না। কোন দৃষ্ট কার্য্যের কোন অবশুদ্বারী কারণ আছে-এই কথা ৰলিবার জন্ত, অনেকগুলি ঘটনা-পারস্পর্য্য দর্শনের অপরিহার্য্য আবশ্যকতা নাই। এই যে কার্য্যকারণের সিদ্ধান্তে আমি উপনীত হইয়াছি, তাহার মূলতবটি যেমন প্রথম দুষ্টান্তে-দেইরূপ দ্বিতীয় দুঠাস্কটিতেও সমগ্রভাবে বিগুমান। এই তত্ত্বটিরু বিষয়গত পরিবর্ত্তন হইতে পারে, কিন্তু আমার অন্তরে, ইহার কোন পরিবর্তন হয় না। ইহার ব্যবহারিক প্রয়োগ-সংখ্যা মতুসারে, ইহার হাসও হয় না, বৃদ্ধিও হয় না। আমাদের সম্বন্ধে ইহার যদি কোন ইতর-বিশেষ হয়, তাহা এইজন্মই হয় যে, উহাকে লক্ষা না করিয়াই আমেরা উহার প্রয়োগ করি, অথবা উহাকে বিযুক্ত না করিয়াই উহাকে লক্ষ্য করি, অথবা উহার বিশেষ প্রয়োগ-স্থল হইতে উহাকে বিযুক্ত করি না। যাহা কিছু ঘটতে আরম্ভ হয়, তাহারি একটা অবশান্তাবী কারণ আছে—এই তন্ত্রটি অবাবহিতভাবে, স্কন্মভাবে, সাধারণভাবে উপ্রাক্তি করিতে হইলে, যে বিশেষ-আকারে ঘটনাটি আমাদের সম্মুখে প্রকাশ পায়, গুণ্ধু তাহার দেই বিশেষ ভারটুক্ বাদ দিলেই, উহা উপলব্ধি করা যায়; তা, সেই ঘটনা-প্রের পতনই হোক্, অথবা নরহত্যাই হোক—তাহাতে কিছুমাত্র যায় আদে না। এস্থলে, আমি যে স্ক্রমার ও দাধারণ ধারণায় উপনীত হই, তাহার কারণ ইহা নহে যে আমি দেই সময়েই একই ব্যক্তি ছিলাম কিংবা অনেক-গুলি বিভিন্ন দুষ্টান্তের দারা একই ভাবে উপরঞ্জিত হইয়াছিলাম। মনে কর, একটা পাতা পড়িল—তথনি আমার মনে হইল—আমার বিখাস হইল—আমি বলিয়া উঠিলাম—এই পতনের একটা কারণ

আছে। মনে কর, একটা নরহত্যা হইলাছে, অমনি আমি বিখাদ করিলাম,—বলিয়া উঠিলাম, এই হত্যাকাণ্ডের একটা কারণ আছে। উক্ত উভয় ঘটনার মধ্যেই কতকগুলি বিশেষ অবস্থা-কতকগুলি পরিবর্ত্তনশীল অবস্থা আছে এবং তা ছাড়া এমনও কিছু আছে যাহা সার্ব্বভৌমিক—যাহা অবগ্রস্তাবী। দেই সার্ব্বভৌমিক ও অবগ্রস্তাবী প্রতীতিটি এই যে, ঐ উভয় ঘটনারই কোন কারণ না থাক। অসম্ভব। এস্থলে, যেমন আমরা প্রথম ঘটনাটি-দম্বন্ধে, বিশেব-হইতে সার্ব্বভৌ-মিককে বিযুক্ত করিতে পারি, দেইরূপ দ্বিতীয় ঘটনাটি-সম্বন্ধেও আমরা পারি। কেন না, দ্বিতীয়টির মধ্যে যে সার্ব্বভৌমিকতা আছে, সেই সার্ব্বভৌমিকতা প্রথমটির মধ্যেও আছে। ফলতঃ, যদি প্রথম ঘটনাটির মধ্যে সার্ব্বভৌমিকতা না থাকে, তাহা হইলে দ্বিতীয় তৃতীয় ইত্যানি-ক্রমে সহস্র ঘটনার মধ্যেও সেই সার্ব্বভৌমিকতা থাকিবে না। কেন না. অনন্তের নিকট-নিরবচ্ছিন্ন সার্বভৌমিকতার নিকট-এক সংখ্যা, সহস্র সংখ্যা হইতে কিছুমাত্ত্ব নিকটতর নহে। এ কথা ষ্মবশুস্তাবিতা-সম্বন্ধেও থাটে – বরং আরো বেণী করিয়া থাটে। ভাল করিয়া ভাবিয়া দেখ,—যদি প্রথম ঘটনার মধ্যে অবশ্রস্তাবিতানা থাকে, তাহা হইলে দ্বিতীয় ঘটনার মধ্যে যে উহা সহসা আদিয়া পড়িবে, তাহার কোন সম্ভাবনা নাই। অবশাস্তাবিতা খণ্ডখণ্ড-ভাবে কিংবা পর-পর ক্রমশঃ বৃদ্ধি পাইয়া উৎপন্ন হয় ন।। কোন হত্যাকাও প্ৰথম দেখিবামাত্ৰই যদি আমি এই কথা না ৰলিতে পারি যে, এই হত্যার অবশ্য কোন কারণ আছে, তাহা হইলে, অনেকগুলি হত্যার ্বিকারণ সপ্রমাণ হইবার পর, সহস্রবারের হত্যাকালে আমার শুধু এই-ক্রধা মনে করিবার অবিকার জ্মিবে বে,—গুব সম্ভব এই নৃতন হত্যা-কাণ্ডেরও কোন কারণ আছে। কিন্তু এ কথা ব্রিবার অধিকার আমার কমিনকালেও জনিবে না যে,—ইহার অবশান্তাবী কোন কারণ আছে। কিন্ত যথন, অবশান্তাবিতা ও সার্ব্বভৌমিকতা একটি দৃষ্ঠান্তের মধ্যেই প্রাপ্ত হওয়া যায়, তথন ঐ তব্ধয় উদ্ধার করিবার জন্ত একটি দৃষ্ঠান্তই যথেষ্ট।

সার্ব্বভৌমিক ও অবশাস্তাবী তত্ত্বসমূহের সতা আমরা সিদ্ধ করি-য়াছি। আমরা উহাদের স্ত্রন্থান নির্দেশ করিয়াছি; আমরা দেখা-ইয়াছি-প্রথমে উহারা বিশেষ-বিশেষ তথ্যের আকারে আমাদের নিকট প্রকাশ পায়; এবং ইহাও দেখাইরাছি — কি প্রকরণের দ্বারা.—কিরূপ কেবলীকরণ-প্রণালী দ্বারা,—মানববৃদ্ধি, দীমাবদ্ধ ষস্তুগত আকার হইতে উহাদিগকে বিনিমুক্তি করিয়া থাকে ;— দেই সকল আকার যাহা উহাদের প্রকৃত উপাদান নহে, পরস্ক খাহার দারা উহারা পরিবৃত। এখন মনে হইতে পারে, আমাদের অভিপ্রেত কার্যা বৃথি দিদ্দ হইয়াছে; কিন্তু প্রকৃতপক্ষে তাহা হয় দাই। আর একজন লব্ধ-প্রতিষ্ঠ দার্শনিকের মতবিরুদ্ধে, আমাদের প্রতিপাদিত সিদ্ধান্তটির পক্ষসমর্থন করা একণে আবশুক। কেন मा. দর্শনশান্তে যিনি একজন প্রমাণ বলিয়া ভাষারূপে পরিগণিত, তাঁহার মতবাদে মুগ্ধ হইয়া তোমরা বিপথে নীত হইতে পার। আমা-দের স্তায় শ্রীযুক্ত মেন দে-বিরা, প্রত্যক্ষ-পরীক্ষাবাদের একজন প্র-কাশ্র প্রতিপক্ষ। তিনি সার্বভৌষিক ও অবশ্রমারী তত্তের সত্তা স্বীকার করেন। কিন্তু তিনি উহাদের যেরূপ বাংপত্তি নির্দেশ করিয়াছেন তাহা আমাদের মতে সমীচীন নহে; উহাতে-করিয়া, এমন কি, মূলতত্ত্বের সন্তাই বিপন্ন হইয়া পড়ে; এবং উহা, পাকচক্রে শ্মাবার আমাদিগকে পরীক্ষাবাদেই উপনীত করে।

এই সার্কভৌমিক ও অবশাস্তাবী তত্ত্বগুলিকে প্রতিজ্ঞার আকামে

ক্ষাপন করিলে দেখিতে পাওয়া যায়—উহার মধ্যে অনেকগুলি অবয়ক সন্নিবিষ্ট। তাহার দৃষ্টান্ত ই—ঘটনামাত্রেরই কারণ আছে বলিয়া ব্দত্মিত হয়; গুণমাত্রেরই গুণের আধার-বস্তু আছে বলিয়া অমুমিত ্ হয়; এই হুই ভবের মধ্যে যে ঘটনার প্রতীতি (idea) ও গুণের প্রতীতি—তাহারি পাশাপাশি আবার কারণের প্রতীতি ও বস্তুর প্রতীতিও রহিয়াছে। এই কারণ-প্রতীতি ও বস্তু-প্রতীতির উপ-রেই উক্ত ভবহটি প্রতিষ্ঠিত। এই হুইটি প্রতীতি উহাদের মূল-উপাদান বলিয়া মনে হয়। খ্রীযুক্ত দে-বিরা বলিতে চাহেন, ঐ ছই প্রতীতির মধ্যে যে ছই তম্ব নিহিত, সেই ছই প্রতীতি উক্ত তব্দয়ের পূর্ববর্তী। যেহেতু আমরা নিজেই কারণ ও বস্তু, অতএক কারণ ও বস্তুর পরিজ্ঞানে, ঐ কারণ-প্রতীতি ও বস্তু-প্রতীতি, আমান নের অন্তরের মধ্যে প্রথমেই নিঃশেষিত হইয়া যায়। ঐ প্রতীতিষ্ট আমাদের অন্তরে একবার প্রতিভাত হইলে পর, তথন অনুমান-স্তায়ের সাহায়ে উহাদিগকে আমাদের বাহিরেও আমরা লইয়া যাই। ভথন, যেখানেই কোন ঘটনা বা গুগ প্রত্যক্ষ করি, অমনি আমরা দেই ঘটনার কারণ আছে, দেই **গু**ণের আধার বস্তু আছে বলিয়া অমুমান করিয়া লই। কারণ তত্ত্ব ও বস্তু-তত্ত্বের তিনি এইরূপ ব্যাখ্যা করিয়াছেন। আমার লব্ধপ্রতিষ্ঠ বন্ধুবর আমাকে : মার্জ্জনা করিবেন,— আমি তাঁহার এই ব্যাখাটিকে সমীচীন বলিয়া স্বীকার করিতে পাকি ন। কারণ-তত্ত্বর বৃৎপত্তি নির্ণর করিতে হইলে, গুধু কারণ-প্রতী-তির ব্যুৎপত্তি নির্ণয় করিলে যথেষ্ট হয় না। কেননা, উহার প্রতীতি ও উহার মূলতৰ-এক নহে, উহা স্বরূপত: বিভিন্ন। আমি और क দে-বিরাঁকে এই কথা বলি ;—তুমি অবশ্য এই কথাটি সিদ্ধ করিয়াছ েন, কারণ-প্রতীতি, কার্য্যোৎপাদিনী ইচ্ছাশক্তির অস্কুতির মধ্যেই নিংশেষিত হইরা যার। আমরা কতকগুলি কার্য উৎপাদন করিতেঁ ইচ্ছা করিতেছি এবং তদলুসারে ঐ কার্যগুলি উৎপন হইতেছে। তুমি ধলিতেছ, উহা হইতেই আমাদের কারণ-প্রতীতি জনিয়া থাকে; এবং উহা হইতেই, আমরা নিজেই বৈ একটা-কারণ,—দেই কারণ-বিশেষের প্রতীতিও জনিয়া থাকে। ভাল, তাহাই হউক। কিন্তু, "যে কোন ঘটনা আবির্ভূত হয় তাহারি অবশাস্তাবী কারণ আছে"— এই স্বতঃসিদ্ধ স্থ্রাট এবং উক্ত তথা—এই উভয়ের মধ্যে যে আকাশ-পাতাল ব্যবধান।

তোমার বিধাস, ব্যাপ্তিগ্রহ বা অনুমানভাষের দারা ঐ বাবধানটি তুমি লক্ষন করিয়াছ। তুমি বলিতেছ, একবার কারণ-প্রতীতিটি আমাদের অন্তরে উপলব্ধি হইলে পর,—বেখানেই কোন নৃতন ঘটনা উপস্থিত হয়, সেইখানেই আমরা অনুমান-ভাষের প্রয়োগ করিয়া থাকি। কিন্তু তোমরা শক্ষালে প্রতারিত হইও না। এই অন্তুত অনুমান-ভায়টিকে একবার নাড়িয়া চাড়িয়া দেখা যাক্। আমরা দৃঢ় বিধাস সহকারে, প্রীযুক্ত দে-বিরার যুক্তির সমক্ষে এই উভয় সঙ্কটের সম্ভাটি স্থাপন করিতেছি:—

বে অনুমানের কথা তুমি বলিতেছ তাহা কি সার্কভৌমিক ও অবশাস্তাবী ? তাহা যদি হয়—তবে-ত উহা একই জিনিসের বিভিন্ন দাম মাত্র। আমরা বে অনুমান-বলে, ঘটনা-প্রতীতির সহিত কারণ-প্রতীতির সার্কভৌমিক ও অবশাস্তাবী সম্বন্ধ নিবদ্ধ করি, তাহাকেই-ত কার্ণের মূলতক বলে। তুমি যদি বল,— উহা সার্কভৌমিকও নহে, অবশাস্তাবীও নহে, তাহা হইলে উহা কারণ-মূলতক্বের হান অধিকার করিতে পারে না। যে জিনিসের তুমি ব্যাখ্যা করিতে যাইতেছ, ঐ ব্যাখ্যার দ্বারাই শেই জিনিসের উচ্ছেদ হইতেছে। স্পষ্ঠ কথায় ব্যক্ত

না করিলেও—এই অভ্ত দার্শনিক গবেষণার প্রকৃত কল এইরূপ দাঁড়ায়;—ব্যক্তিষ-মূলক ও ইচ্ছাশক্তিমূলক কারণের প্রতীতি জন্মি-বার পূর্বের, কারণঘটিত মূলতত্ত্বের কোন ক্রিয়া হয় না।

যথন আমরা ভাবিয়া দেখি---এমন আরো কতকগুলি তত্ত আছে যাহাদের ক্রিয়া, তৎসম্বন্ধীয় প্রতীতির পরে আরম্ভ না হইয়া পূর্ব্বেই আরম্ভ হয়, তথন যে মতৰাণটিকে আমরা খণ্ডন করিতে চেষ্টা ক্রিতেছি তাহা আরো চুর্বল ও অকর্মণ্য বলিয়া মনে হয়। আমাদের প্ৰতিপক্ষ বলেন, পূৰ্ব্বৰৱী প্ৰতীতি হইতেই এই সকল তত্ত্ব উৎপন্ন, কিন্তু তাহা ঠিক নহে। কি করিয়া আমাদের কাল ও দেশ সম্বন্ধীয় শ্রতীতি জন্মে? আমরা দেখিতে পাই, দ্রব্য কোন-একটা স্থানে অবস্থিতি করে, এবং ঘটনা কোন একটা সময়ে সংঘটিত হয় ;—এই ভর্টির সাহায্য-ব্যতীত আর কিছুতেই দেশ কালের প্রতীতি আমাদের জনিতে পারেনা। প্রথম উপদেশে আমরা দেখা-ইয়াছি,—এই তৰ্কীর সাহায্য না পাইলে, আমাদের নিকট দেশকাল বলিয়া কিছুই থাকে না। অনস্তের প্রতীতিটি কি আমরা এই ত্ৰটি হইতে প্ৰাপ্ত হই নাই যে, যাহা কিছু অন্তবং তাহা হইতেই অনস্ত অনুমিত হয় 🕴 যে-কোন অস্তবৎ ও অপূর্ণ পনার্থ আমর। ইন্দ্রিয়ের দারা উপলব্ধি করি, আমাদের অন্তরে অমুভব করি —তাহা আপনাতে পর্য্যাপ্ত নহে; তাহা আর একটা কিছুর আকাজকা করে—যাহা অনস্ত, যাহা পূর্ণ; এই তর্টি অপসারিত 🕶র, তাহা হইলে অনস্তের প্রতীতিটিও দেই দঙ্গে অন্তর্হিত হইবে। অতএব স্পষ্টই দেখা যাইতেছে, এই তন্ধটির প্রয়োগ হইতেই উহার #তীতিটি উংপন্ন হইন্নাছে, এবং তন্বটি—প্রতীতি হইতে উংপন্ন इम्र नाई।

বস্তুতত্ত্ব-সম্বন্ধে আর একটু বিশেষ করিয়া আলোচনা করা যাক। এখন এই কথাটি জানা আবশুক, আত্মারূপ বিষয়ীর (Subject) প্রতীতি ও মাধার-বস্তুর প্রতীতি—দেই-দেই তত্ত্ব-ক্রিয়ার পূর্ব্ববর্ত্তী না পরবর্ত্তী ? কোন্ অধিকার-স্ত্তে, বস্তু-প্রতীতি, "গুণমাত্রেরই আধার-বস্তু আছে''—এই তৰ্টির পূর্ববর্ত্তী হইতে পারে ? কারণের স্থায় আধার-বস্তুও যদি আন্তরিক পর্যাবেক্ষণের বিষয় হয়—তাহা হইলে 😊দ্ধ দেই হেতৃ-স্কত্ৰেই বস্তুপ্ৰতীতি বস্তুতত্বের পূৰ্ব্ববৰ্তী হইতে পারে। যথন আমি কোন কার্য্য উৎপাদন করি, তথন আপনাকেই তাহার কারণ বনিয়া সাক্ষাংভাবে উপলব্ধি করি। এইস্থলে কোনও তত্ত্রপ মধ্যস্তার আবশাক হয় না ; কিন্তু বস্তুসম্বন্ধে দেরপ হয় না-দেরপ হইতে পারে না। কেন না, আমাদের চৈতন্তে যাহা কিছু প্রতিভাত হয়-সামাদের গুণধর্ম, সামাদের কার্য্য, সামাদের বৃত্তি-নিচয় – সমস্তেরই একটি আধার-বস্তু আছে। এই আধার-বস্তু সাক্ষাৎ উপন্ত্রির বিষয় নহে ;—ইহা পরিকল্পিত (Conceived) হয় মাত্র। আত্মটৈতত্য—ইন্দ্রিয়বোধকে, ইচ্ছাকে, চিস্তাকে, প্রতাক্ষ উপনৃদ্ধি করে, কিন্তু উহাদের আধার-বস্তুকে প্রতাক্ষ উপন্তির করে না। আতার আধার বস্ত্রকে কি কেহ প্রত্যক্ষ করিয়াছে ? এই অদৃশ্য স্থন্ধ-বস্তুকে উপলব্ধি করিবার জন্ম, এরূপ কোন-একটি তত্ত্ব হইতে যাত্রারম্ভ করা কি আবশ্যক হয় না, যাহার কাজ—অদুশ্যের সহিত দৃশ্যকে—পর-মার্থিক সন্তার সহিত ব্যবহারিক সত্তাকে একস্থতে প্রথিত করা প দেই তৰ্টিই বস্ততৰ। সতরাং, বস্তু-প্রতীতি—বস্তুতন্ত্র-প্রয়োগের পরবর্ত্তী; স্মৃতরাং বস্তু-প্রতীতি হইতে বস্তুতত্ত্ব উৎপন্ন—এরূপ বলা যাইতে পারে না। ভাল-করিয়া বুঝিয়া দেখা যাক। আমাদের বলিবার অভিপ্রায় এরূপ নংহ যে, বস্তু-তত্ত্বটি আমাদের মনে এরূপ ভাবে অবস্থিতি করে যে, কোন ব্যাপার উপস্থিত হইবামাত্রই, তাহাতে প্রযুক্ত হইবার জন্ম তত্ত্বটি যেন পূর্ম্ব-হইতেই প্রস্তুত হইয়া আছে। আমরা শুধু এই কথা বলি যে, কোন ব্যাপার প্রত্যক্ষ করিবামাত্র দেই দঙ্গে তাহার একটি আধার-বস্তুও যে আছে---এইরূপ পরিকল্পন না করিয়া আমরা থাকিতে পারি না। অর্থাৎ—কি ইক্সিফ্ বোধের দ্বারা, কি আত্মটেতনোর দ্বারা, কোন ব্যাপারকে সাক্ষাৎ উপলব্ধি করিবার আমাদের যে শক্তি আছে, দেই শক্তির সহিত, এই ব্যাপারের অন্তর্নিহিত ও সহজাত আধার-বস্তুটিও সংযুক্ত। ঘটনাগুলি এইরূপ ভাবে ঘটিয় থাকে :--ব্যাপার-সমূহের প্রত্যক্ষ উপলব্ধি এবং উহাদের আধার-বস্তুর পরিকল্পনা (Conception)—এই ছুই ক্রিয়া পর-পর হয় না, পরস্ক একসঙ্গেই হইয়া থাকে। এই অবস্ফ্রপাতী বিশ্লেষণের ফলে, সদৃশ ও বিদদৃশ—ছুই প্রকার ভ্রমই একদঙ্গে নিরা-কৃত হয়; তন্মধ্যে একটি ভ্রম এই,—কি বাহ্য কি আভ্যন্তরিক—পূর্ব্ব-অভিজ্ঞতা হইতেই তত্ত্ত্ত্ত্লি উৎপন্ন হয়। অপর ভ্রমটি এই:---তবগুলি —অভিজ্ঞতার পূর্ব্ববর্তী।

ফল কথা, প্রতীতির অন্তর্ণিহিত তত্বগুলিকে প্রতীতির দ্বারা ব্যাথ্যা করিতে যাওয়া রুথা প্রয়াস। যদি এরূপ অনুমান করা যায়— বে দকল প্রতীতি তব্ব-সমূহের মধ্যে অনুপ্রবিষ্ট, সেই প্রতীতিগুলি তত্ত্বসমূহের পূর্ব্ববর্ত্তী, তাহা হইলে দেখাইতে হইবে — কি করিয়া এই সকল তব, প্রতীতিসমূহ হইতে নিম্বিত হইল। এইটিই প্রথম প্রতিবন্ধক,—এইটিই গোড়ার প্রতিবন্ধক। তা ছাড়া, এ কথাও ঠিক্ নহে থে, প্রতীতি—সকল স্থলেই তত্ত্বের পূর্ব্ববর্তী; প্রত্যুত দেখা যায়, তত্ত্বই প্রতীতির পূর্ববর্তী। কিন্তু প্রতীতি-সমূহ পূর্ববর্তী হউক বা পরবর্ত্তী হউক, ত হণ্ডলি দকল স্থলেই আত্মপর্য্যাপ্ত ; দার্ম- ভৌমতা ও অবশান্তাবিতা — এই : ছই শ্রেষ্ঠ গুণে বিভূষিত হওয়ায়, তত্বগুলি সামান্ত প্রতীতির উপর প্রাধান্ত লাভ করিয়াছে।

এই উপদেশটি যেরূপ কঠিন ও কঠোর হইয়া পড়িয়াছে, ভজ্জ্ঞ এক-একবার মনে হয়, তোমাদের নিকট ক্ষমা প্রার্থনা করি। কিন্তু দার্শনিক প্রশ্ন-দক্ষ দার্শনিক ভাবেই আলোচিত হওয়া বিধেয়: এই আলোচনার প্রকৃতি পরিবর্তন করা আমাদের অধিকারায়ত নহে। বিষয়-ভেদে ভাষাভেদ। তত্ত্বিদারেও একটি নিজম্ব ভাষা আছে। সকল প্রকার আত্মানিক দিদ্ধান্ত হইতে দুরে থাকা, তথ্যের উপর অবিচল শ্রদ্ধা স্থাপন করা,—ইহাই যেরূপ তত্ত্ববিদ্যার মূল-নিয়ম. দেইরূপ নিক্তির ওজনে যাথাযাথা রক্ষা করিয়া ভাষা প্রয়োগ করাই ত হবিদ্যার বিশেষ গুণ। এই নিয়মটি আমরা ধর্মশাসনের ভাষ অন্ধরণ করিমাছি। সার্শ্বভৌনিক ও অবগুঙাবী মৃতত্তবের স্ত্রন্থান অতুস্কান করিবার সময়, আমরা এই বিষয়টির প্রতি বিশেষ লক্ষ্য রাথিয়াছি যে পদ্ধতিক্রমে ব্যাথ্যা করিতে গিয়া, ব্যাথ্যার আসল বিষয়টি নষ্ট হয় না। সাৰ্ব্যভামিক ও অবশ্যন্তাবী তত্বগুলি – সমস্তই আমা-দের বিশ্লেষণ-বিচার হইতে বাহির হইয়াছে। এই তবগুলি পর-পর বেরূপ আকার ধারণ করে--আমরা তাহা বিবৃত করিয়াছি: এবং ইহাও দেথাইয়াছি, উহাদের ক্রিয়া স্বতঃ-উৎপন্নই হউক, বিশেষ-বিশেষ বিবয়েই প্রয়ক্ত হউক, উহাদের আদল প্রকৃতিটিকে ক্রিয়া হইতে বিযুক্ত করিয়া চিস্তার দ্বারা অবধারণ করিবার চেষ্টাই হউক, অথবা নিম্বর্গ-প্রক্রিয়া দ্বারা উহাদের সার্ব্বভৌমতা ও অবশাদ্বাবিতা নির্দারণ করাই হউক—উহাদের যতই অবস্থান্তর ঘটক না কেন,— উহার। একই ভাবে রহিয়াছে—উহাদের প্রামাণিকতা অকুন্ন রহিয়াছে। উহার। চির-জব। এই শ্রবন্ধের গোড়া নাই, স্বভ্রন নাই। অমুক

দিন ছইতে এই ধ্রবন্ধের আরম্ভ হইয়াছে, কিংবা কালসহকারে ইহ। বৃদ্ধি প্রাপ্ত হয়—এরপ বলা যায় না; কেন না, উহার ক্রমপর্যায় নাই: আমরা একটু-একটু করিয়া ক্রমশং কারণতত্বে, বস্তত্বে, কালতত্বে, দেশ-তবে, অনস্ত-তবে বিধাদ স্থাপন করি না। আমরা অর অর আরম্ভ করিয়া, পরে সমস্তটা বিধাদ করি—এরপ নহে। ঐ তরগুলি, প্রথম দিন হইতে শেষ দিন পর্যান্ত সমানভাবে প্রবল, অবশু-ভাবী ও অনিবার্যা। উহাদের সম্বন্ধে যে ধ্রববিধাদ উৎপন্ন হয় তাহাতে কোন "যদি কিন্তু" নাই; উহা অন্ত্যাপেক্ষ ও বিকল্পরহিত; তবে, দকল সময়ে দেই বিধাদের সহিত আয়ুটেতন্যের সাহচর্য্য থাকে না, এই মাত্র।

কারণ-তবে, পণ্ডিতবর লাইব্নিজের (Leibnitz) যেরপ ধ্রব-বিধাস, একজন অক্স ব্যক্তিরও সেইরপ বিধাস। এইমাত্র প্রভেদ যে, দেই অক্স বাক্তিরও কেই নিত্য-বাবহারে প্রয়োগ করে, অথচ চিন্তা করিয়া নেথে না—বাহার দ্বারা দে অক্সাতসারে পরিচালিত হয়, সেই তবের মধ্যে কি শক্তি নিহিত আছে। পক্ষাস্তরে, লাইব্নিজ ঐশক্তির প্রভাব দেখিয়া বিশ্বিত হয়েন—উহার অহুণীলন করিয়া এইমাত্র ব্যাপার। অর্থাৎ, তংসম্বন্ধে সাধারণ লোকদিগের মে অক্সতিনিদ্ধ ব্যাপার। অর্থাৎ, তংসম্বন্ধে সাধারণ লোকদিগের মে অক্সতা, তিনি দেই অক্সতাকে ভাহার উর্ধতম স্বেস্থানে লইয়া যান এইমাত্র। ঈশ্বরের কুপায়, এই সকল তবসম্বন্ধে, চাষা ও তত্ত্বজ্ঞানীর মধ্যে এইমাত্র প্রভেদ। এই তবগুলি—যাহা মন্ত্রোর ভৌতিক যৌক্তিক ও নৈতিক জীবনে নিতান্ত প্রয়োজনীয়—উহারা কোন-নাকোন প্রকারে মন্ত্রোর নিক্ট আয়্র-প্রকাশ করে;—এবং এই ক্ষণ-স্থায়ী জীবনে, বিধাতৃ নির্দিষ্ট এই সীমাবদ্ধ দেশকালের মধ্যে, মন্থ্রোর

নিকট এমন কিছু প্রকাশ করে—যাই। সার্ব্বতোমিক, যাহা অবশ্য-স্তাবী, যাহা অনস্ত।

তৃতীয় উপদেশ।

সার্ব্বভৌমিক ও অবশ্যস্তাবী তত্ত্ব সমূহের প্রকৃত মূল্য।

সার্ব্ধভৌম ও অবশাস্থাবী তবের সত্তা, এবং উহাদের বর্ত্তমান ও আদিম অবস্থা, আমরা পূর্ব্বেই বিবৃত করিয়াছি। এখন উহাদের প্রকৃত্ত মূলা কি তাহা পরীক্ষা করিয়া দেখিতে হইবে, এবং তাহা হইতে কৈরপ দিদ্ধান্ত বৈধরণে নিক্ষিত হইতে পারে, তাহাও বিচার করিতে হইবে। এইবার আমরা তর্ববিশার অধিকার ছাড়াইরা স্থারের অধিকারের মধ্যে আদিয়া পড়িয়াছি।

ইতিপূর্ব্বে আমরা, লক্ ও লক্ প্রম্থ সম্প্রনায়ের প্রতিকূলে, কতকগুলি তবের সার্ব্বভৌমতা ও অবশ্যন্তাবিতা সমর্থন করিয়াছি। এক্ষণে
আমরা ক্যাণ্টের সম্মুথে উপস্থিত। তিনিও আমাদের ভাষা, এই
সকল তবের সভা স্বীকার করেন; কিন্তু তিনি ''বিয়য়র''
(Subject, কতকগুলি সীমা কল্পনা করিয়া, সেই সীমার মধ্যে ঐ
তব্পুলির সমন্ত শক্তিনামর্থ্য আবদ্ধ রাথিয়াছেন। তিনি বলেন,
যেহেতু ঐ তব্পুলি বিয়য়ীগত (sudjective) অর্থাৎ, অন্তমুথী, স্তরাং বিয়য়-সমুহে, অর্থাৎ বহিবিয়ের উহাদের প্রয়োগ
হইতে পারে না; কাণ্টের ভাষায়, উহারা ''বিয়য়ও''-বিয়নী'
(যৌক্তিক হউক বা অযৌক্তিক হউক, ''বিয়য়' ও ''বিয়য়ী'

(Object, Subject) এই পারিভাবিক শদ্বয়, যুরোপীয় দার্শনিক ভাষায় এক্ষণে প্রচলিত হইয়াছে।)

এই নৰোখাপিত তর্কের প্রকৃত তাৎপর্য্য কি-একবার ভাল করিয়া বুঝিয়া দেখা যাক। যে সকল তত্ত্ব, আমাদের বিচারবুদ্ধিকে পরিশানিত করে, যাহা প্রায় সকল বিজ্ঞানশাস্ত্রেরই শীর্ষস্থানে থাকিথা নেতৃত্ব করে, যাহা আমাদের সমস্ত কার্য্যকে নিয়মিত করে— দেই তত্বগুলির মধ্যে নিরবচ্ছিন্ন দার-সত্য বর্ত্তমান, — না, উহারা ভধু আমাদের চিন্তার নিয়ামক মাত্র ? বলপার মাতেরই কারণ আছে, গুণমাত্রেরই আধার-বস্তু আছে, বিস্তৃতি-মাত্রই আকাশে অব-স্থিতি করে, পার পর্যামাত্রই কালে সংঘটিত হয়,—এই সমস্ত, সতা বাস্তবিক-সত্য কি না.—এক্ষণে তাহাই জান। আবশুক। ''গুণ-মাত্রের আধার বস্তু আছে''—ইহা যদি বাস্তবিক-সত্যানা হয়, তাহা হইলে, ''আমাদের আত্মা আছে''—ইহাও নিশ্চিতরূপে বলা যায় না: যেহেত. আমাদের আয়-চৈতন্ত-প্রতিভাত সমস্ত গুণের আধার-বস্তুই আত্ম। যদি কারণ-তত্ত্ব গুর্থ আমাদের মনের একটি নিয়মমাত্র হয়, তাহা হইলে উহার দ্বারা প্রকৃত ব্যাথ্যা কিছুই হয় না—কেবল একটা কল্পনা করা হয় মাত্র। এম্বলে যে মহান তথ্যের ব্যাখ্যা করিবার কথা, সেটি---মানবজাতির বিধান। ক্যাণ্ট-তন্ত্র, নেই বিধানকেই ধ্বংশ করিয়াছে।

ফলতঃ, যথন আমরা সার্ব্ধভৌম ও অবশাস্তাবী তরসমূহের সত্যতার কথা বলি, তথন আমরা এরপ বিধাস করি না যে, উহারা শুধু আমাদের পক্ষেই সত্য; প্রত্যুত আমরা ইহাই বিধাস করি যে, উহারা পরমার্থতঃ সত্য;—এমন কি, উহাদিগকে উপলব্ধি করিতে পারে এরপ কোন মনও যদি না থাকে, তথাপি উহারা সত্য। আমরা মনে করি, উহারা আমাদের হইতে স্বতম্ব; আমাদের মনে হয়,—

উহাদের নিজের অভান্তরে যে সভা অবস্থিত, সেই সভােরই নিজ্ম্ব বলে, উহার। আমাদের বৃদ্ধিরভির উপর আপনাকে প্রতিষ্ঠিত করি-রাছে। অতএব, আমাদের মনোভাব :যথাযথকপে প্রকাশ করিতে হইলে, কাাণ্টের সিদ্ধান্তকে উণ্টাইয়া নিতে হয়। ক্যাণ্ট বলেন, এই তহগুলি, আমাদের মনের অবশুগুলবী নিয়ম; আমাদের মনের বাহিরে উহাদের কোন নিজ্ম ম্লা নাই। কিন্তু আমরা এইরূপ বলি;—এই তম্বশুলির অনন্তানিরপেক একটি নিজ্ম্ম ম্লা আছে; দেই জন্তই উচাদিগকে আমরা না বিধাস করিয়া থাকিতে পারি না।

তা ছাড়া, এই যে বিখাদের অবশ্যন্তাবিতা (যে অস্ত্রে নব-সংশয়বাদীরা আত্মরকার ১৯৯ করেন) ইহা, তব্দুলির প্রয়োগপক্ষে
একটা অপরিচার্যা নিরম নহে। আমরা ইতঃপূর্ব্বে সিদ্ধ করিয়াছি
—বিখাদের অবশ্যন্তাবিতা বলিলেই তাহার সঙ্গে সঙ্গে এইরপ বৃঝায়,
—সেই বিখাদের পূর্ব্বে, একটা বিচাবক্রিয়া হইয়া গিয়াছে, পরীক্রা
হইয়া গিয়াছে, অস্বীকার করিবার অক্ষমতা অন্তর্ভুত হইয়াছে। কিন্তু
বস্তুত, কোন প্রকার বিচার বিশ্চেনার পূর্বেই, আমাদের প্রজ্ঞা,
সত্যকে আপনা হইতেই গ্রহণ করে। এই স্বতঃসিদ্ধ উপলব্ধিতে কোন
প্রকার অবশান্তাবিতার ভাব নাই, স্ত্রাং সেই বিয়িরের ও কোন
বৃক্ষণ নাই, যাহা জ্র্মান দার্শনিক্রিগের এতটা শক্ষার বিয়য়।

সতোর এই শ্বতঃ দির উপলব্ধি সম্বন্ধে আর একবার আলোচনা করা যাউক। ক্যাণ্ট তাঁহার স্মৃচিপ্তিত (কিন্তু যাহাতে একটু টুলো ধরণের পাণ্ডিতা প্রকটিত) জ্ঞানচক্রের মধ্যে, ইহাকে স্থান দেন নাই। একথা কি সত্য,—বে কোন দিদ্ধান্ত হউক না কেন, ভাব-পক্ষের আকারে পরিবাক্ত হইলেও উহার সহিত একটা অভাবপক্ষ জড়িত থাকেই থাকে ?

সংগা এইরুপ প্রতীর্মান হর বটে বে, বাহা ভাষণকের সিমার ভাহাই আবার অতাবশক্ষের নিদ্ধান্ত। কেননা, কোন-একটা জিনিসের অন্তিত্ব স্থীকার করিলেই তাহার অনন্তির অধীকার করা চয়। আবার অভাব পকের নিয়ায় মাত্রই এক**ই দলে ভাবপকের** িদ্ধান্ত: কেন না, কোন-একটা জিনিসের অন্তিত্ব অধীকার করিলে, काहात व्यनिष्ठ चोकात कता हत। এই त्रभहे यहि हत-**उटत. कि** ভাবপক্ষ कि অভাবপক্ষ, যে কোন আকারেই ব্যক্ত इंडेक ना. পোড়ার একটা সংশব উপত্তিত হইয়াছিল, কোল প্রকার ভিত্তা-ক্ৰিয়া প্ৰৰ্ত্তিত হইয়াছিল,—শিদ্ধান্ত মাত্ৰের ললে ললেই এইরপ পুঝার; এবং দেই সংশর ও চিন্তাক্রিয়ার পর, আমাদের মন বাধ্য হইয়াই দেই নিদ্ধান্তে উপনীত হয়। এইভাবে দেখিলে, নিদ্ধান্তটি বকীয় অবশ্রস্তাবিতার উপর প্রতিষ্ঠিত, এইরপই প্রতীর্মান হয়: এবং তথন একটি পুর্বপিক আবার আসাদের সমূধে আসিয়া উপস্থিত হয়: দেটি এই:--এই নিদ্ধান্তে উপনীত না হওৱা তোমার ^{প্ৰাক্ষে} অনন্তৰ বনিয়াই যদি তুনি এই নিছান্তে উপনীত হইয়া **থাক,** ভাহা হইলে সেই প্রশ্নের সত্যতার প্রতিত্ন একমাত্র তমি নিজে ও তোমার নিয়মবন্ধ বৃদ্ধিবৃত্তি; —তাছাড়া উহার অন্ত কোন প্রতিভূ भारे। अष्टल,—िरवती शुक्रव चकीत्र नित्रमश्वितकरे आश्रमात्र चाहित्व महेश यात्र: चकोत्र विषय अधिविश्व नित्क विषय विना গ্রহণ করে;—আসলে, বিষয়ী স্বকীয় বিষয়িত্বের গণ্ডি হইতে কলাপি বাহির হয় বা।

ইহার উত্তর দিতে হইলে, এই হুন্নহ প্রান্নের একেবারে মূদে বাইতে হর। আমাদের সকল সিদ্ধান্তই বে অন্তাবশক্তের--এক नका नरह। এक्क जामन वीकान कहि, विज्ञासक अवदान, काक

পক্ষের নিজান্ত মাত্রেই আবার অভাবপক্ষের নিজান্ত-এইরূপ বুঝায়। কিন্তু সকলের গোড়ায়, এমন কোন ভাবপক্ষের কথা কি থাকিতে পারে না, যাহার সহিত কোন প্রকার অ-ভাব মিগ্রিত নাই। আমরা ত অনেক দময়ে কোন প্রকার পূর্পাচিন্তা না করিয়াই কাজ করি; তাছাড়া দেই সময়ে আমাদের হাণীন চেপ্তাও প্রকটিত হয়;—দেই স্বাধীনতার ভাবটি চিন্তা-মূলক নহে; এমন কি, আমা-দের জ্ঞান, অনেক সময়ে সংশয়ের ভূমি না মাড়াইয়াই স্তাকে উপল্রি করে: আমাদের চিন্তাক্রিয়া অংজ্ঞানের নিকটেই আবার ফিরিয়া আইসে, অথবা এমন কোন মনোকাপারের নিকট ফিরিয়া আইসে যাহা চিম্বাক্রিয়া ইইতে স্বতম্ব। অতএব, গোড়ার ব্যাপারে চিম্বাক্রিয়া যে বিভ্যমান থাকে — একথা গ্রাহ্ম নহে। এই ভিতার মধ্যে যে নিদ্ধান্ত আবদ্ধ থাকে—দেরূপ নিদ্ধান্তের সঙ্গে সঙ্গে এইরূপ বুঝায় যে, তাহার গোড়ায় আর কোন একটা দিদ্ধান্ত ছিল যাহাতে িস্তার ক্রিরা আদৌ বিনামান ছিল না। এই প্রকারে আমরা এমন একটা সিদ্ধান্তে উপনীত হই যাহা চিন্তা-নিরপেক্ষ :—এমন একটি ভাবপক্ষের জতে উপনীত হই যাহাতে অ-ভাবের কোন মিশ্রণ নাই। উহা অব্যবহিত সাক্ষাং উপলব্ধি; কবির অন্তঃক্তু কবিত্বের ভাগে, বীরের অশিক্ষিত পটুত্বের ভাায়, এই প্রকার উপনন্ধি, প্রকৃতির স্বাভাবিকী শক্তি হইতে বৈধরূপে প্রস্ত। ইহাই জ্ঞানরতির প্রাথমিক ক্রিয়া। যদি আমরা এই প্রাথমিক তবের প্রতিবাদ করি, তাহা হইলে আমাদের জ্ঞানবৃত্তি নিজের কাছেই আবার ফিরিয়া আদে;—আপ-**নাকে আপনি পরীকা করে;—স্বকী**য় উপলব্ধ সভ্যকে সংশ্র করিতে চেষ্টা করে, কিন্তু সংশয় করি,ত পারে না,—তাহার ^{চেষ্টা} বিষ্ণু হয়; সে, প্রথমে যাহা প্রতিপাদন করিয়াছিল, পুনর্কার তাহাই

প্রতিপাদন করে: স্বকীয় উপলব্ধ-স্তাকে দে আঁকড়াইরা ধরিয়া থাকে;—অধিকন্তু সংস্কারের আকারে একটা নৃতন ভাব আদিয়া তাহার সহিত নিলিত হয় :—এবং দেই সতোর সাক্ষো বিধাস করিয়াই, এই সংস্কারটি হইতে কিছুতেই দে আপনাকে বিনিমুক্তি করিতে পারে না। তথনই—কেবল তথনই, উহাতে দেই অবশুম্ভাবিতার লক্ষণ, দেই বিষয়ি-মুখিতার লক্ষ্য প্রকাশ পায়,—যে অবশ্রস্থাবিতাকে প্রতি-পক্ষণণ মল-সত্যের বিরুদ্ধে দাঁড় করাইতে চেষ্টা করেন। প্রতিপক্ষ-গণ মনে করেন, মনের অরো গভার প্রদেশে প্রবেশ করাতেই যেন সতোর মূল্য হাদ হইল ;— মহং চৈতত্তার প্রমাণেই যেন প্রমাণের পর্মতা হইল: যেন এই অবশ্রস্থাবিতার ভাবটি সত্যের একমাত্র রূপ —গোডাকার রূপ। ক্যাণ্টের সংশ্যবাদকে যথন একটা কোণে ঠেনিরা ধরা যায়, (তাঁহার স্থবুদ্ধি ভার-বিতারের বিরোধী নহে) তথন তিনি বাধ্য হইয়া জ্ঞানের ছুইটি ভেদ স্বীকার করেন:-এক.ট, স্বতঃনিদ্ধ উপল্পি ; আর একটি চিন্তাপ্রস্ত জ্ঞান। জ্ঞান যেখানে আপনার সহিত আপনি সংগ্রাম করে, সন্দেহের সহিত-মিখাা যুক্তির সহিত-ভ্রান্তির সহিত যুঝাযুক্তি করে, চিন্তাক্রিয়াই তাহার দেই যুদ্ধক্ষেত্র। কিন্তু চিন্তাক্রিয়ার উর্দ্ধে এমন-একটি জ্যোতিশ্বর শান্তিমর দিব্যলোক আছে— যেথানে জ্ঞান, আপ-নাতে ফিরিয়া না আনিয়াও, সতাকে উপলব্ধি করে; সত্য বলিয়াই সত্যকে উপলব্ধি করে। কেন না, ঈশ্বর যেমন দেখিবার জন্ম চক্ষ দিয়াছেন, গুনিবার জন্ম কর্ণ দিয়াছেন, দেইরূপ সার-সত্য-উপলব্ধির জন্ম প্রজ্ঞা অর্থাৎ জ্ঞানবৃত্তি নিয়াছেন।

এই স্বতঃনিদ্ধ উপলব্ধিকে যদি অপক্ষপাতিতা-সহকারে বিশ্লেষণ ক্রিয়া দেখ ত দেখিতে পাইবে,—ইহা নিজে অহং না হইয়াও, অহং-এক্স সাঁহিত সংশিক্সিত। আমাদের তাবং জ্ঞানক্রিয়ার মধ্যে জহং-এর প্রেক্স অনিবার্য্য, কেন না, জহং-ই জ্ঞানের বিষয়ী। আমাদের জ্ঞান সভাকে সাক্ষাংভাবে গ্রহণ করি: ৯৪, কোন-না কোন প্রকারে জহং-এ ফিরিয়া অনোরা, আগনার পুনরার্ত্তি করে। এইরুপেই আমাদের জ্ঞানক্রিয়া সম্পর হয়। এই অহংতৈতন্ত আমাদের জ্ঞানক্রিয়া সম্পর হয়। এই অহংতৈতন্ত আমাদের জ্ঞানক্রিয়া সাক্ষী, বিচারকর্তা নহে। এত্বলে একমান্ত প্রভাই বিচারকর্তা; এই প্রভাই,—ক্র্যাণ দর্শনের ভাবায়, বিষয়মুখী ও বিষয়ীমুবী—উভরই, প্রজ্ঞা, সার-সভাকে সাক্ষাংভাবে গ্রহণ করে;—
উহাতে আমাদের নিজ-বাজিগত ভাবের কোন মধ্যবর্ত্তিতা নাই;
তবে কিনা, বাজিত্ব গোড়ায় না থাকিলে, কিবো সংযোজিত না হইলে জ্ঞানের ক্রিয়া প্রাকৃতিত হইতেই পারে না।

স্বতঃনিদ্ধ জ্ঞানই নৈ-গর্গিক স্থামশাস্ত্র। যাহাকে প্রকৃত স্থামশাস্ত্র বলে—চিন্তামূলক জ্ঞান তাহার ভিত্তিত্মি। স্বতঃনিদ্ধ উপলব্ধি আপনার উপরেই প্রতিষ্ঠিত;—অর্থাং সেই ভূমিতে প্রতিষ্ঠিত যেথানে আমাদের জ্ঞানরত্তি সহস্র চেটা সত্ত্বেও, সত্যের নিকট আত্মসমর্পন না করিয়া—সত্যকে বিখাদ না করিয়া থাকিতে পারে না। যে ভাব-পক্ষের কথা সম্পূর্ণদ্ধপে সংশ্যরহিত তাহাই স্বতঃনিদ্ধ জ্ঞানের দ্ধপ। যে ভাবপক্ষের কথা চিন্তামূলক তাহাই চিন্তিত জ্ঞানের দ্ধপ। যে ভাবপক্ষের কথা চিন্তামূলক তাহাই চিন্তিত জ্ঞানের দ্ধপ। যে ভাবপক্ষের কথা চিন্তামূলক তাহাই চিন্তিত জ্ঞানের দ্ধপ। যে ভাবপক্ষের কথা চিন্তামূলক তাহাই তিন্তিত জ্ঞানের দ্ধপার স্থাম প্রতিশান করিতে আমরা বাহা অস্থাকার করে। অনহাপক্ষের কথা সাধারণ লায়শাস্ত্রের উপর কর্ত্ব করে। এই লামশাস্ত্রের অন্তর্গত যে সকল ভাবপক্ষের প্রতিজ্ঞা,—তাহার প্রত্যেকটি, চুইটি অভাবপক্ষের প্রতিজ্ঞার দ্বারা বছকটে নিম্পদ্ধ হব। বে সকল ভাবপক্ষের প্রতিজ্ঞা, নৈস্থাকিক স্থামশাস্ত্রের অন্তর্গত জাহার উপর সহজ্ঞ প্রত্যয়ের একটা ছাপ থাকে; তাহা স্মাভাবিক সংস্কার হইতে উৎপন্ন,—স্বাভাবিক সংস্কারের দারাই বিশ্বত ও পরিপোবিত।

এখন কा है हेशत छेड़ात थहे कथा दलन:—श्रामात्मत थाळा. युक्ट কেন বিশ্বর ও অবিমিশ্রিত হউক না,--- চিম্বাক্রিয়া হইতে, ইচ্ছাশক্তি হইতে, যাহা কিছু পুরুষের ব্যক্তিগত বিশেষত্ব—তৎসমন্ত হইতে যতই কেন বিনিমুক্তি ব্নিয়া ক্রিত হউক না, তথাপি উহা পুরুষ-সংশ্লিষ্ট,, উহা ব্যক্তিগত ; কেন না, উহা আমাদের অহংতৈতত্তে প্রতিভাত হয়: মুতরাং উহা "বিমন্ত্রি" ভাবে উপরঞ্জিত। এই তর্কের উত্তরে আমাদের আবি কিছু বলিবার নাই, ৩ধু আমরা এই কথা বলি ;—ইহাতে যুক্তির দৌড়ও যুক্তির অভিমান এত বেশি যে এই আতিশ্যাই উহার আত্মবিনাশের হেতৃ হইয়া দাঁড়াইয়াছে। ফলতঃ, প্রজ্ঞ। বিষয়ীমুখী নহে-এই কথা প্রতিপন্ন করিতে গেলে যদি বলিতে ষ্য় যে, কোঁন প্রকারেই আমরা উহার অংশতাগী হই না-এমন কি. উহার প্রবর্ত্তিত ক্রিয়া আমরা জানিতেও পারি না—তাহা হইলে, এই বিঃগীমুখিতার কলম্ব হইতে প্রজ্ঞার নিম্নতি পাইবার কোন উপায় থাকে না; তাহা হইলে বনিতে হয়,—ক্যাণ্ট যে বিষয়ীমুখী আদর্শেক **অফু**দরণ করিতেছেন তাহা আকাশকুত্রমৰং অনীক ও উদ্ভট: তাহা আমাদের প্রকৃত বৃদ্ধিবৃত্তির—জ্ঞান নামের যোগ্য সমস্ত জ্ঞানবৃত্তির, वष्ट छिर्फ (कि:का वह नियम बनियन करन) व्यवश्वित । किन नी. তুমি চাহিতেছ, এই বৃদ্ধিবৃত্তি—এই জ্ঞানবৃত্তি আপনাকে আপনি व्यात्र कानित्व ना ; अव्यव्य छेरारे वृक्षितृष्टि ও প্রজ্ঞার বিশেষ नक्षण। ज्ञान कि का है बनिएक हार्टन एवं, श्रेडांत्र विवस्भूषी भक्ति श्रेत्रक শিক্ষে থাকিতে হইলে, কোন বিংশী-বিশেষের মধ্যে উহার আবির্ভাই क्केट्र ना,--विवती त आमि, मन्त्र्रक्तरण आमात्र वाहित्व छेक् থাকিবে
 তাহা হইলে আমার পক্ষে উহার কোন অস্তিত্বই নাই: উহা এমন একটা জ্ঞান—যাহা আমার নহে। যে জ্ঞান আমার নহে, তাহা পরমার্থতঃ সার্ব্বভৌমিক, অনম্ব, ও পূর্ণ হইলেও আমার অহং-এ যদি প্রতিভাত না হয়, তাহা হইলে, আমার পকে উহা না थाकात्रहे मामिल। তुमि यनि हारू-आमारनत ब्लान आत विषयीमुवी পাকিবে না, তাহা হইলে এমন একটা জিনিদ চাহিতেছ যাহা ঈশবের পক্ষেও অসম্ভব। না.—স্থাং ঈশ্রও নিজ জ্ঞানের জ্ঞাতা। স্থতরাং ঐশব্রিক জ্ঞানেতেও বিষয়ীমূথিত। বিদ্যমান। যদি বল এই বিষয়ী-ম্বিতার সঙ্গে সংশ্যবাদ অনিবার্য্যরূপে আসিয়া পড়ে, তাহা হইলে, ঈশরকেও বাধ্য হইয়া সংশয়বাদী হইতে হয়: তাহা হইলে মান্তবের ভারে ঈশ্বরও সংশ্রবাদের জাল হইতে বাহির হইতে পারেন না। কিন্তু ইহা যদি নিতান্তই হাসাজনক কথা হয়, ঈংর স্বকীয় জ্ঞান-ক্রিরার জ্ঞাতা-একথার দঙ্গে সঙ্গে যদি ঈশ্বরের মনে সংশ্যবাদ আদিয়া না পড়ে, তাহা হইলে, আমাদের জানক্রিয়ার আমরা জ্ঞাতা—অর্থাং আমাদের জ্ঞানের সহিত বিষয়ীমূথিতা অন্নস্থাত—এই কথার সঙ্গে সঙ্গে সংশয়বাদ অনিবার্যারূপে আমাদের মনেই বা কেন আদিয়া পড়িবে ?

ফলতঃ, যথন দেখা যায়—জন্মান-দর্শনের বিনি জনক—ব্যঃ
তিনিই, মূলতত্বসমূহের বিবয়ীমুখিতারূপ সমসাার গোলোকধাধার
মধ্যে আয়হারা হইরাছেন, তথন রীড্যদি এই মূলতত্বের সমসাটিকে
অবক্রা করিয়া থাকেন, তাহা হইলে তাঁহাকে মার্জনা করা যাইতে
পারে। রীড্ভধু এই কথা বার্মার বলেন, সার্কভৌম ও অবগ্রভাবী
তব্বের সত্যতা—আমাদের তিত্তবিসমূহের সত্যসাক্ষ্যের উপর
প্রতিষ্ঠিত; এবং সেই স্তাসাক্ষ্যের উপর নির্ভর করিবাই, উহাদের

সাক্ষ্য গ্রহণ করিতে আমর। বাধ্য হই। রীজ্বলেন:—"আমাদের ইন্দ্রির, আমাদের অহং চৈতন্ত, আমাদের চিত্রবৃত্তি—এই সমস্তের কথা শুনিরা আমর। কেন চলি, তাহার হেতুনির্দেশ কর। অসম্ভব। তবে, আমরা শুধু এই কথা বলি:—ইহা এইরপই হইরা থাকে, ইহা ছাড়া অন্তর্মপ হইতে পারে না। এই বে কথা, ইহা কি অনিবার্য বিশ্বাদের কথা নহে? ইহা সাক্ষাৎ প্রকৃতি দেবীর কণ্ঠনিস্তত বাণী; ইহার সহিত যুঝার্থি করা বুথা। আরও অধিক দূর কি অগ্রসর হইতে হইবে প আমাদের প্রত্যেক চিত্তর্ত্তির নিকট হইতে আমরা কি তাহার বিগ্রান্ততার প্রামাণিক দলিল চাহিব, এবং যতক্ষণ না দেই দলিল দাখিল করিতে পারিবে ততক্ষণ কি তাহার কথার আমরা বিগ্রান্ত করিব না? আমার ভর হয় পাছে আমাদের এই অতির্দ্ধি, বাতুলতার পরিণত হয়, এবং সাধারণ মানব-দশার অধীন হইতে অধীকৃত হয়, পাছে আমরা মানবের সাধারণ-বৃদ্ধি হইতেই বঞ্চিত ইই।''

আমরা বাহাকে উনবিংশশতাদীর ফ্রাদী-দর্শনের প্রনীয় গুরু বিলিয় মানি দেই রোয়াইয়ে কলার (Royer-Collard) এই সম্বন্ধে একটি চমংকার কথা বলিয়ছেন। তিনি বলেন:—"আমাদের মাননিক জীবন কিং—না, আমাদের বাহু বস্তুর প্রতীতি, আমাদের ব্যক্ত ও অবক্তে বিয়াদ—এই সমস্তেরই ধারাবাহিক পারপর্যা তিন্ধ আর কিছুই নহে। মনের বিয়াদগুলিই আয়শক্তি ও ইচ্ছার প্রবর্তক। যাহা কিছু আমাদিগকে বিয়াদে প্রায়ুত্ত করে তাহাকেই আমরা প্রমাণ বিন। প্রস্তা স্বীয় প্রমাণের কোন হেতু নির্দেশ করেন। প্রস্তার প্রমাণকে দ্বিত বলিয়া সাব্যস্ত করাও যা', প্রস্তার উচ্ছেদ করাও তা',—একই করা। প্রস্তারও একটা নিজস্ব প্রমাণ আছে। বিয়াদের কৃতকগুলি মুলনিয়ম লইয়াই আমাদের বৃদ্ধির্ভি

গঠিত। এই নিয়মগুলি একই উৎস হইতে নিসালিত, স্থানা সমান প্রামাণা; একই অধিকার বলে উহারা বিচার করিয়া থাকে; উহাদের সকলেরই একই আলালং। একের আলালং হইতে অপরের আলালতে আপাল চলে না। উহাদের মধ্যে কেহ যদি অপর কোনটির প্রতি বিদ্রোহী হয়, তাহা হইলে সে মকলেরই প্রতি বিদ্রোহী এইরূপ বিবেচিত হইলা থাকে; সে তথন তাহার নিজের প্রকৃতি হইতেই পরিল্রই হয়।" আমরা যে সকল তথোর ব্যাখ্যা করিলাম ভাহার সারক্থা-গুলি এই:—

- ১। তর্সমূহের বিরয়মূপী প্রামানিকভাকে হর্মল করিমার জন্ত, ক্যান্ট তর্সমূহের অবশুদ্ধাবিতা-লক্ষণের উপর যে যুক্তিস্থাপন করিমাছেন,—ভাঁহার দেই যুক্তি, তর্সমূহের চিন্তারোপিত রপটির প্রতিই প্রয়ন্ত্রা, উহা তর্সমূহের স্বতঃনিশ্ব প্রয়োগ পর্যান্ত পৌছেনা; কেননা, উহাদের দেই অবস্থান, অবশুদ্ধাবিতার লক্ষণ তথনও প্রকাশ পার না।
- ২। ফল কথা, মানুৰ বিধাসগুলির সভাতার বিধাস করিয়া বে
 নিদ্ধান্তে উপনীত হয়, তাহা মানিলা চলাই ঠিক্। সেই সব নিদ্ধান্তকে
 কোন অংশেই অপনিদ্ধান্ত বলা যাইতে পারে না। কেননা, কার্যা
 হইতে কারণে, নিঙ্গ হইতে লিঙ্গীতে, বাাপক হক্কতে ব্যাপ্যে আরোহণ
 করাই তরন্ত্বত যুক্তির প্রণালী।
- ০। তাছাড়া, মূলতর সম্দের মূলা, সকল প্রকার প্রজাক-প্রধা-ধের উপরে। দার্লনিক বিরেবণের ছারা, স্বতঃনিদ্ধ জ্ঞানের মধো বে ভাবপক্ষের কথা পাওরা যার তাহা সংশ্যের হুরধিপমা! এই ভাব-পক্ষের নিশ্চরাত্মক কথা হুইতেই প্রজার অর্থাৎ স্বতঃনিদ্ধ জ্ঞানের স্ক্রাজানিদ্ধ হয়;—উহা প্রভাক প্রধানেরই তুলানুলা; উহা ছাড়া

ষ্মন্ত প্রতাক্ষ প্রমাণ চাহিতে গেলে, প্রজ্ঞার নিকট এমন-একটা কিছু চাওয়া হয়, বাহা নিতান্ত অসম্ভব। বেহেতু সকল প্রকার প্রত্যক্ষ-প্রমাণের জন্মই কতকগুলি মূলতত্ত্ব অপরিহার্য্য-মতএব ঐ সকল মূলতত্ত্বের প্রত্যক্ষ প্রমাণ উহারা নিজেই।

চতুর্থ উপদেশ।

ঈশ্বর মূলতত্ত্বর মূলতত্ত্ব।

যে সকল মূলতবের ধারা আমাদের বৃদ্ধিবৃত্তি পরিচালিত হয় ভাহাদের সভা পূর্বেই দিন্ধ হইরাছে। এইরপ অবধারিত হই-রাছে যে, সত্য এবং যে সকল মূল তব সত্য নামের যোগ্য তংসমস্তই আমাদের বাহিরে। আমরা উহাদিগকে উপলব্ধি করি, কিন্তু উৎপাদন করি না। উহা আমাদের মনের পরিকল্পন মাত্র নহে; পরব্ধ আমাদের মন যদি উহাদিগকে উপলব্ধি করিতে নাও পারে, তথাপি উহারা থাকিবে। এক্ষণে অভাবতই এই সমস্রাট আমাদের সন্মুথে উপন্থিত হইতেছে;—এই সার্বভৌম ও অবশাস্তাবী তবগুলি অরপত:—পরমার্থত: কিরপ? উহারা কোথার অবস্থিতি করে? কোথা হইতে আইসে? শুরু বে আমরা এই প্রশ্নটি উথাপন করিতেছি তাহা নহে, অয়য় মানবিত্ত হইতে এই প্রশ্নটি উথাত হইতেছে। মহুষ্য যতক্ষণ না ইহার একটা শীমাংসা করে,—যতদ্ব সন্তব, জ্ঞানের শেষ সীমা পর্যন্ত স্পর্শ করে, ততক্ষণ সম্পূর্ণ রূপে পরিতৃপ্ত হয় না।

ইহা নিশ্চিত বে, শার্কভৌদ ও অবশ্রস্তাবী তত্বগুলি প্রজ্ঞার

অধিকার-ভূক্ত-প্রজাই উহাদিগকে আমাদের নিকট প্রকাশ করে।
এইরপে, মনোরাজ্যের গভীর প্রদেশে, আমাদের বাক্তিবের সহিত
উহা ঘনিষ্ঠতাবে অহস্থাত। সত্যের জ্ঞাতা পুরুষের সহিত নৈকটাসম্বন্ধে আবদ্ধ হইরা সত্য এইরপ প্রতীয়মান হয় যেন উহা মনেরই
একটা পরিকরনা মাত্র। যাহাই হউক, আমরা সত্যের জ্ঞাতা—সত্যের
জনক নহি;—একথা পুর্বেই সিদ্ধ হইরাছে। যে "আমির" সহিত
আমাদের প্রজ্ঞা জড়িত সেই আমি যদি প্রজ্ঞাতবেরই সম্পূর্ণ বাাখ্যা
করিতে না পারে—পারমার্থিক সত্যের বাাখ্যা সে কি করিয়া করিবে?
সীমাবদ্ধ ক্ষণস্থায়ী মন্ত্র্যা, অসীম অনস্ত অবশান্ত্রাবী সত্যকে উপলব্ধি
করে এইমাত্র। মন্ত্র্যা, অসীম অনস্ত অবশান্ত্রাবী সত্যকে উপলব্ধি
করে এইমাত্র। মন্ত্র্যা, অসীম অনস্ত অবশান্ত্রাবী সত্যকে উপলব্ধি
করে এইমাত্র। মন্ত্র্যা, অহার সভার, পারমার্থিক সত্যের ঘারা
পরিপুষ্ট নহে—সংগঠিত নহে। মান্ত্র শুরু বলিতে পারে;—''আমার
প্রস্ত্রা"; কিন্তু একথা বনিত্রে কথন সাহদ করে নাই:—''আমার

কিন্তু আমি পুনর্কার জিল্পাসা করি—মানব-উপলক্ষ সারসতাগুলি
যদি মানব-চিত্তের বাহিরে থাকে—তবে উহারা কোণায় থাকে ?
আারিপ্টিলের কোন শিশ্য উত্তর করিবেন;—উহারা পদার্থসমূহের
মধ্যে থাকে। যে সকল সন্তা, এইরূপে সত্যের দ্বারা পরিচালিত হয়,
সেই সকল সন্তা ছাড়া, আর কোন সত্তার দ্বারা পরিচালিত হয়,
সেই সকল সন্তা ছাড়া, আর কোন সত্তার দ্বারা পরিচালিত হয়,
সোই সকল সন্তা ছাড়া, আর কোন সত্তার স্কানে ঐ সকল সত্য
ধাবিত হয় কি না ? প্রাকৃতিক নিয়ম আর কাহাকে বলে ? পুথক
রূপে আলোচনা করিবার নিমিত্ত আমাদের মন, সন্তাদি হইতে—
তথ্যাদি হইতে, যে কতক গুলি বিশেষ ধর্ম বিনিম্মুক্ত করিয়া লয়,
তাহাই ত প্রাকৃতিক নিয়ম। গণিতের মূলতব্যগুলি তাহা ছাড়া
আর কিছুই নহে। যেমন মনে কর, গণিতের একটি বতঃ সিফ্

শতা;—"অংশ অপেক্ষা, সমষ্টিটা বড়" যে কোন পদার্থের সমষ্টি সম্বন্ধেই,—যেকোন পদার্থের অংশ সম্বন্ধেই এই সত্যাটি উপলব্ধ ইইয়া থাকে। হাঁ, না,—ছই এক সঙ্গে থাকিতে পারে না—ইহা পরস্পার-বিক্বদ্ধ তার যে নিয়্ম—ইহা তর্ক শাস্ত্রাম্ম-সারে, বাস্তবিকই আমাদের সকল সিদ্ধান্তের—সকল যুক্তির মূলে অবস্থিত। ইহা সকল সভারই সারাংশ। ইহা ব্যতীত কোন সত্তাই থাকিতে পারে না। আগ্রিইটল বলেন,—কতলগুলি সার্বভৌম সভা অবশ্যই আছে, কিন্ধু উহারা বিশেষ সভাসমূহ হইতে পৃথক্ ভাবে অবস্থিত নহে।

আারিষ্টেল, যে বলেন, বিশেষ পদার্থ সমূহের মধ্যে সার্বভৌম তত্ত্ব অবস্থিতি করে, - এ কথা অযৌক্তিক নহে। কেন না, সার্ব্বভৌম তব্বকে ছাড়িয়া বিশেষ পদার্থসমূহ থাকিতেই পারে না। সার্বভৌম তরগুলিই, উহাদিগকে অচলপ্রতিষ্ঠ করে, উহাদের একতা সম্পাদন করে। কিন্তু সার্বভৌম তত্ত্ব, বিশেষ পদার্থসমূহের মধ্যে অবস্থিতি করে বলিয়াই কি এইরূপ দিদ্ধান্ত করিতে হইবে যে, উহাদের ছাড়া সার্ব্বভৌম তত্ত্ব আর কোথাও অবস্থিতি করে না. এবং উহাদের ছাড়িয়া সার্বভৌম তত্ত্বের নিজ্জ কোন সভানাই ? কিন্তু এমন কতকগুলি তত্বও আছে যাহা নিরবচ্ছিন্ন সার্বভৌমতার উপাদানে গঠিত। একথা সত্য, বিশেষ-বিশেষ কারণ হইতে বিশেষ বিশেষ কার্যা উৎপন্ন হইতে দেখিয়াই আমরা সার্বভোমিক কারণতত্ত্বে উপনীত হই। কিন্তু এই তত্ত্বটি, কারণোৎপন্ন কার্য্যাট হইতে অধিক ব্যাপক। কেননা, গুধু যে এই কার্য্যটির সম্বন্ধেই তম্বটির প্রয়োগ হয় তাহা নহে, আরো অসংখ্য কার্য্য সম্বন্ধেও উহার প্রম্নোগ হইয়া থাকে। কোন একটা বিশেষ তথ্যের মধ্যে একটা ব্যাপক তত্ত্ব নিহিত থাকে বটে; কিন্তু উহার সমস্তটাই যে উহার মধ্যে থাকে এরপ নহে। তথ্যের উপর তব্ব প্রতিষ্ঠিত হওয়া দ্রে থাকুক, তব্বের উপরেই তথ্য প্রতিষ্ঠিত। পাটাগণিত ও জ্যামিতির সার্ব্ধভৌম অবশুভাবী তব্বগুলি, রাশির উপর অথবা আরতনের উপর নির্ভর করে না, পরস্ত ঐ তব্বগুলিই রাশি আরতনের নিয়ামক।

তবে কি এইরপ সিদ্ধান্তে উপনীত হইতে হইবে – যে হেতু, কি
মন্থ্য কি প্রকৃতি কেহই পরমার্থিক দার সত্যের বাধা করিতে
পারে না, অতএব উহারা আগনাদের মধ্যেই অবস্থিতি করে, আপনারাই আপনার প্রতিঠাভূমি, আপনারাই আপনার আধার ?

কিন্ত এই সিদ্ধান্তটি, পূর্ববর্তী সিদ্ধান্তগুলি অপেক্ষা আরও আয়োজিক। কেননা আমি জিজ্ঞাসা করি—কোন্ সত্যপুলি (কিনতা, কি আগরুক) পদার্থ-সমূহের ও বৃদ্ধির্ত্তির বাহিরে থাকিয়া, আপনাতে আপনি অবস্থিতি করে ছ তাহা যদি হয়, তবে সত্য—বাতবতার-পরিণত একটা অতিস্ক্র ভাব ভিন্ন আর কিছুই নহে। কিন্তু মাহ্রের স্থাভাবিক স্ব্দ্ধির প্রতিক্লে, কোন অতি-স্ক্র তন্ত্রের তন্ত্রিদ্যা প্রবল হইতে পারে না। প্রেটোর জ্ঞান-বাদে (ideas) যদি এইরূপ কোন অতিস্ক্রতার ভাব থাকে, তবে আগরিপ্রটল ভাষাতঃ ইহার প্রতিক্লে দণ্ডগ্রামান হইতে পারেন। কিন্তু আগরিপ্রটল, প্রেটোর সহিত সংগ্রাম-সাধ মিটাইবার জল্লই যেন তাঁহার মতটিকে এইরূপ ভাবে গাড় করাইরাছেন; — ইহা আগরিপ্রটলের স্বক্পোল-কন্নিত মত।

তৰে আর বিলম্ব না করিয়া, সারস্তাগুলিকে এই মার্থতা ও আপাইতার অবস্থা হইতে উনার করা যাউক। কিন্তু কি প্রকাষের তাহা করা যাইবে ? বে মূলভবটির সহিত ভোমরা এখন স্থারিচিত, নেই মূলভম্বটি, ঐ সাবসভাগুলির প্রতি প্রয়োগ কর।

হা, সারসতা, স্থকীর সন্তার সমর্থণার্থ বাধ্য হই রা এমন একটা কিছুর দোহাই দের বাহা তাহার অতীত। যেমন প্রত্যেক ঘটনার একটা আধার আছে; যেমন আমাদের চিস্তা, ইচ্ছা, অফুভৃতি,— একটা কোন বিশেষ সত্তা ভির আর কোথাও অবস্থিতি করে না (এবং যে সত্তা আমরা নিজেই) সেইরূপ, সত্য বলিলে, সত্যের ও একটা বিশেষ আধার আছে এইরূপ ব্ঝার; এবং পারমার্থিক মূলসত্য বলিলে ব্ঝার যে, সেই মূল সভ্যের অম্বরূপ একটি মূলসত্যও আছে—সারসত্যগুলি বাহার চরম প্রতিষ্ঠাভৃমি।

এই রূপে আমরা এমন একটা পরমতত্ত্ব উপনীত হই যাহা অপ্পষ্ট হক্ষ ভাব মাত্র নহে, পরস্ক যাহার একটা বাস্তবিক সত্তা আছে। এই সত্তাটি অবশ্যস্তাবী সত্তা—পরম সত্তা; কেন না, ইহাই অবশ্য-স্থাবী সারস্ত্যসমূহের আধার। এই সত্তা, সত্তোর গভীরদেশে— দত্তোর সারাংশরূপে বর্তমান। এক কথার এই সত্তাটিই ঈশ্বর।

এই মতবাদটি—যাহা আমাদিগকে পূর্ণ সত্য হইতে পূর্ণ সন্তায় লইয়া যায়—ইহা দর্শনের ইতিহাদে নৃতন নহে, প্লেটো হইতে ইহার স্ত্রপাত হইয়াছে।

প্রেটোর গুরু সক্রেটিসের ন্থার প্রেটোও, জ্ঞানের ম্লতব অমুসন্ধান করিতে গিয়া বেশ ব্ঝিয়াছিলেন যে,—জ্ঞানের যদি এরপ কোন লক্ষণ নির্দেশ করিতে হয়, যাহা বাতীত কোন পদার্থেরই জ্ঞান যথাযথ রূপে উপলব্ধ হইতে পারে না—তাহা হুইলে এমন-একটা কিছু ব্ঝার যাহা সার্ব্বভৌম ও এক, যাহা ইক্রিয়ের গ্রাহ্থ নহে, এবং যাহা প্রজ্ঞার হারাই প্রকাশিত হয়। এই যে এমন-কিছু যাহা সার্ব্বভৌম ও একায়ক, প্লেটো ভাহাকেই (idea) আইডিয়া-নামে সাখাত করিয়াছেন।

এই সার্বভৌমত্ব ও একত্ব-লক্ষণাক্রান্ত আইডিয়া সমূহ,—পরি-বর্তুনশীল ও চিরচঞ্চল ভৌতিক পদার্থ হইতে উৎপন্ন নহে, পরস্তু-ভৌতিক পদার্থ সমূহের উপর উহাদের প্রয়োগ হয় এবং এই প্রকারে ঐ সমস্ত ভৌতিক পদার্থ আমাদের বোধগমা হইয়া থাকে। পক্ষান্তরে, মানব-তিত্তও এই আইডিয়া-গুলির দ্বারা গঠিত নহে; কেননা, মত্ম্য সতোর পরিমাপক নহে।

প্রেটো এই আইডিয়া-গুলিকে বাস্তবিক সন্তা বলিয়া অভিহিত্ত করিয়াছেন; কেননা উহারাই কেবল, ইন্দ্রিয়-গ্রাহ্থ বিষয়সমূহের নিকট ও মানব-জ্ঞানের নিকট, স্বকীয় বাস্তবতা ও একতা প্রকাশ করে। কিন্তু ইহা হইতে কি এইরূপ সিদ্ধান্ত হয় যে, প্লেটো উহা-দিগকে স্বতর-অবস্থিত বাস্তবিক সন্তা বলিয়া নি:দ্রশ করিয়াছেন প

প্রথমতঃ কেহ যদি এ কথা বলেন,—প্রেটোর মতে, প্রত্যেক আইজিরাই স্বতন্ত্র ভাবে অবস্থিত,—উহাদের পরপ্রবের মধ্যে কোন বন্ধন নাই, কোন একটা সাধারণ কেল্লের স্থিত উহাদের যোগ নাই—তাহা হইলে প্রেটোর গ্রন্থ-হইতে এইরূপ অনেক স্থল প্রদশিত হইতে পারে যেথানে তিনি বলিয়ছেন,—এই সকল আইজিয় সম-বেত হইয়া এমন একটা আইজিয়-ঘটিত একতায় পরিণত হইয়ছে যাহা এই দৃশ্যমান জাগতিক একতার মূলীভূত কারণ।

তাঁহারা কি এইরূপ বলিতে চাহেন, এই আইডিয়া-ঘটত জগৎ, এমন একটি স্বতন্ত্র সন্তা ধাহা ঈশ্বর হইতে সম্পূর্ণরূপে পৃথক্ ? কিন্ত এই বাক্যটি সমর্থন করিতে হইলে, প্লেটোর "রিপরিক্"-নামক গ্রন্থের অনেক স্থল বিশ্বত না হইলে চলে না,—সেই সব স্থল বেথানে ভিনি, মঙ্গলের সহিত অর্থাৎ ঈশ্বরের সহিত, বিজ্ঞান ও সত্তার সম্বন্ধ নির্দেশ করিয়াছেন। দেই মহান্ তুলনার স্থলটি কি তাঁহাদের স্মরণ হয় না বেখানে—
"প্র্য হইতে এই ভৌতিক জগৎ, জীবন ও জ্যোতি লাভ করিয়াছে,"
—এই কথার পরেই সক্রোটন্ বলিতেছেন;—"দেইরূপ তুমি বলিতে
পার, এই জ্ঞের সন্তা-সমূহও, মঙ্গল হইতে গুধু যে তাহাদের জ্ঞেরছ লাভ করিয়াছে তাহা নহে—তাহাদের সন্তা ও সারাংশও প্রাপ্ত হইয়াছে।" অতএব এই জ্ঞের সন্তাগুলি অর্থাৎ আইডিয়াগুলি সতন্ত্র ভাবে কথনই থাকিতে পারে না।

কেহ কেহ এই কথা থুব দৃঢ়তার সহিত পুনঃপুনঃ বলিয়া থাকেন যে, প্লেটো যাহাকে মঙ্গল বলেন উহা মঙ্গলের একটা জ্ঞেয়-ভাব মাত্র, কিন্তু ঈশ্বর ত শুধু একটা জ্বেয় ভাব মাত্র নহেন। ইহার উত্তরে আমি বলি, প্লেটোর মতে, ''মঙ্গল'' বস্তুতই একটি জ্বেয় স্ত্তা. অর্থাৎ আইডিয়া; কিন্তু এম্বলে আইডিয়া, মনের শুধু একটা ধারণা মাত্র নহে, স্থপু চিস্তার বিষয় নহে; (যে ভাবে আারিষ্টটলের শিষ্যেরা আইডিয়া-শলটি বুঝিয়া থাকেন)। আমি আর একটু বেশি এই বলি,—প্লেটোর মতে, মঙ্গলের আইডিয়াটি সর্বালিম আইডিয়া। আমাদের পক্ষে. উহা চিস্তার বিষয় হইয়া থাকিলেও, সন্তা-সম্বন্ধে উহা ঈশ্বরের দহিত একীভূত। যদি মঙ্গলের আইডিয়াও ঈশ্বর একই পদার্থ না হয়, তাহা হইলে "রিপবিক"-এছের নিম্নলিখিত উক্তিটির কিরপ ব্যাখ্যা করা যাইতে পারে १—'জ্ঞান-জগতের শেষ প্রাঞ্জ মঙ্গলের আইডিয়াটি অবস্থিত; এই আইডিয়াটি অতি কপ্তে উপলব্ধ इत्र, किन्त পরিশেষে यथन একবার উপলব্ধ হয়, তখন এইরূপ সিদ্ধান্ত না করিয়া থাকিতে পারা যায় না বে, যাহা কিছু স্থন্দর ও মঙ্গল, তৎ-সমস্তেরই উহা মূল প্রস্রবন। উহা হইতেই দৃশুমান জগতে,—আলোক ও আলোকের উংস-স্বরূপ এই স্থ্য, এবং অদৃশু জগতে,—স্ত্যু ও

জ্ঞান সাক্ষাংভাবে উংপন্ন ছয়।'' একদিকে স্থ্য ও আলোক এবং অন্ত দিকে সত্য ও জ্ঞান,—কোন বাস্তবিক সত্তা ভিন্ন কি আর কিছু হুইতে উংপন্ন হুইতে পারে ?

কিন্তু প্লেটোর নিন্দুকের। যে সকল আবংশ ইচ্ছা করিয়াই যেন উপেক্ষা করিয়াছেন, তাঁহার ''ফেব্র্''-নামক এছের সেই অংশগুলি সমুথে উপশ্বিত করিলেই সমস্ত সংশয় বিদ্রিত হইবে। প্লেটো এক-স্থলে এইরূপ বলিয়াছেন:—''এই যাত্রাপথে, আমাদের আত্মা ভায়ের অনুধান করে, শ্রেরে অনুধান করে, বিজ্ঞানের অনুধান করে, —কিন্তু সেরূপ বিজ্ঞানের অন্থগান করে না যাহা পরিবর্ত্তনশীল, যাহা বিভিন্ন প্লার্থে, বিভিন্ন স্তায় বিভিন্ন রূপে প্রকাশ পায়, পরন্তু দেইরূপ বিজ্ঞানের অনুধ্যান করে যাহা পরাৎপর পরম সন্তার মধ্যে বিভুমান। সার্ব্ধভৌমের ধারণা করিতে পারাই আন্মার বিশেষত্ব ;— প্রক্রামূলক একত্বের অন্তর্ভুক্ত করা যাইতে পারে। সাধারণত যাহাকে আমরা সত্তা ৰলি সেই সত্তাদিগকে অবজ্ঞা করিয়া, একমাত বাস্তবিক সত্তার প্রতি দৃষ্টি স্থির রাথিয়া, আয়া যথন স্বীয় বাত্রাপণে ঈশ্বরের অনুসরণ করে, তথনই দেই সার্কভৌম তাহার শ্বরণ-প পতিত হয়। কথায় বলে, দর্শনের ডানা আছে; বাস্তবপক্ষে দর্শনে ডান। থাকাই উচিত। কেন না, ঘেদৰ পদাৰ্থ থাকাতে, ঈশ্ব বাস্তবিক ঈশ্বর বলিয়া প্রতিভাত হয়েন, দেই সব পদার্থের সহিত-যতদূর সম্ভব— আত্মার স্থৃতি স্কড়িত।"

ষ্মত এব দেখা যাইতেছে, দার্শনিক চিন্তার বিষয় সমূহ— জর্থ স্মাইডিরা-সমূহ, ঈশ্বরের মধ্যেই বিদ্যমান; এবং উহাদের দারাই, এই উহাদের সহযোগিতাতেই, ঈশ্বর বাস্তবিক ঈশ্বররূপে প্রতিভা হরেন ;—দেই ঈশর বিনি ("সোফিষ্ট"-নামক গ্রন্থে প্লেটো বলেন)
"পরম মহিমানিত পবিত্র জ্ঞানের অংশভাগী"।

ইহা তবে নিশ্চিত,—প্লেটোর প্রক্লত মতানুসারে, "আইডিরা" বলিতে সেরপ সন্তা নহে যাহা আমাদের মনের মধ্যেও নাই, প্রকৃতির মধ্যেও নাই, উপারের মধ্যেও নাই, এবং যাহা প্রতন্তাবে অবস্থিত। না, তাহা নহে। বস্তুত: প্লেটোর মতে—আইডিয়া-সমূহ যেমন প্রতাহ্ম পদার্থের মূলতত্ব ও নিরম, সেইরপ মানব্জ্ঞানেরও মূলতত্ব। এই সকল আইডিয়া হইতেই মানব-জ্ঞান,—স্বকীয় আলোক, স্বকীর নিরম, স্বকীয় উদ্দেশ্য লাভ করিয়াছে, ঈশ্বের উপাধি-সমূহ অবগত হইয়াছে।

আমরা যে মতবাদটির ব্যাখ্যা করিলাম, বাস্তবপক্ষে প্লেটোই ভাহার জনক এবং যে সকল প্রখ্যাত দার্শনিক তাঁহার সম্পুদায়ভূক, তাঁহারা সকলেই এই মতের পক্ষপাতী।

খুষীয় তৰ্বিদ্যার যিনি প্রথম প্রবর্ত্তক সেই সেণ্ট-অগস্টিন্, প্লেটোর একজন ভক্ত শিশ্ব। প্লেটোর ভাগ তিনিও সর্ব্বত এই কথা বলিয়াছেন যে, ঐখরিক জ্ঞানের সহিত মানব-জ্ঞানের ও ঈশ্বরের সহিত সার সত্যের একটা ছুম্ছেড সম্বন্ধ বিদ্যমান। এমন কি, প্লেটোনিক মতবাদের ব্যাথা সম্বন্ধ, তিনি সেণ্টজন্কেও ভর্থ সনা করিয়াছেন।

দেও অগদ্টিন, আইডিয়া-ঘটিত মতবাদটি সর্বাংশে ও সর্ব্বতোভাবে গ্রহণ করিয়াছেন। তাঁহার গ্রন্থের একস্থলে তিনি এইরূপ বলেন:—"আইডিয়া-সমূহই সমস্ত পদার্থের আদিম রূপ ও অপরি-বর্ত্তনীয় মূলকারণ। উহারা স্পষ্ট হয় নাই, উহারা নিতা ও গ্রুব, উহারা ঐশরিক জ্ঞানেরই অন্তর্ভুক্ত; উহারা জন্ম মৃত্যুর অধীন লাহে; প্রভাত যাহা কিছু জন্ম-মরণশীল, উহারা তাহার ছাঁচ্।"

"যাহা কিছু এখানে রহিয়াছে, অর্থাৎ স্বস্থ জাতি-অমুসারে যাহাদের মধ্যে প্রত্যেকেরই একএকটা বিশেষ প্রকৃতি নির্দিষ্ট হইয়াছে
তৎসমস্তই ঈশ্বরের স্ষ্টি—একথা কোন্ ধর্মপ্রাণ ব্যক্তি অস্বীকার
করিতে সাহস করিবেন ? এ কথা স্বীকার করিয়াও কি কেহ বলিতে
পারে বে, ঈশ্বর বিনা-হেতু পদার্থসমূহ স্ষ্টি করিয়াছেন ? যদি কেহ
তাহা বলিতে কিংবা মনে করিতেও না পারে, তাহা হইলে ইহা
অবশ্রই স্বীকার করিতে হইবে যে বিশেষ বিশেষ হেতু-বশতই পদার্থসমূহ স্প্ট হইয়াছে। কিন্তু অশ্ব-সন্তার হেতু
কথনই এক হইতে পারে না। ইহা নিতান্তই অসঙ্গত। অতএব,
প্রত্যেক পদার্থই স্বকীয় বিশেষ বিশেষ হেতু বশতই স্প্ট হইয়াছে;
এই সকল হেতু, প্রত্তার চিন্তা ছাড়া আর কোথায় থাকিতে পারে ?
কেননা স্প্টি করিবার সময়, প্রত্তার ব্যবহারার্থ এমন কোন আদর্শছাচ্ তাঁহার গোচরে আসে নাই যাহা তাঁহার বাহ্বে অবস্থিত।
এরূপ মত পোষণ করিলে, ঈশ্বরের অবমাননা হয়।''

যদি স্টের ও স্ট পদার্থ সমূহের হেতৃগুলি, ঐশ্বিক জ্ঞানের অন্তর্তু হয়, এবং যদি ঐশ্বিক জ্ঞানে, নিতা ও ধ্ব বাতীত আর কিছুই না থাকে,— তাহা হইলে, সেই হেতৃগুলি— যাহাকে প্রেটো আইডিয়া নামে আখাত করিয়াছেন—তাহা নিতা ও ধ্বতত্ব ভিন্ন আর কিছুই নহে। এখন যে ভাবে যাহা কিছু এখানে রহিয়াছে—সমন্তই সেই ধ্বতত্বগুলিরই সহযোগিতায় উৎপন্ন।

এমন কি দেউ টমাস,—িথিনি প্লেটোর মত-সম্বন্ধে বিশেষ কিছুই জানিতেন না, প্রত্যুত থিনি কতকটা অ্যারিস্টটলের প্রত্যক্ষবাদে দীক্ষিত ছিলেন—তাঁহার মুথ হইতেও নিম্নিথিত উক্তিটি বাহির হইরাছে:—''আমাদের স্বাভাবিক জ্ঞান, ঐপরিক জ্ঞানেরই এক-

প্রকার অংশভাগী; এই ঐশবিক জ্ঞানের সহবোগিতাতেই, আমাদের সমস্ত জ্ঞান, সমস্ত বিচার-বৃদ্ধি উৎপন্ন; এবং এই জন্যই উক্ত হইরা থাকে—এথানকার যাহা কিছু সমস্তই আমরা ঈশ্বরে মধ্যে অবলোকন করি'। দেন্টেমাদের এইরূপ আরো অনেক উক্তি আছে, যাহাতে প্রেটোনিকতার একটু আতিশ্যা দৃষ্ট হইলেও উহা আসলে প্রেটোর মত নহে, পরন্ত আলেকজান্দ্রীয় সম্প্রদারের মত।

গভীর মৌলিকতা সভেও এবং সম্পূর্ণরূপে ফরাসীর জাতীয় লক্ষণাক্রাস্ত হইলেও, দেকার্তের দর্শনতন্ত্র, প্লেটোনিক ভাবে অন্ধ-প্রাণিত।

দেকার্ড্, প্লেটোর মত-সম্বন্ধে কিছুমাত চিস্তা করেন নাই। এমন কি, তিনি প্লেটোর গ্রন্থাবদী পাঠ করিলাছেন বলিলাই মনে হল না। তিনি আদৌ তাঁহার অনুকরণ করেন নাই; কোন বিষয়েই প্লেটোর সহিত তাঁহার সাদৃশ্য নাই। তথাপি, প্রথম হইতেই, বেন তুইজনের একস্থানেই সাক্ষাৎকার ঘটিলাছে;—যদিও দেকার্ড্, ভিন্ন পথ দিল্লা দেইথানে পৌছিলাছেন।

প্রেটা বাহাকে সার্ন্ধভৌম বলেন, আইজিয়া বলেন, দেকার্ভের নিকট তাহাই অগীমতার ধারণা—পূর্ণতার ধারণা। যথন তিনি আত্ম-চৈতন্তের বারা উপলব্ধি করিলেন বে, ''তিনি চিন্তা করিতেছেন অতএব তিনি আছেন,'' তথনি সেই আত্মটিতন্তের বারা ইহাও উপ-লব্ধি করিলেন বে তিনি অপূর্ণ;—তাহার অনেক ক্রটি আছে, অভাব আছে, সীমা আছে, হঃথ আছে। এবং সেই সঙ্গে ইহাও তাঁহার ধারণা হইল বে, এমন-একটা কিছু আছে যাহা অগীম—যাহা পূর্ণ। কিন্তু এ ধারণাটি এমন কাহারও রচনা হইতে পারে না—বে নিজে অপূর্ণ। অতএব, কোন পূর্ণ পুরুষ তাঁহার অন্তরে এই ধারণাটি সমিবিট করিরাছেন, ইহাই সকত। এই পূর্ণ পুরুষই ঈশর। এই বৃক্তি-প্রণালী অনুসারেই দেকার্জ্ব, নিজের চিস্তা ও সভা হইতে ঈশর-তত্বে সম্থিত হইরাছেন। এই সরল বৃক্তি-প্রণালীট, তিনি তাঁহার বিবিধ গ্রেছে, বিবিধ আকারে বিবৃত করিরাছেন। কলত: উক্ত বৃক্তির দারা ইহা সিদ্ধান্ত হর যে এই ধারণাটির মূলে একটি উপযুক্ত কারণ-সত্তা বিদ্যানা। অর্থাং ধারণাটির ভার, ধারণার মূলকারণটিও অনীম ও পূর্ণ। প্রেটো ও দেকার্ত্তির মধ্যে প্রথম প্রভেদ এই:—প্রেটোর মতে, আইভিরা-সমূহ,—ওধু অমাদের মনের ধারণা নহে, উহা পদার্থ-সমূহেরও মূলতত্ব। কিন্তু দেকার্ত্তি, ও আধুনিক অভাভ দার্শনিকের মতে, উহা ওধু আমাদের মনের ধারণা। এবং এই সকল ধারণার মধ্যে, অনীম ও পূর্ণের ধারণাটি প্রথম স্থান অধিকার করে এই মাত্র।

বিতীয় প্রভেদ এই—আর্ নিক দর্শনের পরিভাবার বলিতে গেলে, বস্তবটিত মূলতবের বারা প্রেটো, আইডিয়াসমূহ হইতে ঈশ্বরতবে উপনীত হইয়াছেন। পকাস্তবে দেকার্ত্ত, কারণঘটিত মূলতব প্ররোগ করিয়া, অদীম ও পূর্ণের ধারণা হইতে, দেই ধারণার মূলকারণে উপনীত হইয়াছেন যে মূল কারণটিও অদীম ও পূর্ণ। কিন্তু এই সমস্ত প্রভেদদন্তেও, উহাদের মধ্যে একটি সাধারণ ভূমি আছে; উহারা একলাতীয়; উহারা উভয়ই আমাদিগকে ইক্রিয়ের উদ্দেলীয় বায়, এবং যে দকল আইডিয়া আমাদের অন্তবে নি:সংশ্রে বিদামান, দেই অভ্যাশ্চর্যা আইডিয়াগুলি, মধ্যবর্ত্তী হইয়া আমাদিগকে তাঁহারই নিকট লইয়া যায় যিনি একমাত্র ঐ সকল আইডিয়ার আধার-বন্ধ হইতে সমর্থ;—যিনি এই অদীমতা ও পূর্ণতা-সম্বন্ধীয় ধারণার প্রবর্ত্তক এবং নিজেও অদীম ও পূর্ণ। এই প্রকারে, দেকার্তকেও, প্রেটো ও দেক্রেটিদের সহিত একপরিবারক্তক করা বাইতে পারে !

এই পূর্ণ ও অদীমের ধারণা-সম্বন্ধীয় 'মতবাদটি, সপ্তদশ শতাব্দীর দর্শনে একবার প্রবর্ত্তিত হইলে পর,—দেকার্ত্তের উত্তরবর্ত্তী দার্শনিকেরা এই মতটি সেই ভাবে গ্রহণ করিলেন, যে ভাবে প্লেটোর উত্তরবর্ত্তী দার্শনিকেরা প্লেটোর আইডিয়া-সম্বন্ধীয় মতটি গ্রহণ করিয়া-ছিশেন।

ফরাসী-লেথক মান্ন্াুন্ (Malebranche) তাঁহার সেথায় প্রেটোর ধরণধারণ কতকটা দেখিতে পাওয়। যায়। এক এক সময়ে, তিনি স্থলনিত ভাষায়, খুব উচ্চ ভাবের কথা বলিয়াছেন; কিন্তু সক্রেটিসের লেথায় যেরপ স্থবিবেচনার পরিচয় পাওয়া যায়, মাল্রাঁশের লেথায় তাহা আদৌ দৃষ্ঠ হয় না। ইহা অবশ্য স্বীকার করিতে হইবে, এই "আইডিয়া''-মতবাদের সহিত অনেক অভ্যুক্তি মিশ্রিত করিয়া, মাল্রাঁশে এই আইডিয়া-মতের যত ক্ষতি করিয়াছেন এমন আর কেহ করে নাই।

তিনি যদি এইটুকু বলিরা ক্ষান্ত হইতেন যে,—অন্যান্ত মানসিক বৃত্তির সহিত মানব-প্রজ্ঞার ঘনিষ্ট যোগ থাকার, প্রজ্ঞার মধ্যে যেমন একদিকে ব্যক্তিছের ভাব পূর্ণরূপে বিদ্যমান, সেইরূপ তাহার মধ্যে এমনও একটা কিছু আছে যাহা সার্ব্বতৌম এবং যাহা থাকার মন্ত্র্যা, সার্ব্বতৌমিক তব্বে আরোহণ করিতে সমর্থ হয়;—তিনি যদি এই সীমাটুকুর মধ্যেই আপনাকে বদ্ধ রাখিতেন, তাহা হইলে কোন কথাই ছিল না। কিন্তু তিনি একটুও বিধা না করিয়া, আমাদের জ্ঞান ও ঐশ্বরিক জ্ঞান এই উভরকে মিশাইয়া এক করিয়া ফেলিয়াছেন। তাছাড়া ম্যান্ত্রাশের মতে, বিশেষ পদার্থ সমূহ—ইক্রিয়গ্রাহ্য পদার্থসমূহ আমরা সাক্ষাৎভাবে জানিতে পারি না,—"আইডিয়া" নারা, চিৎ-প্রতিবিধের মারাই জানিতে পারি;—আমরা যাহা সাক্ষাং-

ভাবে উপলব্ধি করি তাহা জড় নহে, তাহা চিং। দৃষ্টিব্যাপারে — মনোমধ্যে যাহা কিছু প্রতিভাত হয় তৎসমস্তই চিৎ-প্রতিবিদ্ব অথবা চিদাভাদ (idea) এবং থেহেতু চিৎ ঈশবের মধ্যেই বিদ্যমান, অতএব ঈশ্বরের মধ্যেই আমরা সকল পদার্থ দর্শন করি। এরপ সিদ্ধান্তে প্রকৃতিস্থ ব্যক্তিমাত্রেই কিরুপ বিশ্বয়-স্তম্ভিত হয়, তাহা বেশ বুঝা যায়। কিন্ত প্লেটো ও তাঁহার এই অবিধাদী শিষা—ইহাদিগকে এক শ্রেণীর বলিয়া মনে করা ভায়সঙ্গত নহে। প্লেটোর মতে, ইন্দ্রিয়-চেতনা ইন্দ্রিরে বিষয় সমূহকে সাক্ষাংভাবেই উপলব্ধি করে; এই ইঞ্রিয়-Cচতনার দ্বারা বে বস্তু বেমনটি তাহাই আমরা দেখিতে পাই; অর্থাৎ উহাকে অনুম্পূর্ণরূপে উপলব্ধি করি। পরে উহা ক্রমাগত বিশ্লিষ্ট ও পরিবর্ত্তিত হইরা এমন-একটি জ্ঞানে অমোদিগকে উপনীত করে যাহা প্রকৃত জ্ঞান নামের বোগা। এই বে প্রস্তা, যাহা ইক্রির-চেত্রী इट्रेंट जिन्न, टेहारे आभारतत निकृष्ठ मार्क्स जोमरक अकान करत : এবং এইরূপে আমরা যেজ্ঞান লাভ করি তাহা সারবান ও স্থায়ী আন। সার্বভৌম চিৎ-তত্ত্বে একবার উপনাত হইতে পারিলেই **দেই সঙ্গে আমরা দেই ঈখর-তত্ত্বেও উপনীত হই.—**শাহাতে এই সার্ব্বভৌম চিং-তরগুলি অধিষ্ঠিত: – গাঁহাতে গিয়া আমাদের যথার্থ-জ্ঞান পূর্ণতালাভ করে, দার্থকতা লাভ করে। কিন্তু যাহা অসম্পূর্ণ, যাহা পরিবর্ত্তনশীল দেই ইন্দ্রিয়ের বিষয় সকল উপলব্ধি করিবার জন্ম. be-ठट इत প্রব্যোজন হয় না. উহাদের সম্বন্ধে আমাদের ইন্দ্রিয়ই যথেষ্ট। প্রজ্ঞা, ইন্দ্রিয়-চেতনা হইতে স্বতন্ত্র। ইন্দ্রিয় হইতে আমরা বে-একটু জ্ঞানলাত করি তাহা অসম্পূর্ণ, প্রস্তা এই অসম্পূর্ণ ইন্দ্রিয়-জ্ঞানকে অতিক্রম করে। প্রক্রা আমাদিগকে সার্ব্বভৌমিকে উপনীত করে; কেন না, প্রজ্ঞাতে এমন কিছু আছে যাহা সার্বভৌম। এই প্রজ্ঞা, ঐথরিক জ্ঞানের অংশ ভাগী, কিন্তু স্বয়ং ঐশবিক জ্ঞান নহে; উহা ঐথরিক জ্ঞান হইতে প্রকাশিত—নিঃস্ত ; কিন্তু উহা ঐথরিক জ্ঞান নহে।

"ঈশ্বরের অন্তিম্ব-সহদ্ধে আনালাচনা" নামক ফেনেলোঁর একটি গ্রন্থ পাঠ করিয় মনে হয়, তিনি ম্যাল্রাঁশ ও দেকার্স্ত এই উভয়েরই ভাবে অফুপ্রাণিত। তাঁহার গ্রন্থের দিতীয় পণ্ডটি—প্রমাণ, পদ্ধতি, পারপ্র্যার প্রভৃতি সকল বিষয়েই সম্পূর্ণরূপে দেকার্স্তীয় ধরণে লিখিত। উহাতে ম্যাল্রাঁশের ধরণও কতকটা আছে,—বিশেষতঃ "আইডিয়ার প্রকৃতি" বিষয়ক পরিছেলটিতে। এবং প্রথম-খণ্ডে, তত্ত্বিদ্যা-ঘটত আলোচনায়, ম্যাল্রাঁশের আরিপত্য পরিলক্ষিত হয়। অবশ্য ফেনেলোঁ, উগ্রবৃদ্ধি দার্শনিকদের সহিত এক পরিবারত্বক নহেন; তাঁহার মধুর আয়া, উয়ত স্থানেই সর্বান বিচরণ করে। তাঁহার ফতিপয় বাক্য নিম্নে উন্কৃত করা যাইতেছে। উহার মধ্যে কোন্-শুলি সত্য এবং কোন্শুলি অত্যাক্তিদোষে দ্বিত তাহা সহজেই উপলির হইবে।

"প্রথম থগু ৪৪ পরিচ্ছেদ।—অদীদের ভাব ছাড়া, আমার মধ্যে আরও কতকগুলি সার্কভৌম ও অপরিবর্তনীয় ধ্রুব ধারণা বিদ্যানা, ' যাহা আমাদের সমস্ত যুক্তিবিচারের মূল নিয়ম। উহাদের পরামর্শনা লইয়া আমরা কোন বিধরে বিচার করিতে পারি না, এবং উহাদের কথার বিক্তন্ধে, কোন দিল্লান্ত স্থাপনে আমাদের অধিকার নাই। চিন্তার লারা উহাদিগকে সংশোধিত কিংবা নিয়মিত করা দূরে থাক, আমাদের চিন্তাই উহাদের লারা সংশোধিত হইয়া থাকে। উহারাই আমাদের মনের উচ্চতম নিয়ম। আমাদের সমস্ত চিন্তাই উহাদের বিচার নিপাত্তির অধীন। আমাদের মন যতই চেন্তা করুক না,—

এ কথার কথন সন্দেহ করিতে পারে না যে, "ছই আর ছরে চার হয়" কিংবা "সমস্তটা তাহার অংশ অপেক্ষা ৰড়"; কিল্পা "কোন-একটা পূর্ণ বৃত্তের কেন্দ্র, তাহার পরিধির সকল অংশ হইতেই সমান দূরে''। এই দকল প্রতিজ্ঞা অস্বীকার করিবার স্বাধীনতা আমার নাই। এই সকল তত্ত্ব যদি আমি অস্বীকার করি তাহা হইলে— আমার মধ্যে যে-একটি তত্ত্ব আছে যাহা আমাতে থাকিয়াও আমার ষ্মতীত—দেই তওটিই আমাকে সিধা পথে আবার ফিরাইয়া আনে। এই ধ্রুব অপরিবর্ত্তনীয় তত্তটি আমাদের অন্তরের এরপ অন্তর্তম দেশে অধিষ্ঠিত যে উহাকেই সহসা "আমি" বলিতে প্রবৃত্তি হয়, কিন্তু বস্তুত উহা স্থামার ''আমি''র উর্দ্ধে অবস্থিত; কেন না, উহা আমাকে সংশোধন করে, দিধা করে, এমন কি আমাকে আমার निष्कत्रहे निक्राफ्तहे माँ इंक्त्राहेश राम्य, छेहा आभात अक्रमेखा स्कृतिख করে, উহা এমন একটা কিছু যাহা সর্ব্বদাই আমাকে অমুপ্রাণিত করে -- (অবশ্য যদি আমি তাহার কথার কর্ণপাত করি) তাহার কথায় স্মামি কথন প্রতারিত হই না। এই আভ্যন্তরিক তর্টীকে আমি প্ৰজা বলি।"

৪৫ পরিচেছেন। "বান্তব পক্ষে আমার প্রক্রা আমার অন্তরেই বিনামান; কেন না, সত্য উপলব্ধি করিতে হইলে, আমার অন্তরের মধ্যেই সর্কানা অন্তেষণ করিতে হয়। কিন্তু যে শ্রেষ্ঠতর জ্ঞান আমাকে সংশোধন করে, যাহার পরামর্শ আমি গ্রহণ করি, সে জ্ঞান আমার নহে, আমার নিজের অংশও নহে। এই প্রজ্ঞা, পূর্ণ ও রুব; আমি অপূর্ণ ও পরিবর্ত্তনশীল, আমি শ্রম করিলেও উহার শ্রম হয় না; আমার শ্রম ঘূচিলে তবে উহার শ্রম ঘূচে—এরূপও নহে। প্রজ্ঞা অপথে যায় না—আমাকেই যুগাপথে কিরাইয়া আনে। প্রক্রাই আৰ্মার অন্তর্মন্ত প্রভু—বে আমাকে চুপ্ করাইয়া দেয়,—আমাকে কথা কহার,—আমাকে বিধান করার—আমাকে সন্দেহ করার—আমাকে ভ্রম স্থীকার করার,—আমার নিজান্তকে হিল রাথে। তাহার কথাতেই আমি শিকা পাই,—আমার নিজের কথা ওনিবে আমি পথত্রই হই। এই প্রভুটি সর্বতি বিদ্যমান; এবং জগতের একপ্রান্ত হইতে অপর প্রান্ত পর্যান্ত, সকল মনুষ্যই, আমার ন্তার ইহার কণ্ঠবর গুনিতে পায়।"

৪৬ পরিছেন। "থাহা আমাদের অন্তর্মতম, থাহাকে আমাদের নিজস্ব বলিয়া মনে হয়—দেই প্রজ্ঞা বস্তুত আমাদের তত নিজের নহে;—উহা নিতাস্ত ধার করা জিনিস্। বাতাস বেমন একটা বাহিরের বস্তু, অথচ আমরা সেই বাতাসকে নিঃখাসের দ্বারা প্রতিক্ষণ গ্রহণ করি, দেইরূপ প্রজ্ঞাকে আমরা অবিরত উপলব্ধি করিলেও উহা আমাদের অপেকা উচ্চ আসনে অধিষ্ঠিত।"

৪৭ পরিচ্ছেদ। "এই অন্তরন্থ প্রভু—এই সার্ব্বভৌম প্রভু, সর্ব্বজ্ঞ ও সর্ব্বকালে আমাদের নিকট এইরূপেই সত্য প্রকাশ করেন। একথা সত্য, অনেক সময় তাঁহাকে ছাড়িয়া আমরা কথা কহি—তাঁহাকে অতিক্রম করিরা আমরা কথা কহি; কিন্তু তথনই আমরা ভ্রমে পতিক্র হই; তথনি আমাদের কথা অপ্পষ্ট হইরা যার;—আমাদের নিজের কথাই আমরা তথন নিজেই ব্রিতে পারি না; এমন কি আমরা ভর্ম করি, পাছে প্রজ্ঞার সংশোধনে আমাদের হীনতা প্রকাশ পার। যে মহ্যা, এই বিশুদ্ধ নির্দেশ্য প্রভ্ঞা কর্তৃক সংশোধিত হইতে ভন্ম পার, যে তাহার কথা না শুনিয়া পথভ্রই হয়,—সে মহ্যা অবশ্রুই এই প্রজ্ঞা নহে;—সেই প্রজ্ঞা, যে মহুযোর অনিচ্ছাসত্তেও মনুষাকে নিরজ সংশোধন করে। সকল বিষরের মধ্যেই ছইটি মুল্তক্ আমাদের

অন্তরে আমরা উপলব্ধি করি। তন্মধ্যে একটি দান করে—অপঞ্জট গ্রহণ করে: একটি অভাব অমুভব করে, অপরটি সেই অভাব পূর্ণ করে: একটি ভ্রমে পতিত হয়, অপরটি দেই ভ্রম সংশোধন করে; একটি অতিমাত্র ঝুঁকিয়া স্বস্থান হইতে পরিচ্যুত হয়, অপরটি ভাহাকে আবার খাড়া করিয়া তুলে ; প্রত্যেক মনুষ্যই, একটা সীমাবদ্ধ জ্ঞান— একটা পরাধীন জ্ঞান আপনার অন্তরে অত্যুত্তৰ করে; -- সেইরূপ একটা জ্ঞান,—যাহা স্বাতম্ব্রা অবলম্বন করিলেই, পথভ্রপ্ত হইয়া পড়ে এবং যতক্ষণ একটি উচ্চতর ধ্বুব নিতা সার্ব্বভৌম জ্ঞানের অধীনে না ষ্মাইদে ততক্ষণ দংশোধিত হইতে পারে না। এইরূপ প্রত্যেক মুদুধাই আপুনার অন্তরে এমন একটা জ্ঞানের আভাস পার যাহা সীমাবদ্ধ, যাহা বিভক্ত, যাহা ধার-করা ; এবং যাহা এমন-একটা কিছুর ষ্মাকাজ্ঞা করে যাহার দারা সে প্রতিমূহুর্ত্ত সংশোধিত হইতে পারে। এই একই প্রজা সকলেরই মধ্যে বিভিন্নমাত্রায় বিভ্নান: তন্মধ্য কতকগুলি লোক জ্ঞানিপদবাচা; কিন্তু এই জ্ঞান তাঁহারা একই মূল-উংস হইতে প্রাপ্ত হয়েন; তাঁহারা এই জ্ঞানের প্রসাদেই জ্ঞানী इरेबाएइन। এर खात्मत्र जूनना नारे—ि विजीय नारे।"

৪৮ পরিচেছদ। এই জ্ঞান—এই সর্ব্বসাধারণ জ্ঞান, যাহ। মানুষ্বের
অন্ত সমস্ত অসম্পূর্ণ ও সীমাবদ্ধ জ্ঞান অপেক্ষা শ্রেষ্ঠ —এই জ্ঞানটি
কোথার আছে ? এই দৈববক্তা যাহার বাক্যের বিরাম নাই—যাহার
বিরুদ্ধে লোকের সমস্ত অন্ধ্যংস্কার কিছুই করিয়া উঠিতে পারে না— এই দৈববক্তাটি কোথার আছেন ? যাহার পরামর্শ সর্ব্বদা আবিশুক্
হয়, যাহা মনুষ্যমাত্রকেই আলোক দান করে, সেই জ্ঞানটি কোথার
অধিষ্ঠিত ? যেমন স্থ্যের কিরণ মানব-চক্ষের উপাদান-বস্ত নহে, সেই
ক্রপ আমাদের মনও আদিম জ্ঞান নহে, —গার্বভৌম ধ্বুব সন্তা নহে ভুষু উহা একটা দারমাত্র—নাহার মধ্য দিয়া এই আদিম আলোক সঞ্চারিত হয় এবং সঞ্চারিত হইয়া উহাকে আলোকিত করে।"

৪৯ পরিছেদ। "ছই প্রকার জ্ঞান আমাদের অন্তরে আমরা উপলব্ধি করি; উহার মধ্যে একটি আমি স্বরং—অপরটি আমার উর্দ্ধে অবস্থিত। আমার অন্তর্গন্থ জ্ঞানটি অতীব অপূর্ণ, অনিশ্চিত, ভ্রমাধীন, পরিবর্ত্তনশীল, সীমাবদ্ধ; উহার কিছুই আপনার নহে—সমন্তই ধারকরা। অপর জ্ঞানটি সার্ব্বভৌম এবং উহা মহুষ্য অপেক্ষা প্রেষ্ঠ। উহা পূর্ণ, নিত্য, গ্রুব, সর্ব্বত্রপ্রকাশিত, ভ্রমসংশোধক, উহা কথন নি:শেষিত হয় না, উহা বিভক্ত হয় না, অথচ উহাকে যে চায় সেই পার। যাহা আমার এত নিকটে অথচ আমা-হইতে এত ভিন্ন—এই পূর্ণ জ্ঞানটি—এই পরম জ্ঞানটি কোথায় অধিষ্ঠিত ?—অবশ্রুই ইহা একটি বাস্তবিক সন্তা; আমরা যাহা অয়েষণ করিতেছি, ইহাই কি ঈশ্বর নহেন ?"

দিতীয় ভাগ—১।২৪।২৯ পরিছেদ। "আমার মধ্যে একটি অসীমের ভাব শিঅদীম পূর্ণতার ভাব বিদ্যমান—এই ভাবটি কোথা হইতে
পাইলাম ? যাহা আমা অপেকা বহু উচ্চে অবস্থিত—যাহা আমাকে
অনস্তপ্তণে অতিক্রম করিয়া রহিয়াছে,—যাহা আমাকে আমার দৃষ্টি
হইতে তিরোহিত করে—যাহা অসীমকে আমার নিকট উপস্থিত
করে—তাহা কোথা হইতে আদিল ? ইহাকে আমি কোথা হইতে
পাইলাম ?—পুনর্কার বলি,—এই অসীমের প্রতিরপটি—এই অসীমকর পদার্থটি—দসীমের সহিত যাহার কোন সাদৃশুই নাই—ইহা
কোথা হইতে আদিল ? ইহা আমারই অস্তরে বিদ্যমান, অথচ আমা
অপেকা অধিক; আমার নিকটে উহাই সমস্ত —উহার নিকটে, আমি
কিছুই নয়, এইরপ আমার মনে হয়। আমি উহাকে মুছিয়া কেলিতে

পারি না, অন্ধকারাচ্ছন্ন করিতে পারি না, হ্রাদ করিতে পারি না, উহার প্রতিবাদ করিতেও পারি না। উহা আমারই মধ্যে বিদ্যমান, অথচ আমি নিজে উহাকে আমার মধ্যে স্থাপন করি নাই,—আমি উহাকে আমার মধ্যে উপলব্ধি করি মাত্র। অবেয়ণ করিবার পর্বেই উহা আমার মধ্যে আপনিই আদিয়া রহিয়াছে; তাই আমি উহাকে উপলব্ধি করিতে পারিতেছি। ইহা চিরকালই সমানভাবে রহিয়াছে : আমি যথন উহাকে চিস্তাও কব্রি না—অন্য বিষয় চিস্তা কব্রি—তথনও উহা রহিয়াছে। যথনই অধেষণ করি তখনই আমি উহাকে পাই: উহা আমার উপর নির্ভন্ন করে না : আমিই উহার উপর নির্ভন্ন করিয়া আছি—এই অদীমের অদীম প্রতিরূপটিকে কে আমাকে দান ৰবিল ? উহা কি আপনা আপনি উৎপন্ন হইল ? এই যে অসীমের ■দীম-প্রতিরূপ, ইহার কি কোন মৃগ্যরূপ নাই—ইহার কি কোন মূল কাৰুণ নাই ? ৰলিতে বলিতে কোথায় আদিয়া পড়িলাম। একি ব্দত্ত ব্যাপার। ক্ষতএব এই দিল্লান্তটি অপরিহার্য্য—ইহা অদীম ও পূর্ণ সত্য; ইহা আমার ধারণায় সাক্ষাৎ ভাবে উপক্সিত হয়; যে অসীষের ধারণাটি আমার মনে আমি উপঙ্গন্ধি করি উহার মূলটিও অসীম''—

8 পরিছেল। "আমার ধারণাগুলিই আমি ষয়:; কেননা উহাই আমার জান-পদার্থ। আমার ধারণাসমূহ এবং আমার অন্ত-রের অন্তরতম জানপদার্থটি—এই উভয়ই আমার নিকট একই বলিয়৷ প্রতীয়মান হয়। পক্ষান্তরে, আমার মন পরিবর্তনাশীল; উহা তাড়াতাড়ী একটা সিদ্ধান্তে উপনীত হয়,—না ব্রিয়া বিখাস করে; আপনার ধারণাগুলির সহিত ঐক্য করিয়াই যুক্তিবিচার নিশার করে—সেই স্ব ধারণা বাহা এব ও নিতা। কিছু আমার চিৎ-প্রতিবিষগুলি আমি নই :--আমার ধারণাগুলি আমি নই । এই ধারণাগুলি তবে কি १-এই ধারণাগুলিই কি ঈশর ? আমার মন অপেক্ষা নিশ্চয়ই উহারা শ্রেষ্ঠ, কেননা উহারা মনকে সংশেধন করে, —যথাপপে স্থাপন করে। উহাদের ঐশব্রিক প্রকৃতি ; কেননা, ঈশ্বব্রের ন্তায় উহারা দার্কভৌম ও ধ্রুব। যাহা দার্কভৌম ও ধ্রুৰ ভাহাকে যতটা ''অস্তি'' বলা যায়, অতটা ''অস্তি'' অন্ত কিছুত্বই সম্বন্ধে বলা यात्र ना । यादा পরিবর্তনশীল, চলমান, ধার-করা.—তাহাই यनि বাস্তব পদার্থ হয়.—তবে, যাহা ধ্রুব ও নিতা, যাহা অবশ্রন্থাবী, তাহা আরও কত না বাস্তব হইবে। অতএব দেখা আবশ্রক—আমাদের প্রকৃতির মধ্যে, আমাদের চিৎ-প্রতিবিশ্বগুলির মধ্যে, এমন কিছু আছে কি না যাহা ৰাস্তব-সন্তা-বিশিষ্ট :-- এমন-কিছু যাহা আমাত্র মধ্যে আছে অথচ যাহা আমি নই, যাহা আমা অপেকা শ্রেষ্ঠ; না ভাবিলেও যাহা আমার মধ্যে বর্ত্তমান :—যাহার সহিত্ত আমি একাকী বাস করিতেছি: মনে হয় যেন আমি আমার নিজের সহিত বাস করি-তেছি না: যাহা আমা-অপেক্ষা বেশী প্রত্যক্ষ, বেশী ঘনিষ্ট। না জানি দে কি অপূর্ব্ব পদার্থ যাহা এমন ঘনিষ্ঠ অথচ এমন হুক্তে য়—দো ঈশ্বর ভিন্ন আর কি হইতে পারে ?"

একণে অঠানশ শতাব্দির খৃষ্টীয় আচার্যানিগের মধ্যে সর্বাপেক।
সারবান ও প্রামাণিক নেথক (Bossuet) বস্কুরে কি বলেন গুলা
বাক্। তিনি তাঁহার "ন্যায়প্রকরণ এবং ঐশ্বরিক জ্ঞান ও আত্মজ্ঞান"
নামক গ্রন্থে তাঁহার মতামত ব্যক্ত করিয়াছেন।

বস্তুরে তিন গুরুর মন্ত্রে দীক্ষিত, এরপ বলা যাইতে পারে; দেণ্ট অগষ্টিন, দেণ্ট টমান, ও দেকার্ত্ত্ব। নাভারের মহাবিদ্যালরে, দেণ্ট টমান্-প্রচারিত ঈবং-রূপান্তরিত অ্যারিষ্টলের মতবাদে তিনি প্রথম দীক্ষিত হন, সেই সঙ্গে সেণ্ট অগষ্টিনের রচনাদি পডিয়াও তাঁহার আত্মা পরিপুষ্ট হয়; এই দব প্রাচীন টুলো-দম্প্রদায়ের মত-বাদ ছাড়। সে সময়ে দেকার্ত্তের দর্শনতন্ত্রও পুর প্রসার লাভ করে। তিনি দেকার্ত্তের মতটিই অবলম্বন করেন; এবং সেই সঙ্গে অগষ্টিনের সহিত কতকটা সমন্বয় ও দেণ্ট টমাদের মত কতকটা রক্ষা করিতেও চেষ্টা পাইয়াছিলেন। তিনি দর্শনশাস্ত্রে নূতন কিছুই উদ্ভাবন করেন নাই। তিনি সমস্তই অন্তের নিকট হইতে গ্রহণ করিয়াছেন. কিন্তু সমস্তই মাৰ্জ্জিত আকারে—পরিশোধিত আকারে গ্রহণ করিয়া-ছেন। তাঁহার ভাষার যেমন জোর, তেমনি তাঁহার লেখাতেও স্থবিবেচনার পরিচয় পাওয়া যায়। তাঁহার যে লেখাগুলি উদ্ভ করিয়া তোমাদের সন্মুপ্তে আমি অর্পণ করিব এবং তোমাদের স্থৃতিপটে অঙ্কিত করিবার চেষ্টা করিব, তাহাতে ম্যালব্রাশের লালিভা অথবা কেনেলোঁর অকুরম্ভ প্রাচুর্য্য দেখিতে পাইবে না। কিন্তু তাহা অপেকা আর একটা ভাল জিনিদ দেখিতে পাইবে। দে কি ?—না;— স্কুম্পষ্টতা ও শব্দাদির যথাযথ-প্রয়োগ।

বে প্রকরণের দ্বারা, মৃল-ধারণা গুলি হইতে, —সার্ক্রেম ও অবশ্যস্তাবী তত্ত্বসমূহ হইতে, —ঈধরতবে উপনীত হওয়া যায়, কেনেলে । সেই প্রকরণটি ভাল করিয়া গুছাইয়া বলিতে পারেন নাই। বল্লে বেশ জোরের সহিত ও পূর্ণমাতায় সেই প্রকরণটির প্রয়োগ ও ব্যাখ্যা করিয়াছেন। আমরাও দেই একই মূলতবের দোহাই দিতেছি, — সেই মূলতব্ব যাহা হইতে বিষয়ীপুরুষের কতকগুলি উপাধি — সন্তা-বিশেষের কতকগুলি গুণ আছে বলিয়া সিদ্ধ হয়; সেই মূলত্ব হইতে, এইয়পে সিদ্ধ হয় যে, নিয়স্তার মধ্যে কৃতকগুলি আদিনয়ম রহিয়াছে, —সনাতন পুরুষের মধ্যে, কৃতকগুলি নিতাতব্ব অন্তু

কাল ধরির। অবস্থিতি করিতেছে। বস্থরে,—দেও আগটিন্ হইতে, এমন কি প্লেটো হইতেও বাক্য সকল প্রমানস্বরূপ উদ্ভ করি-যাছেন।

প্রেটোর "আইডিয়।" যাহা বাস্তবপক্ষে ঈশ্বরের মধ্যেই অবস্থিত — তাহাকে সভন্ন সভাবান্ বলিয়া পাছে কেহ অভিহিত করে এই জন্ম তিনি গোড়া হইতেই প্রেটোর আইডিয়ার ব্যাথ্যা করিয়াছেন, এবং প্রতিপক্ষকে ধণ্ডন করিয়া আয়পক্ষ সমর্থন করিবার চেষ্টা পাইয়াছেন।

ল্যায়-প্রকর্ণ-প্রথম থণ্ড, ৩৬ পরিচেছদ⋯"যথন আমরা বলি, ঋজুভুজ-ত্রিকোণ এমন-একটা জাকার যাহা তিনটি ঋজুভুজের দারা সীমাৰদ্ধ, এবং যাহার তিনটি কোণ, উহার তুই ঋজু ভূজের সমান— কিছুমাত্র কমও নহে, বেশীও নহে; ইহার পরেই যথন আমরা তিন ভুজ বিশিষ্ট ও তিন সমান কোণ-বিশিষ্ট সমভূজ-ত্রিকোণের আলোচনা করি তথন উহা হইতে এইরূপ প্রতিপন্ন হয় বে উক্ত ত্রিকোণের প্রত্যেক কোণ—একটি ঋজু কোণের কম। আবার যথন একটি ঋজু কোণ আলোচনা করিয়া দেখি, পূর্ব্ববর্তী ধারণাগুলির সহিত সংযুক্ত এই ঋজু-কোণের ধারণার মধ্যে এই তত্ত্বটি ম্পষ্ট দেখিতে পাই যে, এই ত্রিকোণের ছই কোণ অগ্ত্যা তীক্ষুমুখী এবং এই হই কোণ ঠিক একটি ঋজু কোণের সমান,—বেশীও নহে, কমও, নহে; এই ধারণা-টির মধ্যে কিছুই আগন্তুক নহে, পরিবর্ত্তনশীল নহে; অতএব এই ধারণাগুলি, নিতাতত্ব সমূহেরই প্রতিরূপ। এরূপ সম-ভুজ অথবা ঋজু-কোণ ত্রিকোণ, প্রকৃতি-রাজ্যে যদি নাও থাকে, তথাপি আমরা ধে সকল তত্ত্ব এইমাত্র আলোচনা করিলাম, সেই তত্ত্বগুলি সত্য ও সংশ্বয়-বিরহিত। ফলত, আমি একটা সমভূজ অথবা ঋজু-কোণ ত্রিকোণ কথনও দেখিরাছি কিনা, নিশ্চর করিয়া খলিতে পারি না। সামুবৈর হাত যতই কেন নিপুন হউক না, কম্পাস কিলা কলের ঘারা এমন কোন রেখা টানা যাইতে পারে না যাহা একেখারে ঋজু; কিলা ভূজ-শুলি ও কোণগুলি এরপ হইতে পারে না যাহা সম্পূর্ণরূপে পরস্পরের লহিত সমান। অণুশীক্ষণ যন্তের ঘারা চোথে দেখিতে পাইবে যে, আমাদের আঁকা রেখাগুলি ঠিক্ ঋজুও নহে, ঠিক্ ধারাঘাহিকও নহে স্কুতরাং ঠিক্ সমান নহে। অতএব আমরা যাহা কিছু দেখিয়াছি ভাহা সমভূজ ও ঋজু কোণ-বিশিষ্ট তিকোণের অসম্পূর্ণ প্রতিরূপ মাত্র; ভাই প্ররূপ তিকোণ প্রকৃতিরাজ্যে আছে কি না কিংবা মানুবের হাতে রচিত হইতে পারে কি না, আমরা নিশ্চর করিয়া বলিতে পারি না।

ইহা সত্ত্বেও, ত্রিকোণের যে প্রকৃতি ও গুণসকল আমরা দেখিতে পাই, তাহা নিরপেকভাবেই সত্য ও সংশয়রহিত;—তাহার প্রমাণের জন্ত জপতে-বিনামান কোন বাস্তব ত্রিকোণের অপেকা রাথে না। সকল কালেই এই তরগুনি বৃদ্ধিতে প্রতিভাত হয়, স্পতরাং ইচানিতা সত্য। তা ছাড়া, যেহেতু মানব-বৃদ্ধি সত্যকে উৎপাদন করে না, পরস্ক সত্যকে উপলব্ধি করিবার জন্ত তাহার দিকে গুধুমুধ ফিরাইয়া থাকে; - অতএব সমস্ত স্টে বৃদ্ধিরতি যদি ধ্বংস হইয়াও বায়, তবু এই সকল সত্য অপরিবর্ত্তিভাবেই অবস্থিতি করিবে।"

২৭ পরিচ্ছেদ। "বেহেতু, ঈশর বাতীত কিছুই নিত্য নহে, ধ্বৰ নহে, স্বতন্ত্র নহে,—অভএৰ এইরপ দিদ্ধান্ত করিতে হয় বে, এই সৰ সত্য আপনাদের মধ্যে অবস্থিতি করে না,—কেবল ঈশরেতই অবস্থিতি করে; সেই সৰ নিত্য তব চিৎ-সন্তার মধ্যেই স্ববিত্তি করে,—মাহা ঈশর বাতীত আর কিছুই নহে।"

''আমাদের প্রস্তাবিত এই স্কল নিত্য স্ত্যগুলিকে আরো

শুকৃত সভারপে দাঁড় করাইবার জন্য, কেহ কেই এইরপ কলন।
করেন যে, ঈশরের বাহিরে কতকগুলি নিত্য সারসতা আছে। ইহা
একটা নিছক্ আরি। আঁহারা ইহা বুঝেন না যে ঈশরই সকল
সভার মূল; আঁহারই জ্ঞানশক্তি হইতে বিবিধ সভা উৎপন্ন হয়;
আঁহারই জ্ঞানের মধ্যে সর্বাদিম চিং-কল্পনাগুলি অবস্থিতি করে—
অথবা সেন্ট অগ্নষ্টিন যেরপ বলেন,—নিত্য বস্তুসমূহের হেতুগুলি
অব্নিতি করে।"

"এইরূপ, স্থপতি-শিল্পীর মানমপটেও একটা বাড়ীর কল্লনা অঙ্কিত থাকে: সেই ৰাড়ীট শিল্পী আপনার অন্তরেই দেখিতে পায়: এই আভান্তরিক আদর্শের নকলে নির্মিত বাড়ীগুলা ধ্বংস इहेग्रा (अला ७: ठीहां व महे यानगी प्रोतिका ध्वःम हत्र ना : এवः যদি এই শিল্পী নিতাপুরুষ হন, তাহা হইলে তাঁহার বাড়ীর কল্পনা ও হেতৃটিও নিত্য হইবে। মর্ত্তা শিল্পীর কথা ছাড়িয়া দিয়া অমর শিল্পী বিশ্বকর্মার কথা ধর; সেই বিগ্বকর্মার অপরিবর্তনীয় ধ্যানের মধ্যে একটা আদিম পরা-শিল্পকলার আদর্শ চিরবিদামান ;—উহাই সকল পরিমাণের, দকল নিয়মের,দকল স্থমার, দকল যুক্তির, দকল দত্যের মূলপ্রস্রবণ। এই সব নিত্যকালের সত্য যাহা আমাদের চিত্তে প্রতিভাত হয়,—ইহা বিজ্ঞানের প্রক্বত বিষয়; যাহাতে আমরা বাস্ত-বিক পাণ্ডিত্য বাভ করিতে পারি, এইজন্ম প্লেটো সেই দব আইডিয়ার প্রতি আমাদের দৃষ্টি আকর্ষণ করিয়াছেন; সেই সব আইডিয়া— মাহা গঠিত হল্প না, যাহা পূর্বে হইতেই রহিয়াছে; যাহা জ্ঞার না, কলুবিত হয় না, যাহা আপনি আপনাকে প্রকাশ করে, আবার আপ-নিই লয় হয়—বাহা নিত্যকাল বিদ্যমান। প্লেটো বলেন ইহা সেই সামদ লগৎ, যাহা স্টজগডের পূর্বে বিধাতার চিতাকাশে অবস্থিতি করে, এবং উহাই সেই অপরিবর্তনীর আদর্শ বাহার নকল এই বহুতী বিশ্বচনা। সভা উপলব্ধি করিবার জন্ত, মেটো আমাদিগকে এই সব নিতা, অপরিবর্তনীর, জন্ম-জরার অতাত "আইডিয়ার" নিকট বাইতে বলেন। তাই তিনি বলিয়াছেন এই আইডিয়াগুলি, ঐশরিক আইডিয়ারই প্রতিরূপ,—তাঁহা হইতেই সাক্ষাৎভাবে উৎপন্ন, উহা ইস্রিয়ের বার দিরা আইসেনা; ইস্রিয় উহাদিগকে আমাদিগের চিত্তে প্রকাশ করে মাত্র,—গড়িয়া ভোলেনা। কেন না, আময়য় কোন নিত্যবস্ত প্রত্যক্ষ দেখি নাই, অথচ নিত্যবস্তম ধারণা আমাদের মনে স্পষ্ট রহিয়াছে—অর্থাৎ চিরকাল সমান রহিয়াছে; পূর্ণ তিকোন আমরা কথন দেখি নাই, অথচ প্রতিরূপ উহা ব্রিতে পারি, মংলয়রহিত বিবিধ তত্ত্বের বারা উহা আমরা দির করি। এই সমস্ত কিসের নিদর্শন । প্রেটো বলেন, এই সমস্ত আইডিয়া যে, ইপ্রিয়ের বার দিয়া আইসে না—ইহা তাহারই নিদর্শন।"

ৰস্থান-কৃত "ঈশরজান ও আত্মজানের আলোচনা।" ৪ পরিছেদ
— প্যারাগ্রাফ: — "আমরা প্রেই বলিরাছি, নিতাতর সম্হই
বৃদ্ধিরতির বিষর। পরিমাণ-ঘটিত যে সকল নির্মের ঘারা আমর
সমন্ত পদার্থ পরিমাপ করিরা থাকি, তৎসমন্তই নিতা ও জব।
আমরা স্পটরূপে জানি, বিশ্বক্রমাণ্ডে যাহা কিছু আছে, ভাহার পরিমাণ—হর পুর বৃহৎ, নর খুর কুদ্র; হর খুর সবল, নর খুব ছর্বাল;
এবং আমরা ইহাও জানি এই সকল পরিমাণের সহিত নিতাতর
সম্হের ঘনির্চ সম্বন্ধ আছে। গণিত-শাস্ত্রে কিংবা অনা যে-কোন
বিজ্ঞান-শাস্ত্রে যাহা কিছু প্রমাণপ্রয়োগের ঘারা কিছু ইহাই প্রণশিত
হর,—যাহা প্রমাণনিত্ব ভাহাই ঠিকু, তাহা ব্যতীত আর কিছুই

ছইতে পারে না। তাছাড়া,—বে সকল বস্তুর সহিত আমরা পরি-চিত, তাহাদের প্রকৃতি ও ধর্ম জানিবার জন্ত,—যেমন মনে কর, একটা ত্রিকোণ, একটা চতুজোণ, একটা বৃত্ত-ইহাদের প্রহৃতি ও ধর্ম জানিবার জনা, অথবা ঐ সকল আরুতির মধ্যে কিরূপ পরিমাণের নিয়ম আছে তাহা জানিবার জন্য. – প্রকৃতি-রাজ্যে. ঐ প্রকার আরুতি বাস্তবিক আছে কি না, জানিবার প্রয়োজন হয় না। ঐ সকল আফুতির পূর্ণ আদর্শ আমি কখনও দেখি নাই, ইহাও আমি নিশ্চয় করিয়া বলিতে পারি। অথবা, গতিক্রিয়ার প্রকৃতি জানিবার জন্ত, কিংবা ঐ প্রত্যেক গতিক্রিরায় যে সকল রেখা-পথ অফুস্ত হয় তাহার প্রকৃতি জানিবার জন্য, কিংবা বে প্রচ্ছন্ন পরিমাণ-নিয়নে ঐ গতি-ক্রিয়া বিকাশ প্রাপ্ত হয়, সেই সকল পরিমাণ-নিয়ম জানিবার জন্য.—প্রক্লতি-রাজ্যে ঐরপ কোন গতি-ক্রিয়া ৰাস্তবিক আছে কি না তাহা আমাদের ভাবিবার প্রয়োজন হর না। এই দকল বস্তুর ধারণা আমার মনে যথনি প্রকাশ পাইল অমনি আমি জানিলাম—উহার বাস্তব সত্তা থাকুক বা না থাকুক,— উহা এক্সপই হইবে; উহার অন্য কোন প্রাকৃতি হওয়া অসম্ভব: উহা অন্ত কোন প্রকারে গঠিত হওয়া অসম্ভব। যাহার সহিত আমাদের আরও নিকট-সম্বন-সেই বিষয়টিও এই সকল নিত্য তত্ত্বের ছাব্রা আমাদের বোধগম্য হইয়া থাকে। যথন কোন মুমুষ্য থাকিবে না, আমিও থাকিব না, তথনও জ্ঞান-বৃদ্ধি-অনুসাঙ্কে চলা,---জ্ঞান-বৃদ্ধি-সম্পদ্ধ মনুষ্য মাত্রেরই মুখ্য কর্ত্তব্য ; স্বীয় জন্মদাতা ষ্ট্রথরকে বিশেষ করিয়া অধেষণ করা কর্ত্তবা;—এই জন্য কর্ত্তবা, পাছে তাঁহাকে না জানিবার দক্ষণ আমাদের ক্লতজ্ঞতা প্রকাশেক জ্ঞতি হর। এই সকল সভা, এবং জ্ঞান্ত সভা যাহা আমন্তা নিঃসংখন্ত বৃত্তির ধারা শিক্ষ করি, তাহা ত্রিকাগ-নিরপেক্ষ ভাবে অবস্থিতি করে। বে কোন-কালেই মানব-বৃদ্ধিকে স্থাপন কর না কেন, ঐ সকল সত্য মানব-বৃদ্ধিতে প্রতিভাত হইকে; মানব-বৃদ্ধি ঐ সকল সত্য জানিতে পারিবে। মানব বৃদ্ধি ঐ সকল সত্যকে উৎপাদন করে না—প্রাপ্ত হর মাত্র। আমাদের জ্ঞানে, জ্ঞের বিষরক আমাদের জ্ঞানে প্রতিভাত হয় মাত্র। অতএব এই সকল সত্য বৃগবৃগাস্তরের পূর্বের বিদ্যমান ছিল; যথন কোন মানব বৃদ্ধির অন্তিভ ছিল না,—তথনও বিদ্যমান ছিল। পরিমাণের নিরমান্থারে এখানে যাহা কিছু অবস্থিত, অর্থাৎ যাহা কিছু আমর্যা প্রকৃতি-রাজ্যে দেখিতে পাই, আমি ছাড়া তৎসমস্তই ধ্বংস হইয়া গোলেও, এই সকল পরিমাণের নিয়ম আমার মনোমধ্যে সংক্রিকত হইবে এবং তখনও আমি স্পইরূপে দেখিতে পাইব যে, এই সকল নিয়মই নিতাকালের স্থানিয়ম, নিতাকালের সারস্বতা, এমন কি, অস্তান্ত বস্তুর সহিত আমিও যদি ধ্বংস হইয়া যাই, তথাপি উহা নিতাকালের স্থানিয়ম—নিতাকালের সারস্বতারপেই অবস্থিতি করিবে। শ

"এখন যদি আমি অথেষণ করি, কোথায় এবং কোন্ বস্ততে এই দব নিতা ও ধ্রুব তর্দমূহ অবস্থিতি করে, তাহা হইলে আমি স্বীকার করিতে বাধ্য হইব, এমন একটি কস্ত আছে যাহাতে মূল-সতা নিতাকাল হইতে বিলামান; যাহার মধ্যে এই দকল সতা ভিরকাল উপলব্ধ হইয়া থাকে। ঐ বস্তুই সাক্ষাং সতা; উহার বাহিরে যাহা কিছু আছে এবং যাহা কিছু সতা বলিয়া আমেরা উপ-লব্ধি করি,—তংসমন্তই উহা হইতে উৎপন্ন।

ঐ বস্তর মধ্যেই আমি এই নিতা সতাগুলি দেখিতে পাই; এক উহাকে নেখিতে হইলে, যাহা ধ্রুৰ সত্য-পূর্ণ সতা সেই দিকেই আমাদের মুখ ফিরাইতে হয়, এবং এইরূপে আমরা সত্যের আলোক প্রাপ্ত হই।

এই নিত্য বস্তুই ঈশ্বর, নিত্যকাল হইতে বিদ্যমান, নিত্যকাল হইতে সত্তাবান—নিত্যকাল হইতে মূলস্ত্যরূপে অবস্থিত। এই নিতাবস্তুতেই নিতাতব্বসমূহ প্ৰতিষ্ঠিত। ঐথানেই আমি নিতাতৰ সকল দেখিতে পাই, আমার ভাগ্ন সকল মনুষ্যই দেখিতে পাগ্ন, এবং চিবকাল উহাদিগকে গ্রুবভাবে আমাদের সমকে দেখিতে পাই। আমরা পূর্বে ছিলাম না; আমাদের একটা আরম্ভ আছে; কিন্তু ইহা আমরা জানি, এই সত্য নিত্যকাল হইতে বিদ্যমান। এইরূপে আমরা এমন একটি আলোক প্রাপ্ত হই যাহা আমাদের অপেক্ষা উচ্চতর; এই উচ্চতর আলোক দিয়াই আমরা বুঝিতে পারি, আমরা ভাল কাজ করিতেছি কি মন্দ কাজ করিতেছি: অর্থাৎ আমাদের জীবনের উপাদানস্বরূপ যে সকল মূলতত্ত্ব বিদ্যমান তদত্মারেই আমরা কাজ করি কি না, তাহা আমরা বুঝিতে পারি। দেইখানেই—অক্তান্ত সত্তোর সঙ্গে, আমাদের আচরণের ধ্রুব নিয়ম সকলও দেখিতে পাই; আরও দেখিতে পাই, আমাদের কতকগুলি অপরিহার্য্য কর্ত্তব্য আছে; এবং বে সকল বিষয় আমাদের পক্ষে স্বভাবতঃ ভালও নহে মৃদ্র নহে, দেই সূব বিষয় স্বয়ের, মানব-সমাজের পক্ষে যাহা সর্বাপেক্ষা হিতকর, তদমুবর্তী হওয়াই প্রকৃত কর্ত্তব্য। এইরূপে ধনী ব্যক্তিরা, ভাষা ও আচার-ব্যবহারদম্বন্ধে বেরূপ দেশপ্রথার অধীন হইয়া থাকে, সেইরূপ উত্তরাধিকার ও শান্তিরক্ষার জনাও রাজনিয়মের বশবর্তী হইয়া থাকে। কিন্তু মনুষা ুমাত্রই আপনার অন্তরে একটি অলজ্মনীয় নির্মের আদেশ বাণী ্র্টানিতে পায়; দেই নিয়ম বলে: – কাহারও প্রতি অন্তার করা

উচিত নহে; তোমার প্রতি ক্ষয়ার করিলেও তুমি কাহারও প্রতি ক্ষয়ার করিবে না। বে মহ্য়া এই সকল সত্য উপলব্ধি করে, সে সেই সকল সভ্যের ঘারাই আপনাকে বিচার করে, এবং সেই সকল সভ্য হইতে পরিন্রন্ত হইলেই, আপনাকে অপরাধী বলিলা সাবান্ত করে। আরও ঠিক্ করিয়া বলিতে গেলে, ঐ সকল সভ্যই মহয়াকে বিচার করে; কেন না, এই সকল সভ্য মায়বের বিচারনিপাত্তি প্রকল সভ্যেরই অম্বর্ত্তী নহে, প্রভ্যুত্ত মায়বের বিচারনিপাত্তি ঐ সকল সভ্যেরই অম্বর্ত্তী হইয়া থাকে। মায়ব জানে বে, ভাহার বেরপ প্রকৃতি ভাহাতে ভাহার বিচারনিপাত্তি কথনই গ্রুব হইতে পারে না, ভাই সে ঐ সকল নিত্য সভ্যকেই বিচারের ম্ল-নিম্মরূপে বরণ করে, এবং উহাদেরই সাহাযো সে ঠিক্ বিচার ক্রিতে সমর্য হয়।

এই সমস্ত নিতাতৰ — যাহা বৃদ্ধির দারা উপলক হয়, যাহা চির-কাল একই একার— যাহা দারা সমস্ত বৃদ্ধির্ত্তি নিয়মিত হয়— উহাতে কতকটা ঈশ্বরাংশ আছে, অথবা উহাই স্বয়ং ঈশব।

স্তরাং এই সত্যসমূহের কিরদংশ মনুষোর সম্পূর্ণরূপে বোধগ্যা হওয় আবশাক, এবং শ্বরং মনুষাই এই সমন্ত সভ্যের গ্রন্থ প্রমাণ। কেন না, মনুষা যথন আপনার প্রতি দৃষ্টিপাত করে, অথবা তাহার চুর্দিকে যে সকল সত্তা বিগ্রমান, সেই সকল সন্তার প্রতি দৃষ্টিপাত করে, তথন সে দেখিতে পার,—সকলেই কতকগুলি গ্রন্থ নির্মের অধীন—স্তামূলক কতকগুলি গ্রন্থ নীতির অধীন। মনুষা আপনাকে আপনি উৎপাদন করে নাই, বিগ্রন্থাণ্ডের একটা ক্ষুত্ত আংশও উৎপাদন করে নাই,—এ কথা মনুষা জানে। মনুষা জানে,—
যদি এই সকল নিরম সম্পূর্ণরূপে উপলব্ধ না হইত, তাহা হইটে

কোন-কিছুই ইইতে পারিত না; মন্থ্য উপলব্ধি করে,—এমন এক অনন্ত জ্ঞান থাকা আৰশ্যক, বাহার মধ্যে সমন্ত স্থান্থলাও সমন্ত স্থমার মূল ৰীজ নিহিত। এই সকল সত্যের মধ্যে এতালৃশ পারলপ্যা, এই সকল বস্তর মধ্যে এতার্গুশ সামঞ্জদ্য,—এই জগতের
মধ্যে এতালৃশ স্থাবস্থা, অথচ এই পারন্পায়, এই সামঞ্জদ্য, এই
স্থাবস্থা সন্পূর্ণরূপে বৃথিতে পারে এমন কেহ নাই—এ কথা
নিতান্তই অসকত। মহ্যা কিছুই স্পষ্ট করে নাই,—মহ্যা এ সমন্ত
উপলব্ধি করিতেছে মাত্র—ভাও আষার সন্পূর্ণরূপে মহে। কাজেই
মহ্বেরে এই নিদ্ধান্তে উপনীত হইতে হর যে, এমন একজন কেহ
আছেন যিনি এই সকল সত্যা পূর্ণভাবে জানিতেছেন এবং বাহা
হুইতে ঐ সমন্ত উৎপর।"

উক্ত পরিচেহদের ৬ সংখ্যক "প্যারা"টি সম্পূর্ণরূপে দৈকার্তীর ধরণের:—উহাতে বস্তুয়ে এইরপ প্রমাণ করিরাছেন যে,—বেহেত্ মানব-আয়া জানে, তাহার নিজের জ্ঞান জপুর্গ, অতএব আর কোথাও এমন-কোন জ্ঞান অবশ্যই আছে যাহা সর্বাতোভাবে পূর্ণ।

উক পরিচ্ছেদের ৯ প্যারাগ্রাকে, ঈখরের সহিত সত্যের কি সক্ষ—এই বিষয়ে বস্থায়ে আবার নৃতনভাবে আলোচনা করি-য়াছেন:—

"সত্যের এই বিশুদ্ধ ভাবটি আমার মনে কোথা হইতে আসিল ? বে সকল এব :নিরম, আমাদের বিচারয়ক্তিকে পরিচালিত করে, চরিত্রনীতি :গঠিত করে, যাহার দারা আমাদের চিত্ত, আকৃতি-বিশেষের ও গতিবিশেষের প্রচ্ছর পরিমাণ আবিদ্ধার করে—এই সকল নিরম মানব-চিত্তে কোথা হইতে আসিল ? এক কথায়—বৈ সকর নিভাগতা সম্বন্ধে আমরা এত আলোচনা করিতেছি--এই সকল নিতাসতা সমুধ্যের মনে কোথা হইতে আদিল ? যে সকল ত্রিকোণ, চতুকোণ ও বুলের আকৃতি আমরা স্থূনভাবে কাগজে অক্কিত করি, উহাদের পরিমাণ ও সম্বন্ধ কি পূর্ব্ব হইতেই আমার মনে অন্ধিত আছে ৷ অথবা, উহা অপেকা, আর কোন সঠিক আদর্শ আছে যাহা হইতে এই সকল আফুতি আমাদের মনে প্রতি-ভাত হয় 📍 এই সুক্ষ জিকোণ ও বৃত্ত, জগতের ভিতরে কিংবা चाहित्त - काथा अ कि मम्पूर्ण-विश्वक काकारत क्षविष्ठि कत्रिराज्यक, এবং তাহারই ভাব কি আমাদের মনে অঞ্চিত রহিয়াছে ? এবং এই সকল যক্তির নিয়ম ও আচারণের নিয়ম এমন কোথাও কি অবস্থিতি করিতেছে যেখান হইতে তাহাদের গ্রুৰ সত্যতা স্মামাদিগকে জানাইয়া নিতেছে? বরং ইহাই কি ঠিক নহে.—যিনি, পরিমাণ. সাম∌সা, এমন কি সভাকে, সর্বাহ বাাপ্ত ক্রিয়া রাথিয়াছেন, তিনিই উহাদের এব ভাব আমাদের মনে অভিত করিয়া নিয়াছেন ? * * * **অতএৰ এইরূপ বৃঝিতে হইবে,—সামাদের আয়া, ঈশবের আদর্শে** পঠিত;—তাই, সভাকে উপলব্ধি করিতে সমর্থ: সে সভা স্বয়ং ঈথরের মধ্যেই প্রতিষ্ঠিত: আত্মা সেই মূল-আদর্শের দিকে, অর্থাং জম্বরের দিকেই মুথ ফিরাইরা থাকে; যতটুকু সত্য প্রকাশ করা ঈশবের অভিপ্রেত, ততট্কু সতাই আয়ার নিকট প্রকাশিত হয় * * * ইहार व्याक्टर्गत विश्व (व. मायूव এই সকল সত্য উপল্क्रि করিতেছে অথচ ইহা বুঝে না বে, সমস্ত সত্য ঈশর হইতেই আসি-তেছে, সমস্ত সত্য ঈশরেই অবস্থিতি করিতেছে, এবং সেই সত্য ঈশর चनः • • • रेश निक्ठि,—शश किइ जाह्न,—शश किइ स्त्राउ পরিবাক রহিরাছে, ঈশ্রই দেই সমস্তের মূল-কারণ ; তিনিই মূলসতা। খনস্ত শ্বরপের সহিত স্বন্ধ থাকাতেই সভাের স্তাতা; স্তাকে অব্যন্থ করিতে গিয়া আমরা তাঁহাকেই অব্যন্থ করি, সত্যুক্তে লাভ করিতে পিয়া আমরা তাঁহাকেই লাভ করি।''

ধ পরিছেল—১৪ পারা; ইন্সিরাদি আমাদের আয়ার সতোর জ্ঞান আনরন করে না; ইন্সিরাদি উহাকে উদীপ্ত করে, প্রকাশিত করে, কতকগুলি কার্যাকল জানাইরা দের মাত্র। মানব-আরা কারণান্থসমানে প্রবৃত্ত হয়; কিন্তু কোন উচ্চতর জ্ঞানালোক ছাড়া—
অর্থাং ঈশ্বর ছাড়া, কোন মূল কারণ, কোন বোগবন্ধন, কোন মূলতত্ব আর কোপাও সে শুলিয়া পার না। অতএব ঈশ্বরই সতাঅরুপ; ইনি সকলের মনে নিতা প্রতিভাত হইরা পাকেন—ইনিই
জ্ঞানের প্রকৃত উংস; ইইা হইতেই জ্ঞান মালোক লাভ করে,
ইহার ঘারাই জ্ঞান নিখাস গ্রহণ করে, ইহার ঘারাই জ্ঞান জীবন
ধারণ করে।"

সপ্তদশ শতাব্দির শেষভাগে লাইব্নিজ্ (Leibnitz) এই বিষয়-স্থাক্ষে যে সাক্ষা দিয়াছেন ভাষাতে সাক্ষোর চূড়াস্ত হইয়াছে—জামা-দের সাক্ষাসংগ্রহ সম্পূর্ণ হইয়াছে।

তিনি তাঁহার "জ্ঞানক্রিরা সহজে চিন্তা" নামক এছে বনিরাছেন বে, প্রাথমিক তর্পুলি ঈশ্বরের উপাধি। তিনি বলেন;—"মাছ্র, মূলতর পর্যান্ত আরোহণ না করিয়া তরুসমূহের সমীচীন ব্যাথ্যা করিছেন পারে—এরপ স্মামি বোধ করি না। মূলতক্বে পৌছিলে, ব্যাথ্যা করিবারও আরে কিছুই অবশিষ্ট থাকে না। কেন না, উহাই ঈশ্বরের চরম উপাধি।"

"দার্শনিক মূলতত্ব" নামক তাঁহার আর এক গ্রন্থে তিনি একই মত ব্যক্ত করিয়াছেন। "নিতাগতাগমূহ এবং যে সকল তব্ব এই



নিতাস্তাকে অবলম্বন করিয়া আছে তংসমন্তই ঐখরিক জ্ঞানের অন্তর্ভ ।''

আর এক গ্রন্থে এইরূপ আছে;—"কতকগুলি স্বচ্দার্শনিক যে বিলিয়াছেন,—যদি সমস্ত জ্ঞান অন্তর্হিত হয়—এমন কি, যদি ঐশরিক জ্ঞানও অন্তর্হিত হয়, তথাপি এই নিত্য তত্বগুলি থাকিবে—এ কথা বলিবার আমি কোন আবশাকতা দেখি না। কেন না, আমার বিবেচনায়, এই সকল নিত্য তত্বের সত্যতা, ঐশ্বিক জ্ঞানের উপ-রেই প্রতিষ্ঠিত।"

আর এক গ্রন্থে তিনি বলেন,—"দন্তার ধারণার ভাষ, মৃল্তবের ধারণাও আমাদের অন্তরে পূর্বা ইইতেই বিভ্যান। এই মূল্ভবন্তনি ঈখরের উপাধি ভিন্ন আর কিছুই নহে। এবং এ কথাও বলা যাইতে পারে,—ঈখর ক্ষম থেরূপ সকল সভার মূল্ভব, দেইরূপ এই সকল মূল্ভব্ও সকল সত্যের প্রব্ব।"

আর এক স্থলে আছে:—"কেহ জিজাদা করিতে পারেন,—কোন আয়া-পুক্র না থাকিলে, এই দকল মূলতর কোথায় থাকিত ? কোন না, কোন আয়াপুক্র থাকিলে ত্রেই এই দকল নিতা দড়োর দজাতা বাত্ত্বিক ভিত্তির উপর প্রতিষ্ঠিত হইতে পারে। এই প্রপ্রতি অবশেবে আমাদিগকে তাবং দতোর চরম ভিত্তিমূলে লইয় য়য়;—দেই পরমপুক্ষের দিকে—দেই দার্কভৌম পরমায়ার দিকে লইয় য়য়;—দেই পরমপুক্ষের দিকে—দেই দার্কভৌম পরমায়ার দিকে লইয় য়য়;—বাহার জ্ঞান, বাত্ত্বপক্ষে নিতা দত্য-সমূহের অধিচানভূমি এবং যাহা অগষ্টিন-মূনি অস্তরে উপলব্ধি করিয়া, এই দব কথা এমন শ্রীবস্ত ভাবে ব্যক্ত করিয়াছেন। কেহ না ভাবেন, ইহার পুনরা-লোচনায় কোন প্রয়োজন নাই। এই দকল অবশ্রস্তাবী তব্ধের মধ্যে, দমত দতার পরিচালক জ্ঞান ও নিয়মক মূলত্ত্য—এক

দ্ধার, সমস্ত ত্রন্ধাণ্ডের নিয়ম নিহিত আছে কি না তাহা আবোচনা রো আবশাক। বেহেতু এই সকল অবগ্রন্তাবী সত্যা, সমস্ত আগস্ত ন্তার পূর্ববর্তী; অতএব এই সকল অবগ্রন্তাবী সত্যা, কোন অবশ্র-দ্বাবী সন্তার মধ্যে অবশাই প্রতিষ্ঠিত আছে। আমাদের অন্তরে যে কিল সত্য মৃদ্রিত বহিয়াছে ভাহার মূল-আদর্শ আমি সেই সন্তার নধ্যেই দেখিতে পাই;—প্রতিক্রার আকারে নহে, পরস্ত মূল-প্রস্তান বণের আকারে "।

এইরপে প্লেটো হইতে আরম্ভ করিয়া লাইকনিজ পর্যান্ত বড ্ দকল দার্শনিকেরাই এই সিদ্ধান্তে উপনীত হইয়াছেন যে, সার-সতা সার-সভারই উপাধি। যেমন সতাকে ছাডিয়া আমরা ঈশ্বরকে বুঝিতে পারি না, দেইরূপ ঈশ্বরকে ছাড়িয়া স্বামরা সতাকে বুঝিতে পারি না। মানব জান ও পরম-জান-এই উভয়ের মধ্যে সত্য এক প্রকার মধাবত্তী রূপে প্রতিষ্ঠিত। সন্তার নিয়তম ধাপ ইইতে উচ্চতম श्रां शर्या । अर्थ ३ हे अन्तर्भ विकासान : (कन ना, मर्व्य खरे कि कू-ना-কিছু সতা আছে। প্রকৃতি-রাজ্য আলোচনা করিয়া দেখ; যে সকল নিয়মের দ্বারা প্রকৃতি নিয়মিত হইতেছে, যে স্কল নিয়ম প্রকৃতিকে শীবস্ত করিয়া তৃলিয়াছে, সেই সকল নিয়মে আরোহণ কর; যতই ভুমি ঐ দুকুল নিয়মের মধো ভুলাইতে পারিবে, ততুই তুমি ঈশ্বরের নিকটবর্ত্তী হুইতে পারিবে। বিশেষত: মানুষকে আলোচনা করিয়া দেখ; প্রকৃতি অপেক্ষা মানুষ আরো বড়; কেন না, মানুষ সাক্ষাৎ ঈশ্বরের স্বরূপ হইতে সমুংগন্ন। মাতুষ ঈশ্বরকে জানে, প্রকৃতি ঈশ্বকে জানে না। সর্বত্রই সভাকে অবেষণ কর, সভোর অমুরাগী ছও এবং সভাকে সেই অমৃতস্থরূপে লইয়া যাও—যিনি সভাের মূল-প্রস্রবন। যতই তুমি সভাকে জানিবে, তভই ভূমি ঈশবকেও

জানিতে পারিবে। বিজ্ঞান, মাত্র্যকে ধর্মপথ হইতে এই করা দ্রে থাক্—বিজ্ঞানই মাত্র্যকে ধর্মপেপে লইরা যার। নিরমাদি-স্বপতি সমস্ত ভৌতিক বিজ্ঞান, স্কল্পধারণাদি-সহক্রত সমস্ত গণিতবিদ্যা, বিশেষতঃ দশনশান্ত—যাহা সার্ক্ষরেরাম ও অবশান্তাবী তর্বসমূহ উপলব্ধি না করিয়া একপদ ও অগ্রসর হইতে পারে না—এই সমস্ত জ্ঞান বিজ্ঞান, ঈশ্বরের নিকট পৌছিবার যেন এক একটি ধাশ – যেন এক-একটি মন্দির, যেধানে ঈশ্বরের চরণে ভিত্তিপূস্পাঞ্জলী নিত্যকাল হইতে অর্পিত হইয়া আসিতেছে।

কিন্তু এই সকল উচ্চ ভৱের আলোচনা করিতে গিয়া, ছইটি ল্রমে পতিত হইবার আশক। আছে; এই ল্রমের হস্ত হইতে আপনাকে সাম্লাইতে হইৰে। অনেক প্ৰতিভাশালী ব্যক্তিও এই ভ্রম হইতে আপনাকে বাচাইতে পারেন নাই। একটি ভ্রম,--মানুষের জ্ঞানকে নিছক ব্যক্তিগত বলিয়া দিলাভ করা; দিতীয় ন্ত্রম,—সূত্রা ও ঐথবিক জ্ঞানকে এক করিয়া ফেলা—উভয়কে একত্র মিশাইয়া কেলা। যদি মানক-জ্ঞান নিছক বক্তিগতই হয়, তাহা হুইলে, যাহা কিছু ৰাজিগত তাহা ভিন্ন মান্ত্য আর কিছুই বুঞ্জি পারে না; যাহা ভাহার বাক্তির-সীমাকে ছাড়াইয়া যায় ভাহা তাহার আদৌ ৰোধগ্ৰা হইতে পাৱে না। ভাগ হইলে মানৰ-জ্ঞান যে 📆 সাৰ্ব্বভৌম ও অবশাস্থাবী কোন সভোতে পৌছিতে পাৱে না তাহা নহে ; পরস্তু, যেমন কুর্য্য আছে বলিয়া কোন জন্মান্ধ ব্যক্তির সন্দেহ প্রায় হয় না, সেইরপ, ঐপ্রকার কোন স্ভাসম্বন্ধে মানবজানের কোনরূপ ধারণাই হইতে পারে না। এমন কোন শক্তি নাই.— এমন কি ঈশ্বরেরও শক্তি নাই বে, সেই স্থলে, ঐ-প্রকার কোন সভা, মাত্র্যকে উপলব্ধি করাইতে পারে যাহা তাহার প্রকৃতির একাস্ট

বিক্রদ। কেন না, আমাদের চিত্তকে ঈশ্বর যদি শুধু জ্ঞানালোকে बालांकिত करतन, ठांश श्रेलंश यर्पष्ठ श्रेट्व ना:--आमार्मित्र हिल्डत গঠন পৰ্য্যন্ত তাঁহাকে বদলাইতে হইবে,—একটা নৃতন বুত্তি তাহাতে যোগ করিল দিতে হইবে। পক্ষাস্তরে, যে সত্য প্রমজ্ঞানের বিষয়, যে সত্যের মূলতত্ত্ব স্বরং ঈশ্বর, মানব-জানকে সেই সত্যের স্থলাভি-যিক করা যাইতে পারে না ; অমেরা মাল্রাঁশের মত, মানব-জানকে এতদুর অবাজিগত করিয়া দাঁড় করাইতে পারি না। সভাই সম্পূর্ণ-ক্রপে অব্যক্তিগত-মানব-জ্ঞান কিন্তু স্বেক্সপ নহে। মানব-জ্ঞান ঈথর হইতে উৎপন্ন হইলেও, উহা মালুবের মধ্যেই অব্স্থিত : এই জ্যুট্ মানব-জ্ঞান ব্যক্তিগত ও দীমাবন্ধ:-কিন্তু তাহার মল অন্তের মপোই নিহিত। বাজিবিশেবের মধ্যে অধিষ্ঠিত বলিয়া সেই হিসাবে মানব-জান বাজিগত; অথচ, সার্স্তোম ও অবশান্তাবী স্তান্মহের ধারণার জন্ম, মানব প্রকৃতির মধ্যে কি-ছানি-কেমন একপ্রকার সার্পভৌমতারও লক্ষণ বিজ্ঞমান। তাই, যে রক্ষ ভাবে দেখা যায় তদ্যুদারে, কথন বা মানব-জানকৈ অতি দীন, কথন বা অতি উচ্চ বনিগ্রা আমাদের মনে হয়। মানব-জ্ঞানের পক্ষে সত্য একপ্রকার ধার-করিলা-পাওয়া জিনিদ; কিন্তু সতা আসলে আর এক জ্ঞানের বিষয়: স্পাং দেই পরম-জানের বিষয়,—হাহা নিতা ও অক্কত,— এমন কি বাহা বয়ং ঈশর। আমাদের মধ্যে যে সতা রহিয়াছে. আমাদের ধারণার বিষয়,—আমাদের বাসনার বিষয়। ঈশরের মধ্যে ঐ সভা—ভাষ, দয়া, পবিত্রতা প্রভৃতি উপাধিরপে বিভ্যমান। সে কথা বিশেষকরিয়া পরে আলোচনা করা যাইবে। ঈশর আছেন; যে পরিমাণে তিনি আছেন, সেই পরিমাণে তিনি চিম্বাও করেন; তাহারই চিম্বা—এই সকল

তিনি যেমন নিতা সতা, তাঁহার চিন্তাগুলিও সেইরূপ নিতা স্তা।

এই সকল সত্যা, বিশ্বক্ষাণ্ডের নির্মের মধ্যে প্রতিফলিত; এবং উহা উপলব্ধি করিবার জন্ম মানব-জ্ঞান বিশেব শক্তিলাভ করিবাছে। সভাই ঈশ্বরের পুত্র, সতাই ঈশ্বরের বাণী—আমি প্রায় বলিতে বাইতে ছিলাম, সতাই ঈশ্বরের ক্রিয়া-পদ। ''আইডিয়া''-বাদ মালুবের নিকট ঈশ্বরক প্রকাশ করিরাছে—মান্তবকে ঈশ্বরের দিকে লইরা গিরাছে, তাই প্রেটো, ''ঈশ্বরের মগ্রন্ত''—এই উপাধি প্রাপ্ত ইয়া-ছেন। সেই জন্মই এই আইডিয়া-বাদ অগন্তিন্মুনির এত প্রিয়; দেইজন্মই বন্ধ্যের প্র নিকট ইহার এত আদর। এই মতবাদ্টির সমীচীন বাাধা করিয়া, আধুনিক কালের আলোকে পরিশোধিত করিয়া, এখন ইহাকে যেরূপ আকারে লাড় করান হইয়াছে তাহাতে বড় বড় পুরাতন দর্শনতন্ত্রের সহিত—খুঠ্ধান্মর সহিত—ইহা একশে একস্বত্রে প্রথিত।

সত্যের বিজ্ঞান, যে চরম সমসাটি উপস্থিত করিয়াছে তাহা এই:
— আমরা সার সত্যের ভিত্তি প্রাপু হট্যাছি। ঈথরই আধারবস্তু,
ঈথরই পরমজ্ঞান, ঈথরই পরম কারণ, ঈথরই এই সমস্ত সত্যের
সমবার,—একাঙ্গন। এই ঈথর—এই ঈথরই একমাত্র সত্য—
মাহার পর অন্থেষণ করিবার আর কিছুই নাই।

পঞ্চম উপদেশ।

যোগবাদের গুহাতন্ত্র।

যে সকল শক্তি ও নিয়ম এই জড়জগংকে অনুপ্রাণিত করিতেছে—
পরিশাসিত করিতেছে, অথচ যাহা নিজে জড় নহে—সেই সকল
শক্তি ও নিয়মের উপর যথন আমর। মনোনিবেশ করি, অথবা মনের
নিকট যে সকল সার্কভৌম ও অবগুডাবী সতা প্রকাশ পায়, অথচ
যাহা নিজে মন নহে—দেই সকল সতা যথন আমরা আলোচনা করি,
তথন আমাদের জ্ঞান স্বভাবতই এই সিদ্ধান্তে উপনীত হয় যে, এই
সকল বিধনিব্য ও বিধশক্তির একজন জ্ঞানবান পরিচালক আছেন।

আমরা ইংরকে প্রতাক্ষরণে উপলব্ধি করি না; পরন্ধ আমাদের দৃষ্টির সমক্ষে এই যে আন্চর্যা বহির্জগং প্রসারিত, এবং আরো এক আন্চর্যাতর জগং আমাদের অন্তরে অনিষ্ঠিত—এই চুই জগতের উপর বিধাস হাপন করিয়া, সেই বিধাসের মৃলে, অন্থমানের দারা আমরা ইংরকে উপলব্ধি করি। এই সুগল পথ দিয়া আমরা ইংরে উপনীত হই। ইংহাই সকল মন্ত্যের পক্ষে স্বাভাবিক পথ। স্কু, প্রকৃতিস্থ দশনশাস্বের নিকটেও এই পথটিই প্রশস্ত। কিন্তু এমন কতকগুলি ত্র্কান্তিত্ত লোক আছে যাহারা সে পর্যান্ত যাইতে পারে না; অথবা এমন কতকগুলি ত্রিনীত স্পর্যানান লোকও আছে যাহারা সেই পর্যান্ত গিয়া সেইথানেই থামিতে পারে না। অভিজ্ঞতার সংকীর্ণ গণ্ডির মধ্যে বন্ধ থাকিয়া, উহারা দৃই বন্ত হইতে অনৃষ্ঠ বন্তর সিদ্ধান্তে উপনীত হইতে সাহসী হয় না। অথচ তাহাদের প্রাতাহিক জীবনে তাহারা কি করে ? একটা কোন ঘটনা দেখিলেই তাহার একটা

কারণ আছে বলিয়া কি তাহারা স্বীকার করে না ? এমন কি, সেই কারণ প্রত্যক্ষণোচর না হইলেও, সেই কারণের সতা কি তাহারা মানিয়া লয় না ? কারণকে প্রত্যক্ষ না করিয়াও, সেই কারণে তাহারা বিশ্বাস করে, এবং সেই বিশ্বাসের মূলেই, তাহারা সেই কারণ-সভার অবশুদ্রাবী ধারণায় উপনীত হয়। মহুষ্য ও জগং— এই চুইটি ব্যাপারও বিনা কারণে উংপন্ন হইতে পারে না—যদিও সেই কারণ আমাদের দৃষ্টির অংগাচর, স্পর্শেরও অগ্রাহ্।

কোন প্রকার যুক্তির পাক5ক্র ব্যক্তীত, যাহাতে আমরা প্রতাক্ষ হুইতে অপ্রত্যক্ষে, স্মীম হুইকে অগীমে, অপূর্ণ হুইতে পূর্ণে উপনীত হইতে পারি; তা ছাড়া, যে সকল সার্স্তেমি ও অবশুতাৰী সত্যের ছারা আমরা দর্পতোভাবে পরিবেটিত - দেই দকন দত্য হইতে. যাহাতে ভাহনের নিতা ও অবশাভাবী মূলতত্বে পৌছিতে পারি, এই জন্মই আমরা প্রজা লাভ করিলছি। ঐ প্র্যান্তই আমাদের জানের দোড.—আমাদের জ্ঞানের স্বাভাবিক ও বৈধ প্রসর-সীমা। যে প্রমাণের উপর এই জ্ঞান প্রতিষ্ঠিত, স্বামাণের জ্ঞান তাখার কোন হেতু নির্দেশ করিতে না পারিলেও, তাহার দরণ দেই প্রমাণের কোন লাঘৰ হয় না; তাহার বলবতঃ অপ্রতিহতই থাকে। ঈশ্বর আমানিপকে যে দকল জ্ঞান-বৃত্তি দিলাছেন, তাহার সতাতা সধ্যুদ্ধ বে ব্যক্তি সংশয় করিতে—বিরোধ করিতে পরাত্মথ, তাহার নিকট ঐ अभागहे यात्र शत्र माहे वनवर। छात्मत्र अठि विष्टारी स्टेल, তাহার শান্তি হাতে হাতে পাওয়া যায়। মিথ্যা জ্ঞানের শান্তিস্বরূপ আমরা অসংযত আতিশ্যোর পথে নীত হই। প্রতাক জ্ঞানের मःकीर्व भीमात्र मधारे यनि आमत्रा यनुष्ठा कृतम विश्वाम निवस कत्रि, তাহা হইলে স্মামাদিগকে ক্রন্ধাস হইয়া পড়িতে হয় ; তথন তাহা ৈতে যে কোন প্রকারে হউক, আমরা বাহির হইরা আদিতে চেঠা রি,এবং আর একটা কোন অভিনৰ জ্ঞানের পন্থা বাহির করিবার জন্ত । লারিত হই। পূর্বে যাহারা অদৃশু ঈশবের সন্তা স্বীকার করিতে । হস পার নাই, তাহারাই এখন স্পর্কা করিরা,—ইদ্রিন-গ্রাহ্ বিবয়ের । । নাই করিবার জন্ত সচেঠ হয়। প্রজ্ঞাকে সংশ্র করা, প্রজ্ঞাবান নীবের পক্ষে একটা বিবম হর্বেলতা। সহজ্ঞ জ্ঞানের পথে হতাশ । ইরা, অবশেষে ঈশবের সহিত সাক্ষাৎ-সবদ্ধে যোগ নিবদ্ধ করিবার হল্লনা করা নিতান্তই ধৃইতা সন্দেহ নাই। এই যে নৈরাশ্ত-প্রস্তুত ব্যাকাজ্ঞা হুই কল্লনা - ইহাই যোগবাদের গুহুতন্ত । (Mysticism)

এই অনীক কল্পনার পরিপোক্ষণে একটু বিপদের সম্ভাবনা আছে। তাই, আমরা যে পথ ধরিয়াছি, দেই পথ হইতে এই কল্পনাটকে সাধ্যমতে অপ্যারিত করা আবশুক মনে করি। এই গুহতহাট আমাদের আলোচা বিষয়ের খুব সংলগ্ন। ইহার অলীক মহরে, অনেক সাধু-আত্মা বিদ্যুর হইয়া বিপশে যাইতে পারে, এই আশহাতেই আমরা ইহার নিরাকরণে এত সমুৎস্কর। বিশেষত আমাদের এই যুগ অবসাদের যুগ। বেশী আশা করিয়া লোকে যথন দারণ নৈরাশ্রে পতিত হয়—যথন মানব-জ্ঞানের নিজস্ব শক্তিতে বিশাস হারায়, অগচ ঈশ্পরের অভাব অফুতব করে, তথন এই অবিনশ্বর অভাবটি পূরণ করিবার উদ্দেশে, তাহারা নিজের জ্ঞান ছাড়া আর সকলেরই ছারত্ব হয়; ঈশ্পরে উপনীত হইবার যে একমাত্র পথ উলুক্ত—দেই পথটি না চিনিয়া, এবং যাহা অসঙ্গত—যাহা অন্তব—সেইরূপ কোন একটা নৃতন পথ অফুসরণ করিতে প্রের্ত্ত হয়;—আকাশ-কুস্থমকে ধরিবার জন্ত সহজ জ্ঞানের ৰাহিরে আপনাকে নিঃক্ষেপ করে।

এই মোগবাদের মধা,—জ্ঞানের হলে এক প্রকার নির্কীর্য্য সন্দেহবাদ এবং সেই সঙ্গে একটা অন্ধবিষাসও নিহিত আছে। মে সকল অকাট্য নিয়মে মানব-প্রকৃতি আবদ্ধ, সেই সকল নিয়ম পর্যান্ত যোগবাদীরা বিশ্বত হয়েন। বিশ্বত্রন্ধাণ্ডের স্বচ্ছ অবগুঠনের অন্তর্গাল হইতে ঈগরকে দর্শন করা, সভ্যের সত্য বলিয়া তাঁহাকে উপলব্ধি করা—ইহা তাঁহাদের মনঃপৃত হয় না, তাঁহাদের পক্ষে মথেও হয় না। বাইছগতে ঈশর-সভার বিবিধ অভিব্যক্তি ও নিদলনমাত্র দেখিয়া যোগবাদীরা ঈশরে বিশ্বাস হাপন করিতে চাহেন না; তাঁহারা প্রত্যক্ষভাবে ঈশরকে উপলব্ধি করিতে চাহেন; তাঁহারা কথন বা ভাবরসের দ্বারা, কথন বা অন্তর্কার দ্বারা, কথন বা অন্তর্কার দ্বারা, কথন বা অন্তর্কার দ্বারা দ্বার দ্বারা করিতে চাহেন; আগবাদে ভাবরসের সমিধিক প্রাধাত্ত দৃষ্ট হয়, অভ্যান্ত ভাবরস দ্বিনিদ্যা কি—ভাবরসের প্রকৃতি কি, তাহা প্রথমেই আলোচনা করা আবশ্রক। মানব-প্রকৃতির এই কোঁত্রকাবহ অংশটি এ পর্যান্ত কেহ ভাল করিয়া অন্থনীনন করে নাই।

ভাবরদকে ইক্সিয়নোধ হইতে পৃথক্ করা আৰক্তক। একভাবে দেখিতে গেলে—চেতনা ছই প্রকার। একটি বহির্থী;—উহার দারা বহির্ধগতের প্রতিবিধ-সমূহ আত্মার নিকট প্রেরিত হয়; একং অপরটি অন্তর্মী; উহার সহিত আত্মার সাক্ষাং সম্বন্ধ। একটির যোগ বহিঃপ্রকৃতির সহিত; অপরটির যোগ আত্মার সহিত। একটির দারা বহির্বাপার—অপরটির দারা অন্তর্বাপার সকল উপলব্ধ হয়। আমরা থখন কোন সত্য আবিদারে করি, তখন আমাদের মধ্যে এমন-একটা কিছু থাকে—এই আবিদারে থাহার স্থাক্তব হয়।

। আয়প্রপাদ অম্বত্তব করি, তাহা শারীরিক হু. এর স্থায় তীব না উক, তাহা অপেকা অধিক হকুমার—অধিকতর স্থায়ী। জ্ঞান-চতস্তমন্ব আয়ার এমন একটি বিশেষ যন্ত্র থাকা অবস্থাক যাহার দারা গাহার স্থা হেংব বোধ হইতে পারে। আয়ুচৈতস্তের অবস্থাভেদে, স্থা গৈবেরও তারতম্য হইয়া থাকে। শারীরিক ও মানসিক – এই দ্বিধি গাবরসের একটা গভীর উৎস আমাদের অস্তরেই বিস্থমান; উহার দারা মামাদের শারীরিক ও মানসিক প্রকৃতির মধ্যে যে ঘনির্চ যোগ আছে তাহাই পরিবাক্ত হয়। পভরা ইন্দ্রিরবোধের পরপারে যাইতে সমর্থ হয় না — এবং বিভন্ধ মননক্রিয়াও দেব-প্রকৃতি ছাড়া আর কোথাও সম্ভবে না। যে ভাবরস ইন্দ্রির-বোধ ও মননক্রিয়া— এই দুয়ের আংশিক মিশ্রণে উৎপন্ন, সেই ভাবরসই মন্ত্র্যের নিজস্ব বস্তু। একথা সত্যা,—ভাব জ্ঞানের প্রতিক্ষনি ছাড়া আর কিছুই নহে। কিন্তু এই প্রতিক্ষনি কথন কথন জ্ঞানের মূল-ধ্যনি অপেকা আরো হল্মজপে শোনা যায়। কেন না, ভাব,— আয়ার অস্তরতম অংশে, স্কুমারতম অংশে, প্রতিধ্বনিত হইয়া, সম্ব্র মানুষ্টিকে কাপাইয়া ভূলে।

ইহা একটি আশ্চর্যা ব্যাপার, যথনি জ্ঞান কোন সভাকে উপলব্ধি করে, অমনি সে তাহার প্রতি আসক্ত হইয় পড়ে—তাহাকে
ভাল বাসে। এ বাপারটি সর্ক্রাদীসমত; ইহাতে কোন সংশন্ধ
নাই। বাত্তবিকই আয়া সভাকে ভাল বাসে। এ এক চমৎকার
নাপার! কোন এক কুদ্র জীব,—যে, জগতের একটা মূদ্র কোনে
পড়িয়া আছে, বাধা বিদ্রের সহিত যাহার নিয়ত যুদ্ধ করিয়া জীবন
ধারণ করিতে হয়, নিজেরই ভাবনা-চিন্তায় যাহার ঘথেষ্ট বাপ্ত
থাকিতে হয়, আপনার জীবনকে মুর্ফিত ও একট্ বিভূষিত করিবার
জন্ম যাহার নিয়ত বাস্ত থাকিতে হয়—সেই ভীব কি না এমন কোন

কিছুকে ভাল ৰাদিতে সমর্থ যাহার সহিত তাহার আদিলে কোন দম্পর্ক নাই—যাহা নিরবচ্ছিল অনুশ্য জপতের জিনিদ। দত্যের প্রতি নি:স্বার্থ প্রেম, তাহারই মহজের দাক্ষ্য দেন—যে এই দত্যকে ভালবাদে।

জ্ঞান আর একটু বেণী দুর যায়; জ্ঞান সতাকে জানিয়াও সন্ত্রন্ত নহে । সত্যের সন্ত্রন্ত নহে । সংবার করে ন্যুক্ত নহে । সংবার বিশ্বন মূলতবের সহিত যবক্ষণ সত্যের যোগবন্ধন না হয় ততক্ষণ সত্যেক ঠিক জানা হয় না;—সত্য বস্তু আসলে যাহা, তাহার উপলব্ধি হয় না। সংবার চরম মূলতবে পৌছিলেই জ্ঞান আর অগ্রন্তর হইতে পারে না, তথন দে এমন একটা সীমায় আসিয়া পৌছে যাহা হল্লজ্ঞানীয়। তথন তাহার আর কিছু পাইবার থাকে অল্লেখণ করিবার থাকে না। ইত্রাং জ্ঞান সেইখানে আসিয়াই থামিয় পড়ে। জ্ঞানের তিরসহচর ভাবও জ্ঞানকে করাবর অক্সরণ করিয়া চলে। জ্ঞান বেন্ধপ স্ত্যের চরম মূলতবে আসিয় বিশ্রাম করে, ভাবও সেইরপ জনাদি অনস্ত পুক্রে আসিয়া তাহার রই প্রেমে নিমন্ত্রহ।

আমরা যথন সদীম বস্তকে ভাল বাদি,—এমন কি, সভাকে, সুন্তরকে, মদলকে ভাল বাদি—তথন আদলে আমরা দেই অদীনে মুদ্দ বে, বতক্ষণ আমরা অধীনের অমৃত-উৎসে উপনীত হই, ততক্ষণ আমরা ভৃতিলাভ করি না। স্মামরা অদীমকে চাহি বলিয়াই আমাদের ক্ষর আর কিছুতেই পরিভৃপ্ত হয় না। আমাদের প্রচণ্ড আবেগ সম্হের অন্ত:তলে—লগু বাদনা-সম্হের অন্ত:তপে, এই অধীনের ভাব রব—এই অধীনের অব্যাহান বিশ্বানা। তারকা

খচিত নভোমণ্ডলের সমুথে আত্মা যে দীর্ঘ নিধাদ পরিত্যাগ করে; যশোলিপা, উচ্চাকাঙ্খা প্রভৃতি হৃদরের প্রচণ্ড আবেগ-সন্থের সহিত যে বিগাদ-নৈরাশা অনুস্তি,—এসমন্তে, অসীমের আকাজ্জা একটু বেশী স্টিত হয় সন্দেহ নাই; কিন্তু যে নীচ চপল প্রেম—পদার্থ হইতে পদার্থান্তরে আদক্ত হইয়া, জলম্ভ বাসনা, স্থতীর উদ্বেগ, হঃথময় নৈরাশ্রের মধ্যে চক্রবং পরিভ্রমণ করে, তাহার মধ্যেও অসীমের আকাজ্জা গৃঢ্ভাবে নিহিত।

ভাব ও জ্ঞানের মধ্যে এই বিষয়ে আর একটু বিশেষত্ব আছে। কি কাজ করিতে যাইতেছে, কি বস্তু উপলব্ধি করিতেছে, কি ভাব সমুভব করিতেছে তাহার প্রতি প্রথমে লক্ষ্যনা করিয়া, মন একেবারেই স্বীয় বিষয়ের প্রতি ধাবমান হয়। কিন্তু আমাদের চিঙার্ত্তির সহিত, অফুভব-র্ত্তির সহিত, ইচ্ছা-রুভিও বিদামান। মন, ইচ্ছা করিলে আপনাতে আপনি ফিরিয়া আদিতে পারে: আপনার চিস্তা ও ভাবসমূহের আলোচনা করিতে পারে, তাহার অনুমোদন কিংবা তাহার প্রতিরোধ করিতে পারে, তাহা হইতে নিবৃত্ত হইতে পারে, কিংবা তাহা পুনরুংপাদন করিলা তাহার উপর একটা নৃতনত্বের ছাপ দিতে পারে। স্বতঃফুর্ত্তি ও চিস্তালোচনা— এই ছুইটি বৃদ্ধিবৃত্তির মুখাবিকল। এই ছুইটি এক নহে। কিন্তু একটা হইতে আর একটা পরিক্ট হইয়া উঠে। মূলে উভয়ের মধ্যে একই জিনিদ বিদ্যমান। যাহা কিছু স্বতঃক্তৃত্ত তাহাই তম্পাচ্ছর ও বিশৃত্বল ; চিম্বালোচনাই সমস্ত বিষয়কে স্থুম্পষ্ট ও পরিক্ট করিয়া তুলে। কিন্তু চিন্তালোচনা, জ্ঞানের প্রথম সোপান নংহ। জ্ঞান সতাকে সার্কভৌম ও অবশাস্তাবী বলিয়া প্রথমে উপনন্ধি করিতে পারে না। তাই যথন জ্ঞান, ধারণামাত্র হইতে

নতার পৌছে, সত্যের প্রকৃত বিষয়ের সহিত সত্যের সম্বন্ধ স্থাপন করে, তখনও জ্ঞান কিছুই তলাইয়া দেখে না—একটা গভীর অতলম্পর্শের তলদেশে সে যে উপনীত হইয়াছে সে বিষয়ে তাহার একটু সন্দেহ পর্যান্ত হয় না। তাহার মধ্যে যে গৃঢ় শক্তি নিহিত আছে, শুধু দেই শক্তির বলেই সে এই কার্য্য সম্পন্ন করে; তাহার পর,—আপনার কাঙ্গে আপনিই বিশ্বিত হয়। তাহার পর আবার যখন জ্ঞান, স্বকীয় স্বাধীনতার বলে আপনার রুক্তু কার্য্যের বিপ-রীতাচরণে প্রবৃত্ত হয়, যাহা একবার স্বীকার করিয়াছে তাহা আবার অস্বীকার করিতে প্রবৃত্ত হয়—তখন দে আরো আশ্চর্যা হয়। এই-খানেই, মিধ্যা তর্কজন্ত্রনার সহিত সহজ বৃদ্ধির—মিধ্যা বিজ্ঞানের সহিত, স্বতঃসিদ্ধ সত্যের,—স্থ-দর্শনের সহিত কু-দর্শনের, যুঝাযুঝির স্ত্রপাত হয়। এ সমস্তই স্বাধীন চিস্তার ফল। ভ্রমে পতিত হও-য়াই স্বাধীন চিস্তার একটি উন্নতত্ত্ব অধিকার-একটি শোচনীয় व्यक्षिकात । किन्न चाथीन हिन्छ। इटेंट्ड य द्यांग डेर्शम हम्. न्धारीनिक्सिके एमके द्वारंगत लेखर । यमि अ ब्लान, न जारिक म जारक অস্বীকার করিতে সমর্থ, তথাপি সে প্রায়ই উহাকে অমুমোদন করে; জন্মই হউক বেশীই হউক একটু ঘোরপাক্ পথ দিয়া আপনাতেই আবার ফিরিয়া আইসে। মানব-প্রাকৃতিদিদ্ধ বৃত্তি-সমূহের বিকল্দ স্বাধীনচিন্তা যতই চেষ্টা প্রয়োগ করুক না কেন, শেষে সেই স্বভাব-দিদ্ধ প্রকৃতিই প্রায় জয়লাভ করে; স্বাধীন চিস্তা, জ্ঞানের স্বতংক্ত মূলতব্দমূহে আবার ফিরিয়া আইদে। গোড়ায় যাহা ছিল, শেষে ভাহাই থাকিয়া যায়। কেবল, গোড়ার স্বতঃক্তু ব্যাপারে যে একটি শক্তি আছে, দে শক্তিটি আছবিশ্বত; এবং চিস্তালোচনা-সমুৎপন্ন ব্যাপারের মধ্যে যে শক্তি প্রকটিত হয়, দে শক্তিটি আপ

নাকে আপনি জানে—এই মাত্র প্রভেদ। একটিতে স্বতঃক্তৃত্ত জ্ঞানের জয়, আর একটিতে চিস্তাপ্রস্ত বিজ্ঞানের জয়।

ভাব—যাহা জ্ঞানের চিরসহচর, সেইভাব সম্বন্ধেও এই এক্ইরূপ বাপার পরিলক্ষিত হয়।

জ্ঞানের স্থায় আমাদের হৃদয়ের বৃত্তিও অনস্তকে অনুসরণ করে: প্রভেদ এইমাত্র —কথন কথন হাদয় অনস্তকে না জানিয়াও অনস্তকে व्यक्तिम करत्र ; এवः कथन कथन,—य (প্রমের यञ्जनाय क्रम्य कर्ष्ट পায়, দেই প্রেমের অবদান হইয়াছে বলিয়াও হৃত্য উপলব্ধি করিতে পারে। কিন্তু যদি সেই প্রেমের সহিত আবার বিচার-বিতর্ক সংযোজিত হয়: এবং বিচার দার। যদি এইরূপ স্থির হয় যে, তাহার প্রেম যোগাপাত্রেই ক্রন্ত হইয়াছে, তাহা হইলে সেই প্রেম ক্ষীণ হওয়া দূরে থাক—আরও দুটীভূত হয়। প্লেটো বলেন, তাহাতে প্রেমের স্বর্গীয় পাথা ছাঁটা হয় না, বরং প্রেম আরো পরিবর্দ্ধিত ও পরিপুষ্ট হয়। কিন্তু যদি তাহার প্রেমাস্পদ, স্থান্রের ভুধু ছদ্মবেশ ধারণ করে,—গুধু যদি সে আত্মার ত্যা উদ্দীপিত করে,— পরিত্রপ্ত করিতে না পারে, তথন বিচারবিতর্ক আদিয়া, সেই প্রেমের কৃহক ছুটাইয়া দেয়,—দেই প্রেমের গন্ধর্ব-নগরকে ভাঙ্গিয়া দেয়। প্রেমের ভিত্তি কতটা দৃঢ় তাহা না জানিয়া, প্রেমকে বিচার-বিতর্কের হত্তে সমর্পণ করিতে সাহস হয় না। কন্দর্প ! তুমি ওবু তোমার স্থাই দেখিও:-- স্থাথর রহসোর মধ্যে কথনও তলাইবার চেষ্টা করিও না। যে অদৃশ্র প্রেমাম্পদের প্রেমে তুমি মুগ্ধ হইয়াছ, তাহার প্রচণ্ড আলোক হইতে তুমি আপনাকে দূরে রাথিও ; সেই সাংঘাতিক দীপের প্রথম আলোকেই তোমার প্রেমের নিদ্রা ভঙ্গ হইবে—প্রেম পলায়ন করিবে। প্রশাস্ত নিশ্চিন্ত বিশ্বাদের পর,—বিশ্বাদের অক্লচরবর্গ-

সমতিবাহারে বিচার বিতর্জ যথনি আদিয়া উপস্থিত হয় তথনই সদরের প্রলী হদর হইতে অস্তর্হিত হইয়া যায়। বাইবেল-এরে যে জ্ঞান-রক্ষের কথা বর্ণিত হইয়াছে—ইহাই বোধ হয় তাহার গৃত্ অর্থ। বিজ্ঞানের পূর্বে—বিচার বিতর্কের পূর্বে, নির্দোধিতা ও বিগাদের জন্ম। গোড়ার জ্ঞান ও বিচার-বিতর্ক হইতেই,—সংশ্ব, উরেগ, অজ্ঞিত বিষরের উপর বিরক্তি, অনীর তাবে অজ্ঞাত প্রাথের অত্সরণ, মন ও আ্মার উর্বেগ, দারুণ চিন্তা ও জীবন-সংক্রান্ত সমস্ত দোবের উংপত্তি। তাহার পর প্রকৃত বিজ্ঞান আদিয়া পেই নির্দেখিতার স্থান—ধর্মনিন্তা ও অবোধ-সরণ বিথাদের স্থান অধিকার করে। ই সমস্ত নোহবিত্রম উত্তর্গ হইয়া প্রেম অবন্ধের করিয় প্রকৃত প্রেমাম্পদের নিকট উপনীত হয়।

বতংক্ত প্রেমের মধা একটি অক্সতার মাধুগানী আছে—একটি স্থাবের কমনীয়তা আছে। কিন্তু বিচার-দহরত প্রেম ইহা হইতে সম্পূর্ণ বিভিন্ন। ইহা অক্সন্তীর,—ইহা মহান্; এমন কি, ইহার দোবগুলির মধাও পাঙীগা আছে, মহর আছে;—এ মহর সাধীনতার মহর। আমরা বেন তাড়াতাড়ি বিচার-বিতর্কের প্রতি দোগারোপ না করি। উহা হইতে অনেক সময় বেমন আগ্রপ্রীতি উংপর হয়, তেম্নি আবার আহ্যোংসর্গের ভাবও প্রস্তুত ইয়া থাকে। এই আহ্যোংসর্গের অর্থ কি গুলানিয়-ভনিয়্, স্বাধীন ভাবে, স্বেক্ছাক্রমে আপনাকে দান করাই প্রকৃত আহ্যোংসর্গ। ইহাই প্রেমের উচ্চ উদার ভাব; এই প্রকার প্রেমই উদারতেতা মহং ব্যক্তির যোগ্য। অনভিক্ত প্রেম—অর্ক্ত প্রেমই উদারতেতা মহং ব্যক্তির যোগ্য। অনভিক্ত প্রেম—অর্ক্ত প্রেম দেরূপ কথনই নহে। যথন ভাগবদো আ্রাপ্রীতির উপর ছয়গাও করে, তথন পে স্বকীয় প্রেমাম্পাদকে নিজের হান্ত ভাগবাদে না;—দেই প্রেমাম্পাদের হত্তে পে আপনাকে

কাতিরে দান করে। প্রেমের এই এক অচ্ত কাণ্ড—যতই সে । । । এইরপে আত্মবলিদানেই আপনাকে রপ্ত করে; এবং আপনাকে সম্পূর্ণরূপে বিসর্জ্জন করিয়াই, আপার সমস্ত শক্তি ও আনন্দকে নিংশেষিত করে। বিশ্বব্রহ্মাণ্ডে শুধু একজন মাত্র আছেন যিনি এইরপ ভালবাসার যোগ্যপাত্র—ঘাহাকে চালবাসিলে কোন প্রকার ব্রমপ্রমাদে পতিত হইতে হয় না, আশাচল্লের সম্ভাবনা থাকে না, অমুশোচনার সম্ভাবনা থাকে না, একটা নির্দিষ্ট সীমার মধ্যে বদ্ধ থাকিতে হয় না। তিনি সেই পূর্ণ পুরুষ। একমাত্র তিনিই বিচার-বিতর্ককে ভয় করেন না—এবং একমাত্র তিনিই আমাদের হৃদ্যের সমস্ত হান পূর্ণরূপে অধিকার করিতে সমর্থ । ভাবরসের শক্তিশামর্থ্যকে অতিরক্তিত করিয়া গুস্তম্ব গোচাতেই মুদ্রোর জ্ঞানকে নিরুদ্ধ করিয়া রাথে; জন্ততঃ জ্ঞানকে ভাবের অধীনে স্থাপন করিয়া ভাবের চরণে জ্ঞানকে জলাঞ্জলি দেয়।

শুষ্তন্ত কি ৰবে, শোনা যাক্:— "ঈশবের সহিত মনুবোর যোগ কৈবল ক্লন্থ-স্কেই। তাঁহাতে যাহা কিছু মহন, যাহা কিছু স্থলর, যাহা কিছু স্থলীম, যাহা কিছু নিতা—তাহা প্রেমই আমাদের নিকট প্রকাশ করে। জ্ঞানবৃত্তি অলীকবাদী; ঘেহেতু জ্ঞান বিপথে গমন করিতে পারে এবং প্রায়ই বিপথে গমন করিয়া থাকে; অতএব উহা হইতে প্রতিপর হয়,—বিপথে গমন করাই জ্ঞানের স্থভাবসিদ্ধ;— উহা চিরকালই বিপথে গমন করিবে।" আসল কথা, অনেক সমন্ব বাহা প্রকৃত জ্ঞান নহে, তাহার সহিত জ্ঞানকে একীভূত করা হয়। ইক্রিয়ানির ভ্রমপ্রমাদ, যুক্তির ভ্রমপ্রমাদ, ক্রনার বিভ্রম, এমন কি

রিপুর আবেগবশে মন কথন কথন যে যত উচ্ছ্ আল করনা পোষণ করে—তংসমন্তই জ্ঞানের রন্ধে চাপানো হইয়া থাকে। জ্ঞানের নানাবিধ ক্রাট দেখিয়া কেহ কেহ জয়োরাস প্রকাশ করেন—জ্ঞানের ছংগদৈত প্রদর্শন করিয়া পরিতোধ লাভ করেন; ঈখরের সহিত অবাবহিত যোগ স্থাপন করা যে তত্ত্বে ছবাকাজ্ফা সেই উদ্ধৃত মতাধ্ধ দর্শনতন্ত জ্ঞানকে থণ্ডন করিবার নিমিত্তই, সংশ্রেবাদের নিকট হটতে সমন্ত অন্ত ধার করিয়া আনে।

প্রয়ন্তর আরো বেশী দূর বায়। গুহাতর মান্ত্রের স্বাধীনতাকে পর্যান্ত আক্রমণ করে। বাহার সহিত আন্যান্তর অনন্ত বাহবান, তাঁহার সহিত আন্যান্তর অনন্ত বাহবান, তাঁহার সহিত প্রেম-হত্ত্র একীভূত হইবার জন্ত গুহাতর আন্তরিক জনের উপদেশ দেন। ধর্মের যে আনশ্-অন্থ্যারে, কোন সাধুবাক্তি প্রলোজনের সহিত—ছংগ বহুপার সহিত সংগ্রাম করিয়া জীবনের পরির পরীক্ষার উত্তীর্গ হন, ইহা সে আদশ্নহে; অথবা, যে আদশ্-অন্থ্যারে কোন প্রেমিকপুরুব, স্বাধীনভাবে, জানিনা-বুরিয়া আন্ত্রোং- দর্গ করেন, ইহা সেরূপ আদশ্ভ নহে; এ আদশ্—অন্ধ্যারে আপনাকে বিসন্তন নিয়া, আপনার ইন্ছার্ভিকে বিস্ক্রম দিয়া, আপনার সমত্ত অন্তিম্বকে বিলোপ করিয়া,—চিন্তাল্যুর ধ্যানে, বাকাশুক্ত আরাধনার, প্রার অন্তেতনভাবে নিম্ম পাকা।

যে তর্গৃষ্টিতে গভীরতর তথের উপলব্ধি হয় না, যাহা ৩ধু চটক্
দার—যাহা চট্ করিয়া ধরা যার—যাহা আভগ্রাঞ্—মানব প্রকৃতির
সেইরপ একটা অসম্পূর্ণ তর্গৃষ্টি হইতেই গুফতর প্রস্ত হইয়াছে।
আমি পূর্পেই বলিয়াছি, জ্ঞানের সেরপ গোর-সরাবং নাই; অনেক
সমর জ্ঞানের কথা ওনা যার না; পকান্তরে, ভারবসের কথা খুর
আভ্যর-সহকারে ধ্বনিত-প্রতিধ্বনিত হইয় থাকে। এইরপ বাাপারে,

াহিং-প্রতীয়মান বস্তু, অপেকাকৃত অন্তর্গুতম বস্তুকে যে আচ্ছর করিয়া কেলিবে, তাহা ত স্বাভাবিক।

তাছাড়া, এই জ্ঞান ও ভাবের মধ্যে কত প্রান্তিজনক সম্বদ্ধ — কত লাম্বিজনক সাদৃগ্য বিদ্যানা। অবগ্য, এই উভয় বৃত্তি পরিপ্রষ্টি লাভ করিলে উহাদের প্রভেদ আরো পরিক্টু ইইয়া উঠে। যথন জ্ঞান স্ক্রিভে পরিণত হর, তথন ভাবোচ্ছাদের ভায় জ্ঞানও অলম্বাধআড়ম্বের স্ক্রিভ ইইয়া বাহির ইইয়া থাকে; কিন্তু স্বভঃক্টু জ্ঞান ও ভাবর্ষ প্রায় একই বনিয়া প্রভীয়নান হয়;—কেননা, উভয়েরই একইরপ জ্বতগতি, একইরপ অপ্রত্তা। তাছাড়া, উভয়েই একই প্রদাপের অভ্যাবণ করে,—উভয়ই প্রায় একসঙ্গে গমন করে। অভএব উভয়কেই যে একই জিনিস ব্লিয়া মনে হইবে তাহাতে আরে বিচিত্র কি।

বিজ্ঞ দার্শনিক, উহানিগকে পুণক না করিয়াও উহানের প্রত্যেকের বিশেষ লক্ষণ উপনন্ধি করিয়া থাকেন। বিশ্লেষণ করিলে দেখা যায়,—জ্ঞান আগে, ভাব তাহার পরে। যাহাকে জানা নাই তাহাকে ভাল বাসিবে কি করিয়া ৄ স্তাকে উপভোগ করিতে হুইলে অন্ন বিশ্লেষ প্রথম প্রতি আরু ইহতে হুইলে কতকটা সেই তবগুলিকে উপলব্ধি করা কি আবহাক হয় না ৄ ভাবের মধ্যে জ্ঞানকে নিম্ক্রিত করার অথ —কাগোর মধ্যে কারণকে রুদ্ধ করিয়া প্রায় তাহার প্রাণাশংহার করা। আসপলে, ভাব-রুদ সম্বান্ধর বিভিন্ন যদে, যদিও ভাবরসারাধ ইন্দ্রিয়বাধ হুইতে ভিন্ন, তথাপি সাধারণ বোধগুয়িত। বিষয়ে ইন্দ্রিয়বাধের সহিত সন্ধাংশই সমান, এবং ইন্দ্রিয়বাধেরই ক্রায় পরিবর্ত্তন-বোধের সহিত সন্ধাংশই সমান, এবং ইন্দ্রিয়বাধেরই ক্রায় পরিবর্ত্তন-বোধের সহিত সন্ধাংশই সমান, এবং ইন্দ্রিয়বাধেরই ক্রায় পরিবর্ত্তন-বোধের সহিত সন্ধাংশই সমান, এবং ইন্দ্রিয়বাধেরই ক্রায় পরিবর্ত্তন-

শীল। ইন্দ্রিয়বোধের ভায় ভাব-রদেও বিরাম বিচ্ছেদ আছে, ক্রিউ আছে, অবদাদ আছে, উচ্ছাদ আছে, মুহ্যাবস্থা আছে। অতএক, ৰাহা স্বরূপত: সচল ও সবিশেষ—দেই ভাবের প্রেরণাগুলিকে কথনই একটা সার্বভৌম মলতত্ত্বপে থাড়া করা যাইতে পারে না। কিন্তু জ্ঞানের সম্বন্ধে—প্রজ্ঞার সম্বন্ধে এ কথা বলা যায় না। জ্ঞান আমা-দের প্রত্যেকের মধ্যে, দকল মনুষ্যের মধ্যে চিরকাল একই ভাকে বিদামান। যে সকল নিয়মের ছারা জ্ঞানক্রিয়া নিয়মিত হয়, উহা জ্ঞানবদ্ধি সম্পন্ন সমস্ত জীবেরই পক্ষে সাধারণ বিধি। এমন কোন জ্ঞানবদ্ধিদৃষ্পন্ন জীব নাই যে সার্বভৌম ও অবশুদ্ধাৰী কোন তব উপলব্ধি করে না—স্কুতরাং দেই সব তত্ত্বের যিনি মূলতন্ধ,—সেই यिन जिल्लाक इय्र. उथन मुकल मञ्चरपात अनुराष्ट्रे खाजवा : स्मृहे मुकल আবেগ উৎপন্ন হয় যাহা আমি পূর্বেব বিবৃত করিতে চেষ্টা করিয়াছি। क्रमस्यत्र এইत्राप व्यास्तरात्र मस्या, युगपर क्यान्तर गान्धीराञ्जी क्रवर করন। ও ইন্সিয়বোধের সচলতাও বিদ্যমান। জ্ঞান ও ইন্সিয়বোধ— এই উভরের সমঞ্জনীভ যোগ হইতেই ভাব-রদের উৎপত্তি। এই ছই অবয়বের মধ্যে একটি অবয়বকে উঠাইয়া লও—তাহা হইলে এই যোগটি আর কোথার থাকে? মনুষ্য সাক্ষাৎভাবে ঈশ্বর পর্য্যক্ত উন্নীত হইতে পারে,—ইহাই গুহাতন্ত্রের কথা। কিন্তু গুহাতন্ত্র ইহা বুঝে না যে, জ্ঞান হইতে জ্ঞানের শক্তিকে উঠাইয়া লইলে, এমন একটা জিনিস উঠাইরা লওয়া হয়—ঠিক যেটী হইতে মাত্রুষ ঈশ্বরকে জানিতে পারে এবং একমাত্র যাহা হইতে অনস্ত ও নিতা সতোক মধাবর্ত্তিতা-হত্তে, ঈখরের সহিত বৈধরূপে যোগ দংস্থাপিত ছইতে 7(3)

গুহাতন্ত্রের প্রধান দোষ—বেন জ্ঞানের মধ্যবর্ত্তিতা গুধু একটা বাধা মাত্র, যোগবদ্ধন নহে—এইদ্ধপ ভাবে গুহুনতন্ত্র এই মধ্যবর্ত্তিভাক্তে অপদারিত করিয়া দেয়;—অনস্তকে প্রেমের দাক্ষাৎ পাত্র ৰলিয়া ব্দবধারিত করে। অমাসুষিক প্রযুত্ত ভিন্ন এইরূপ প্রেমকে পোষণ্ করা চন্ধর এবং ইহার ফলে প্রেম উন্মত্তায় পরিশত হয়। প্রেম, স্বীয় ৰিধয়ের সহিত সন্মিলিত হইতে চাহে: কিন্তু গুহাতন্ত্র প্রেমকে আপনার মধ্যে বিশীন করিতে চাহে: গুহাতন্ত্রের এইরূপ অসংযত पाठि गरा (मिथे बारे वद्धरा ७ धृष्टे यो करू-म छनी निवरिष्ट्रिक शान-धावनाटक हविग्रोटहर्न । निवरिष्ठित धानधावना बाक्यवत्र जेनामटहर्शाटक প্রস্থপ্ত করে, মামুষের জ্ঞানকে নির্মাপিত করে; এবং কতকগুলা অন্য উচ্চু খল ধানচিম্বাকে, স্ত্যামুসন্ধানের স্থলাভিষিক্ত করে-কর্ত্তবামুষ্ঠানের স্থলাভিথিক করে। বস্তুত: একমাত্র সতোর দারাই—ধর্মানুষ্ঠানের দারাই, ঈশবের সহিত প্রকৃত যোগ নিবদ্ধ হয়। আর যত প্রকার যোগ, সমস্তই—আকাশকুস্কম, মহাবিল্রাট, এমন কি অবস্থা বিশেষে মহাপাপ বলিলেও অত্যক্তি হয় না। যাহার সভায় মানুষের মনুষার, যাহার দারা মানুষ ঈশ্বরকে জানিতে পারে. আপনার মধ্যে ঈশ্বরের ছায়া দেখিতে পায়—দেই জ্ঞান, দেই স্বাধী-नठा, मिटे वित्वक-वृक्षितक । এकেবারে বিদর্জন দেওয়া আদৌ **মহুযো**-চিত কাজ নহে। অবশ্য, ধর্মের পথে চলিতে গেলে, সতর্কতা আক-শুক। ষ্ডরিপুর সহিত সংগ্রাম করিয়া জ্বয়ী হইতে হইলে অনেক প্রকার উপায় অবলম্বন করিতে হয়। কথন-কথন রিপুর **আবেগ** নি:শেষিত হইয়া আপনা-আপনি নিবৃত্ত হয়; কথন কথন ঈশ্বরে আয়সমর্পন করিয়া শাস্তভাবে বদিয়াথাকিতে হয়। সময়-বিশেষে এইরূপ বিবিধ উপায় বৈধরণে অবশহন করা যাইতে পারে। ফেনেলেঁ। তাঁহার "আধ্যাত্মিক পতাবলী"তে, এমন কি তাঁহার ''স্বর্গন্ত দিরূপুরুষ্দিগের মূল-মন্ত্র' - গ্রন্থে, ইহা সতোর স্থাশ, ও সাধনার পক্ষে প্রয়োজনীয় কর্ত্তব্য বলিয়া অবধারিত করিয়াছেন। কিন্তু দাধারণতঃ, এই পুথিবীতে থাকিয়া, লোকান্তরিত আত্মার কি কি স্বতাধিকার আছে তাহা পূর্ব্ব হইতে অনুমান করা, পরলোকগত নিদ্ধপদ্যেতে ভক্তগণ কিরূপ অবস্থায় অবস্থিত, তাহা করন। করা কত্রর সভানির্ণয়ের অনুক্ল তাহা ভাব: উচিত। স্বর্ণাক্র দিদ্ধ-পুরুষেরা যাহাই করন না কেন—এ পুথিবীতে আমাদের কতকগুলি निष्टित्रे कर्तवा माधन कतिएक बहेरव, न्यापांत भाग छलिएक बहेरव। উংক্রইতর ধ্যানধারণা---গ্রুবা-প্রের একটা বিশ্রাম-স্থানের মত,্যুদ্ধের বিবাম-কালের মত, অথবা সংগ্রামের প্রকারান্তর মাত্র। করতঃ একেবারে প্রায়ন করিয়া কথনই যদে জন্মী হওল যায় না। স্থেদ ক্ষুলাভ কবিতে হইলে, শক্তিসঞ্চয় কবিয়া যাহাতে বিগুণতর বলে পুনর্মার যদ্ধে প্রবৃত্ত হওয়া বাইতে পারে, এই উদেশেই কথন কথন যদ্ধক্ষেত্র পরিত্যাগ করা আবগুকৈ হয়। একদিকে হন্দ্রস্থিক কটোরতা (Stoicism) আর একদিকে ব্যত্তিনিরোধমূলক নিজিয়তা (quietísm) —এই ছইটি সম্পূৰ্ণ বিপরীত প্রান্তে অব্যক্তি। স্বাদিক বিনেচনা করিয়া দেখিলে, বরং প্রথমটে অধিকতর বর্তার বলিরা বোধ হয়। কেন না, উহা সকল সময়ে ঈথরে উপনীত করিতে না পারিলেও, অন্তত উচা মানবের বাজিত্ব, স্বাধীনতা, ও বিবেক-বৃদ্ধিকে অফত রাথে ৷ পক্ষাকরে অফাত্র সে-সব উঠাইটা দিয়া সমস্ত মান্ত্রটারই অতিত্ব লোপ করিয়া দেয়। যে ঈশ্বপ্রেম, স্কীয় প্রেমাপ্রদের নিজন ধানের মধ্যে বিলীন—ভাহা হইতে, এইরূপ কতক গুলি ফল প্রস্ত হয়, যথা: -জীবনের বিশ্বতি, জড়তা, মাল্যা, মাগ্রার মৃত্য ইতাদি। কোন এক বিশেষ মুহুটে ধানিরত বাজির মনে এইরপ বিধান হয়, যেন ঈধরের সহিত আলা এক হইয়া গিলছে। এই উপ্রালভি গর্লিত হইয়া, তথন দে বাজি মানব-শ্রীরকে ও মানব-বাজিয়কে এত্ন অবলা করে দে নিজের সমস্ত কার্যো তাহার উদানা উপন্তিত হয়, এবং তাহার চক্ষে ভাল মল সবই সমান বলিয়া মনে হয়। তাই, এমন কতক গুলি বিধানার ধর্মসম্প্রনার দেখা যায় যাহাদের ধর্মনিজার সহিত ভকর্ম মিশিত; ধর্মের ছুতা করিয়া তাহারা কত অপকর্ম করে; যোগপ্রস্তুত আল্পহার। ভাবের দোহাই দিয়া তাহারা কত জ্বল্ল কর্ছে করিতে দিলে, তুরু ভাবরসকে মানব আলার প্রত্যানর উপর কর্ছিছ করিতে দিলে, তুরু ভাবরসকে মানব আলার প্রত্যানর উপর কর্ছিছ করিতে দিলে, তুরু ভাবরসকে মানব আলার প্রত্যানর উপর কর্ছিছ করিতে দিলে, তুরু ভাবরসকে মানব আলার প্রত্যানর উপর কর্ছিছ করিতে দিলে, তুরু ভাবরসকে মানব আলার প্রত্যান আলার বাতীতি—ঈশ্বরের সহিত্য সাক্ষাং যোগ স্থাপন করিবার কল্পনা করিতে, এই সম্ভ শোচনীয় প্রিবাম যে উপন্থিত হুইবে তহেতে আর বিচিত্র কি।

আরে এক জাতীয় গুহাতর আছে যাহা আরো অপূর্বা; উহা অপেকাকত জাননীপু ও মাজিত; কিন্তু যুক্তির নাম ধরিয়া উপ-জিত হওয়ায় উহা আরো বেশী অযৌক্তিক।

আমরা পূর্ব-পরিছেদে প্রতিপন্ন করিগছি:—মূল সতা, এমন কি, জান ও নীতিগত সার্বভৌম মূলতবংগুলিও মানবজানের নিজস্ব জিনিদ নতে; দার্বভৌম ও অবগ্রন্থাবী মূলতবংগুলি পূর্বপুক্ষেরই সহিত সংগ্রু বলিগা আমাদের জানে প্রতিভাত হয়। সেই পূর্বপুক্ষ বাতীত এই দকল দার্বভৌম ও অবগ্রন্থাবী তত্ত্বের বাাধা। জার কিছুতেই হইতে পারে না। কেন না, অবশাস্থাবী স্তাও মূল স্তা তাঁহাতেই বিদামান,—নিত্যত্ব ও অদীমত্ব তাঁহাতেই বিদামান।

ক্ষীন্ত্র যেরপ স্থাই পদার্থসমূহের কারণ, দেইরূপ তিনি অরুত তবসমূহেরও সারবস্ত্র। ক্ষীন্তরই অবশাস্তাবী তবসমূহের স্থাতাবিক আধার।

বদি এই সকল তবের স্থারপ—ক্ষীন্তর যদ্চ্ছাক্রমে উলটাইয়া না

থাকেন, ভাহা হইকে বলিতে হইবে, ঐ সকল মূলসত্যগুলি নইয়াই
তাঁহার স্থারপ গঠিত;—তিনি ও মূল সত্য একই জিনিস। তাঁহারই
জ্ঞানের অভিব্যক্তিরূপে এই সকল মূলসত্য তাঁহাতেই অধিষ্ঠিত।

যতক্ষণ আমাদের জ্ঞান, ঐ সকল মূলতব্বকে ক্ষীন্ত্রক জ্ঞানের সহিত
সংযুক্ত না করে, ততক্ষণ ঐ সকল মূলতব্বক ক্ষীন্ত্রক জ্ঞানের সহিত
সংযুক্ত না করে, ততক্ষণ ঐ সকল মূলতব্ব, কারণহীন কার্যারপে—
আধার বস্তুহীন ঘটনারূপেই অবস্থিতি করে। আমাদের জ্ঞান, ঐ
সকল মূলতব্দ্পলিকে যে তাহাদের মূল কারণের সহিত—তাহাদের
আধারবস্ত্রর সহিত যুক্ত করে, তাহার কারণ, এরপ না করিয়া সে
থাকিতে পারে না। ইহাই প্রজার প্রস্তিসিদ্ধ অবশাস্তাবী নির্মা।

অসীম সত্তা পর্যান্ত উঠিবার যে গোপান ওথত সা দেই সোপানটিকে তাঙ্গিয়া দেয়। গুছহন্ত মনে করে, কেবল মাত্র সেই সন্তান্তিই বিদামান—বে সতাগুলি এই সন্তার বহিবিকাশ; সেই সন্তাপ্তলি হইতে এই সন্তান্তি যেন একেবারে স্বতন্ত্র। তাই গুছ্মতন্ত্রবাদীরা মনে করে,—বিশুদ্ধ পূর্ণভাকে, বিশুদ্ধ একতাকে—স্বন্ধপ্রতাকে—একমাত্র তাহারাই প্রাপ্ত হইয়াছে। কিসে তাহাদের ধ্যানের বিবয়টিতে কোন প্রকার মিশ্রণ না থাকে, ভাগবিতাগ না থাকে, ইন্দ্রিয়গ্রান্থ কোন উপাদান—মানবীয় কোন উপাদান তাহার মধ্যে একেবারেই না থাকে—গুহাতন্ত্র সেইন্ধ্রণ একটা উপার্ব অবেষণে প্রবৃত্ত। সেই সহজ্ব উপার্বাট এই ;—ঈশ্বরতন্ত্রের মধ্যে মানবন্ত্রের ছায়া পর্যান্ত আসিতেন। দেওয়া—ঈশ্বরকে অতীত

তৃত্ম নিপ্ত ণভার (abstraction)—স্বরূপগত নিপ্ত ণতার পরিণত করা। ঈশবের স্বরূপে কোন বিভাগ নাই বলিতে গেলে, বলিতে হয় ঠাহার কোন উপাধি নাই, কোন গুণ নাই—এমন কি তিনি সমস্ত জ্ঞানবিজ্ঞান হইতে একেবারে বর্জিত। কেন না, জ্ঞান যতই উন্নত হউক না কেন, জ্ঞান বলিলেই সেই সঙ্গে জ্ঞাতা ও জ্ঞেয়ের প্রভেদ বুঝাইয়া যায়। আতান্তিক একতা-প্রযুক্ত যে ঈশবের জ্ঞান পর্যান্ত থাকিতে পারে না সেইরূপ ঈশবরই গুহুতন্ত্রের ঈশবর।

জীক ও লাটিন্-সভাতার আলোকের মধ্যে থাকিয়, কিরপে আলেক্ছান্দ্রীয় দার্শনিক-সম্প্রদায়—কিরপে সেই সম্প্রদারের প্রক্তিষ্ঠাত। Plotin, ঈশব সম্বন্ধীয় এইরপে অন্তৃত ধারণায় উপনীত হইলেন १—প্রেটোনিকভার অপবাবহার করিয়া, সজেটিস ও প্রেটোর উংরুইতর ও কঠোরতর দার্শনিক পরতিকে বিরুত ও কল্মিত করিয়াই উইয়ার এইরপ ধারণায় উপনীত হইয়াছেন সন্দেহ নাই•। বিশেষ পন্যর্থের মধ্যে, পরিবর্তনশীল পদার্থের মধ্যে, আগন্তুক পদার্থের মধ্যে যাহা সাধারণ, যাহা ছায়ী, যাহা "আইডিয়া," অর্থাৎ যাহা ম্লত্র,—প্রেটোর তর্ক-পন্ধতি সেইরূপ ম্লত্বেরই স্কান করিয়াছে; ঐ পদ্ধতি-অন্সারে সেই সকল ম্লত্বের উপনীত হওয়া যায় যাহা জ্ঞানের প্রকৃত বিষয়; ঐ পর্মতি অনুসারে সেই গোড়ার সর্দ্রাদিম ম্লত্বের উপনীত হওয়া যায় যাহার পরে আর কিছুই জ্ঞানিবার নাই—অব্ধরণ করিয়া, উহাদের স্বকীয় ব্যক্তিব্রকে পৃথক্

^{*} গুণ ছাড়াবস্ত থাকিতে পাবে, কিংবাব**ন্ত ছড়াগুণ থাকিতে পারে—** আমার সকল লেখাতেই আমি ব্রাবর এই মুই **অসস্ত সিদ্ধান্তের অভিবাদ** ক্রিমা আসিয়াছি।

রাথিয়া,—এমন কতকগুলি সাধারণ তত্ত্বে উপনীত হওয়া যায় যাহা পেই সকল পদার্থের নিয়ামক মলতত্ব। কিন্তু এই মূলতত্ব একটী অতিহন্দ্র শুন্ত ভাবমাত্র নহে: ইহা বাস্তবিক তর-ইহা সারতর। প্লেটো, ঈশ্বরকে শুধু ''অথগু-এক'' বলেন নাই—তিনি তাঁহাকে মঙ্গলমন্ত বলিন্নাছেন। এই ঈশ্বর ''এলেন্নোট''-সম্প্রদান্তের বর্ণিত निर्जीत मृठ क्रेयुत्र नरहन ; এই क्रेयुत्र ''कीवस्त्र'' क्रेयुत्र—''क्रियाबान'' ঈশর। এই স্বস্পষ্ট উক্তিগুলির হারা বুঝা যায়, প্লেটোর ঈশর ও শ্বহুতন্ত্রের ঈশর—এই উভয়ের মধ্যে কত প্রভেদ। প্রেটোর ঈশর "জগতের পিতা।" তা ছাড়া, "যে সতা আয়ার আলোক স্বরূপ, দেই সতোরও তিনি জনক।" তিনি "আইডিয়ার" মধ্যে—মল-ভব্বসমহের মধ্যে নিয়ত বাস করেন। এবং "এই সকল সতোর সহিত চির্যুক্ত থাকাতেই তিনি স্তাকার ঈশ্বর হইষাছেন।" তিনি কোন অবশ্রস্থাবি বাহা কারণে ৰাগা হট্যা এই জগ্য সৃষ্টি করেন নাই: তিনি মঙ্গলময় বলিয়াই এই জগং সৃষ্টি করিয়াছেন। তা ছাড়া তিনি স্তক্ষরস্বরূপ ;—তাঁহার গৌকর্যো কোন মিশ্রণ নাই— উহা বিকার-রহিত ও অবিনধর। সে সৌন্দর্য্য যে একবার দেখিলাছে, তাহার নিকট অন্য সমস্ত পার্থিব সৌন্দর্য্য অতীব ভচ্ছ বলিয়া মনে হয়। সেই পূর্ণ দৌন্দর্য্যের—সেই পূর্ণ মঙ্গলের স্থোতিচ্ছটা এরুপ প্রাথর-উজ্জ্বল ও চুনিরীক্ষা, যে মানব-নেত্র তাহার দিকে মুখামুখি ভাকাইতে পারে না। সেই পূর্ণ জ্যোতির দিকে তাকাইৰার পূর্বের —সেই জ্যোতির যে সকল প্রতিবিধ এই পুথিবীতে মনুযোর মধ্যে প্রকাশ পায়—দেই সৰ সভাের মধ্যে, সৌন্দর্যাের মধ্যে, তাায়ের মধ্যেই সেই জ্যোভিকে প্রথমে নিরীক্ষণ করিতে হয়। আনৈশৰ নে ৰাক্তি কারাগারে বন্ধ, তাহার নেত্র যেরপ অলৈ অলে প্রথম সুর্য্যের

শালোকে অভ্যন্ত হয়, ইহাও সেইরপ। প্রকৃত বিজ্ঞানের দারা মালোকিত হইরা আমাদের জ্ঞান, পরিশেষে সেই অন্মজ্যোতির সমীপবতী হইতে সমর্থ হয়। ধ্যাপথে চালিত হইলে, আমাদের এই জ্ঞানই ঈগর পর্যান্ত উপনীত হইতে পারে; ঈশরে উপনীত হইবার জন্ত অন্ত কোন বিশেষ-বৃত্তির আবশ্যক হয় না।

भागिन, भागित वर्क-शक्षविक चाविनयात मौमात्र नहेश शिया. এবং বেধানে থাম। উচিত দেখানে না থামিরা, মার্গভ্রন্ত হইরা। পড়িরা-ছেন। প্লেটো, তাঁহার তর্ক-প্রতিতে, "আইডিয়া" অর্থাৎ মূলতত্ত্ব পর্যান্ত গিয়া থামিরাছেন; -- মঙ্গলের মূলতকে গিয়া থামিরাছেন। তাই তাঁহার ঈথর জ্ঞানস্বরূপ ও মঙ্গলস্বরূপ: প্লেটন, প্লেটোর পদ্ধতি অন্তুদরণ করিয়া কোথাও গিয়া পামেন নাই, এবং এইক্সপে তিনি প্রহৃত্যের অতলপেশ র্যাত্নে উপনীত হইয়াছেন। তাঁহার তর্ক-পদ্ধতিটি এইরূপ:--স্তা বদি ভুধু সামান্তের মধ্যেই থাকে এবং সমস্ত বিশেষই যদি অপূর্ণতা-বাচক হয়, তাহা হইলে এই দিদ্ধান্তটি অনিবার্যা যে, যাহা কিছু আমরা কোন প্রকারে শ্রেণীবন্ধ করিতে পারি, যাহা কিছুর আমরা ভেদ কিংবা দীমা নির্দেশ করি, তাহা ক্ষনই আমাদের এই প্রতির শেষ তত্ত্ব হইতে পারে না। এই ক্ষপ কিছু হওয়া চাই যাহার কোন প্রকার সীমা থাকিবে না —উপাধি থাকিবে না। এই পদ্ধতি, ঈশ্বর হইতে ঈশ্বরের সত্তাকে পর্যান্ত প্রভাঙ্গত করিতে চাহে। ফলতঃ, আমরা যদি বলি দেখর একটি সত্তা, তাহা হইলে এই সভার সঙ্গে যে একছটি সংশ্লিষ্ট আছে গুধু দেই একড়কে পুথকরূপে আলোচনা করিবার জন্ত উহাকে মন্তা হইতে বিনিশ্মক কর। যাইতে পারে। এন্থলে, কেবলমাত্র-একস্বটি একেবারে গোডার জিনিদ:-কেন না, তাহার পরে আরু যাওয়া

ষার না। কিছ তব্ও,—যথনি আমরা বনি "ইহা একমার,"
তথনই উহাকে উপাধির হার। আমরা সীমাবর করি। অতএক
আতান্তিক একত্ব এমন একটা জিনিদ হওয়া চাই যাহা কোন প্রকার
উপাধির হারা সীমাবদ্ধ হইবে না; যথায়গর্মপে বলিতে পেলে—উহা
এমন একটা জিনিদ যাহার কোন দত্তা নাই—এমন কি, যাহার
কোন নাম পর্যান্ত নাই; যাহা প্লটিনের উক্তি-অন্ত্র্যারে "নামহীন"।
যে তহুটির সত্তা পর্যান্ত নাই, তাহাকে চিন্তা করাও যায় না; কেন
না, চিন্তামাত্রই সীমাবদ্ধ সত্তার বিকার-বিশেষ মাত্র। এইরূপে
আতান্ত্রিক একত্ব হইতে সত্তা ও চিন্তা—উভয়ই বক্ষিতে। আালেকআলীম-সম্প্রদার যদি সত্তা ও চিন্তা—উভয়ই বক্ষিতে। আালেকআলীম-সম্প্রদার যদি সত্তা ও চিন্তা ও সক্তার হিদাবে আলোচনা করিলে, সেই প্রমত্বের অরপ্যত অনির্দ্দেশ্য বিশ্বদ্ধ আতান্তিক
অক্তের বিস্থানির শেব-বিশ্ব নহে—পূর্ণতার শেব-অব্যাহ নহে।

এইরপ ঈশবের সহিত যোগ নিবদ্ধ করিতে হইলে, মন্থবোর সাধারণ মনোবৃতিসমূতে পর্যাপ্ত হয় না; এবং এইছল্লই ঐশবিক তব্নিগ্রকল্পে আালেক্ছাশ্রীয়-সম্প্রদায় একটা বিশেষ মনোবিজ্ঞানের আবশ্যকতা অমূত্ব করিয়াছিলেন।

আমাদের জ্ঞান,—পদার্থ সম্থের মধ্যে, ঐকান্তিক একবনে পূর্ণ পুক্ষের উপাধিকপেই উপলব্ধি করিয়া থাকে, উহার স্বক্পগত স্বত-শ্রতা উপলব্ধি করে না;—যদি আমাদের জ্ঞান কথন স্বতম্বভাবে উহার আলোচনা করে—দে ভধু আমাদের পৃথককরণী বৃদ্ধির (abstraction) স্থা কল্পনা মাএ। বস্ততঃ আমাদের জ্ঞান, ঐকান্তিক পুক্তাকে পূর্ণ মুক্ষের উপাধি ছাছা একটা স্বতম্ব পদার্থ বিশিষা কি শীড় করাইতে চাহ, না উহা আমাদের পৃথক্করণী বৃদ্ধির একটাঃ
শুল্ল কল্পনা মাত্র ? আমাদের জ্ঞান ঈগরের উপাধি ছাড়া আর কোন
হিদাবেই এই একদকে গ্রহণ করিতে পারে না। নিপ্তণি শুল্-একর্
কি আমাদের প্রেমের পাত্র হইতে পারে ? জ্ঞান অপেক্ষা প্রেমের
শুহা বাস্তব বিধয়ের প্রতি আরো বেণী। সাধারণতঃ পদার্থমাত্রকেই
ভালবাসা যায় না,—সেই পদার্থকেই ভালবাসা যায় যাহার অমুকআম্ক গুণ আছে। মানবীয় স্নেহ প্রেমাণি সম্বন্ধে দেখা যায়—
বাজিগত গুণকে যদি ছাটিয়া দেওয়া যায়, কিংবা একটু রূপাছরিত
করা যায়, তাহা হইলে প্রেমেও সেই সঙ্গে অস্তুহিত কিংবা রূপান্তরিত
হুইয়া গাকে।

অতএব, কি জ্ঞান, কি প্রেম—কেহই গুফতন্তের আতান্তিক একরে পৌছিতে পারে না। এই কপ পদার্থের সহিত যোগ নিবদ্ধ ইইলে, সামাদের মধ্যে এমন একটা কিছু থাকা চাই যাহা কতকটা সেই একরের অন্তরূপ;—জানিবার এমন একটা প্রণালী অনুসরণ করা আবশুক যাহার দ্বারা আগ্রাইততন্ত একেবারে বিলুপ্ত হইলা যায় । ফলতঃ চৈতন্তই ক্ষং-এর চিত্র; কিছ উহা নিতান্তই দীমাবদ্ধ। যে কোন-জীব, "আমি" এই কথাটি বলে, সে আদলে অন্ত হইতে আপনাকে পুণক্ করিয়া জানে; উহাই আমাদের বাজিরের আদর্শ। যে যুক্তিপক্ষতি-অন্সারে, একান্তিক একত্ত্বের কোন ভাগবিভাগ নাই, কোনপ্রকার উপাধি নাই,—হৈতন্তের অধিষ্ঠানে সেই একত্ত্বের আদর্শ কাজেই হীন হইলা পড়ে;—কেননা, এরূপ একান্তিক একত্ত্ব আদেটি হৈতনার বিষয় হইতেই পারে না;—সে সম্বন্ধে চৈতনার নিকট হইতে কোন সাড়া পাওয়া যায় না। ঈশ্বরের সহিত বিশুদ্ধ ও সাক্ষাহ রোগের যে প্রণালী ভাহা—উক্ত সম্প্রায়ের মতে—জ্ঞান নহে, প্রেম

নহে—উহা (eestasy) যোগানদের অবছা। আয়ার এই অপূর্ধ অবস্থা-সহদ্ধে সর্বপ্রথমে প্রাটন্ই ঐ শস্টি প্রয়োগ করিরছেন। গুফ্তর মনে করে, আপনা হইতে আপনাকে বিগ্ ক করা আবশুক; এবং গুহাতরের বিগাস, মানুষ তাহা সাধন করিতেও সমর্থ। এই eestacy-ই সেই আয়হারা অবছা। পূর্ণ্কুনের সহিত গোগ নিবদ্ধ করিতে ইইলে, আপনার মধা হইতে বাহির হওয়া চাই; মন হইতে সমস্ত সসীম চিন্তাকে বহিদ্ধত করা চাই। এইরূপ করিলে অস্থরের গভীরতম দেশে প্রবেশ করিয়া এমন একটা আয়বিস্থতির অবস্থার উপনীত হওয়া বায় —যথন আয়ৢইচতনা বিলুপ হয়, কিংবা বিলুপ হয়য়ালে ইহা যে কি—তাহা কেইছ ছানে না; কেমন করিয়া উহা হৈতনা হয় হয় ত্বিভাত হয় — স্বতি হইতে বিভাত হয়; — চিন্তা হইতে বিভাত হয়, স্বতরাঞ্সমন্ত ভাবা শক্তি হইতে—সমস্ত মানবীয় শদ্দশ্পন হইতে বিভাত হয়—ভাহা কেইই ব্লিতে পারে না।

এই দার্শনিক গুহাতয়, পুর্পুক্ষ সফ্টীয় এমন একটা ধারণার উপর প্রতিষ্ঠিত যাহা মূলেই নিগা। এই গুহাতয়, স্থীম স্থার সমস্ত লক্ষণ হইতে ঈররকে বিনিমূতি করিতে গিয়া, স্বার লক্ষণ পর্বায় ভাঁহা হইতে অপ্যারিত করিয়াছে। গুহাতয়ী দার্শনিক-দিগের এই ভয় পাছে, অসীমের মধ্যে এমন কিছু থাকে যাহা স্থীম প্লার্থেও বিদামান। তাঁহারা বুঝেন না যে, স্থীম ও অধীমের মধ্যে কেবন মারগেত প্রভেদ; যাহার কোন প্রকার স্বা নাই তাহা ও একেবারেই শৃত্য। অবহা, পূর্ণপুক্ষে যেরপ পূর্ব জ্ঞান বিদ মান দেইরপ অথও একষ্ব বিদামান; কিছু যে একান্তিক একধ্রের

কোন বাস্তব সতা নাই, তাহা একেবারেই অবাস্তব –অসত্য। ৰাত্তৰ পদাৰ্থ ও ৰিশেষ নতা-উভয়ই তুল্যাৰ্থবাচক। কোন এক সতা, অপর সতা নহে—এই হিদাবেই দেই সতার নিজয় ও বিশে-ষর। স্বতরাং দেই সতার কতকগুলি বিশেষ লক্ষণ থাকা চাই। যাহা কিছু আছে অর্থাং যাহা কিছুর সত্তা আছে ভাহাকে "অমুক-অনুক" বলিয়াই নির্দেশ করিতে হয়। যে সত্তা সাক্ষাং-একত্ত, তাহার বাস্তবতা যদি এই বিশেষত্বের উপরেই নির্ভর করে, তাহা হইলে এই দিদ্ধান্তটি অপরিহার্যা যে, যত প্রকার দত্তা আছে তন্মধো द्वेश्वत्रहे मर्खारणका विश्वय-महा। ७ विवस्य क्षािष्टेन व्यथका व्यात्रि ষ্ট্রল, প্লেটোর মতের বেশী কাছ ঘেঁলিয়া গিয়াছেন: কেন না আারিইটল বলেন ;—ঈশ্বরই ''চিন্তার চিন্তা''; তিনি কেবল একটা অব্যক্ত শক্তি মাত্র নহেন—তিনি কার্যাকরী শক্তি, এরপ শক্তি যাহার বাস্তবত। আছে। বরং এক হিদাবে বলা যাইতে পারে থে. অনিজেশ্য অবিশেষভাবেই সদীম প্রকৃতির উপযোগী; কেন না সদীম বলিয়াই তাহার কতকগুলি শক্তি চিরকালই অবাক্ত থাকিয়া যায়— বাস্তবতায় পরিণত হয় না। দেই দব শক্তি ঘতই বাস্তবতায় পরিণত হয় তত্তই তাহার অনিদেশাতাও কমিয়া যায়। অতএব, বাস্তবিক ঐধরিক এতত্ত—নিগুণ শৃত্ত একত্ব নহে—ইহা দেই .পূর্ণ-পুরুষের স্থানির্দিট্ট এক র---বাহাতে সমস্তই পূর্ব্ব হইতে নিম্পন্ন হইয়া রহিয়াছে। সামাল্য স্ত্রায় কথা ছাড়িয়া দেও; ঈশ্বরের সেই মহাস্ত্রা ঘেমন "'একমেব'', তেমনি তাঁহার সমস্তই অন্তাপেক্ষা বিভিন্ন। তাঁহার বিভূতিগত পূর্ণ ঐশ্বর্যাই তাঁহার সন্তাগত পূর্ণতার নিদর্শন। এই সকল বিভূতির ভেদাভেদ আমরা চিস্তার হারা নির্ণয় করিয়া থাকি; কিন্ত षामाल এই मकल एडम मीमागठ एडम नरह। जाहात्र मुहोख ;-

আমাদের মনোরত্তিসমূহ যতই বিচিত্র হউক না, যতই পরিপুষ্ঠ হউকনা, তাহাতে কি আমাদের স্ভার বিভাগ হয় ?—আমাদের বাজিগত তানাত্মা ও একবের কি কিছু মাত্র ইতর্বিশেষ হয় ? আমাদের रेक्षियराथ आहि, छान आहि, रेक्का आहि—छारे विनया कि আমাদের আমিত্বের একতা-বোধ কিছুমাত্র কমে १—কখনই না। ঈশ্বর সহক্ষেও তাই। আলেকজান্দীর-সম্প্রদায়ের দার্শনি-কেরা মনে করে, উপাধিগত বছলতা—স্বরূপগত একতার সুহিত অসঙ্গত: এবং পাছে ঈশবের স্বরূপগত বিশ্বন্ধ একতা কোন প্রকারে কল্বিত হয়, এই ভয়ে তাঁহার। ঈশবকে নিওণিরূপে কলনা করেন। এবিষয়ে তাঁহাদের এতটা দংকোচ যে তাঁহার। মনে করেন, ঈশবের বিভৃতিগুলি ঈখরের স্বরূপে রাধিয়া দিলে, ঈশ্বরের পুর্ণতার লাগ্ব করা হয়। পূর্ণতার ঐশ্বর্যাগুলিকেই ঈশ্বরের অপূর্ণতা—ঈশ্বের সভাকেই द्वेशरत्त्व शर्माण এवः द्वेशरत्त्व स्टूडिक्सरक द्वेशरत्व অধংপতন ৰলিয়া তাঁহারা মনে করেন। যাহাই হউক মনুষ্যের ও বিষের ব্যাথ্যা করিতে গ্রিয়া, ভাঁহারা কতকগুলি গুণ ঈশবে আরোপ করিতে বাধ্য হইয়াছেন ; কিন্তু দেই দকল গুণকে তাঁহারা ঈশবের হীনতা বলিয়াই অভিহিত করেন। কিন্তু ডাঁহারা যাহাকে হীনতা বলেন তাহাই বাত্তবপক্ষে অনীম পূর্বতারই নিদর্শন।

আতা স্থিক-একতারূপ দিদ্ধান্ত তাপনের পক্ষে যেমন এই আছহারা-অবতার দিদ্ধান্তটি নিতার্বই আবশাক, তেমনি আবার আত্মহারা
-অবতার দিদ্ধান্তর হারাই, আতা স্থিক একতা মতটি দৃষিত বলিয়া
প্রতিপন্ন হয়। আতান্তিক একতা —পূর্ণ একতা যদি সাক্ষাং জ্ঞের
অর্থাং সাক্ষাং জ্ঞানের বিষয় হইতে না পারে, তাথা হইলে জ্ঞাতার
এই আত্মহারা অবতার কি ফল লাভ হইবে ? এই আত্মহারা অবত্থা,

শস্বাকে দ্বিরপগান্ত উলীত করা দ্বে থাক্, উহা মন্থবাকে মন্থাপদবা ইইতেও নীচে নামাইয়া আনে; কেননা, যে আয়ুটেততান্তর
অভাবে চিন্তা সন্তব হয় না, উহা দেই চিন্তাকেই মান্থবের মন হইতে
একেবারে অপনীত করে। আয়ুটেতনাকে রুদ্ধ করিলে, সমস্ত
আনক্রিয়াই অদন্তব হইয়া:পড়ে; বিবয়ী ও বিষয়ের মধ্যে ঘনিত্ত
যোগ থাকায়, যে সহজ জ্ঞান, যে সাক্ষাং জ্ঞান, যে স্থনির্দিষ্ট সবিশেষ
জ্ঞানের উবয় হয়, ভাহা আর উদয় ইইতে পারে না; ভাহা আর
বোধগমা হইতে পারে না • ।

গুহাতদ্বের যতপ্রকার মত আছে, তর্মধ্যে আালেক্রান্সীয় গুহাত্র সর্ব্বাপেকা পাণ্ডিতাপূর্ব ও গতীর। এই গুহাতত্র স্ক্র কর্মার মহাকাশে এরপ বিশীন যে, মনে হয়, বৃথি উহা লৌকিক উপধর্মাদি হইতে বহুল্রে; কিন্তু তথাপি এই স্মালেক্রান্তীয় সম্প্রদায়,— সামহার। খ্যান-সমাধি ও দেবদর্শনবাদ —এই উভয়কেই একতা সন্থি-বিত করিয়াছে। এই ছই জিনিস বাহাত: পরম্পর অসক্ষত বলিয়া প্রতীয়মান হইলেও, উহাদের মূলত্ব একই। যাহা স্থামাদের

^{*} দর্শন-ইতিহাসের ভূমিকার আমি বলিরাছিলায়— "শুধু জানিবার শক্তি আকাই প্রকৃত জান নহে, কার্যাতঃ জানাই আসল জান। কিন্তুপ ঘনহায় আমাদের জান আনান আনানের কোনামের কেপা হয় ? আমাদের অভার জান বীজাকারে খাকিলেই যথেই হয় না এ বীজ অভুরিত হওয়া চাই, পরিপুই হওয়া চাই, এবং পরিপুই ইলি লেবে আপনিই আপনার বিব্যুক্তপে পরিণত হওয়া চাই। জানের অবশাভাবী (condition) উপাধি কি ? না, আয়াচেতনা, আর্থাতিকে উপানির। বেখুলে ক ভক্তিরি মংগ্র আছে, সেই খুলেই আমাদের জানোন্য হয়। অল্পনা একটি অংগর অব্যাবস্থারকে উপালির করে এবং সেই সঙ্গোলাকেও আপনি উপানির করে, তথনই আনোর উদয় হয়। আয়াচিতনা, বিজ্ঞান কানের হয় সঞ্জাবনা মাত্র — উহা বাত্তিক জানা নহে।"

ইক্রিয়ের অগ্রাহা, তাহা দাকাংভাবে উপনন্ধি করিবার শক্তি উভরেই দাবী করে। একদিকে জ্ঞানপরিমার্জিত সন্মতর _{গুলারার}র আকাজন,--আমুহারা-অব্যার হারা ঈশ্বরে সাক্ষাংভাবে উপনীত হওয়া: অপরণিকে, স্থলতর শুহাতস্ত্রের বিখাদ,—ঈখর স্থল ইন্দ্রিয়া-দির গ্রাহা।—এই উভয়ের প্রকরণ-পদ্ধতি বিভিন্ন, এবং যে সকল মনোবৃত্তি এতদর্থে নিয়োজিত হইয়া পাকে, ভাহাও বিভিন্ন: কিন্দ মূলে এই ছুইটি একই জিনিদ; উহাদের মূলগত সাধারণ ভূমি হইতেই বিভিন্ন প্রকারের উদ্বট আতিশ্যোর উৎপত্তি। টিয়ান-নগরের আপলোনিয়াস—ইনি আলেকজান্ত্রীয় সম্ভাদায়ের একজন লোকপ্রিয় ব্যক্তি; এবং জামাক-ইনি (Plotin যেন পুরোহিত হইয়া দাঁড়াইয়াছেন) একজন গুহাতম্বাদী ও গুহতমের পুরোহিত। এই সময়ে অলৌকিক কাণ্ডের সাহায়ো একটা নবগুলের অভিহাত হয়। প্রাচীন ধর্মও কতকগুলি অলোকিক কাও প্রদর্শন কবিতে লাগিল, এবং ভৰজানীয়াও সগৰ্মে ৰলিতে লাগিল যে, ভাহাৱা অন্ত মন্ত্রগানিগের দক্ষ্ম থে ঈশ্বরকে আনিয়া হাজির করিতে পারে। তাহারা প্রেতির : প্রেতেরা ভাষাদের সাজান্তবর্তী দাব : উপদেবভাদিগকে ভাহারা আর স্তবস্থতি করিয়া আহ্বান করে না: উপদেবভারা ভাহাদের আদেশে আপনারা আসিয়াই উপস্থিত হন। এককগায়.— দীক্ষিতনিগের জন্ম আত্মহারা ধ্যান-দমাধি; এবং জনদাধারণের এন্স (५वडापित माकाश्वर्मनवापः)

সকল যুগেই এবং পৃথিবীর সর্বাংশেই, এই চুই প্রকার গুণ্ডাভম্ব পরম্পরকে আলিঙ্গন করিয়া রহিয়াছে, দেখা যায়! ভারতবর্ষে, ও চীনদেশে দেখা যায়, যে সকল সম্প্রদার অভিস্ক বিজ্ঞানবাদের (idealism) উপদেষ্টা, ভাষারাও অভীব নীচ পৌত্তলিকভার দেঝ

লয় হইতে দূরে নহে। একদিন তাহারা ভগবদ্গীতা, কিংবা লাওংস্থ পাঠ করে; তাহাতে আছে;—''ঈধর অনির্বাচনীয়, নির্গুণ, নির্মিশেষ" ; পর্যান আবার তাহারাই এইরূপ উপদেশ শ্রবণ করে বে ;—নেই ঈথর অনুক অনুক মূর্ত্তিরূপে, অনুক অনুক অবতার্রূপে আবিভূত হইয়াছেন; তাঁহার কোন বিশেষ মূর্ত্তি না থাকিলেও, তিনি দক্র মূর্ত্তিই ধারণ করিতে পারেন ; যেহেতু,তিনি দং-স্বরূপ ; স্থতরাং কি প্রস্তর, কি জলবিন্দু, কি কুকুর, কি বীরপুক্ষ, কি মুনি-ঋষি— তিনি সকলেরই মধ্যে আছেন—তিনি সকলেরই সারবস্তু। এইরূপ প্রাচীন গ্রীদেও, জুলিএনের আমলে, একই ব্যক্তি আংখনদ নগরে টোলের অধ্যাপক এবং মিনর্জা ও দিবেল-মন্দিরের পরিরক্ষকরপে নিযুক্ত হইত। একদিকে উহারা প্লেটোর "রেপাবিক" প্রভৃতি গ্রন্থের স্ক্র টীক। করিয়া ঐ গ্রন্থগুলিকে ছর্ব্বোধ করিয়া তুলিত; পক্ষাস্তরে জনসাধারণের সমক্ষে, "পবিত্র অব ওঠন" ও "মঙ্গলমগ্রী দেবীর মৃগগ্ন" প্রতি প্রদর্শন করিত। এইরূপে তাহার। কথন তর্ত্তানীর আসনে উপবিট হইয়া, মান্ত্ৰকে মানৰ-চিত্তের অতীত বস্তুতে উত্তোলন করিত; কথন পুরোহিতের আসনে বদিয়া মানুবকে মানুবের নীচে नामारेया चानिछ। এरेक्स्प উरावा इर्ल्साव छइविनाव शायन्छ-স্বদ্য অতাৰ জ্বল উপধ্যের আশ্রয় গ্রহণ করিত।

যথন পৃষ্টপ্রের জয় ১ইল, তথন পৃষ্টপর্ম সমস্ত মনুধ্যমগুলীকে
পরশাননের মধীনে সানিয় এই শোচনীয় গুহাতন্ত্রকে কিরংপরিমাণে
দমন করিল; কিন্তু কতবার এই সাধায়িক ধর্মের শাসনাধীনেও
গুহাতন্ত্র, প্রাক্তিক ধর্মনৃশ্হর (Natural religion) উত্তট আতিশব্য পুন: প্রবৃত্তিত করিয়ছে। বোড়শ শতান্ধিতে যথন Pagan
ভাবের ও Pagan সম্প্রনারের পুনক্ষান হয়, যথন মানবৃত্তি মধ্যুদ্গের

দর্শনশাস্ত্রের বন্ধন ছিল্ল করিয়াও আধুনিক দর্শনশাস্ত্রে উপনীত হয় নাই, সেই সময়ে যুরোপে গুহাতম্ব আবার দেখা দেয়। আপ্লেনিয়দ ও काम्तिक्-इंडांरनत्र ज्ञान Paracelse ও Van-Helmont ज्ञानि-ভূত হয়েন। এমন কি, সপ্তদশ শতাকীতেও Swedenberg এক প্রকার উন্নত গুহাতম্ব ও একপ্রকার ইক্সজাল—এই চুইটি একাধারে একত্র সন্মিণিত করেন। তিনি এইরূপে সেই সম মৃঢ় ব্যক্তিদিগকে একটা নৃতন পথ দেখাইলেন, নাহারা প্রাতে, আয়া ও ঈশবের অন্তিত্-সংক্ষে স্থান ও অকাট্য প্রমাণসমূহের বিকল্পে প্রতিবাদ করিত, এবং তাহার পরই স্বাবার সন্ধ্যাকালে, চক্ষু ৰাতীত ক্ষ্যু উপারে দর্শন করিতে, কর্ণ বাতীত অন্য উপায়ে প্রবন্দ করিতে, বাভাবিক ইন্দ্রিরবাতীত অক্ত উপারে মনোর্ভিসমূহকে নিয়োগ করিতে উপ-দেশ করিত, একটা অবতিমাসুধিক বিজ্ঞান লোকের হত্তে অবর্পণ করিবে বলিয়া অঙ্গীকার করিত, ভধু এই নিগমে—যদি তাহার পুর্বেই তাহারা আন্মানতনা, চিম্বা, স্বাধীনতা, স্বতি-প্রভৃতি যাহা কিছু থাকায় মানুষ অভানবান্ও নীতিমান্জীব হইয়াছে,—েনে সমস্ত বিনষ্ট করিতে সমর্থ হয় ;—অর্থাৎ যাহা আমি জানিতে সমর্থ, দেই সব যথন আমি জানিতে পারিব না, তখনই আমি সব জানিতে পারিব; আমি তথন এক অপূর্জ আভ্র্যা জগতে উন্নীত হইব; কিন্তু জাগ্রং হইলে, সচেতন হইলে,—েদে ভগতে যে গিয়াছিলাম, তাহার বেশম∖ঝ জ্ঞান কিংবা শ্বতি আনার থাকিবেনা। এই সুলতর ও 'কিস্তুত-किमाकात्र' श्रष्टाजञ्ज-कि व्याञ्चलविनाा, कि भारीवजनविनाा, छेड-রকেই বিকৃত করিয়া ফেলে। এই নৃতন গুংগতন্ত্রের আগমুচারা-অবস্থা, ষ্ট্জনের আয়হারা অবতার মত , ইহা আন্তেক্জারীয় সম্পুদারের আগ্রহারা অবস্থারই একপ্রকার প্নাঞ্জতিটা বলিদেই ২য় ; কিন্ত ইহাতে দে প্রতিভানাই; কোন ন্তন হও নাই; ইতিহাদের সকল বুগেই এইরপ গুহাতদ্বের পুনরাবিভাব সময়ে-সময়ে পরিলক্ষিত হয়।

যে সকল নিয়মের দ্বারা মানব-প্রকৃতি সীমাবদ্ধ, সেই সকল নিয়-মের গণ্ডী হইতে বাহির হইলে, দেখ আমর। কোথায় গিয়া পভি। প্রথমে (charron) শ্যারে বিলয়াছেন, পরে (Pascal) তাহারই পুনরাব্ত্তি করিয়া এইরূপ বলিয়াছেন:-"বিনি দেবতা গড়িতে চাহেন, তিনি পশু গড়িয়া বসেন।" (শিব গড়িতে স্থানর গড়েন) এই সমস্ত বাতৃলতার ঔরধ.—মানব-জ্ঞানের সম্বন্ধে কঠোর সিদ্ধান্ত-ক্লাপন করা; মানবজ্ঞানের পক্ষে কতটা অসাধা, তাহা আলোচনা করিয়া দেখা। মানকজ্ঞান প্রথমে ইন্দ্রিয়ের আকরণে আরত থাকে: পরে উহা সার্মভৌমিক ও অবশুদ্বাবী তত্ত্ব-সমূহে আরোহণ করে; পরিশেষে, সেই সকল তাৰের যিনি মূলতত্ত্ব, সেই অসীম পুরুষে গিয়া উপনীত হয়; বিনি কাস্তক-সভা,—সার-সতা, মানবজ্ঞান সেই পুক-ধ্বর অন্তিত্ব উপলব্ধি করে, কিন্তু কল্মিন কালেও তাঁহার স্বরূপের মধ্যে প্রবেশ করিতে পারে না—তাঁহার স্বরূপ অবগত হইতে পারে না। সঙ্গে সঙ্গে ভাবরুগ আগিয়া জানের এই সকল স্বতঃসিদ্ধ উচ্চতরকে জীবন্দ করিয়া তোলে: কিন্তু এই চুই বিভিন্ন শ্রেণীর কাপারকে কথনই এক করিয়া ফেলে না: ভাবরসের মধ্যে নিমজ্জিত করিয়া জ্ঞানকে বধ করে না। মনুষোর ভার সনীম জীব ও সেই অসীম পূর্ণপুরুষ জন্মর –এই উভয়ের মধ্যে চুইটি ব্যাপার মধ্যস্থরূপে অবস্থিত:— একটি এই বিশাল বিষ, যাহা আমাদের চক্ষের সমক্ষে প্রসারিত: অক্টো.—দেই দৰ নিতাদতা, যাহাজ্ঞানের নিকট প্রতিভাত হইয়া থাকে, কিন্তু যাহা জ্ঞানের দারা উংপাদিত হয় না; চকু যেমন মৌনার্য্য উপদ্যন্ধি করে, কিন্তু সৃষ্টি করে না, ইহাও তদ্ধপ।

সেই সকল সভার সন্তা প্রমপুর্ধের নিকট উপনীত হইবার প্রকৃত্ত উপায় সভ্যের অন্ধূলীলনে ও সভ্যের অন্ধর্রাণে জীবন উৎসর্গ করা, সৌন্দর্যার ধান করা, সৌন্দর্যাকে শিল্পকার্যো প্রতিফ্লিত করা, এবং সর্ক্রোপরি গুভকার্য্যের অন্তর্গান করা, মঙ্গলসাধন করা। ইহাতে আমাদের চক্ষ্ ঝলসিয়া যাইবে না, আমাদের মত্তক ঘূর্ণত হইবে না; আমরা যতটা অধিকার—যতটা শক্তি লাভ করিয়াছি, তাহারই পরিমাণ অনুসারে আমরা ক্রমশং তাহার নিকটবর্ত্তী হইব।

দ্বিতীয় খণ্ড।

ञ्च्यत ।

মানব-মনে দৌন্দর্যাক্তান।

যে সকল দিদ্ধান্তে আমরা উপনীত হইয়ছি, এক্ষণে সংক্ষেপে ভাষা বিসূত করা যাইতেছে।

সপুদ্র শতাব্দির শেষভাগে, ভিন্ন মতাবলম্বী চুইটি দার্শনিক সম্প্রদায়ের প্রাত্তাব হয়। আমরা উভয়েরই সহিত যুক্তিয়াছি: এবং একজনের দারা অপরের মত পণ্ডন করিয়াছি। প্রতাক্ষবাদের প্রতিবাদে আমরা ইন্সিয়চেতনার অসম্পর্ণতা, এবং বিজ্ঞানবাদের (idealism) অপরিহার্য্য আবশুক্তা প্রতিপাদন করিয়াছি। লক ও কঁনিয়াকের মতে সায় দিয়া, আমরা স্বীকার করিয়াছি যে, ইন্দ্রিয়াদি হইতে.—আন্নাটেতভা হইতে আমানের জ্ঞানবৃত্তির স্ত্রপাত হইয়া থাকে:--বিশেষ-বিশেষ জ্ঞান ও আগদ্ধক জ্ঞানের আরম্ভ হইয়া পাকে: এবং রীড ও কার্টের মতে সাম নিয়া, আমরা ইহাও স্বীকার করিয়াছি বে.—এই সব বিশেষ-বিশেষ জ্ঞানের সাক্ষাৎ উৎস যে ইন্দিরচেতনা ও আগ্রাচৈতন্ত, এই হুই বুতির উর্গ্নে, আরও একটি বিশেষ বৃত্তি আছে, যাহা ইন্দ্রিগচেতনা ও আয়টেততা হইতে ভিন্ন, অণচ যাহা উহাদের সঙ্গে সঙ্গেই পরিক্টিত হয়। সেই বৃত্তির নাম প্রজা। উহা, সার্বভৌম ও অবশাস্তাবী সত্যসমূহের মূল-প্রপ্রবণ। আমরা কাান্টের মত থওন করিয়া এইরূপ প্রতিপন্ন করিয়াছি বে. প্রজার প্রামাণিকতা এবং প্রজার ঘারা যে সকল সতা আমাদের নিকট প্রকাশিত হয়, দেই দক্র সভ্যের প্রামাণিকতা যার-পর-নাই ভূত প্রতিষ্ঠ ও সংশ্রাতীত। তাহার পর, সেই সকল প্রজ্ঞা-প্রকাশিত ভাতাই আবার তাহাদের চিরন্তন মূলতন্তক — ঈশ্বরকে প্রকাশ করে। পরিশেষে, যে যুক্তি-সঙ্গত আধ্যায়িকতা সমস্ত মানবমওলীর বিশ্বাসন্থল, এবং প্রাচীন ও আধুনিক মহাত্মাগণের মতামূগত, সেই আধ্যায়িকতার সহিত, 'কিছ্ ত্রকিমাকার' ও অনিইজনক গুলু গুলুর ভেন স্বত্রে নির্বন্ধ করিয়াছি। এইরূপ প্রতাক্ষজানের অবশাস্তাবিতা, যিনি স্ত্রের মূলাধার — সেই সত্যুক্তরূপ অদীম পুক্ষের অবশাস্তাবিতা, আধ্যাথ্যিকতার সহিত শুহুতন্ত্রের স্কুল্পষ্ট পার্থাক্য, — এই সমস্ত বিষয় প্রথম-

এই বিতীয়-খণ্ডে, আমরা স্থলনের আলোচনায় প্রবৃত্ত হইব। একটি নৃত্ন পদা অসুসরণ করিয়া এ বিবরেরও একটা জ্ঞানদীপ্র সং-শিক্ষাস্তে উপনীত হইতে ১৮ রাবি।

সপ্তদশ শতাব্দির দশনশাস্ত্রেই স্থক্ষরের আলোচনা, কলাদৌল্র্যার আলোচনা প্রথম প্রবর্তিত হয়। প্রেটো ও আরিইটলের নিকট ইহা স্থপরিচিত থাকিলেও, তাঁহাদের শিশুদের ঘারা এ বিষয়টি তেমন সাদরে গৃহীত হয় নাই। সপ্তদশ শতাব্দিতে এবিবরের থেরূপ বিস্তৃত্ত আলোচনা হইয়াছে, তাঁহারা তার কাছ দিয়াও যান নাই। বলা বাছলা, প্রতক্ষবাদী দাশনিকসম্প্রদার, দশনের এই বিভাগে অদৌ হস্তক্ষেপ করেন নাই। লক্ ও কঁদিয়াক্ স্থলর-সম্বন্ধে একটি পরিজ্ঞেদও—একটি পৃষ্ঠাও নিথিয়া যান নাই। তাঁহাদের পরবর্ত্তী দার্শনিকেরা তাঁহাদেরই স্থার, স্থলরকে উপেক্ষা করিয়ছেন। তাঁহাদের দর্শনিতক্তে স্থলরের তাংশর্যাখ্যা কিরূপে করিবেন - ছির্করিতে না পারিয়া, তাঁহাদের দর্শনতন্ত্র হইতে উহাকে একেবারে বর্জন করাই স্থিধা মনে করিয়াছিলেন। একথা সত্য, দিল্লো

🔏 🔁 idetot) গৌন্দৰ্য্য ও শিৱকলার একজন উন্মন্ত ভক্ত । 👊 বিষয়ে জাঁহার একটু প্রতিভাও ছিল; কিন্তু ভল্টেরার যাহা ৰশিরাছিলেন, তাহাই ঠিক.—তাঁহাৰ ঐসৰ ভাব গলাইয়া উঠিয়াছিল মাত্ৰ; কিব পরিপঞ্চতা লাভ করিতে পারে নাই। তিনি এ সম্বন্ধে আনেক নৃত্ন 🤻 কথা ৰলিয়াছেন :--কিছ প্ৰায়ই পৰম্পৱৰিবোধী। তিনি কোন স্বতবের আশ্র গ্রহণ করেন নাই, তিনি ক্ষণিকভাবে মুগ্ধ হইঞ্চ তাহারই স্রোতে ভাদিয়া পিয়ছেন; আদর্শ বলিয়া যে একটা জিনিদ আছে, তিনি ফেন তাহা আদৌ জানিতেন না। স্বিজ্ঞা বেরপ দর্শক-ज्ञप्रस्त. (महेक्रल कना-मन्नरक्षड अङ्गामी। याहा रुडेक, छत् **डाहा**ब এতটকু গৌন্দ্র্যাবোধ ও ক্রনাশক্তি ছিল—যাহা তাঁহার কালে ও छ। हात्र मञ्जनारमञ्ज सर्था व्य होर वित्रम् । अह-मञ्जनारमञ्ज मार्गनिकभव ও ক্যাণ্ট, নৌলগা-তত্তক তঁহাদের দর্শনতত্ত্বে স্থান দিয়া স্বকীয়া বোপাতারই পরিচয় দিয়াছেন। আহার মধ্যে ও প্রকৃতির মধ্যে তাঁহারা স্থানরকে নেখিতে তৈষ্টা করিয়াছেন ; কিন্ধু মন্থব্যের প্রতিভা স্থানরকে কিরুপে আবার পুনকংপাদন করে, সে বিধয়ের কাছ দিয়াও তাঁহার। যান নাই। আমরা একণে এই বৃহৎ প্রাট সংক্ষে বিস্তৃত ভাবে আলোচনা করিব। সৌন্দর্যাও ক্লাদমক্ষে একটা প্রশালীবদ্ধ সর্বাঙ্গবন্দার্গ মতবাদ তোমাদের নিকট আমি অব্বিক হৈব।

এই অ্পলোচনায় যে প্রণালীটি অহুসত হইস্নছে, প্রথমত: সেই প্রণালীট কতদুর সমাচীন, তাহাই প্রতিপন্ন করিতে প্রবৃত্ত হইব।

ছই প্রকারে স্থানের আলোচনা হইতে পারে। হয়— আমানের বাহিরে, সাক্ষাং স্থানরের মধ্যে, এবং বে সকল পদার্থে স্থানরের ছারা পতিত হয়, সেই প্রার্থের মধ্যে; নয় বে সকল আমান ও ভাৰ আনাদের অন্তরে হক্ষরকে উলোধিত করে, সেই দক্ষ আন ও ভাৰের মধ্যে, কুদরের আলোচনা হইতে পারে। যে ক্রণানীর সহিত ভাষরা কথন ফ্রণারিটত—সেই প্রনানীট এই:—আমুদ্র হইতে হাজা হ্রফ করিয়া হারাতে বহিনিয়ে পর্যায় প্রীছান হায়, ক্রইরুপ একটি নিয়েন আবিহার করা। অতএব মানসিক ক্রিলেলা হইতেই ক্রেমে আমরা হারা আরম্ভ করিব; পরে, হ্রমরের মহুদ্র অন্তিত যে আয়া, ভাহার অক্সা অমুশীলান করিব। এইরপ করিব,—হ্র্মন আমরে ক্রিমে, এর পন্যার্থের মধ্যে হ্র্মন কিরপ ভাব হারা করে, ভারার অমুশীলানের বন্ত আমরা প্রস্তুত হইতে পারিব।

স্কুদরের সমূপে অরম্বিত আমাদের যে আয়া তাহাকে কতকপ্রতি প্রায় কিবাদা করা যাক।

ইয় একটি অবিদ্যান্তিত মৃত্য কিনা তে—কতক-প্রনি পদার্থ আমাজের সমূপে খানিবে (তে কোন অন্তর্গা অবহিত হউক না) ভাষার কোন-একটিকে দেখিয়া অমতা এইকণ দিয়ায়ে উপনীত ইই:—"এই জিনিসটি ফুল্ব;" এই কথাটি অবহা সৰ সময়ে শাইবাণ খাহিরে যুক্ত হয় না । কথন কথন উহা কেঞা একটা অন্ত্রট উচ্চ্ দি-মানিতে পর্যায়িসিত হয়; কথন বা উহা এত নিঃশাক্ মনোময়ে উমিত হয় যে, মন উহা ধরিতে পারে না ।

ध्वेद्धण युव्य विका व्यावाद्ध ध्यविठ श्रेरवण, वेद्धमाधारा नवरणको निकटे देश अवस्थाद्धण ध्यवाद भाग, ध्या मकल छाटनर वाराहे देशव मान्य ध्यान करते।

ज्यू त सरागमात्र्य बाह्यरे व्यसानक त्योक्नीकान केरबारिक कर, व्यसंनदर, त्योकार्यात बाह्य बाह्य विष्ठः, उद्यः मृगासन কাৰ্যংকেও ছাড়াইয়া যায়। সৰৱ প্ৰকৃতি-রাজ্যের বে নীৰা, সৌকপোরত সেই নীৰা; আত্মার বে নীলা, নানৰ-প্রতিভার বে নীৰা,
সৌকর্বোরত সেই নীৰা। কোন বীরতের কাল বেবিরা, কাহারত
কোন বিষরে ঐকান্তিক নিষ্ঠা সম্বন করিয়া, এখন কি, স্কৃত্তব সভ্যনন্হ কোন এক দর্শনভন্নের পৃত্যবে চৃত্রপে বাঁথা পড়িলে—সেই বর্ণনি
ভরের সরবভা ও ক্লবভা বেবিরা, কাক্নিরীর কাক্কার্য্য বেবিয়া,
আনাদের অকরে সেই একই ভাব উল্লেখিত হয়। বভই বিচিত্র
হউক না, এই সকর প্রাব্রির বব্যে এখন একট সাধারণ তাপ আছে,
যাহার স্বন্ধে আন্নাদের বৃদ্ধি কোন একটা সিন্ধান্তে উপনীত হইয়া
আলে। এই তাপটকেই আদ্যা সৌকর্যা বলি।

ইপ্রিরবাধী দার্শনিকেরা, অকীর বতের সম্বভি রক্ষা করিবার করু সৌন্বর্গাকে ইপ্রিরপ্রধে পরিণত করিতে বে চেটা পাইবেন, তাহঃ ত ধরা কথা।

অবক্ত, যাহা কিছু স্থানত, তাহা আবাদের ইক্রিয়ক্তিরও বটে;
অন্তত: তাহার হারা আবাদের ইক্রিয় ব্যথিত হর লা। সৌকর্ব্যের
অধিকাংশ ধারণাই নেত্র ও প্রোত্তের হার কিরাই আবাদের নিকট
উপনীত হর; এবং সক্ষণ প্রকার ক্লা-সৌকর্ব্য পরীর-যোগেই
আবাদের আগ্রার প্রতিভাত হইরা থাকে। বে প্লার্থের সংস্রবে আবাদের কঠ হর, তাহা আবলে বতই স্থানত্র হউক না কেন,
আবাদের নিক্ট স্থান হলিয়া বোধ হর না। ছংগার্ভ আত্রাকে
সৌকর্যা বড়-এক্টা অধিকার করিতে গারে না।

স্থাজনকতা অনেক সময়েই সৌক্র্যা-বোধের সহচন্ত বলিয়া, উহা ক্ইতে এরপ সিদ্ধান্ত হয় না বে, উভয়েই এক জিনিস।

ष्यत्नक क्रिनिम, याश मत्नात्रम ना खन्नामी, ठाझहे त्र मन्त्री-

পেক্ষা- হ্রন্দর, তাহাও ঠিক নহে। হ্রন্দর পদার্থ ও হ্র্থদায়ী পদার্থ যে এক জিনিন্ নহে—ইহাই তা'র নিদর্শন। আমাদের ভূরোদর্শনই: ইহার সাক্ষী। যদি এই হুই জিনিন্ একই হইত, তাহা হইকে: উহাদিগকে কথনই বিচ্ছিন্ন করা যাইতে পারিত না;—যে জ্বা যে পরিমাণে হ্র্থদ, তাহা চেই পরিমাণে হ্রন্দর, এবং যে পরিমাণে হ্রন্দর, সেই পুরিমাণে হ্র্থদ হইত।

त्म क्षा पृत्व थाक्, — त्य मकल हे शिव चाताः आमात्मत्र अथताधः হয়. তন্মধ্যে চুইট ইক্সিয় মাত্র আমাদের অন্তরে স্করের তাব উদ্যো-মিত করে। কেহ কথন কি এরপ কথা বলে:-- "আহা। কি স্থলর আসাদ।" "আহা কি স্থলর গন্ধ।"-মুখন ও স্থলর শদার্থ এক জিনিন হইলে লোকে এরপই কলিত। পক্ষান্তরে, এমন কতকগুণি আণের স্থথ, রমনার স্থথ আছে, যাহা উৎকৃষ্টতর প্রাকৃতিক ও লৈল্লিক দৌন্দর্য্যেই মত আমাদের ইক্রিয়-বৃত্তিকে আলোড়িভ করিয়া তুলে। তা'হাড়া, আমাদের চাকুষ ও শ্রোত্রিক অন্তভ্তিসম্-হের মধ্যে যাহা অধিকতর তীত্র,তাহাই যে আমাদের অন্তরে গৌল্লগ্য-कान উत्ताधिक करत, ठाहा । नहि । दा प्रकृत डेक्ट्नदर्शत हिक् ভধু নেত্রকে মুগ্ধ করে, কিন্তু আত্মাকে ম্পর্শ করে না—তাহা অপেকা मुद्द वर्ष्य हित्व कि जात्नक ममस्य जामना विनी मुद्र इहे ना १ जात्नाः এই কথা আমি বলি,—আমাদের ইক্রিয়বৃদ্ধি হইতে ভধু যে সৌন্দর্যা-জ্ঞান উৎপন্ন হয় না, ভাহা নহে, পরন্ধ কথন কথন উহাধারা আমা-শের দৌন্দর্যাক্তান আচ্চন্ন হইয়া যায়। একজন কারুশিলী, বিলাস-শিল্ডমময় বিবিধ মুর্তির অনুকৃতি রচনা করিয়া সম্ভোষ লাভ করিতে পারেন; কিন্তু উহা আমাদের :ইক্সিয়ের তৃপ্তিকর হইলেও, আমাদের চিত্তকে উদ্দেশিত করে; আমাদের অন্তরে মুন্দরের যে বিশুদ্ধ অক-

শক্ষ আদর্শ বিদামান আছে, তাহাকে ব্যথিত করে। অতএব প্রথগনকতা স্থলরের পরিমাপক নহে; কেন না, কোন কোন স্থলে, উহা দৌন্দর্যাকে নই করে—স্থলরকে ভুলাইলা দেয়। অতএব যাহা কিছু স্থান, তাহাই স্থলর নহে; যেহেতু, বেখানে স্থলর বস্তু নাই— দেখানেও স্থান কম্বাক পরিমাণেই দেখিতে পাওলা যাল—সমধিক পরিমাণেই দেখিতে পাওলা যাল।

হৃদ্দর ও হ্রথণ বস্তর মধ্যে যে প্রভেদ—উক্ত তর্টিই তা'র ম্কে বিদামান ; অর্থাং, ইক্লিয়চেতনা ও জ্ঞানের মধ্যে যে প্রভেদ' উহ্-দের মধ্যেও সেই প্রভেদ।

যথন কোন পদার্থের সংস্রবে তোমার স্থায়ত্তক হয়, তথন যদি কেহ তোমাকে তাহার কারণ জিজাদা করে, তুমি তা'ব কিছুই উত্তর দিতে গার না, তুমি শুধু বল'—এইরপই আমি অন্তব্ করি। যদি কেহ তোমাকে জানাইয়া দেয়, যে, ঐ একই পদার্থ ইইতে অন্ত বক্তিদের ভিন্নপ্রকার অন্তব্তি উৎপদ্ন হয়—উহা তাহাদের অগ্রীতি উৎপাদন করে; তাহা ইইলে তুমি বোধ হয় বিরিত হওলা; কেন না, তুমি জান, বিভিন্ন লোকের বিভিন্ন কচি; সেই জন্তু, অন্তব্তি সম্বন্ধ তুমি কাহাকেও প্রতিবাদ করিতে পার না। কিছু বদি কোন বন্ধ কেবল মাত্র স্থাব না হয়—তাহার উপর আবার যদি তুমি তাহাকে স্থাব বিবিজ্ঞান কর—তাহা ইইলে দে স্থাকে তুমি কি তাহার প্রতিবাদ কর না ? তাহার দৃগ্যন্ত, মনে কর—এই মহন্ববান্ধক স্থিতি স্থানর; স্থোনিয়ের দৃগ্য, কিংবা স্থান্তের দৃগ্যটি স্থানর; নিঃসার্থভাব ও ঐকান্তিক নিষ্ঠান্ধ ভাবটি স্থানর; ধর্ম স্থানর; মদি কেহ এই সকল সিদ্ধান্তের স্তাভাবিন্নর প্রতিবাদ করে, তথন প্রেমি বেরপ তুমি সহতে গান্ন বিন্যা বিন্যাহিলে, এঞ্লে তুমি সেরপ্র

সহজে সার দিতে পার না;—তুমি ভাহার দেই প্রতিবাদকে তিয়
কটির অনিবার্থ্য পরিণাম বলিয়া নিশ্তিত হইতে পার না; তখন
তুমি ইস্তিরচেতনাশক্তির তারতব্যের দোহাই দেও না; তুমি তখন
এমন একটা প্রমাণের দোহাই দেও, বাহা সক্লের পক্ষেই স্মান
বলবং,—অর্থাৎ তখন তুমি জ্ঞানের দোহাই দেও;

ত্বন তোমার মনে হয়, তোমার প্রতিবাদকারীকে প্রান্ত ব্লি বিশ্বত তুমি অধিকারী; কেন না, এছলে তোমার নিদ্ধান্তটি, স্থকর কিংবা কঠকর ইব্রিরাস্কৃতির ভার এমন-কোন কিছুর উপর প্রতিষ্ঠিত নহে যাহা পরিবর্তনশীল ও ব্যক্তিগত। স্থাস্কৃতি আমাদের নিজের দৈহিক গঠনতার গণ্ডির মধ্যেই আবদ্ধ; এই গঠনতার প্রতিমৃহর্তেই পরিবর্ত্তিত হইতেছে;—বাদ্ধোর অবস্থা অস্থারে, বাযুর শৈতাতাপ-অস্থারে, আমাদের লায়্র অবস্থা-অম্থারে নিয়ত পরিবর্তিত হইতেছে। কিন্তু স্থলর-সম্বদ্ধে এরপ বলা যায় না। সত্যের ভার স্থলর আমাদের কাহারও নিজন নহে। ইহার সম্বদ্ধে যদ্ভাক্রমে বিচারনিপত্তি করা আমাদের কাহারও অধিকারায়ভ্ত নহে; এবং যথন আমরা বলি,—''ইহা স্ক্র্যু,'' 'ইহা স্থলর,''—তথন উহা আমাদের ইক্রিয়চেতনার অস্তৃত পরিবর্ত্তনশীল ও ব্যক্তিগত ধারণামাত্র নহে, উহা ধ্বব শিদ্ধান্ত - যাহা মস্থ্য মাত্রেরই জ্ঞানে প্রতিভাত হইয় থাকে।

ইক্রিরচেতনাকে যদি জ্ঞানের সহিত এক করিয়া ক্ষেপ, স্থলরকে যদি স্থাস্ত্তিতে পরিণত কর, তাহা হইলে ক্ষতি-সহদ্ধে আর কোন নিরম থাকে না। বেশবেভিরারের আগিলো-প্রতিমাকে দেখিয়া কোন বাজি যদি বলে,—অন্ত প্রতিমা দেখিয়া আমাকে মনে যে স্থাস্তব হয়, এই প্রতিমাকে দেখিয়া তদপেকা কিছুমাত্র অধিক স্থাস্তব হয় না,

কিংবা এই প্রতিমাটি আমার জাদৌ ভাল লাগে না, ইহাতে কোন **গৌন্দর্য্য আমি দেখিতে পাই না, তাহা হইলে আমি তাহার অমুভূতির** প্রতিবাদ করিতে পারি না: কিন্তু যদি সেই ব্যক্তি তাহা হইতে এইরূপ নিদ্ধান্ত করে বে, অ্যাপলো স্থন্দর নহে, তথন আমি মুক্তকণ্ঠে তাহার প্রতিবাদ করিব, আমি তাহাকে স্পষ্ট বলিব, দে ভ্রমে পতিত হইয়াছে। লোকে স্থক্ত ও কুক্চির মধ্যে প্রভেদ করে; কিন্তু যদি স্থলার ওধু স্থবদ-তেই পরিণত হয়, তাহা হইলে এই প্রভেদের অর্থ কি ? তুমি আমাকে বলিবে, আমার কচি নাই; অর্থাং— তোমার ধেরূপ অন্বভৃতি হইতেছে, স্মামার দেরূপ অন্নভৃতি হইতেছে ना-এই ना ? य जिनिम्हिक जूमि अभःमा कतिराज्ञ, जैश তোমার উপর যে প্রভাব প্রকটিত করিভেছে, আমার উপরেও কি দেই একই প্রভাব প্রকটিত করিতেছেনা ^{গু} তুমি যাহা অফুভব করিতেছ, তাহা যেমন সতা, আমি যাহা অত্মূলক করিতেছি, তাহা কি তেমনই সত্য নহে ? তবে কি করিয়া ভূমি বলিবে, তোমার অরুভৃতিটিই ঠিক্, এবং আমার অরুভ্রট ঠিক্ নহে,—যথন আমরা উভয়েই দেই একই বস্তর অত্তব করি:তছি। তুমি যাধা অত্তব করিতেছ, তাহাই অধিকাংশ লোক অহুতব করে, এবং আমি যাহা অত্বত্তৰ করিতেছি, তাহা অধিকাংশ লোক অত্বত্তৰ করে না—এই बस्रहे कि जूमि এहे कथा वनित्जह ? किन्ह मठामरजंद्र मःथा। এन्हरण किছूरे नरह । स्रमाद्वत यथन এहेक्नल नक्नल कत्रा रुरेग्राट्ड,—गोरा **रेखि**न ধের প্রীতিজনক, তাহাই স্থন্দর, তথন উহা যদি একজনেরও ইক্সিয়কে পরিতপ্ত করে, সমস্ত মানবমগুলীর নিকট উহা কদাকার ৰলিয়া বিবে-**ठि**ठ रहेला ३, भिर अकबन बाक्ति याशात हेलिय जुल इहेरजस्ह, स्मृ উহাকে স্থব্দর বলিয়া ভাষ্যকপে আখ্যাত করিতে পারে; কেন না,

দে, স্থন্তরের যে লক্ষণ করিয়াছে, তাহার সহিত উহার সম্পূর্ণ মিল স্মাছে। তাহা হইলে বলিতে হয়, বাস্তবিক স্থান্তৰ বলিয়াকোন জিনিসই নাই; সমন্ত লোকগ্যই আপেক্ষিক ও পরিবর্তনশীল; সমন্ত শোল্বাই অবস্থান্থাত, প্রথানুগত, বা প্রচলিত সংস্থারের অনুগত; ন্দোন্দর্যাের মধ্যে যতই ভেদ থাকুক না কেন, যদি উহা কোন त्नारकत्र हेक्चिरञ्जिकत्र रुव, जार्श हहेल छेरा मकलात्रहे मसाम श्रृजा হইবে; এবং যথন এই জগতে লোকের প্রকৃতি-বৈন্মার অন্ত নাই, তথন কোন-না-কোন জিনিস কোন-না-কোন লোকের গ্রীতিকর হইবে, তাহাতে আর আন্চর্যা কি ;—তাহা হইলে এমন कि इरे थाटक ना, याश सम्बद्ध नहर ; अथवा, आव अ अविव्य বৰিতে গেলে, হলুর বলিয়াও কোন জিনিস থাকে না, কুংগিত বনিমাও কোন জিনিস থাকে না; তাহা হইলে হটেনটট হ্বানস (Venus) ও মেনিচির स्वीनम-- इट এক-সমান :- এই সিদ্ধান্তটি বেমন অবঙ্গত, বে মূলত্ত্ত অনুবরণ করিয়া এই বিদ্ধান্তে পৌছান গিরাছে, তাহাও দেইরূপ অবঙ্গত। এই অবঙ্গতির হাত হইতে এড়াইবার একটি মাত্র উপায় আছে: বে উপায় প্রেমাক্ত মল ভ্রটিকে প্রত্যাধ্যান করা ;—এই কগা স্বীকার কর। যে, স্থল:রুর একটি ধ্রুব আদুর্শ আমাদের অন্তরে নিহিত আছে — উহা ইক্সিয়ামুন্তি হইতে সম্পূর্ণক:প বিভিন্ন।

বে চড়ায় ঠেকিয়া প্রত্যক্ষবাদের তরীধানি চুর্গ হইরা যায় সোট এই:—অপূর্য অনীম নৌল্যোর একটা ধারনা কি আমাদের অন্তরে নাই? যথন আনরা প্রকৃতির বিচিত্র-শোভাদৌল্যো মুগ্র ইই, দেই সঙ্গে একটা উক্তরে নৌল্যোর, নিকে আমাদের চিন্ত কি উন্নীত হয় না,—যাধাকে প্রেটো 'স্কুলরের আইডিয়া" বলেন, থানং তাঁহার স্তায় স্থক্মার-ক্রচির লোকমাত্রই—প্রকৃত কলা-গুণী-মাত্রই—যাহাকে সৌলর্য্যের মূল আদর্শ বলিয়া অভিহিত করেন ? আমরা যথন বিবিধ পদার্থের মধ্যে সৌলর্যের তারতম্য নির্নারণ করি, তথন অনেক সমরে আমাদের অভাতসারেও আমরা কি সেই মূল-আদর্শের সহিত তাহাদের তুলনা করি না—যে আদর্শটি বিশেষ-বিশেষ সৌলর্য্যের মানকণ্ডস্বরূপ ? স্থলরের যে পূর্ণ-আদর্শ আমা-দের সমস্ত সৌলর্য্যজানকে আচ্ছর করিয়া রহিয়াছে, যে জতীক্রিয় ধ্রুম্ব সৌলর্যার রূপ করনা অসম্ভব, তাহাকে ইক্রিয়্রোধ কি করিয়া প্রকাশ করিবে ?

অতএব, যে দর্শনতন্ত্র শুরু ইন্দ্রির হইন্টেই আষাদের সমস্ত জান টানিয়া বাহির করিতে চেষ্ট্রা করে, সেই দর্শনতন্ত্র এই আদর্শ-দৌলর্যোর সন্থা আসিয়াই গুড়িত হয়। ইন্দ্রিয়বোধ হইতে তির যে ভাবরস,—সেই ভাব-রসের দারাও ইহার সম্চিত ব্যাখ্যা হয় কি না, দেখা যাক্। জ্ঞানের অনেকটা কাছাকাছি যায় বলিয়া, কোন কোন বিচক্ষণ ব্যক্তি, ক্ষ্মেরের ধারণা ও মন্ত্রের ধারণার মূলে এই ভাবরসকে স্থাপন করিয়াছেন। অবশ্য ইন্দ্রিয়বোধ হইতে ভাবরসে অগ্রসর হওয়া কতকটা উন্নতি বটে। আমাদের মতে, কদিয়াক্ ও হেল্ভেসিয়ান্ ছাড়া, হিসন্ ও শ্বিথ্ প্রভৃতি আরও কতকগুনি দার্শনিক এই মতাবলহী।—কিন্তু আমাদের বিখাস,—আমরা সমাক্রপে প্রতিপন্ন করিয়াছি যে, জ্ঞানের সহিত্ত ভাবকে এক করিয়া ক্ষেনির, ভাবের মূল্টিকে ভাব হইতে অপ্সারিত করা হয়। ভাবের প্রকৃতি পরিবর্জনশীল ও সবিশেষ; যেমন মান্ত্র্যে মান্ত্রের নাই ভাবের প্রত্তিক শান্ত্রের ভাবের মধ্যেও পার্থকায় দৃষ্ট হয়; তাই ভাব কথনই স্বসম্পূর্ণ বা অনস্থানিরপক্ষ হইতে পারে না। মূল্তক্ত না

হইলেও, ভাব যে একটি প্রধান তথ্য, তাহাতে সন্দেহ নাই। প্রথমে জ্ঞান হইতে ভাবের পার্থক্য ভালরূপে নির্ণয় করিয়া, তাহার পর ভাবকে আমরাই ইন্দ্রিয়বোধ অপেক্ষা উচ্চ আদনে স্থাপন করিব এবং সৌন্দর্যাগ্রহণে ভাবের কতটা হাত আছে তাহা দেখাইব।

যে প্রকৃতি-রাজ্যে মামুষ সৌন্দর্য্য দেখিতে পায়, দেই প্রাকৃতিক কোন পদার্থের সন্মুখে আপনাকে তুমি স্থাপন কর এবং সেই পদার্থ দর্শনে তোমার অস্তরে কিরুপ ব্যাপার উপস্থিত হয় তাহা মনোযোগ সহকারে একবার পর্যাবেক্ষণ কর। ইহা কি ঠিক নতে - এখন ভূমি কোন পদাৰ্থকৈ ফুল্ব বলিয়া স্থিৱ কর, তথন সেই পদাৰ্থের সৌন্দর্যাও ভূমি অতুভব কর,—মর্থাৎ তদর্শনে ভোনার অওবে একটি মধুর ভাবের দঞ্চার হয় এবং তথন তুমি সহাত্তভূতি ও প্রীতির স্মাকর্ষণে তাহার প্রতি সাকৃষ্ট হও? অভস্থলে যথন তুমি ইহার বিপরীত বলিয়াই স্থির কর, তথন তোমার অস্তরে বিপরীত ভাবেরই স্মাবিভাব হয়। বিচারে যখন ভূমি কোন পদার্থকে কুংদিং বলিয়া **ন্ধির কর, তথন দেই সঙ্গে তোমার অন্ত**রেও একটা বিরাগের ভাব উপস্থিত হয়: এবং বিচারে যথন কাথাকে স্লন্দর বলিয়া প্রির কর ভগন দেই দলে তোমার অন্তরেও একটা অনুরাগের ভাব উপস্থিত अक्टिक अमार्थ मर्नाताहै त्य ७६ वहिक्य छात्र छै:पन्न इय, ভাহা নহে। যে কোন বিষয়ই হোক না কেন, বিচারে ঘাহা কিছু আমত্রা স্থব্দত্র কিংবা কুংসিং বলিয়া ন্তির করি, ভাহারই সম্বন্ধে এই-ৰূপ চুইটি বিপৰীত ভাব আমাদের অন্তরে উপস্থিত হয়। যত ইচ্চা অবতা পরিবর্ত্তন করিয়া দেখ,—একটা চমংকার অট্টালিকার সন্মধে কিংবা একটি সুন্দর প্রাক্তিক দণ্ডের সন্মধে আপনাকে স্থাপন কর: দেকার্ট ও নিউটনের মহং আবিধার, (Conde) কদের মহতী বী র-কীর্ত্তি, Saint Vincent de Paul-এর অফুপম ধর্মভাব মনে ভাবিরা দেব; আরও উর্দ্ধে আপনাকে উত্তোলন কর;—অনস্তপুরু-ধের ধারণাটিকে আপনার অস্তরে জাগাইরা তোল;—যাহাই কর না কেন,—যথনই স্থলরের ভাব তোমার মনে উদীপিত হইবে, সেই সঙ্গে তোমার চিত্ত একপ্রকার অপূর্ব্ধ মাধুর্যারসে পরিপ্লুত হইবে, এবং সেই রুগোদ্দীপক বিষয়টির প্রতি তোমার অফুরাগ স্বভাবতই ধাবিত হইবে।

বিষয়টি যে পরিমাণে স্থান্দর—আয়ার আনন্দও সেই পরিমাণে তীর এবং অনুরাগও দেই পরিমাণে গভীর হইয়া থাকে—অথচ সে অনুরাগের মধ্যে লালসার উদাম আবেগ থাকে না। আমরা যথন কোন বস্তুকে স্থান্দর বিলিয়া মনে মনে প্রশংসা করি, সেই প্রশংসার মধ্যে আমাদের বিলার কির প্রভাব বেশী থাকিলেও উহা ভাবরসে অস্থানরিত। যথন আমাদের এই গুণমুম্মতা (admiration) এমন একটা সীমায় আসিয়া পৌছে যে, ভাহাতে চিত্ত চঞ্চল ও উত্তেজিত হইয়া মানব-প্রকৃতির দীমা ছাড়াইয়া যায়, তথন চিত্তের এই অবস্থা,—উয়ও অনুরাগ বা মন্তর্ভা (enthousiasm) নামে অভিহিত হয়।

ইক্রিয়বোধের দর্শনতন্ত্র, স্থানরসম্বন্ধীয় ধারণার ব্যাধ্যা করিতে গিয়া সৌন্দর্যারসের স্বভাববিরুদ্ধ ব্যাধ্যা করিয়া থাকেন;—সৌন্দর্যার্ব্য ও স্থামুভূতি, এই উভয়কে এক করিয়া কেলেন। এই দর্শনতন্ত্রের নিকট সৌন্দর্যা, বাসনা বই আর কিছুই নছে।

কিন্তু প্রত্যক্ষবাপারনমূহ এই মতবাদের বিরুদ্ধে যেরূপ সাক্ষ্য দেয় এমন আর কোন মতবাদের সম্বন্ধে নহে।

বাসনা কাথকে বলে ? প্রকাশা ভাবেই হউক, বা গোপনেই হউক, কোন বস্তকে পাইবার জন্ম চিত্তের যে আবেগ, তাহাই বাসনা। গুণমুগ্ধতার প্রকৃতি ভক্তিরদায়ক; পক্ষাপ্তরে বাগনা স্থকীয় কিব্যকে । অংগানীত করে।

বাসনা,—অভাববোধ হইতে উৎপন্ধ হয়। অভতাৰ বাসনা ৰলিলেই বুঝায়,—যাহার মনে বাসনার উদয় হয়, ভাহার একটা কিছু অভাৰ আছে, ক্রটি আছে এক ডজ্জন্ত সে কতকটা কইও পাইয়া থাকে; কিন্তু সৌন্দর্যারসের পরিতৃত্তি সৌন্দর্যারসেই; সৌন্দর্যারস আমপরিতৃপ্ত।

वामना कालामधी, व्यादशमधी ७ इ:बनाधिनी। शकास्तर, ভय-वामन। विमुक्त य भीन्तर्यात्रम, भारे भीन्तर्यात्रम विकृत्व डेब्रङ করে, পুলকিত করে, এমন কি কথন কথন মন্ততার সীমা পর্যাঞ্জ লইয়া বায়: অন্থত উদাম বাদনার যে কট তাহা ভোগ করিতে হয় না। ইন্দ্রিপরায়ণ বাক্তি বেখানে ওধ ইন্দ্রিয়াকর্ষক ভার ও ভীষণ ভাব দেখিতে পান, কলা खेंगे সেখানে কেবল সৌন্দৰ্য্যই দেখেন। মটিকা-তাজিত জাহাজের উপর যখন আবোহীগণ উদ্ধালতরক দর্শনে ও মন্তকোপরি ভীষণ ৰম্ভনির্ঘোষ প্রৰণে কম্পিতকলেবর হন, তথন কলা গুণী সেই ভীম-কান্ত দুশোর গুধু সৌন্দর্যাধ্যানেই নিমন্ন পাকেন 🕽 বড়ের মহান ও ভীষণ সৌন্দর্য্য অধিকক্ষণ ধ্যান করিতে পারিবেন रिनयो, कना भ्रेनी (स्त्रर्स (Vernet) अक्टो माझर स्माननारक বাধিয়া রাখিয়াছিলেন। যথনই তিনি ভয় পাইলেন, মানব-সাধারণ আবেগের ৰশবন্তী হইলেন, তথনই তাঁহাতে যে কলাগুণী ছিল, সেই কলা গুলীই যেন মৃক্তিত হইল: তথন সামাক্ত মামুধ ছাড়া তাঁহাতে আর কিছুই রহিল না।

সৌন্দর্যারস ও বাসনা—এই উভয়ের মধ্যে এইরপ সম্বন্ধ যে, উভয়ই উভয়কে থওন করে। একটা আমাধরণের দৃষ্টান্ত দিই:— স্থাছ শরবাঞ্জন ও অনৃত্যর বিবিধ স্থায় সজ্জিত একটা ভোজের স্থান দেখিবা তোমার চিত্তে ভোগবাদনা জাগিবা উঠে; কিন্তু সৌন্দর্যারূদবোধ জাগিয়া উঠে না। আবার নেত্রসমক্ষে স্পজ্জিত এই সমস্ত
সামগ্রীর দ্বারা আমার রদনা তৃপ্ত হইবে,—একথা না ভাবিয়া, যদি
তথু আমি ভাবিয়া দেখি, স্থানটি কেমন সাজান হইয়াছে, ভোজের
বাবস্থা কিরপ পারিপাটী হইয়াছে, ভাহা হইলে, সৌন্দর্যারদবোধ
কিরৎপরিমাণে আমার অস্তরে জাগিয়া উঠিতে পারে; কিন্তু ইহা
নিশ্চয়, ভোজন-স্থানের এই সজ্জা-স্থামা—ভোজের এই বাবস্থাপারিপাটা আয়ামাং করিবার জন্ত আমার মনে কথনই বাদনার
উদ্রেক হইবে না।

বাদনার উদ্রেক করা—বাদনাকে উদ্দীপিত করা দৌন্দর্যার কাজ নহে; বাদনাকে বিশ্বদ্ধ করিয়া তোলা — শ্বংং করিয়া তোলাই তাহার কাজ। যে রমনী যে পরিমাণে স্থল্পর—(দেরপ দাধারণ-ধরণের,— স্থল-ধরণের দৌন্দর্যা নহে, বাহা চিত্রকর Rubans করা অতীব উজ্জ্বল বর্ণে চিত্রিত করিতে রথা প্রয়াদ পাইয়াছেন; পরন্ত দেই আদর্শ-দেনির্দা, যাহা প্রাচীন গ্রীদের চিত্রগণ, এবং Raphael ও Leseur প্রমান উংক্রপ্তভাবে চিত্রিত করিয়াছেন,) দেই পরিমাণে, তাহার দেই দেবীমূর্ত্তি দশনে আমাদের বাদনা, একপ্রকার অতীক্রিয় স্থল স্থক্মার ভাবের দারা উপরব্ধিত হয়,—এমন কি, কথন কথন নিঃমার্থ ভিক্রিরদে পরিগত হয়। "ক্যাপিটলের হ্বীনন্", কিংবা Sainte Cecile কিংবা Lambert-এর অট্টানিকায় অধিষ্ঠিত Musə—প্রভৃতি মৃত্তি দশনে যদি তোমার মনে ইন্দ্রিলালাগা উদ্দীপিত হয়, তাহা হইলে বৃমিব তৃমি গৌন্দর্যাাগ্রভৃতির শক্তি লইয়া জন্মাও নাই— দৌন্দর্যা হেতামার জন্ত নহে। যিনি প্রকৃত কলাগুণী, তিনি আমাদের ব

ইক্রিয় অপেকা আয়াকে অধিক পরিভৃত্ত করিতে চেষ্টা করেন।
সৌলর্যা চিত্রিত করিবার সময় তিনি তুর্মু আমাদের মনে বিভ্রদ্ধ
সৌলর্যারসেরই উদ্রেক করিবার প্রয়াস পান; যখন তিনি সৌল্যারস
এতটা জাগাইয়া তোলেন বে, উহা মন্ততার সীমায় আসিয়া পৌছে,
তথনই তাঁহার গুণপনা চরম সিদ্ধি লাভ করে;—শিল্পকলা চরম
শুংকর্ষে উপনীত হয়।

অতএব, নৌন্দর্যা-রদ একটি বিশেষ রদ, এবং সৌন্দর্যোর ধারণা ও একটি অমিশ্র ধারণা; কিন্তু এই দৌন্দর্যারদ কোন একটা বিশেষ আকারে কি প্রকটিত হয় না ॰ কোন-এক বিশেষ ভাতীয় সৌন্দর্যোর প্রতিই কি উহার প্রয়োগ হয় না ॰ অভাভ বিষয়ের ভায়, এথানে ও প্রতাক্ষকে দাক্ষী মানিতে হইবে।

যথন আমাদের নেত্রসমক্ষে কোন পদার্থ বিদামান থাকে—যাহা স্থাপত ও স্থারি দুট, এবং যাহার সমন্তটাকে এক-নছরে আমরা সহজে ধরিতে পারি,—যেমন কোন স্থানর ফুল, স্থানর প্রতিষ্ঠি, কিংবা প্রাচীন গ্রীসের কোন অনতি বিরাট্ শোভন মন্দির,—তথন আমাদের সমন্ত মনোর্ডিই ঐ পদার্থের প্রতি আসক হয়, এবং এক-প্রকার অবিমিশ্র সম্ভোধ-সহকারে তাহার উপর বিশ্রাম করে; আমাদের ইন্দ্রিয়াগা, উহার সমন্ত খুটিনাটি সহজে ধরিতে পারে, এবং আমাদের জান উহার সমন্ত খুটিনাটি সহজে ধরিতে পারে, এবং আমাদের জান উহার সমন্ত অংশের মধ্যে একটা সহজ সামঞ্জ উপলব্ধি করে। ঐ পদার্থটি তিরোহিত হইলেও উহার প্রতিরূপ আমারা স্পাইরূপে করনা করিতে পারি;—কেননা, উহার অব্যব ওলি এতই স্থানিন্দিই ও স্থবিভক্ত। আমাদের অন্তরায়া তথন উহার ধানে এক প্রকার মধুর ও প্রশান্ত আনন্দ্র অন্তরায়া তথন উহার ধানে এক প্রকার মধুর ও প্রশান্ত আনন্দ্র অন্তর্বায়া বিক্রিত হইলা উঠে।

भकाञ्चल, आमत्रा यनि अमन-कान भनार्थ अवलाकन कति, যাহার আকার-প্রকার তেমন স্থপ্ত ও স্থনির্দিষ্ট নহে, অথচ যাহা দেখিতে খুবই স্থলর, অবশা তাহা দেখিয়াও আমরা একপ্রকার হ্মথ অনুভব করি, কিন্তু তাহা ভিন্ন শ্রেণীর স্থথ। এই পদার্থটিকে প্রথমটির মত আমাদের সমস্ত ইন্দ্রিয়ের দারা গ্রহণ করিতে পারি না। জ্ঞান তাহার একটা সুল ধারণা করিতে পারে মাত্র; কিন্তু আমাদের ইক্রিয়সকল তাহাকে সমগ্রব্ধে উপলব্ধি করিতে পারে না, এবং আমাদের কল্পনাতেও তাহার প্রতিরূপ স্পষ্টরূপে প্রকাশ পার না: আমাদের ইন্দ্রিরাদি, আমাদের কল্পনা, স্বকীয় অন্তিম সীমার পৌছিতে বুথা প্রবাদ পার; আমাদের মনোবৃত্তিগুলি ঐ পদার্থ টিকে উপলব্ধি করিবার জন্ম আপনাদিগকে সাধানত বিবন্ধিত করে, বিফারিত করে: কিন্তু তথাপি ঐ পদার্থটিকে ধরিতে পারে না, পদার্থটি উহা-দিগকে অতিক্রম করে। আমরা এইরূপ পদার্থ হইতে যে স্থুথ অনু-ভব করি, দে স্থথ উহার বৃহত্ব হইতেই উৎপন্ন হয় ; কিন্তু ঐ বৃহত্বই আমাদের অন্তরে একটা বিধাদের ভাব জন্মাইয়া দেয়: কেন না. ঐ বৃহত্তের মাত্রা আমাদের পক্ষে--আমাদের ধারণার পক্ষে অত্যন্ত বেণী। তারকা থচিত আকাশ, বিশাল সমুদ্র, উত্তন্ত পর্ব্বত—এই সমস্ত দেখিয়া আমরা মুগ্ধ হই বটে : কিন্তু তাহার সহিত একটা বিবা-দের ভাবও মিশ্রিত থাকে। তাহার কারণ, সমস্ত জগতের স্থায় ঐ সকল পদার্থ বাস্তবিক স্বীম হইলেও আমাদের নিকট অসীম বলিয়া মনে হয়; কেন না, উহাদের অপরিমেয়তা আমরা ধারণ করিতে পারি না; এবং যাহা বাস্তবিক অসীম, তাহাকে অত্মকরণ করিতে গিগা আমাদের অস্তরে অনস্তের ভাব উদ্বোধিত হয়: এই অনস্তের ভাব থেমন একদিকে আমাদিগকে উদ্ধে উত্তোলন করে, তেমনি অপরদিকে আমাদিপকে নীচে নামাইয়া বিনম্র করিয়া তুলে। ইংগর অন্থরূপ যে ভাবরসটি আমরা অনুভব করি, উহাকে একপ্রকার কঠোর স্থাবলিতেও বলা যায়।

এই প্রভেদটি স্পষ্টরূপে প্রদর্শন করিবার জন্তু, আরও অনেক দুঠান্ত দেওয়া যাইতে পারে। যাহা এক-নজরে সহজে দেখা যায়, এইরূপ বৈচিত্তাবিশিষ্ট অনতিবিস্তৃত একটা ময়দান দেখিয়া তোমার বে মনোভাব হয়, সাগর-তরঙ্গ-বিক্ষোভিত-পাদ কোন অন্রভ্রেদী ছর্ধিগমা পর্বত দর্শনেও কি তোমার একই প্রকার মনোভাব হয় । মধুর দিবাবোক, স্থানিত কণ্ঠস্বর, তোমার মনের উপর যে প্রভাব প্রকটিত করে,—বোর অন্ধকার ও মহানিস্তরতাও কি সেই একই প্রকার ভাব ভোমার মনে উদ্রেক্ করে ? আবার জ্ঞান ও দীতির দিক দিয়া দেখ-যখন কোন ধনাটা লোক, তাহার ধনভাগুার মকু-ষ্ঠিতভাবে দীনদ্বিদ্রের নিকট উন্মুক্ত করে, কিংবা যথন কোন উদার-C5তা ব্যক্তি নিজ্পক্রর প্রতি আতিগা প্রদর্শন করে, এবং আপনার জীবনকে সম্কটাপন্ন করিয়াও দেই শক্রর প্রাণ রক্ষা করে.—এই উভয় স্থাৰে তোমাৰ মনোভাৰ কি একইরূপ হইয়া থাকে ? সুল্লিড ছ्त्माबन्न ও কোমলকাম্বপদাৰলীতে পূৰ্ণ একটা লগুধরণের কৰিতা মনে করিয়া দেশ, Horace-এর পত্র-Vultaireএর কুদ্র পদান্তলি মনে করিয়া দেখ, - স্মার তাহার পাশাপাশি 'ইলিয়াড়, কিংবা ভারত-ৰাদীদিগের দেই সৰ মহাকাৰা—যাহা আশ্চর্যা ঘটনায় পরিপূর্ণ, যাহাতে উচ্চাঙ্গ-দর্শনের সহিত ক্লকর ও বিবাদময় বর্ণনা সন্মিশ্রিত-বাহার লোকসংখ্যা দ্বিসহস্রাধিক, দেবতা ও রূপক-বিষয়ীভূত ব্যক্তিগণ বাহার নারক—দেই সৰ মহাকাবা মনে করিরা দেখ; এই উভয় ছাতীয় কাৰা পাঠে তোমাৰ মনে কি একই প্ৰকাৰ ভাৰ সম্দিত

গণ १ নার একটা দৃষ্টান্ত দিই —ইহাই শেষ দৃষ্টান্ত; —মনে কর একদিকে, একজন সেথক কলমের ছই-এক গোঁচার সমন্ত মানব জ্ঞানকে
বিশ্লেষণ করিলেন; কিন্তু সেই বিশ্লেষণটি বেশ প্রীতিজনক হইলেও
ভাহাতে গভীরতা নাই; আর এক দিকে, একজন দার্শনিক, জ্ঞানরব্বিকে তর্মভ্রম্নেপ বিশ্লেষণ করিবার উদ্দেশে, দীর্মকাল ব্যাপ্ত
থাকিরা জ্ঞানের মূলতত্ব ও তথপ্রস্থাত ফলপরশ্বরা তোমার সম্মুখে
ধারণ করিলেন; ভাহার প্রনীত দেই "ইন্দ্রিন-বোধসম্বন্ধীয় স্কর্ভ"
ও "বিশ্লম্বন্ধন তত্ববিভার" পাঠ করিয়া নেখ, —সতা-মিথারে কথা
না ভাবিয়া ভর্ সৌন্ধ্যার দিক্ নিয়াই দেখ, —এবং তাহার পর তুলনা
ক্রিয়া বল, —এই উভয় শ্রেণীর লেখা পাঠ করিয়া তোমার মনে
ক্রিমা বল, —এই উভয় শ্রেণীর লেখা পাঠ করিয়া তোমার মনে
ক্রিমা বল, —এই উভয় শ্রেণীর লেখা পাঠ করিয়া তোমার মনে

অতএব দেখ, এই ছই প্রকার ভাব, সম্পূর্ণরূপে বিভিন্ন ; একটিকে বিশেষরূপে ''স্থ-দর,'' এবং অপরটিকে ''মহান্' বলা যার।

নৌদ্যারসগ্রহণে বে স্কল মনোরতি প্রযুক্ত হয়,—সেই স্কল মনোরতির আলোচন। সম্পূর্ণ করিবার জন্ত, জ্ঞান ও ভাবের পর আর একটি মনোরতির উল্লেখ করা আবেগুক; সে রতিটিও কম প্রয়োজনীয় নহে; সেই রতিটি মন্তর্রিওবিকে স্কাব করিলা তোলে,—সেটি করনা।

কোন ৰাহ্মপদার্থ সন্মান থাকিলে, আমাদের ইক্সিরবোধ, বিতারবৃদ্ধি ও ভাবরদ থেরপ দেই পদার্থের প্রতি প্রবৃক্ত হয়, সেই-রূপ তাহার অবিদ্যমানেও সেইদকল বৃত্তির পুনরাবির্ভাব হইয়া থাকে। দেইস্থলে উহাকে স্থৃতি বলা যায়।

শ্বতি বিবিধ; কোন পদার্থের সম্মুৰে আমি ছিলাম বলিরাই যে ভুধু সেই পদার্থ আমার মনে পড়ে, তাহা নহে; পরস্কু সেই পদার্থের উপস্থিতিকালে সে যেমনটি ছিল, যেমনটি আমি তা'কে দেখিলাছিলাম, যেমনটি অন্ধতন করিলাছিলাম, বিচারে তাহাকে যেমনটি ভাবিলাছিলাম, তাহার অবিদ্যামানেও ঠিক্ দেই ভাবেই ভাহাকে আমার মানদ-পটে অক্ষিত করি। এইরূপ স্থলে, কোন কোন দার্শনিক, এই মৃতিকে করনা মুক স্মৃতি বিনিধা অভিহিত করেন। উহাই করনার রুবির মৃশ; কিন্তু করনা উহা ইইতে আরও কিছু বেশা।

শৃতিকর্তৃক যে সকল প্রতিবিধ জ্ঞানীত হয়, মন সেই স্কল প্রতিবিধকে বিশ্লেষণ করে, উহাদের বিভিন্ন জ্বয়ব-রেথার মধ্য হইতে কতকগুলি নির্মাচন করিয়া লয়, এবং সেই স্কল রেথা লইয়া স্মাধাক নৃত্তন প্রতিবিধ রচনা করে। নৃত্তন রচনার এই শক্তিট না থাকিলে কল্পনা, শৃতির গণ্ডির মধ্যেই বন্দী হইয়া থাকিত, সন্দেহ নাই।

পদার্থসমূহের দারা উপরক্ষিত হওয়া, ঐ সকল পদার্থ অনুপজিত, কিংবা অন্তহিত ইইলেও উহাদের প্রতিবিদ্ন প্রকংপাদন করা, এবং নৃতন করিয়া রচনা করিবার জন্ম ঐ দকল প্রতিবিদ্ধকে রূপান্থিতিই করা,—ইহাতেই কি সমন্ত করানা নিংশেষিত হয় গুলা, তাহা নহে। অন্ততঃ ঐগুলি করানার মূল উপাদান; কিন্তু উহাতে আরও কিছু বোগ করা আবস্তক;—দেটি দৌল্লহারদ। এই দৌলহারদের প্রভায় মহতী করানা পরিপোষিত ও উহাদিত হইয়া থাকে। কোন নাটককার বদি কোন নায়কের চরিত্র ভাল করিয়া অনুশীলন করেন, তংসম্বন্ধে কতকগুলি জীবত্ত দৃশ্য প্রদর্শন করেন, তাহা হইলেই কি যথেই হইল গুলা; তা' ছাড়া দৌল্লহারদ চাই, দৌল্লহার প্রতি অন্তর্মা চাই;—দেই মহং অন্তঃকরণ চাই, ঘাহা হইতে নাটককারের মহতী রচনা প্রস্তে হইবা থাকে।

কথাটা ভাল করিয়া বুঞিয়া দেখ। আমি বলিতেছি না-এই সৌন্দর্যারদাই কল্পনা; আমি শুধু বলিতেছি, এই দৌন্দর্যারদের উৎস रुटेट दे कहाना देवका हिं लांड करत, कहाना कलवडी रूप। कहाना-বিবরে লোকের মধো যে এত পার্থকা দৃষ্ট হয় তাহার কারণ,— কেহবা পদার্থসমূহ প্রত্যক্ষ করিয়াও উত্তেজিত হয় না, বে সকল প্রতিবিধ তাহারা স্বকীয় ভিত্তে সংরক্ষিত করে, দেই সকল প্রতিবিধ দেখিয়া ও উত্তেজিত হর না, যোগাযোগ করিয়া যে সকল নৃতন প্রতি-বিশ্ব তাহার৷ রচন৷ করে, দেই সকল নূতন রচনাতেও তাহার৷ উত্তে-জিত হয় না। পক্ষায়ন্তে, আর কতক ওলি লোক,—যাহাদের একটা বিশেষ প্রকারের ভার-বোধশক্তি ছাছে: কোন প্রার্থের প্রথম দুর্শনেই যাহাদের তীব্রতর গভীরতর একপ্রকার চিত্রবিকার উপস্থিত হয়.— তাহারাই দেই জনম্ভ স্থৃতি গুলিকে অন্তরে রক্ষা করে, এবং তাহাদের সমস্ত মনোবৃত্তির পরিতালনায় একটা প্রবল আবেগ পরিল্ফিড হয়। এই ভাব-রুষ্টি অপেদারিত কর—সমস্তই নিজীব হইয়া পড়িবে। এই ভবি-রদের প্রবাহ ছুট্ক,—স্বাবার সমস্তই জীবন-ক্ষ্তি লাভ ক্রিবে-জীবনের রঙ্কেরঞ্জিত হইবে।

কল্পনা গুধু দৃশ্বস্ত ও দৃশ্যবস্তর মান্সিক প্রতিবিধেই বন্ধ নহে।
ধ্বনি দৃশ্যবস্তর প্রতিবিধ না হইলেও, ধ্বনিসমূহ প্ররণে আনিয়া তাহাদের মধ্যে যোগাযোগ ঘটাইবার জন্ত কল্পনার কি আবশ্রক হল না পূ
যে বাক্তি প্রকৃত সঙ্গীত গুণী, তাহার কল্পনাপ্তি চিত্রকরের অপেক্ষা
কিছু কম নহে। যথন কোন কবি স্বভাব-বর্ণনা করেন, তথন
ভাষার প্রতি শোকে কল্পনাশক্তি আরোপ করে; কিন্তু যথন তিনি
ভাবর্ষের অব্ভার্ণা করেন, তথন কি তাহার কল্পনা অস্বীকার
করিবে পু কিন্তু কবি তাহার কবিভার মধ্যে, দৃশ্যবস্তর প্রতিবিধ

ও ভাবরস ছাড়া,—ন্যায়, স্বাধীনতা, ও ধর্ম,—এই সমস্ত নৈতিক-তত্ত্বরও কি প্রয়োগ করেন না ? এই সকল নৈতিক-চিত্রে—স্মায়ার এই আভান্তরিক জীবন-চিত্রে, কল্লনার আস্তিম নাই, এ কথা কি কেহ বলিতে পারে ?

রসবোধ যেমন কলনার উপর কাজ করে, তেমনই কলনাও তাহার দেই ঋণ স্কল-সমেত পরিশোধ করে।

আমার বক্তৰা কথাটা এই :--এই বিশ্বন্ধ ও জনম্ভ আবেগ, এই শোলগাত্রাগ-- থাহাতে করিয়া কোন বাক্তি কলা গুণী হইতে পারে, ----हेहा कहाना-প्रवेश त्नांक छाछा खाद काहात्र अस्था महे हम्र ना । ফলতঃ, সর্বাঞ্জার প্রত্যক্ষ স্থানর পদার্থই আমাদের প্রত্যেকের অন্তুরে দৌন্দর্যার্থ জাগাইয় ভলিতে সমর্থ হয়: কিন্তু সেই পদার্থটি আমাদের দৃষ্টি হইতে অস্তবিত হইয়া গেলেও, যদি তাহার জলম্ভ প্রতিবিধ আমাদের অন্তরে থাকিল না বাল, তবে মহর্তের তরে, যে নৌন্ধার্ম আমাদের অন্তরে উলোধিত হইগাছিল, তাহা অল্লে অল্লে অপনীত হয়: অন্ত কোন প্ৰাথদৰ্শনৈ সেই বুস্বোধ আবাক জাগিল উঠিতে পারে, কিন্তু তাহার অনুশ্নে আবার নির্বাণ ছট্রা যায়। দেই পদার্যটির প্রতিবিদ, কর্নার দ্বার। ক্রনাগত পরিপোনিত, ও পরিবন্ধিত না হওয়া প্রবৃক্তই উঠা অস্তরে স্থায়ী হয় না। উহাতে দেই কল্পনাশক্তি থাকা চাই পেই প্রবল অন্তঃক্তির প্ৰেরণা থাকা চাই, যাহা বাতীত কেংই কৰি হইতে পারে না---কলালণী হইতে পাৰে না।

আর একটা রন্তি-স্থকেও কিছু বলা আবিশুক। সে রন্তিটি একটি সমিশ্র রন্তি নতে; তাহা পূর্ণেবাক্ত রন্তিগুলিরই সহজ সংমিশ্রণে সমুংপর। ইহাকে কলা-কচি বলে। এই কলা-কচি-স্থকে অনেকেট আব্যথারপে আলোচনা করিয়াছেন। এতংসম্বন্ধে যে সব মতবাদ প্রকাশিত হইয়াছে, তাহাতে যদৃচ্ছাক্রমে কলা-ফ্রতিকে সীমাবদ্ধ করা হইয়াছে।

কোন একটি স্থন্দরকাব্যরচনা, কিংবা দাঙ্গীতিক রচনা শ্রবণ করিবার পর, কোন প্রতিমর্ত্তি কিংবা কোন চিত্রদর্শনে মুগ্ধ হইবার পর, যাহা প্রত্যক্ষ দেখিয়াছ, তাহা যদি মানদ-পটে আবার আনিতে পার, যে শব্দ অ'র ধ্বনিত হইতেছে না, সেই শব্দু যদি আবার গুনিতে পার.—এক কণায়, তোমার যদি কলনাশক্তি থাকে, তাহা হইলেই বলিতে পারা যায়, তমি এমন একটা জিনিদ পাইয়াছ, যাহার অভাবে প্রকৃত কলা-কৃতি জন্মিতে পারে না। ফলতং, কল্পনা-প্রস্তুত রচনার রুদাম্বাদ করিতে হইলে, দেইরূপ রচনা করিবার শক্তি কতকটা তোমার নিছেরও থাকা অবেশ্যক নহে কি ? কোন গ্রন্থকারেক রচনা-রদ অভভব করিতে জ্বলৈ দেই গ্রন্থকারের সমকক হইতে না পারিলেও অন্ততঃ কিয়ংপরিমাণে তাঁহার সহিত তোমার সাদৃশ্য থাকা আবশাক নতে কি ? কোন বাক্তি বেশ বৃদ্ধিমান;—কিন্তু নীর্দ ও কাঠোর-প্রকৃতি থেমন মান কর. Le Batteux কিংবা Condillac). তিনি কি প্রতিভার স্ফল ক্লোইসিকতার ম্যাদা ব্রিতে পারিবেন প তিনি তাঁহার সমালোচনায় একটা স্ক্ষীর্ণ কটোর ভাব ধারণ করি-বেন না কি ৮ তিনি এমন একটা যুক্তির অবতারণা করিবেন না কি, যাহা খুব কমই যুক্তিবঙ্গত ৪—। কেননা, মানব-প্রকৃতির সর্ব্বাংশ তিনি বুঝিতে অসমর্থ); তিনি এমন একটা অসহিষ্ণভাব ধারণ করিবেন না কি.—ঘাহা কলাকে বিশোধিত করিতে, গিয়া উহাকে আরেও বিকলাক ও শুরু করিয়া ফেলে গ

শক্ষান্তরে, দৌন্দর্গের মন্দ্রগ্রহণপক্ষে করেনাও পর্যাপ্ত নহে ;—

ষ্মারও কিছু স্থাবগুক। সেই সন্ত জীবস্ত কল্লনা,—যাহা সুক্তির একটি প্রধান দহার.—উহা যখন মনের উপর একাধিপতা করে. তথন উহা হইতে যে কলা-ক্ষতি প্রস্ত হয়, তাহা অতীব অপুর্ণ ; এই কলাক্তি জ্ঞানের ভিত্তির উপর স্থাপিত না হওয়ায়, তাহার বিচারের উপর নির্ভন্ন করা যাইতে পারে না: তথন দেই কলাক্রচি থুব উৎকৃষ্ট সৌলগাকেও ভুল বুঝিতে পারে--মন্ততঃ দে পক্ষে একটা আশকা थाकियां यात्र। त्रज्ञात এकइ, मर्खाःश्वत मत्या मामञ्जमा, ममञ्ज খুঁটিনাটির মধ্যে একটা যথায়থ অনুপাত, তছংপন্ন কার্য্যফল্সমূহের একটা নিপুণ সন্মিলন, স্থনির্মাচন, সংযম, ও স্থপরিমাণ,—এই সমস্ত গ্রুণ, দেই প্রকার কলা-ক্ষতি বৃড় একট। অতুভব করিতে পারেনা, এবং ঐ সকল গুণকে উহাদের ম্পান্থানে স্থাপন করিতেও সমর্থ হয় नो । कना-त5नो-প্রদক্ষে অনেকে গুধু কল্পাকেই ধর্তব্যের মধ্যে আমেন: কিন্তু উহাই দেই সব বচনার সর্বাস্থ্য নহে। Polyuete, ও Misantheope এই ছইথানি প্রমান্চ্যা অত্লনীয় নাটক শুধু কি কল্লনার দ্বারাই রচিত ৪ সাদাসিধা আধ্যান-বস্থর মধ্যে, নাটা-কার্যোর স্থবিভক্ত ক্রমবিকাশের মধ্যে, পাত্রদিগের আদেশপাস্ত চরিত্র-সঙ্গতির মধ্যে, এমন একটা উৎক্ষইতর বন্ধি-বিবেচনার বিকাশ কি নেখা যায় ना, याहा त्रश्कनारना कज्ञना इहेर्ड जिल्ला आर्वशमशी हे सिप्रटाइना হইতে ভিন্ন গ

করনা ও বৃদ্ধিবিবেচনা ছাড়া, স্ক্রুকি-বিশিষ্ট বাজির পাকা চাই
—জ্ঞানোজ্ঞল জলস্ত সৌন্দর্যাস্থরাগ। তিনি বাহার অ্রেষণ করিতেছেন--বাহাকে আহ্বান করিতেছেন, তাহার স্থিত সাক্ষাৎকার ঘটিলে
তিনি প্রমানন্দ অস্কুত্র করেন। একটা জিনিস স্কুন্ধর নহে--ইংয বৃদ্ধিতে পারাল ও প্রদর্শন করার দে স্কুণ, তাহা মধ্যমশ্রেণীর স্কুণ, —কাজটাও হীন কাজ; কিন্তু একটা স্থল্য জিনিসের মর্যগ্রহণ করা, তাহার মধ্যে প্রবেশ করা, প্রমাণের দ্বারা তাহাকে স্থপ্রতিষ্ঠিত করা, এবং সন্যকে নিজের আস্বাদিত ভাবরসের স্থাশী করা—ইহা একটি মধুরতর স্থা,—কাজটিও স্থতার উদার। সৌল্গ্যাকে অনুভব করাতেই স্থা, এবং সৌল্গ্যাকে চিনিতে পারাই শ্লামার বিষয়। উদার-ছনগ্রের দ্বারা পরিসেবিত বৃদ্ধিবিবেচনাই গুণমুদ্ধতার (admiration) উৎপাদক। এই প্রকার গুণমুদ্ধতা,—স্মলার সমালোচনা, সল্কিম সমালোচনা, চর্ক্ল সমালোচনার বহুউদ্ধে স্ববিত্ত; ইহা তাবং মহতী সমালোচনার—ফলবতী স্নালোচনার প্রাণ্ডল বলিলেও হয়; বলিতে গেলেই ইহাই করা-ক্ষির নিবা-স্থাণ।

যে স্থক্তি, সৌন্দর্যার মর্মগ্রহণে সমর্থ, দেই স্থক্তির কথা বলিয়া, তাহার পর, সেই প্রতিভার কথা কি বলিব না, যাহা সৌন্দর্যকে পূন্র্লিবিত করে? প্রতিভা আর কিছুই নহে,—স্থক্তি কাজে প্রবৃত্ত হইলেই প্রতিভা হইয়া দাড়ার ;—অথাং স্থক্তির নিজস্ব তিন্ট শক্তি, চূড়ান্তনীমার উপনাত হইয় যথন আরে একট নূতন ও নিগুড় শক্তির সহিত সন্মিলিত হয়,—প্রকাশিনী শক্তির সহিত—বাঞ্জনী শক্তির সহিত মিলিত হয়, তথনই তাহা প্রতিভারপে প্রকাশ পায়। আমরা একণে কলারাজ্যে প্রবেশ করিয়াছি। একটু অপেকা কর, এথনই সাবার কলার সহচরী প্রতিভার সহিত সাক্ষাংকার ঘটবে।

দ্বিতীয় উপদেশ।

वांश भनार्थत भर्धा छन्नत।

শ্বামানের অন্তরে স্থানর, কি ভাবে প্রকাশ পার, তাহা পুর্পের্ব দেশাইরাছি। আমাদের যে সকল মনোন্তরি স্থানরকে উপলার্কি করে, স্থানরর রনগ্রহণ করে, দেই সকল মনোন্তরির মধ্যে, ভাব-রদের মধ্যে, করানর মধ্যে, করানর মধ্যে, করানরি মধ্যে, করানরি মধ্যে, করানরি মধ্যে, করানরি প্রকাশ করিয়াছি। মদবল্যিত প্রভাবে নির্দিষ্ট শৃত্বালা-অনুসারে আমাদের সন্মুথে একণে আর কতকগুলি প্রশ্ন আসিয়া উপস্থিত;—বাহুপদার্থের মধ্যে কোন্পুলি স্থানর প্রস্থানর বিশ্ব স্থানরের প্রস্থানর রাজ্যান্তর করিপ্ত প্রকাশ করের প্রস্থানর প্রথানর মান্তর্বালিক করেপ্থ এক কথারে, স্থানরের প্রথম ও শেষ মূলত্বাটি কি পু এই সকল প্রশ্নের মান্ত্রা করিছে মধ্যে একণে সাধ্যমত রেরা করিব। দর্শন, এইস্থান করিছে প্রয়ান করিছে স্থানীত হইতে হইলে, মান্ত্রাক্ত এই পথের শেষ সীমান্ত্র বৈশ্বপে উপনীত হইতে হইলে, মান্ত্রাক্ত ছাড়িয়া একেবারে পদার্থনিমূহের মধ্যে উপনীত হওয়া অবেশ্বন ব

দর্শনের ইতিহাসে, স্থানরের প্রকৃতিসম্বাধ্য নান। প্রকার সিদ্ধান্ত দেখিতে পাওয়া যার। এই সমন্ত সিদ্ধান্ত গুলির সংখ্যানির্দেশ, কিংবা আলোচনা করিতে আমি ইচ্ছা করি না; উহাদের মধ্যে যেগুলি প্রধান, শুধু এখানে তাহাদেরই উল্লেখ করিব।

স্থূলধরণের এইরূপ একটা দিদ্ধান্ত আছে যে, যাহা ইন্দ্রিয়কে তৃপ্ত করে, মনোমধ্যে একটা স্থাজনক ভাবের উদ্রেক করে,ভারাই স্থানর। এই দিদ্ধান্ত সম্বন্ধ আমি আর অধিক বাক্যব্যয় করিব না। আমি এই বিদ্ধান্তটি পূর্বেই খণ্ডন করিয়াছি—আমি দেখাইরাছি বে, স্থান্তক মুখদ-তে পরিণত করা অসম্ভব।

ইক্রিয়বাদকে আর একটু জ্ঞানালোকে রঞ্জিত করিয়া কেহ কেছ ছখদায়িতার স্থানে প্রয়োজনীয়তাকে ৰসাইবার চেষ্টা করেন;--উভয়ের মলতবটি একই, কেবণ উহাদের মধ্যে আকারগত প্রভেদ। এই দিদ্ধান্ত-অহুদারে, কোন স্থলর পদার্থ, বর্ত্তবান মুহুর্ত্তে শুধু একটা ক্ষণিক স্থুখন্ত্রক ভাব আমাদের^ মনে উৎপন্ন করেনা; পরস্ক ঐপ্রকার ভাব আমাদের মনে পরেও অনেকবার উদ্রেক করে। কিন্তু দৌন্দর্য্য ও প্রয়োজনীয়তা যে এক নহে তাহা দেখাইবার জন্ম रुन्न प्रमंतमंक्ति, किःवा जीक विठातमंकि व्यावश्रक करत्र ना । याश কিছু প্রয়োজনীয় তাহা সকল সময়ে স্থন্দর নহে; এবং যাহা কিছু ञ्चत्र, जाश मक्न ममरत्र असाकनीत्र नरह : এवः याश किছ ञ्चनत्र ও প্রয়োজনীয় উভয়ই—তাহারও দৌন্দর্য্য, তাহার প্রয়োজনীয়তা ছাড়া আর কিছুর উপর নির্ভর করে। তাহার দৃষ্টান্ত, মনে কর, একটা তৌলদও, কিংবা কপিকল; উহাদের মত কাজের জিনিদ্ আর কি আছে ? কিন্তু তাই বলিয়া তুমি উহাদিগকে কথনই স্থন্ত বলিৰে না। তার পর মনে কর, তুমি চমৎকার খোদাইকাজ-করা প্রাচীন গ্রীসদেশীর একটি কলস দেখিতে পাইলে; এবং দেথিয়াই তুমি তাহাকে স্থন্দর ৰলিলে; কিনে তোমার কাজে লাগিতে পারে, দে বিষয়ের কোন চিন্তাই তোমার মনে উদ্ধ হইল না। সৌসামা ও স্থানাকেও স্কর বলা যায়—এবং উহা প্রয়োজনীয়ও বটে ; কেন না, উহার ঘারা পরিদরের স্থবাবদ্ধা হয়; বে সক্ষা ভিবিস ক্রমভাবে বিস্তুত্ত, উহাদিগকে আবশুক্ষত সহজে পাওয়া যায়; কিন্তু তাই ৰণিয়া ভাহার উপর সৌসাম্যের সৌন্দর্যা নির্ভর করে না; কেন না, এ শ্রেণীর জিনিদ দেখিবামাত্র আমরা ফুলর বলিয়া গ্রহণ করি, এবং উহার প্রয়োজনীয়তা অনেক পরে আমাদের নিকট প্রকাশ পায়। কথন কথন এমনও হয়, কোন ফুলর বস্তুর প্রয়োজনীয়তা দরেও, আমারা তাহার প্রয়োজনীয়তা উপলব্ধি করিতে পারি না; কিন্তু তাহার দোল্যা উপলব্ধি করি। অতএব, দোল্যা প্রয়োজনীয়তার উপর প্রতিষ্ঠিত হওয়া দূরে থাক্, দৌল্যা প্রয়োজনীয়তা হইতে সম্পূর্ণরূপে ভিন্ন।

আর একটি প্রদিদ্ধ প্রাচীন মত এই যে, উদ্দেশ্যের স্থিত উপা-যের সম্পূর্ণ সঞ্চতি, সম্পূর্ণ মিল, ও সম্পূর্ণ উপযোগিতার উপরেই কোন बस्रव शोक्तर्या निर्देव करत्। এই एल स्नुक्तर्व आब श्राह्मकीः ৰলা যায় না, উহাকে উপযোগী বলা যায়। এই চুইটি ভাৰকে পুথৰ করা আবশ্যক। মনে কর, একটা কোন যত হইতে। কতকগুলি **ञ्च**विधाक्रमक कल উर्भन्न हम : यथा--मभरमञ ञ्चव बङ्गा कार्गाः স্থবাৰতা ইত্যাদি: অতএৰ ইহা প্ৰয়োজনীয় সন্দেহ নাই। অধিক যদি ঐ যন্ত্রটির সমস্ত গঠন পরীক্ষা করিয়া জানিতে পারি যে, উহা প্রত্যেক অংশ বথাস্থানে স্থাপিত, এবং উহার সমত অংশ এরং নিপুণভাবে বিজন্ত যে, তাহা হইতেই ঐ বিশেষ ফুলটি উংপদ্ন হটঃ পাকে, তথন ইহার প্রয়োজনীয়তার প্রতি সাক্ষাং-ভাবে লক্ষাং করিয়াও, কতকগুলি উপায়ের খারা যে উহা একটা বিশেষ উদ্দেশ সাধন করিতেছে—ভবু এই ভাৰটি তথন আমানের মনে স্থান পায় এবং তথনই উহাকে আমর। উপযোগী বলিয়া নিভারণ করি। এ ন্ধপে আমারা স্থলরের আরও একটু নিকটে অগ্রসর হই; কেনন তথন আর উহাকে ভুধু প্রয়োজনীয়তার হিচাবে দেখি না,—কেম মধাৰ্থভাৰে, কেমন শোভনভাবে নিগুপ্ত হুই্যাছে, তথ্য এই ভাগে

দেখি; কিন্তু তথনও আমরা স্থলরের প্রকৃত লক্ষণে উপনীত হই না। একটা উদ্দেশ্য সাধনকরে কোন পদার্থ সর্বাংশে স্থবান্থিত বলিয়াই উহাকে আমরা স্থলর বলি না। মনে কর, একটা কোদারা অলকারহীন, শোভাহীন,—কিন্তু খুব্ মজবুং, উহার অংশগুলা যথাস্থানে দৃঢ়রূপে সংলগ্ন; এই কেদারায় বেশ নিরাপদে, সচ্ছন্দে ও আরামে বসা যায়;—উদ্দেশ্যের সহিত উপায়ের কিন্তুপ সম্পূর্ণ মিল, এই কেদারা তাহারই দৃষ্টাস্তম্ভল; কিন্তু তাই বলিয়া উহাকে আমরা স্থলর বলিতে পারি না। যাহাই হউক, এইস্থল প্রয়োজনীয় ও উপযোগীর মধ্যে প্রভেদ এই,—স্থলর হইতে হইলে প্রয়োজনীয় না হইলেও চলে; কিন্তু কোন পদার্থ স্থলর নহে, যাহার উপযোগিতা নাই—অর্থাৎ উপায় ও উদ্দেশ্যের মধ্যে যাহার মিল নাই।

কেহ কেই স্থারিমাণের মধ্যে স্থানরকে দেখিতে পান। উহা পৌলবোর নিরম বটে; কিন্তু উহা অন্তান্ত নিরমের মধ্যে একটি নিরম মাত্র। এ কথা ঠিক,—কোনও বেমানান্ জিনিদ্ কথনই স্থান্তর ইইতে পারে না। তাবং স্থালর প্রাথের মধ্যে জ্যামিতিক আকার অস্ততঃ দূরভাবেও থাকা চাই; কিন্তু আমি জিজ্ঞানা করি, ঐ যে বৃক্ষটি উল্লে উঠিয়ছে, যাহার শাধাপ্রশাধা এমন নমনীর, এমন স্থান্তন, যাহার শাধাপ্লব এমন নিবীড়, এমন বিচিত্রবর্ণ,— স্থারিমাণই কি ইহার গৌলবোর একমাত্র বিশেষত ?

ঝাটকার ভীষণ সৌন্দর্যা কিসের উপর নির্ভর করে ? একটা উৎরুষ্ট ছবির সৌন্দর্যা, একটা কবিতা-পদের সৌন্দর্যা, উচ্চভাবের কোন একটা গীভি-সৌন্দর্যা, — এই সকল সৌন্দর্য্য কিসের উপর নির্ভর করে ? — উহা নিরম-পরিমাণের উপর নির্ভর করে না, উহার উপাদানও নিরম পরিমাণ নহে; বরং অনেক সময়ে উহা নিরম- বহিভূতি বলিয়াই চোথে ঠেকে। যে গুণ দেখিয়া আমরা জ্ঞামিতিক আকারের তারিফ করি, দেই গুণটি অক্তান্ত স্থলর পদার্থের মধ্যেও আচে বলিয়াই যে আমরা তাহাদিগকে স্থলর বলি—অর্থাং সকল আংশের মধ্যে ঠিক্ঠাক মিল আছে বলিয়াই যে তাহাদিগকে স্থলর বলি—এ কথা নিতান্তই অসঙ্গত।

স্থারিমাণসংক্ষে যাহা বলিলাম, স্পৃথ্যনাসংক্ষেপ্ত ঐরপ বলা যাইতে পারে। স্থারিমাণের স্থার স্পৃথ্যনার মধ্যে ততটা গাণিতিক ভাব নাই বটে; কিন্তু তথাপি উহা সকল প্রকার সৌন্দর্য্যের ব্যাখ্যা করিতে পারে না;—বে সৌন্দর্য্যের মধ্যে মুক্তভাব, সচলভাব, গা-ঢালা-ভাব লেখিতে পাওরা যায়—উহা সেই সকল সৌন্দর্য্যের ব্যাখ্যা করিতে পারে না।

যে সকল সিদান্ত সৌন্ধর্যকে স্থল্থকার উপর, সৌসামঞ্চার উপর প্রপরিমাণর উপর দাড় করার, উহা মূলে সেই একই বিদ্ধান্ত, মান বকল সৌন্ধরের মধ্যেই একতাকে সর্বাত্তা অবেষণ করে। অবশা একতা স্করুর; উহা সৌন্ধ্যের একটা বৃহৎ অংশ; কিন্তু উহাই সৌন্ধ্যের সমস্ত অংশ নহে।

আরও একটি সন্তৰপর শিক্ষান্ত এই যে, স্থানর ৰস্তর ছুইটি পরশারবিক্ষা ও অবশান্তাবী উপাদান আছে; উহা একতা ও বিচিএতা;—সামা ও বৈষমা। মনে কর, একটি স্থানর ফুল। অবশা
উহাতে একতা তাছে, স্থান্থালা আছে, স্থারিমাণ আছে, এমন কি
সোমান আছে। কেন না, এই সকল খুণ না থাকিলে, সৌন্ধার্যর
মূলে যুক্তির ভিত্তি থাকে না; এই সকল খুণ না থাকিলে, সৌন্ধার্যর
মূলে যুক্তির ভিত্তি থাকে না; এই সকল খুণ না থাকিলে, কান মুক্তির সহিত
গঠিত। আবার সেই সঙ্গে কতই বিচিত্রতা! রঙের মধ্যে কত
স্থান্ন ভেদ, প্রত্যেক খুণ্টনাটির মধ্যে কত কাক্গিরি! এমন কি

গণিতের মধ্যেও, গণিতের কোন একটি স্ক্রতক পৃথক্রপে স্থানর নহে, পরস্ক ঐ তত্ত্বের সঙ্গেসকে ফল-পরম্পারার যে একটা দীর্ঘ শৃষ্থান আদিয়া পড়ে তাহাতেই ঐ তত্ত্বটিকে স্থানর বলিয়া মনে হয়। জীবন ছাড়া কোন সৌনর্ঘই নাই; আর জীবন কি ?— না চাঞ্চল্য;—উহাই বিভিত্রতা।

সকল শ্রেণীর সৌন্দর্য্যের প্রতিই সামাও বৈষম্যের প্ররোগ হইয়াথাকে। এই বিভিন্ন শ্রেণীগুলিকে একবার জ্বতভাবে আলো-চনা করিয়া দেখা যাক্।

প্রথমতঃ ছই প্রকার ফুলর বস্তু দেখা যায়—এক, যাহাকে ধাদ স্থলর বস্তু বলা যায়, সার এক—চিত্তহারী কোন মহান্বস্তু । আমি পুর্কেই বলিয়ছি, দেই জিনিদ স্থলর যাহার একটা শেষ আছে, যাহা গণ্ডিবদ্ধ, যাহা দীমাবদ্ধ, এবং আমাদের দমন্ত্র মনোবৃত্তি যাহাকে সহজে ধরিতে পারে; কেননা, উহার বিভিন্ন অংশের মধ্যে একটা যথাযথ নিদিষ্ট পরিমাণ আছে। এবং দেই বস্তু মহান্ যাহার আকার এত বৃহৎ—(অবশ্য বেমানান্ নহে—বৃহৎ বলিয়া ওধু ধরিতে পারা কঠিন) যে দেই বৃহত্ব আমাদের মনে অনজ্যের ভাব উল্লেখিত করে।

এ-ত গেল সৌন্দর্য্যের ছইটি স্থম্পাষ্ট ভেদ। কিন্তু সৌন্দর্য্য অকুরন্তা।

এক্ষণে অঠাদশ শতান্দির খুষ্টীর আচার্য্যদিগের মধ্যে সর্ব্বাপেক্ষা সারবান ও প্রামাণিক লেখক (Bossuet) বস্থুয়ে কি বলেন গুনা
থাক্। তিনি তাঁহার "ভারপ্রকরণ এবং ঐশ্বরিক জ্ঞান ও আত্মজ্ঞান"
নামক গ্রন্থে তাঁহার মতামত ব্যক্ত করিয়াছেন।

ৰহন্তে তিন গুৰুৱ মন্ত্ৰে দীক্ষিত, এরূপ ৰলা যাইতে পারে;

সেও অগষ্টিন, সেও টমাস, ও দেকার্। নাভারের মহাবিদ্যালয়ে, দেও টমাদ-প্রভারিত ঈবং রূপান্তরিত আরিইলের মতবাদে প্রথম তিনি দীক্ষিত হন, দেই দঙ্গে দেও অগষ্টিনের রচনাদি প্রিয়াও তাঁহার মন পরিপুষ্ট হয়; এই সব প্রাচীন টলো-সম্প্রদায়ের মত-বাদ ছাড়া দে সময়ে দেকা: র্ত্তর দর্শনতন্ত্রও থুব প্রদার লাভ করে। তিনি দেকার্ত্তের মতটিই অবলম্বন করেন: এবং দেই সঙ্গে অগষ্টিনের স্থিত কতকটা সমন্বয় ও দেণ্ট টমাসের মত কতকটা রক্ষা করি-তেও চেষ্টা পাইয়াছিলেন। তিনি দশনশাস্ত্রে নৃতন কিছুই উদ্ভাবন করেন নাই। তিনি সমস্তই অনোর নিকট হইতে গ্রহণ করিয়াছেন. কিন্তু সমস্তই মার্জিত আকারে—পরিশোধিত আকারে এহন ক্রিয়াছেন। তাঁহার ভাষার গেমন জোর, তেমনি তাঁহার পেথাতেও স্থবিবেচনার পরিচয় পাওয়া যায়। তাঁহার বে লেথা ওলি উদ্ধৃত ক্রিয়া তোমাদের সন্মুধে অর্পণ ক্রিব এবং তোমাদের স্থাতিপটে অভিত করিবার চেটা করিব, তাহাতে মাল্ডাশের লালিতা অথবা কেনেলোর অকুরম্ভ প্রাচুর্যা দেখিতে পাইবে না। কিম্ব তাহা অপেক্ষা একটা ভাল জিনিদ পাইবে। দে কি १—না;→ ऋष्लप्टें अ भक्तानित्र यथायथ-अर्याग ।

যে প্রকরণের দারা, মূল-ধারণাগুলি হইতে,—নার্পত্তীম ও অবশাস্তাবী তরসমূহ হইতে,—ঈশরতরে উপনাত হওয়া যায়, ফেনেলো সেই প্রকরণটি ভাল করিয়া গুলাইয়া বলিতে পারেন নাই। বস্থায়ে বেশ জোরের সহিত ও পূর্ণমাত্রায় সেই প্রকরণটির প্রয়োগ ও ব্যাঝা করিয়াছেন। আমরাও সেই একই মূলতবের দোহাই নিতেছি,—সেই মূলতব্ব যাহা হইতে বিয়য়ী-পুরুষের কতক-গুলি শুণ আছে বলিয়া সিদ্ধ

হর; সেই মৃশত্র হইতে,—নিয়ন্তার মধ্যে কতকগুলি আদি-নিয়ম স্থিয়াছে,—সনাতন প্রদের মধ্যে, কতকগুলি নিত্যতত্ব আনন্তকাল ধরিয়া অবস্থিতি করিতেছে,—এইরূপ সিদ্ধ হয়। বস্তুয়ে,—দেও আগস্থিন্ হইতে, এমন কি প্লেটো হইতেও বাক্য সকল প্রমাণস্করূপ উদ্ধৃত করিয়াছেন।

প্রেটোর "আইডিয়া" বাহা বান্তবপক্ষে ঈশবের মধ্যেই অব-থিত—তাহাকে স্বতত্ত্ব সন্তাবান্ বলিয়া পাছে কেহ অভিহিত করে এই জন্ম তিনি গোড়া হইতেই সেই আইডিয়ার ব্যাথ্যা করি-য়াছেন, এবং প্রতিপক্ষকে খণ্ডন করিয়া আয়পক্ষ সমর্থন করি-বার চেন্তা পাইয়াছেন।

স্থার-প্রকরণ প্রথম থণ্ড, ৩৬ পরিচ্ছেদ শ্বন্ধন আমরা বলি, ঋছুভূছ-ত্রিকোণ এমন-একটা আকার যাহা ভিনটি ঋছু ভূজের ঘারা সীমাবন্ধ এবং বাহার তিনটি কোণ উহার চই ঋছু ভূজের সমান—কিছুমাত্র কমও নহে, বেশীও নহে; ইহার পরেই যথন তিন ভূজবিশিষ্ট ও তিন সমান কোণ-বিশিষ্ট সমভূজ-ত্রিকোণের আলোচনা করি—তথন উহা হইতে এইন্ধপ প্রতিপন্ন হয় যে উক্ত ত্রিকোণের প্রত্যেক কোণ—একটি ঋছু কোণের কম। আবার যথন একটি ঋছু কোণ আলোচনা করিয়া দেখি, পূর্ব্ববর্তী ধারণাগুলির সহিত সংযুক্ত এই ঋছু কোণের ধারণার মধ্যে ইহাই স্পষ্ট দেখিতে পাই যে, এই ত্রিকোণের ছই কোণ অগতাা তীক্ষ্মণী এবং এই ছই কোণ ঠিক একটি ঋছু কোণের সমান,—বেশীও নহে, কমও, নহে; এই ধারণাটির মধ্যে কিছুই আগন্তুক্ক নহে, পরিবর্ত্ত্রনশীল নহে; অতএব এই ধারণাগুলি নিতাতম্ব সম্ভেবই প্রতিরূপ। এরপ সমভূজ অথবা ঋছু-কোণ ত্রিকোণ,

প্রকৃতি-রাজ্যে যদি নাও থাকে, তথাপি আমরা যে সকল তন্ত্ব এইমাত্র আলোচনা করিলাম, ভাহা সভ্য ও সংশন্ধ-বিরহিত। ফলত, আমি এক টা সমভ্জ অথবা ঋজু কোণ ত্রিকোণ কথন দেখিয়াছি কিনা, নিশ্ব করিয়া বলিতে পারি না। মান্তবের হাত বতই কেন নিপুণ হউক না, কম্পাস কিলা কলের হারা এমন কোন রেখা টানা বাইতে পারে না যাহা একেবারে ঋজু; কিলা ভূজগুলি ও কোণগুলি এরপ হইতে পারে না যাহা সম্পূর্ণরূপে পরম্পরের সহিত সমান। অগুবীক্ষণ যদ্মের হারা চোধে দেখিতে পাইবে যে, আমা-দের আঁকা রেখাগুলি ঠিক্ ঋছুও নহে, ঠিক্ ধারাবাহিকও নহে—ক্ষতরাং ঠিক্ সমান নহে। অভএব আমরা যাহা কিছু দেখিয়াছি ভাহা সমভ্জ ও ঋজু কোণবিশিষ্ট ক্রিকোণের অসম্পূর্ণ প্রতিরূপ মাত্র; ভাই আমরা নিশ্ব করিয়া বলিতে পারি না যে ক্রেপ ত্রিকোণ প্রতিরূপ আছে আছে কিলে। মান্তবের হাতে রচিত হইতে পারে।

ইহা সবে ও, ব্রিকোণের যে প্রকৃতি ও গুণসকল আমরা দেখিতে পাই, তাহা নিরপেক্ষভাবেই সত্য ও সংশররহিত;—তাহার প্রমাণের জন্ত অপতে-বিশ্বমান কোন বান্তব ব্রিকোণের অপেক্ষা রাথে না। সকল কালেই এই তবগুলি ব্রিকে প্রতিভাত হয়, স্তরাং ইহা নিত্য সত্য। তা ছাড়া, যেহেতু মানব-বৃদ্ধি সতাকে উংণাদন করে না, পরত্ব সতাকে উপশব্ধি করিবার জন্ত তাহার দিকে গুধু মৃথ ক্রিবাইয়া:পাকে;—অভ্নুত্রব সমন্ত স্বস্ট বৃদ্ধিরতি যদি ধ্বংস হইবাও যায়, তবু এই সকল সত্য অপরিবর্তি ভগ্রেই অবস্থিতি করিব।"

২৭ পরিছেদ। "বেহেতু, ঈশর বাতীত কিছুই নিতা নহে, শ্রুৰ নহে, স্বতন্ত্র নহে,—অবতাৰ এইরূপ সিদ্ধান্ত করিতে হয় বে, এই সব সত্য আপনাদের মধ্যে অবস্থিতি করে না, কেবল ঈশ-রেতেই অবস্থিতি করে; সেই সব নিত্য তত্ত্ব চিৎ-সন্তার মধ্যেই অবস্থিতি করে,—যাহা ঈশ্বর বাতীত আর কিছুই নহে।"

"আমাদের প্রস্তাবিত এই সকল নিতা সত্য**গুলিকে আরো**প্রাক্ত সতারূপে দাঁড় করাইবার জনা, কেহ কেহ এইরূপ করনা
করেন যে, ঈশ্বরের বাহিরে কতক গুলি নিতা সারসত্তা আছে। ইহা
একটা নিছক্ ল্রান্তি। তাঁহারা ইহা ব্বেন না যে ঈশ্বরই সকল
সত্তার মৃল; তাঁহারই জ্ঞানশক্তি হইতে বিবিধ সত্তা উংপল্ল হয়;
তাঁহারই জ্ঞানের মধ্যে সর্পানিম তিং-কল্লনাগুলি অবস্থিতি করে—
অথবা সেণ্ট অগ্রন্তীন যেরূপ বলেন,—নিত্য বশ্ব-সমূহের হেতুগুলি
অবস্থিতি করে।"

"এইরূপ, বান্ধ শিলীর মানসপটেও একটা বাড়ীর কলনা অধিত থাকে; সেই বাড়ীট শিলী আপনার অন্ধরেই দেখিতে পায়; এই আাল্যন্ধরিক আদশের নকলে নির্মিত বাড়ীগুলা ধ্বংস হইয়া গেলেও, তাঁহার সেই মানসী অট্টালিকা ধ্বংস হয় না; এবং যদি এই শিলী নিতাপুক্র হন, তাহা হইলে তাঁহার বাড়ীর কলনাও হেতুটিও নিতা হইবে। মর্ত্তা শিলীর কথা ছাড়িয়া দিয়া অমর শিলী বিশ্বক্যার কথা ধর; সেই বিশ্বক্যা ঈশ্বরের অপবিবর্তনীয় ধ্যানের মধ্যে একটা আদিম পরা-শিল্লকলার আদর্শ চির-বিভ্নান;—উহাই সকল পরিমাণের, ক্রুল নির্মের সকল স্ব্যার, সকল স্ক্রের দিতা কালের সত্য যাহা আমাদের চিত্তে প্রতিভাত হয়,—ইহা বিজ্ঞানের প্রক্রত বিষর; যাহাতে আমরা বান্তবিক পাণ্ডিতা লাভ করিতে পারি, এইজনা প্রেটা সেই সব আইডিয়ার প্রতি আমাদের দৃষ্টি আকর্ষণ করিয়াছেন; সেই

সব আইডিয়া—যাহা গঠিত হয় না, যাহা পূর্ব্ব হইতেই রহিয়াছে; যাহা জন্মায় না, যাহা কলুবিত হয় না, যাহা আপনাকে আপনি প্রকাশ করে, আবার আপনিই লয় হয়—যাহা নিতাকাল বিভযান। প্লেটো ৰলেন, ইহাই সেই মানস-জগৎ, যাহা স্বষ্টজগতের পর্বের বিধাতার চিদাকাশে অবস্থিতি করে, এবং উহাই সেই অপরিবর্তনীয় আদর্শ যাহার নকল এই মহতী বিশ্ব-রচনা। সতা উপলব্ধি করিবার জন্ম, প্লেটো আমাদিগকে এই সব নিত্য, অপরিবর্তনীয়, জন্ম-জরার ষ্মতীত "আইডিয়ার" নিকট ঘাইতে বলেন। তাই তিনি বলি-য়াছেন এই আইডিয়াগুলি, ঐখুরিক আইডিয়ারই প্রতিরূপ,—তাঁহা इटेट्टि माकार डार्व डिस्पन्न, डिहा हेन्द्रियत दात निया आहेरम ना : ইন্দ্রির উত্তাদিগ্যকে আমাদিগের চিত্রে প্রকাশ করে মাত্র,—গডিয়া তোলে না। কেন না. আমরা কোন নিতাবস্থ প্রতাক দেখি নাই অব্ নিতাবস্তর ধারণা আমাদের মনে স্পৃথ রহিয়াছে-স্থাহ চিরকাল সমান রহিয়াছে; পুর্ণ ত্রিকোণ আমরা কপন দেখি নাই. অব্দ্রত স্পষ্টরূপ উহা ব্রিতে পারি, সংশ্যুর্থিত বিবিধ তত্ত্বের স্বার্য্য উহাআমর। দিভ করি। এই সকল কিসের নিদর্শন ? প্লেটো नतन, এই সমস্ত আইডিয়া যে ইক্লিয়ের ছার দিয়া আইদে না-हेश डाशद्र निम्मन ।"

ইন্দ্রিয়গ্রাফ পদার্থের মধ্যে,—বর্ণ, ধ্বনি, আকার, গতি এই সমস্তই দৌন্দর্যারদ উদ্বোধনে সমর্থ। স্কারণেই হউক, অকারণেই হউক—এই জাতীয় দৌন্দর্য্য, ভৌতিক-দৌন্দর্য্য নামে অভিহিত ইইয়া থাকে।

ইন্দ্রিয়-জগং হইতে যদি আমরা আধাাগ্রিক জগতে, সভ্যের জগতে, বিজ্ঞানের জগতে আরোহণ করি, সেধানে অপেকারত একটু

কঠোর ভাবের সৌন্দর্য্য দেখিতে পাইব, যদিও সে সৌন্দর্য্য বান্তবভার কিছুমাত্র নান নহে। যে দকল সার্ক্রভৌমিক নিয়মে জড়পিগুসমূহ নিয়মিত হয়, যে দকল নিয়মে জ্ঞানবৃদ্ধিদপান জীবসমূহ পরিশাদিত হয়, স্থার্য দিদ্ধান্তের মধ্যে যে দকল মূলত্ত্র বিভ্যান, এবং যে দকল মূলত্ত্র হইতে দিদ্ধান্তসমূহ উৎপন্ন হয়,—গুণী, কবি, ও দর্শনবেভার যে প্রতিভা নৃতন-জিনিদের স্প্রতির,—তৎসমন্তই স্কল্ব, প্রকৃতির মতই স্কল্ব। ইহাকে মান্দিক দৌন্দর্য বলে।

পরিশেষে, যদি আমরা নৈতিক-জগং ও উহার নিয়মাদির আলোচনা করি,—বাধীনতা, সাধুতা, সেবানিছার আলোচনা করি,— আারিস্টাইডিসের ভারণরতা, লিওনিডাসের বীরর, দান-বীর ও ও বাদেশনিষ্ঠ মহায়াদিগের কথা আলোচনা করি—এই সমস্তের মধ্যে আমরা ভৃতীয় জাতীয় সৌন্দর্য্য উপলব্ধি করি; এই সৌন্দর্য্য অপর হই জাতীয় সৌন্দর্য্যকেও অতিক্রম করে; ইহা নৈতিক সৌন্দ্র্যা।

এ কথা যেন আমরা বিস্কৃত না হই, এই সমস্তের মধ্যেও স্থলর ও মহানের ভেদ আছে। অতএব, কি প্রকৃতি-রাজ্যে, কি মনো-রাজ্যে, কি জ্ঞানে, কি ভাবে, কি কার্য্যে, স্থলর ও মহান সকলের মধ্যেই বিদামান। সৌলংগ্যার মধ্যে কি অসীন বৈচিত্য।

এই সমস্ত ভেদ নির্ণয় করিবার পর, উহাদের সংখ্যা কি আমরা কমাইরা আনিতে পারি না ? এই সমস্ত বৈষমা অকাট্য হইলেও উহার মধ্যে কি সাম্যা নাই, একটি মূল সৌল্বর্য্য নাই—এই বিশেষ-বিশেষ সৌল্বয়্য যাহ্যুর ছাল্লা, যাহার আভা, যাহার উচ্চনীচ ধাপ মাত্র ?

Plotin তাহার "স্থলর"-সম্বন্ধীয় সন্দর্ভে, এই প্রশ্নটিই উপস্থিত করিয়াছেন। তিনি এই কথাট জিজ্ঞাসা করিয়াছেন:—স্থলর জিনিস্টা স্বরপতঃ কি ? এই আকারটি স্থলর, কিংবা ঐ আকারটি স্থলর,—এই কার্যাটি স্থলর, কিংবা ঐ কার্যাটি স্থলর বলিয়া আমরা উপলব্ধি করি; কিছ বিভিন্ন হইয়া এই ছই পদার্থই কি করিয়া স্থলর হইল ? এ ছয়ের মধ্যে সাধারণ গুণাট কি যাহার দক্ষণ উভয়ই স্থলর শ্রেণীর অস্তর্ভ কি হইয়াছে ?

এই প্রানের মীমাংসানা হইলে, সৌল্প্যের সমস্তাটি আমাদের নিকট গোলকধাধার মত থাকিয়া যায় —উহা হইতে বাহির হইবার কোন পথ পাওয়া যায় না। বিভিন্ন বস্তর একই নাম দেওয়া হই-তেছে, অথচ যাহার বলে উহাদিগকে একই নামে অভিহিত করা ইয় সেই বাস্তবিক ঐকঃস্থনটি কোথায় তাহা আমরা অবগত নহি।

অথবা, সৌল্ধ্যের মধ্যে যে দ্কল বৈষ্ম্য আমর। নির্দেশ করি-রাছি সে একপ বৈষ্মা যে তাহাদের মধ্যে কোন প্রকার যোগ-ভক্ত আবিকার করা অসম্ভব; অথবা এই সকল বৈষ্মা ভধুবাফিক, উহাদের মধ্যে একটা সামঞ্জন্তের ভাব—একটা একতার ভাব প্রছের রহিলছে।

যদি কেহ বলেন এই একতা আকাশ-কুন্তুমের ভার অনীক, তাহা হইবে এ কথাও বলিতে হয় যে, ভৌতিক দৌল্ম্যা, মানদিক দৌল্ম্যা, ও নৈতিক দৌল্ম্যা—ইহাদের পরম্পরের মধ্যে কোন সম্বন্ধই নাই। তাহা হইবে, কলা-গুণী কিন্তুপে কাজ করিবেন ?° তাহার চতুদিকে বিভিন্ন প্রকার দৌল্ম্যা বিরাজ করিতেছে— কিন্তু তাহার নথা হইতে একটিমাজ রচনার বিষয় তাহাকে বাছিয়া অইতে হইবে; কেন না, ইহাই কলাশান্তের নিয়ম। এই নিয়মট যদি কৃত্রিম হয়, যদি প্রক্রুমধ্যে প্রত্যেক সৌল্ম্যাই স্বন্ধপত বিভিন্ন হয়, তাহা হইবে কলাশান্ত্র সমধ্যে প্রক্রুম বিলিন্ন, তাহার কথা সর্ক্রেম আমাদিগকে ভুল শিক্ষা দিয়া থাকেন, তাহার কথা সর্ক্রেম

মিথা। কিরপে একটা মিথা কথা শিল্পশাস্ত্রের নিয়ম হইল, আমি তাহা জানিতে চাই। তাহা হইতেই পারে না। শিল্পকলার মধ্যে এই যে একটি একতার ভাব পরিব্যক্ত হয়, ইহার একটু আভান প্রকৃতির মধ্যে না পাইলে, কলা-গুণীরা কথনই উহা তাঁহাদের রচনার মধ্যে প্রবৃত্তিত করিতেন না।

স্থান ও মহানের ভেদ এবং অতান্ত ভেদ যাহা পূর্বে দির্দেশ করিয়ছি, সেই সকল ভেদ আমি প্রত্যাহার করিতেছি না; কিন্তু সেই সকল ভেদের মধ্যে কিন্তুপে একটা মিল গুঁজিরা পাওরা যার, একণে তাহাই দেখা আবশাক। এই সকল ভেদ ও অভেদ পরস্পর-বিরোধী নহে। একতা ও বিচিত্রতা যেমন সত্যের তেমনি সৌল্র্ব্যারও একটা প্রধান নিরম। সমস্তই এক ও সমস্তই বিচিত্র। আমরা সৌল্ব্যাকে তিনটি রহৎ শ্রেণিতে বিভক্ত করিয়ছি। ভৌতিক সৌল্ব্যা, মানসিক সৌল্ব্যা, ও নৈতিক সৌল্ব্যা। একণে এই সমস্ত সৌল্ব্যার মধ্যে ঐক্যন্তল কোথার তাহাই অবেষণ করিতে হইবে। আমাদের মনে হয়, এই তিন সৌল্ব্যা আসলে একই এবং নৈতিক সৌল্ব্যা আধাাে বিরুক্ত সৌল্ব্যার স্থানা করা যাউক।

যাহাকে ভেল্ভেডিয়ারের আপেলো বলে, দেই আপেলো-মৃর্ত্তির সম্প্রে আদিয়া একবার দাড়াও, এবং দেই উৎকট কলারচনার মধ্যে কোন্ অংশটি বিশেষরূপে তোমার নেত্রকে আকর্ষণ করে তাহা একবার ভাবিয়া দেখ। যিনি দার্শনিক নহেন, যিনি ভুধু একজন পুরাভ্রবিং পণ্ডিত,কোন বিশেষ পদ্ধতির পক্ষপাতী না হইয়াও কলা-সম্বন্ধে বাহার ক্রনচি ছিল, সেই Winkleman এই প্রদিদ্ধ Apollo মৃর্ত্তিকে বিশেষণ করিয়া দেখাইয়াছেন। তাঁহার সমালোচনা অতীব কোতৃ-

হলজনক। ঐ স্থলর মূর্তিটিতে অমর যৌবনশ্রী যেন ফুটিয়া বহিয়াছে, সচরাচর মানব-শরীর অপেক্ষা একট অধিক উচ্চ, তাহার সমস্ত অঙ্গভঙ্গীতে রাজ্মহিমা পরিবাক্ত—এই সমস্ত মিলিয়া তাহা হইতে যে দেবত্ত্বর লক্ষণ পরিস্ফট হইয়াছে Winkleman সর্ব্বাত্তে তাহাই দেখাইবার চেষ্টা করিয়াছেন। ঐ ললাট দেবতারই উপযুক্ত, উহাতে অচলা শান্তি বিরাজমান। আর একটু অধোভাগে মান-বত্তের লক্ষণ আবার দেখা দিয়াছে: এবং এইরূপ মানবীয় লক্ষণ থাকা-**८**ठेरे এरे प्रकृत कृता-बठनाव প্রতি মানব-চিত্ত আরু हे रहेगा থাকে। দৃষ্টিতে ভৃপ্তির ভাব, নাদারক ঈষং বিক্ষারিত, নীচের ঠোঁট একট্ তোলা:—এই সমস্ত লক্ষণে বিজ্যগর্ম এবং বিজ্যসাধনের আস্তি প্রকাশ পাইতেছে। এই সমালোচকের প্রত্যেক কণাট ভাল করিয়া। বৃধিয়। দেখ ; দেখিবে তাহাতে একটা নৈতিক ভাবের ছাপ পড়িয়াছে। এই পুরাত্ত্ব পণ্ডিত এইরূপ আলোচনা করিতে করিতে একেবারে মাতিরা উঠিয়াছেন এবং তাঁহার তম্বান্ধেষণ ক্রমে স্বাধ্যায়িক দৌল-র্যা-ভক্রের ভব্তি-বন্দনায় পরিণত হইগাছে।

প্রতিমৃত্তির পরিবর্তে, এখন একজন আদল মাত্রকে—একজন জীবস্ত মাত্রদকে নিরীক্ষণ কর। মনে কর কোনবাজি স্থপস্পদের নিকট কঠেবাকেবলিশন দিবার জন্ত—বলবং প্রলোভন থাকা সত্তে 9—বারের নাার সংগ্রাম করিলা নীচ স্বাথের উপর জয়লাভ করিয়াছেন এবংধ্যের জন্ত স্থপস্পদেক বিসক্ষন করিয়াছেন। যথন তিনি এই মহং সজলট স্থাপত্র পোষণ করিয়াছিলেন, সেই সময়ে যদি তাহাকে দেখিতে, তাহার মৃত্তিটি ভোমার নিকট নিশ্চরই অতি স্থান্তর বলিয়া প্রতীয়মান হইত। কেননা, সেই মূর্ত্তিতে তাহার আয়ার সৌন্ধ্য পরিবাজন। হয়ত আর কোন অবস্থার তাহার মৃত্তি সাধার্য সামান-মৃত্তির মতই মনে

হইত—এমন কি, ভুদ্ধ বলিয়া মনে হইত; কিন্তু এইছলে, আয়ার আলোকে আলোকিত হওয়ায় উহা হইতে একটা স্বর্গীয় সৌল্ময়াল্ডাতি উচ্চাপিত হইতেছে। এইরপে' সক্রেটসের স্বাভাবিক আরুতির সহিত গ্রীক-সৌল্ময়ার আদর্শ-মৃত্তির তুলনা করিয়া দেখ,—উভয়ের মধ্যে কত প্রভেদ; মৃত্যুশবায় শয়ান সক্রেটস্কে দেখ—যখন তিনি বিব পান করিয়া তাঁহার শিব্যদের সহিত আয়ার অমরত্ব সম্বন্ধে কথোপকথন করিতেছিলেন—তাঁহার সেই স্বর্গীয় সৌল্ময়্য দেখিয়া। নিশ্বয়ই তুমি মুগ্ধ হইতে।

মৃত্যুকালে সজেটিন, নৈতিক মাহায়োর চরমনীমার উপনীত হইয়াছিলেন। তোমার নেত্রনমকে শুরু তাহার মৃত কলেবরট রহিয়ছে। যতকণ তাহার মৃতদেহে আয়ার কিছু চিক্ল ছিল, ততকণ উহাতে সৌন্দর্যাও রক্ষিত হইয়াছিল; কিছু ক্রমণ যথন সেই ভাবটি চলিয়া গেল, তথন সেই দেহ আবার পূর্কবিং এমেয় ও কুংসিং হইয়া পড়িল। মৃতবাকির মুখনওলে হয় বীভংস ভাব, নয় স্বর্গীয় ভাব প্রকাশ পায়।

আত্মা যথন ভৌতিক দেহকে আর ধরিছা রাথে না, যথন দেহ হইতে পঞ্চূত বিপ্লিপ্ত হইলা যায়, তথনই দেই মৃতদেহ কুংসিৎ আকার ধারণ করে; যথন উহা আমাদের মনে অনন্তের ভাব উদ্বো-ধিত করে, তথনই উহা স্বগীয় ভাব ধারণ করে।

মান্থৰের মৃত্তি একবার আলোচনা করিয়া দেথ; ইতর প্রাণী অপেক্ষা মান্থৰের মৃত্তি স্থানর, আবার সমস্ত নিজীৰ পদার্থ অপেক্ষা ইতর প্রাণীর মৃত্তি স্থানর। তাহার কারণ, ধর্ম ও প্রতিভার অসম্ভাব হইলেও, মনুষ্য-মৃত্তিতে জ্ঞান ও নীতির ভাব নিয়ত প্রকাশ পায়; ইতর প্রাণীর মৃতিতে অস্ততঃ হৃদয়ের ভাব প্রকাশ পায়;

এবং পূর্ণমাত্রায় না হউক অন্তত: কিয়ৎপরিমাণেও আত্মার ভাব প্র-কাশ পার। যদি আমরা প্রাণীজগং হইতে নিরবচ্ছিন্ন ভৌতিক জগতে অবতরণ করি.—যতক্ষণ তাহাতে আমরা জ্ঞানের লেশমাত্র ছায়া উপল্কি ক্রি, যতক্ষণ উহা আমাদের মনে কি-জানি-কেন কোন প্রকার চিন্তা ও ভাবের উদ্রেক করে, ততকণই তাহাতে আমরা मोन्मर्या (म्बिट्ड शाहे। यनि कान कड़शमार्थ, कान व्यकात जाव কিংবা ভাবার্থ প্রকাশ না করে, তথন আর তাহাতে আমরা কোন সৌন্দৰ্য দেখিতে পাই না। কিন্তু সত্তা মাত্ৰই সঙ্গীব। ভৌতিক পদাৰ্থ্য মক হইলেও অভৌতিক শক্তিসমূহে তাহা ওতপ্ৰোভ; এবং উহা যে স্কল নিয়মের অধীন তহো স্ক্রি-বিদ্যমান জ্ঞানেরই সাক্ষ্য প্রদান করিয়া থাকে। মৃত জড় পদার্থে, স্ক্রতম রাগায়নিক বিল্লেষণ কথনই প্রযুক্ত হইতে পারে না; কিন্ধ যাহারই কোন প্রকার নেহযন্ত্র আছে, এবং বে-কোন প্লার্থ শক্তি হইতে ব্রিভ নহে, ভাহাতেই ঐরপ বিশ্লেষণ্ ক্রিয়া সম্ভব। কি গভীর দাগর-গতে, কি উচ্চ আকাশ-তলে, কি বালকণার মধ্যে, কি প্রকাণ্ড পর্বাত-শিখরে,—উহাদের স্থান আবরণ ভেদ করিয়া, ভূমা-আগ্রার অমৃত কিরণ সর্ব্বতই বিকীর্ণ হইতেছে। চর্ম্ম-চকুর তায় আয়ার চকু দিয়া প্রকৃতি-রাজ্যকে দশন কর,---সর্ম্ম-অই নৈতিক ভাব তোমার চোখে পড়িবে, এবং প্রত্যেক পদার্থের রূপ व्यामारमञ्ज विद्याद्वरे প্রতিরূপ বলিয়া উপলব্ধি হইবে। পুর্বেই বলি-রাছি, কি মনুব্য-মূর্ত্তি, কি ইতর প্রাণীর মূর্ত্তি, ভাবের প্রকাশেই উহাকে ञ्चलत (नथ) ह । किञ्च गयन छुमि छेख क शिमानग्र-निथरत चारताश्य কর, যথন তুমি সূর্যোর উদ্যান্ত, আলোকের জন্ম মৃত্যু নিরীক্ষণ কর— এই সমস্ত আশ্চর্যা গভীর দুশ্য তোমার উপর কি কোন নৈতিক প্রভাব প্রকটিত করে না ? এই সকল মহান দৃশ্য অবশাই কোন এক

শরাশক্তির অভিব্যক্তি, পরমাশ্রব্য পরম জ্ঞানের অভিব্যক্তি—এইরূপ কি তোমার মনে হয় না ? এবং তখন মাহুষের মুখের মত, প্রকৃতির মুখেও কি তুমি এক প্রকার ভাবের প্রকাশ দেখিতে পাও না ?

কোন আকৃতিই একক থাকিতে পারে না, উহা কোন-না-কোন পদার্থেরই আকৃতি। অভএব ভৌতিক সৌন্দর্য্য কোন এক আভ্যন্ত-রিক সৌন্দর্য্যেরই নিদর্শন। উহাই আধ্যাগ্রিক ও নৈতিক সৌন্দর্য্য; এবং উহাই সৌন্দর্য্যের ভিত্তি, সৌন্দর্য্যের মূল-তব্ব, সৌন্দর্য্যের ঐক্য-শুরী।

আমরা দৌলর্ঘ্যের যত প্রকার ভেদের উল্লেখ করিয়াছি, তৎসম-ন্তই বান্তব সৌন্দর্য্য বলিয়া অভিহিত হইয়া থাকে। কিন্ত এই বান্তব সৌন্দর্য্যের উপরে আর এক শ্রেণীর সৌন্দর্যা আছে-সেটি মনোগত चापर्न-(मोक्क्या । এই चापर्न-(मोक्क्या, कान वास्कि विल्लाख किःवा ৰাক্তিসমূহের মধ্যে অবস্থিতি করে না। এইরূপ সৌন্দর্য্যের ধারণা মনে আনিবার জন্ম, বাহাপ্রকৃতি কিংবা আমাদের বহদর্শিতা ওধু এক-একটা উপলক্ষ যোগাইয়া দেয় মাত্র: কিন্তু আসলে এই সৌন্দর্য্য স্বতম্ব শ্রেণীর। এই প্রকার সৌন্দর্যোর ধারণা মনে একবার প্রকাশ পাইলে, কোন প্রাকৃতিক মূর্ত্তি যতই স্থলর হউক না কেন,—উহা ঐ পরম সৌন্দর্যোরই একটা নকল বলিয়া মনে হয়; উহা কিছুতেই ঐ দৌন্দর্য্যের সমান হইতে পারে না। কোন একটা স্থন্দর কাজের কথা আমার নিকট বল-জামি উহা অপেকাও স্থলরতর কাজ মনে করনা করিতে পারি। এমন যে অ্যাপলো মূর্ত্তি তাহারও অনেক দোষদর্শী সমালোচক আছে। আদর্শের দিকে যতই অগ্রসর হও. আদশটি ততই যেন পিছাইয়া যায়। আদর্শ-দোন্দর্য্যের চরম অংশটি অনত্তের মধ্যে—অর্থাৎ ঈশ্বরের মধ্যে অবস্থিত; কিংবা আরও ভাল করিয়া বলিতে গেলে – সেই ধ্ব আদর্শটি, পূর্ণ আদর্শটি, স্বয়ং ঈশ্বর ভিন্ন আর কিছুই নহে।

যেহেতু ঈশ্বর সকল পদার্থেরই মূলতব, অতএব সেই অধিকারস্থান্ধে তিনি পূর্ণ সৌন্দর্যোরও মূলতব; স্কতরাং ন্নাধিক অপূর্ণভাবে যে কোন পদার্থেই সৌন্দর্যা প্রকাশ পায়, সেই সমস্ত প্রাকৃতিক
সৌন্দর্যোরও তিনি মূলতব; তিনি বেমন ভৌতিক জগতের প্রষ্টা,
মানদিক-জগৎ ও নৈতিক-জগতের পিতা, তেমনি তিনি সকল
সৌন্দর্যোর মূলাধার।

গতি, আকার, ধ্বনি, বর্ণ প্রভৃতির বিচিত্র সন্মিলন ও স্থামিশনে এই দুশামান জগতে যে সৌন্দর্যা কৃটিয়া উঠিয়াছে, তাহা দেখিগাই আমরা এত মুগ্ধ হই ;—আর এই স্থবাবগিত বিরাট দুশোর পশ্চাতে, যে নিয়ন্তা, যে বিধাতা, যে বিহক গাঁ মহাশিলী রহিলাছেন, তাঁহাকে কি আমরা উপলব্ধি ক্রিব না ?

ভৌতিক সৌলগাঁ নৈতিক গৌলগোঁৱই এক প্রকার আচ্চাদন। এই সভ্য-জোতি, এই মানসিক সৌলগাঁ,—ইহার মূলভ্রটি কি ৪ সকল সভোৱ যে মূলভ্র, ইহারও সেই মূলভ্র।

নৈতিক গৌলগোর মধ্যে, ছইটি খতণ উপাদান বিচমনে,— উত্তরই খুলুর, কিন্তু বিভিন্নতাবে খুলুর। যথা:—ভাষপ্রতা ও উদারতা, প্রেম ও ভক্তি। যে ব্যক্তি খুকীয় আচ্বেশে ক্লায়প্রতা ও উদারতা প্রকাশ করে, তাহার সম্পাদিত কার্যা যার পর নাই খুলুর। কিন্তু যিনি ভারের মূলাধার, প্রেমের অফুরন্থ উৎস, তাহার গৌল্যা কি ব্লিয়া বর্ণনা করিবে ? আমাদের নৈতিক প্রকৃতি যদি খুলুর হয়, যিনি এই নৈতিক প্রকৃতির প্রত্তা তিনি কত না খুলুর! তাহার নাায়, তাহার ক্রুণা, আমাদের অস্তরে, আমাদের াহিরে.—সর্ব্বতই বিদ্যমান। তাঁহার ন্যায়ব্যবস্থাই স্কগতের এই নৈতিক ব্যবস্থা; কোন মানব-বিধি তাহা রচনা করে নাই; প্রত্যুক্ত দন্নধ্য-রচিত বিধি-ব্যবস্থাদি চিরকাল সেই ন্যায়কেই ব্যক্ত করিতে চেষ্টা পাইয়াছে; এবং দেই ন্যায় নিজ-বলেই এতাবংকাল এই দ্বগতে সংরক্ষিত হইয়াছে, স্থায়ির লাভ করিয়াছে। নিজের **অস্তরে** াদি অবতরণ করি, আমাদের অন্তরাত্মাই সাক্ষ্য দিবে বে. ধর্মের গ্হচর যে শান্তিও সম্ভোব—ভাহার মধ্যে ঐশ্বরিক নাায়ই বিরাজ-দান: হৃদয়ের তীব্র যন্ত্রণার মধ্যে, পাপের অপরিহার্য্য কঠোর শান্তিই প্রকাশ পায়। আমাদের প্রতি মঙ্গলময় বিধাতার কত করণা, কত মেহ্যত্ব তাহার পরিচয় আমরা প্রতিপদে প্রাপ্ত হই-তেছি, প্রতি মুহূর্তই তাহা অভিনব অনস্ক বাক্যে ঘোষণা করি-তেছে। তাহার মঙ্গলভাব,-কি ক্ষুদ্র, কি বৃহৎ,-প্রকৃতির সকল घठेनात्र मरशाहे (भनीशामान । के तकन घठेना आमारान्त्र निक्ठे অতিপরিচিত বলিয়াই আমরা ভূলিয়া যাই; কিন্তু একটু চিস্তা করিলেই টেহা আমাদের বিময়মিশ কভজভার উলেক করে. এবং জীবেব প্রতি বাহার অসীম প্রেম দেই প্রেমময় পরম দেবের মহিমা ঘোষণা করে।

এইরপে, আমরা যে তিন শ্রেণী নিদ্ধারণ করিয়াছি, ঈশ্বর সেই তিনি শ্রেণীয় সৌন্দর্যের,—অথাং ভৌতিক, মানসিক ও নৈতিক সৌন্দর্যের মূলতত্ত্ব।

শাবার এই তিন শ্রেণীর প্রত্যেক শ্রেণীতেই সৌন্দর্য্যের যে ছই প্রকার রূপ বিভ্যান—স্বর্ধাৎ স্থানর ও মহান্—তাহা তাঁহা-তেই আদিরা পর্যাবদিত হইগাছে। ঈশ্বরই পরম স্থানর; কেননা, আমাদের সমস্ত মনোল্ভিকে - জ্ঞান, করনা ও হৃদয়কে তিনি ভির

আর কে পরিত্রপ্ত করিতে পারে ৫ তিনিই আমাদের জ্ঞানের উচ্চতম ধারণা---যাহার পর আর কিছুই অম্বেষণ করিবার নাই। তিনিই আমাদের কল্পনার আত্মহারা ধ্যান, তিনিই আমাদের হল-দ্বের পরম প্রেমাম্পদ। অতএব তিনিই পূর্ণরূপে ফুলর। তিনি বেরপ স্থকর, দেইরপ কি তিনি মহানও নহেন ? স্বকীয় অগীয মহিমার ছারা তিনি যেমন একদিকে আমাদের চিস্তার দিগস্তকে প্রদারিত করিতেছেন, তেমনি আবার তাঁহার অতলম্পর্ণ মহি-মার মধ্যে আমাদিগকে নিমজ্জিত করিতেছেন। তাঁহার করুণা-রশ্মি যেমন আমাদের হৃদয়পল্লকে প্রকৃটিত করে, তেমনি তাঁর কঠোর জার কি আমাদিগের মনে তীতির সঞ্চার করে না ? ঈশবের শ্বরূপে প্রদন্ন ও রুদ্রভাব উভয়ই বিদামান। ঈশ্বর যেমন এক-দিকে মধুর, তেমনি স্থাবার তিনি ভাষণ। একদিকে যেমন তিনি এই দুশামান সদীম জগতের জীবন, আলোক, গতি ও অক্ষয় শোভা, তেমনি আবার তিনি অনাদি, অদুশা, অদীম অনম্ব, পরিপূর্ণ অদৈত ও সন্তার সন্তা বলিয়া পরিকীর্ত্তিত। ঈশ্বরের এই ভীষণ উপাধিত্তলি যাহা পুর্ব্বোল্লিখিত উপাধিরই মত স্থানিভিত-উহা কি আমাদের কল্পনায় একপ্রকার বিধাদের ভাব উৎপাদন করে না—যাহা ভীষণ-গন্ধীর দৃশ্য দর্শনে আমাদের মনে নিয়ত উত্তেজিত হইরা থাকে ? ঈশ্বর, আমাদের নিকট স্থলর ও মহান ; এই ছই व्यकात रोन्मर्या-क्राप्तबरे जिन एमन এक्षिएक क्रूडिंग व्यव्हिनम्, তেমনি আবার দকল প্রহেলিকার তিনিই স্থম্পষ্ট দমস্তা। আমরা সীমাবদ্ধ জীব,—আমরা অসীমকে বেমন বুঝিতে পারি না, তেমনি আবার অগীমকে ছাড়িয়াও কিছুরই সমীচীন ব্যাখ্যা করিতে পারি না। আমাদের যে সত্তা আছে, সেই সন্তার ঘারাই আমরা ঈশবের সেই অসীম সন্তার কতকটা আভাস পাই; আমাদের মধ্যে যে অসন্তা বিদ্যমান, সেই অসন্তার ঘারাই আমরা ঈশবের সন্তার মধ্যে বিলীন হই। এইরপে, কোন কিছুর বাাথা। করিতে হইলেই নিয়ত তাঁহারই শরণাপর হইতে হয়; এবং তাঁহার অনস্ততার ভারে প্রপীড়িত হইরা যথন আবার আপনার মধ্যে ফিরিয়া আদি, তথন—যিনি আমাদিগকে উদ্ধে উত্তোধন করিতেছেন, যিনি আমাদিগকে অভিভূত করিতেছেন, সেই ঈশবের প্রতি আমরা পর্য্যায়ক্রমে, অথবা যুগপং, একটা অদম্য আকর্ষণের ভাব, বিশ্ববের ভাব, চ্রতিক্রম্য ভীতির ভাব অমুভব করি, যাহা একমাত্র তিনিই উৎপাদন করেন এবং যাহা তিনিই প্রশাসিত করিতে পারেন; কেন না একমাত্র তিনিই ভীষণ ও স্থানরের ঐক্যন্থন।

এইরূপে দেই পূর্ণ পুরুষ ঈশরই,—পূর্ণ একৰ ও অসীম বৈচি-ত্যের সমবার; শ্বতরাং তিনিই সমন্ত সৌন্দর্য্যের চরম হেতু, চরম ভিত্তি, চরম আদর্শ। Diotime এই চিরন্তন সৌন্দর্য্যেরই একটু আভাস পাইয়াছিলেন এবং তাঁহার "Le Banquet" নামক সন্দর্ভে সক্রেটিসের নিকট দেই সৌন্দর্য্যের এইরূপ বর্ণণা করিয়াছেন:—

"দেই অনাদি অনস্ত দৌল্য্য, অজাত অবিনশ্বর দৌল্য্য, যাহার ক্ষ নাই, বৃদ্ধি নাই; যাহার এক অংশ স্থলর ও অপরাংশ কুংসিং— এরূপ নহে; শুধু অমুক সময়ে স্থলর, অমুক স্থানে স্থলর, অমুক সময়ে স্থলর, কোন ইন্তিয়গ্রাহারূপ নাই, —মুথ নাই, হন্ত নাই, শারীরিক কিছুই নাই; অথবা যাহা অমুক চিস্তাও নহে, অমুক বিশেষ বিজ্ঞানও নহে, আপনা হইতে ভিন্ন অস্ত কোন সন্তার মধ্যেও যাহা অবৃস্থিতি করে না; যাহা কোন জীব,

किश्वा शृथिवी, किश्वा आकाम किश्वा अग्र कान वस्न नरह; यारी मम्पूर्वकरण जामाग्राविनिष्ठे, यादा आग्राविकात्रम् ग्र, अग्र मकन स्मोनस्या यादात्र अश्म माज ; यादात्र अन्न नारे, मृज्या नारे, कम्म नारे, वृक्ति नारे, कान পतिवर्तन नारे।

এই পূর্ণ সৌন্দর্য্যে উপনীত হইতে হইলে, এই মর্ন্তালোকের সৌন্দর্য্য হইতে আরম্ভ করিতে হয়; এবং সেই পরম সৌন্দর্যার প্রতি দৃষ্টি নিবদ্ধ করিয়া, ক্রমাগত আরোহণ করিতে হয়, যাত্রাকালে সোপানের সমস্ত ধাপগুলা মাড়াইয়া ঘাইতে হয়;—একটা স্থানর দেহ হইতে গুইটি স্থানর দেহে, গুইটি স্থানর দেহ হইতে, অক্ত সমস্তস্থানর দেহে; স্থানর দেহে, গুইটি স্থানর দেহ হইতে, অক্ত সমস্তস্থানর দেহে; স্থানর দেহ হইতে, স্থানর ভাবে; স্থানর ভাব হইতে স্থানর জ্ঞানে, এইরূপ জ্ঞান হইতে জ্ঞানান্তরে আসিয়া, পরে সেই পরম্ব জ্ঞানে আমরা উপনীত হই,—যে জ্ঞানের বিষয়,—স্থানর স্থার স্থান বিয়য়,—স্থানর স্থারণ প্রায়ং। এইরূপে অবশেষে আমরা স্থানরকে স্থানতে সমর্থ হই।"

শ্বাতিনের বিদেশী আরও এইরপ বনিতে লাগিলেন:—প্রিয় দশা সক্রেটিস, সেই অনাদি সৌলগ্যের দশনেই জীবন সার্থক হয় .. যে বাক্তি অবিনিপ্র সৌল্বাকে দেবিতে পাইয়াছে,বিশুদ্ধ সৌল্বাকে, সরল সৌল্বাকে দেবিতে পাইয়াছে—যে সৌল্বা নর-মাংসে, নরবর্গে আচ্ছাদিত নহে, যাহা নগর উপাদানে গঠিত নহে,—সেই অবৈত সৌল্বারে, সেই ঐশ্বরিক সৌল্বারের যে সাক্ষাৎ দশন পাইয়াছে, তাহার কি সৌলগ্য !—সেই ধন্য ! সেই ধন্য !"

তৃতীয় উপদেশ।

শিপ্লকলা।

পারতিক পদার্থের মধ্যে স্থলরকে গুধু জানা ও ভালবাদাই মালুবের একমাত্র কাজ নহে; মালুব উহাকে পুনকংপাদন করিতেও পারে। ভৌতিক কিংবা নৈতিক বৈ প্রকারেরই ইউক না কেন, কোন প্রাকৃতিক সৌল্বা দেখিবামাত্র মালুব তাহা অলুভব করে, তাহাতে মুগ্ধ হয়, সৌল্বারেসে আগ্লুত ও অভিভূত ইইল পড়ে। এই সৌল্বারে অলুভূতি প্রবল ইইলে, উহা বেনীক্ষণ নিফল থাকে না। যাহা ইইতে আমরা একটা তারতর স্থব অলুভব করি তাহাকে পুনর্বার দেখিতে আমানের ইছলা হয়, পুনর্বার অলুভব করিতে ইছলা হয়; যে সৌল্বার আমরা মুগ্ধ ইইলাছি তাহাকে পুনর্জীবিত করিতে আমাদের প্রবল আকান্ধা হয়; সে সেন্দাটি ঠিক্ তাহাই নহে, পরস্ক আমাদের কল্পনা তাহাকে বে তাবে গ্রহণ করিলছে সেইভাবেই তাহাকে আমরা পুনর্জীবিত করিতে ইছলা করি। তাহা ইইতেই মালুবের নিজস্ব মৌলিক রচনার উৎপত্তি—শিল্পকলার উৎপত্তি। সৌল্বানকৈ আধীনভাবে পুনরুৎপাদন করাই শিল্পকলা এবং এই পুরুদ্ধপাদনের শক্তিকেই প্রতিভাবলে।

দৌলধার এই পুনরুংপাদনের জন্ত কোন্কোন্ মনোরুত্তির প্রয়োজন ? দৌলধাকে চিনিবার জন্য, অমূভব করিবার জন্য যে যে মনোরুত্তির প্রয়োজন ইহাতেও দেই সব মনোরুত্তির প্রয়োজন। ক্লাক্চি চূড়াস্ক সীমায় উপনীত হইলেই প্রতিভা হইয়া দাঁড়ায়,— ভধু যদি তাহাতে আৰু একটি উপাদান সংযোগিত হয়। সে উপাদানটি কি १

মনের সেই মিশ্র বৃত্তি—যাহাকে ক্ষতি বলে—ভাহাতে তিনটি মনোবৃত্তির সমাবেশ আছে:—ক্রনা, রসবোধ, বৃদ্ধি-বিবেচনা।

প্রতিভার ক্রির পক্ষে এই তিনটি মনোর্ত্তি নিতাম্ভ আবশ্রক; কিন্ত ইহাও যথেষ্ট নহে। প্রতিভা, সম্মনী-শক্তিরই উপাধি: উহাই প্রতিভার বিশেষ লক্ষণ। কলা-ফ্রচি অমূভব করে, বিচার করে, তর্ক বিতর্ক করে, বিল্লেখণ করে, কিন্তু উদ্ধাবন করে না। প্রতিভা উদ্ভাবক, ও ভ্রষ্টা। প্রতিভাবান পুরুষের মধ্যে যে শক্তি অবস্থিত, প্রতিভাবান পুরুষ দেই শক্তির প্রভুনহেন। তিনি বাহা অস্তরে অমুভব করেন, তাহা বাহিরে প্রকাশ করিবার জন্য তাঁহার যে ছর্দম-নীয় জনম্ব আগ্ৰহ ও আকাম। উপন্থিত হয় তাহাই তাঁহাকে প্ৰতি-ভাবান করিয়া তোলে। যে সকল ভাব, যে সকল করনা, যে সকল চিম্বা তাঁহার চিত্তকে আলোড়িত করে, তাহার দরণ তিনি কট্ট অনু-ভব করেন। লোকে বলে গুণীলোক মাত্রেরই একটু ছিট্ স্মাছে। কিন্তু এ 'ছিট' জ্ঞানেরই একটি দিব্য অংশ। সক্রেটিস, এই রহন্ত-ষয়ী শক্তিকেই, তাঁহার "দানব" (দানা Demon) বলিতেন। ভল্-টেয়ার ইহার নাম দিয়াছিলেন,—মৃতিমান সয়তান; প্রতিভাবান নাটককার হইতে হইলে, মন্ত্রের খারা এই সমতানকৈ আহ্বান করিতে নাম যাহাই দেও না কেন, একটা কিছু নিশ্চয়ই আছে— জানিনা সে জিনিষ্টা কি—যাহা প্রতিভাকে জাগাইয়া তোলে। এবং প্রতিভাবান পুরুষ যতক্ষণ অন্তরের ভাব বাহিরে ব্যক্ত করিতে না পারেন, স্বকীয় স্থুপ ছঃখ, স্বকীয় মনোভাব, স্বকীয় কলনাকে মুর্তি-শান করিয়া প্রকাশ করিতে না পারেন, ততক্ষণ তাঁহার মনে সাম্বনা

দাই—আরাম নাই। অতএব প্রতিভাতে ছুইট জিনিস্ বিশেষক্ষপে থাকা চাই। প্রথমত উৎপাদন করিবার জন্য একটা জলস্ত
আগ্রহ; বিতীয়ত উৎপাদন করিবার শক্তি। কেননা, শক্তি বিনা
শুধু আগ্রহ—দে একটা ব্যাবি বিশেষ।

কার্য্য-সম্পাননী শক্তি, উদ্বাবনী শক্তি, স্থলনীশক্তি—মৃথ্যরূপে ইহাই প্রতিভা। সৌন্দর্য্য নিরীক্ষণ করিয়া সৌন্দর্য্যে মুগ্ধ হইয়াই কলাক্ষতি সম্বস্ত্রী। মিথা। প্রতিভা, জলস্ত অব্ধত অকর্ম্মণা করনা, —নিক্ষণ স্থপ্নেই আপনাকে নিঃশেষিত করে; সে এমন কিছুই উৎ-পাদন করে না যাহা বৃহৎ কিংবা মহৎ। ক্লনাকে স্টিতে পরিশত করাই প্রতিভার ধর্ম।

প্রতিভা সৃষ্টি করে — নকল করে না। কেই কেই বলেন, প্রতিভা প্রকৃতি অপেক্ষাও শ্রেষ্ঠ; কেন না প্রতিভা প্রকৃতিকে নকল করে না। প্রকৃতি ঈশ্বরের রচনা; অতএব মাত্র ঈশ্বের প্রতি-ঘণী।

ইহার উত্তর থ্ব সোদা। না, প্রতিভাবান পুরুষ ঈখরের প্রতি-দুন্দী নহে। তিনি ঐশী রচনার গুধু ব্যাখ্যাকর্তা। প্রকৃতি তাহার নিজের ধরণে ব্যাখ্যা করেন, মানব-প্রতিভাও তাহার নিজের ধরণে ব্যাখ্যা করে।

শিরকলা প্রকৃতির অথকরণ ভিন্ন আর কিছুই নহে—এই কথা লইয় পূর্ব্বে অনেক আলোচনা হইয়া গিয়াছে। এই কথাট আমরাও একটু বিচার করিয়া দেথিব। অবশ্য একভাবে দেথিতে গেলে, শিরকলা অত্করণই বটে; কেন না, নিরবলম্ব নিরাধার স্থাষ্ট এক-মাত্র ঈমরেতেই সম্ভবে। যাহা প্রকৃতিরই অংশ সেই সব মূল-উপাদ্ধান ভিন্ন প্রতিভা আর কি লইয়া কাক করিবে? কিন্তু প্রাকৃতির

অমুকরণ ভিন্ন তাহার কি আর কোন কাজ নাই ?—এ গণ্ডির মধ্যেই কি দে বন্ধ ? প্রতিভা কি বাস্তবের গুধুনকল-নবীশ ? অবিকল নকল করাতেই কি তাহার একমাত্র গুণপন। ? যে জীবস্টে আগলে অমুনকরণীয় তাহার অবিকল নকল করা অপেক্ষা নিম্মল উদাম আর কি হইতে পারে ? যদি শিল্লকলা প্রকৃতির দাসবং শিব্য হয়, ভবে দে শিব্য নিতান্তই অক্ষম বলিতে হইবে।

যে প্রকৃত কলাগুণী দে প্রকৃতিকে মর্ম্মেন্মর্মে অফুভব করে. দে প্রকৃতির দৌন্দর্যো মুগ্ধ হয়। কিন্তু প্রকৃতির দকল পদার্থই ন্মান চিত্ত-বিমোহন নহে। আমি প্রক্ষেই ব্লিয়াছি, প্রকৃতিতে এমন একটা জিনিস আছে, বাহাতে-করিলা প্রকৃতি শিল্প কলাকে অনম্বন্তনে অতিক্রম করে—দে জিনিষ্টা কি ?—না জীবন। এই জীবনকে ছাড়িয়া দিলে, শিল্পকলা প্রকৃতিকেও অতিক্রম করে -কেবল যদি ८म व्यदिकन व्यक्षकतालत अधानी नः इत्र । एउटे स्वस्तत इडेक ना কেন, কোনও প্রাক্তিক পদার্থই সর্বাংশে নির্থানহে। যাহা কিছু ৰান্তৰ তাহাই অপূৰ্ন। কোন-কোন হ'লে দেখা যায়, লালিতা ও শোভনতা,--মহান ভাব হই:ত. শক্তির ভাব হই:ত বিচ্ছিন্ন। মৌল-ব্যের অবয়বগুলি বিক্ষিপ্তভাবে, বিভক্তভাবে সর্বাত্র পরিশক্ষিত হয়। বদুচ্ছাক্রমে ভাংাদিগকে একত্র মিলিত করিলে,—কোন একটা নিয়মের অধীন না হইয়া, এ-মুখ হইতে একটা ঠোঁটে, ও-মুখ হইতে একটা চোথ্বাছিয়া লইলে—একটা অস্বাভাৱিক কিন্তুত-কিমাকার মূর্তি গড়িয়া তোলা হয় মাত্র। এই নির্বাচনে যদি কোন একটা নিরম অনুসরণ করা হয়, তাহা হইলেই একটা আনর্শ স্বীকার ৰুৱা হইল—যাহা ব্যক্তিবিশেষ হইতে ভিন্ন। যে ব্যক্তি প্ৰকৃত কলা গুণী সে প্রকৃতির অফুশীলন করিয়া এইরূপ একটা আদর্শ খাড়া করিয়া ভোলে। অবশ্য প্রকৃতিকে ছাড়িরা এরপ আদর্শ সে কখন কল্পনা করিতেও পারিত না; কিন্তু এই আদর্শটি পাইয়াই সে তাহার দার অরং প্রকৃতিকেও বিচার করে—সংশোধন করে; এমন কি প্রকৃতির স্মকক হইতেও স্পর্হা করে।

কলনার আদর্শই গুণীজনের জলন্ত অকুরাগ ও ধাানের বিষয়। চিষ্কার দারা বিশোধিত, ভাক-রদের দারা দঞ্জীবিত যে আদর্শ সেই আদর্শটিকে নীরবে ও একা ছমনে ধানে করিতে করিতে গুণীজনের প্রতিভা প্রজ্ঞানিত হইলা উঠে। কিরুপে সেই অপদর্শকে বাস্তরে পরিণত করা যায় — জীবস্থ করিয়া তোলা যায়, তংপ্রতি গুণীজ্নের একটা চৰ্চমনীয় আকাষা জানা। এই উদ্দেশ্য বাধনাৰ্থ থাহা কিছু তাঁচার কাজে লাগিতে পারে দেই সমস্ত উপাদান তিনি প্রকৃতি হইতে দংগ্রহ করেন এবং মাইকের অন্তেপ্তলা বেরূপ স্থানমা মার্কেলের উপর তাঁহার থনিত্রের ছাপ লিড্ডিলেন, দেইরূপ তিনি নিজ হতের প্রবন্ন পক্তি প্রয়েগ করিবা, মেই উপাদান হইতে এরূপ রচনা বাহিত্র করেন যাহার অনুজ্ঞপ আদশ প্রকৃতির মধ্যে কোপাও দেখিতে পাওয়া হার না। তিনি তাঁহার বেই মান্য-আদুশেরই অভুকরণ करतम याधा এक श्रकात निजीत स्रष्टि विनात । वाक्तिय अ জীবনের ভিনাবে উঠা প্রাকৃতিক স্কুট্ট অপেকা নিকৃষ্ট ; কিন্তু এ কথা নিঃশঙ্কতিত্ত্ব বলা যায় যে, মান্সিক ও নৈতিক সৌন্ধাের হিনাবে উহা প্রাকৃতিক সৃষ্টি অপেক্ষাও উংক্র। তাহার মেই রচনার উপর মাননিক ও নৈতিক দৌন্ধ্য মন্ত্ৰিত থাকে।

নৈতিক গৌন্দায়ই সমন্ত প্রকৃত দৌন্দায়ের মূল। প্রকৃতি-রাজ্যে এই মূলটি একটু আছের ভাবে একটু প্রছের ভাবে থাকে। ঐ আবরণ হইতে শিরকলাই উহাকে বিনিশ্বুক করে এবং উহাকে স্বছ্ক করিয়া তোলে। শিল্পকলা, নিজের শক্তি-সম্বশ্ন যদি ঠিক বুঝে, তাহা হইকে ঐ দিক্ হইতেই প্রকৃতির সঙ্গে দে টক্কর দিতে পারে এবং তাহাতে কতকটা সফল হইতেও পারে।

শিল্পকলার চরম উদ্দেশ্য কি প্রথমে তাহাই নির্দারণ করা যাক। শিল্পকলার নিজস্ব শক্তি যেথানে, উহার চরম টকেশাও সেইখানে। (डोडिक मोसर्पाद माश्रीपा किकाल निर्वे कि भोसपा श्रकान करा যার ইহাই শিল্পক নার চরম উদ্দেশ্য। ভৌতিক সৌন্দর্যা নৈতিক সৌন্দর্য্যেরই সাঙ্কেতিক রূপ। অনেক দ্বয়ে এই সাঙ্কেতিক রূপট প্রাকৃতির মধ্যে তম্যাক্তর হইয়া থাকে। শিল্পক্যা উহাকে আলোকে আমানিয়া উহার উপর এক্কপ প্রভাব প্রকটিত করে যাহা প্রকৃতিও সব সময়ে দেরপ করিল উঠিতে পারে না। প্রকৃতি চিত্তরপ্লনে অধিক-তব্ৰ সমৰ্থ : কেন না, প্ৰকৃতিৰ ব্যানায় জীবন আছে—জীবন পাকায় কল্পনা ও নেত্র উভয়ই মুগ্ধ হয়। পক্ষাস্থরে শিল্পকলা মান্তবের মর্গ্মপর্শ করে, কেন না উহা প্রধানতঃ নৈতিক গৌন্দর্যা প্রকাশ করিয়া, মনের গভীর আবেগ-দমুহের যে স্ত্রন্থান একেবারে দেইখানে গিয়া আঘাত करतः এवः এই सर्ग्र अभि ठाई छै । करे त्री नर्गात निम्मन ७ व्यमान । আরু এক, মানদ-আদর্শের অভাব। বাত্তৰ আদর্শের (model) শুত্র কেন নক্ষ কর না, হয়ত সেই রচনায় প্রক্লভ সৌলর্যার অভাব ছটবে: আবার নিচক স্বৰূপোলকল্লিত কোন রচন। করিলেও হয়ত এমন একটা অনিৰ্দেশ্য কামনিকতা আদিয়া পড়িৰে যাহাতে কোন **८७**डे। वित्यवत नार्डे ।

কি পরিমাণে মানসের সহিত বাস্তবের—রূপের সহিত ভাবের বিলন হওয়া উচিত, প্রতিভা তাহা চটু করিবা ধরিতে পারে—ঠিক্ ধরিতে পারে। এই সন্মিলনই শিল্পকার চরম উৎকর্ষ। এবং ইহাই উংক্নন্ত বচনা-সমূহের প্রাকৃত মল্য।

আমার মতে, শিল্পশিকাতেও এই নিগমের অসুসরণ করা কর্তবা 🕇 লোকে জিল্লাদা করে, ছাত্রেরা মানক-আদর্শের অমুশীলনের ছারা, না বাস্তবের অনুকরণের হারা শিক্ষা আরম্ভ করিবে ? আমি কোন দ্বিধানা করিয়া এইরূপ উত্তর করি:—শিক্ষার আরম্ভে উভয়েরই অনুশীনন আবশ্যক। স্বরং প্রকৃতিদেবী, বিশেষকে ছাড়িয়া দামান্তকে, কিংবা দামান্তকে ছাড়িয়া বিশেষকে আমাদের সম্মুখে কথনই অর্পণ করেন না। প্রত্যেক মানব-মূর্ত্তিতেই কতকগুলি ব্যক্তিগত বিশেষ লক্ষণ আছে--যাহা অন্ত সমস্ত হইতে ভিন্ন; এবং তাছাড়া সাধারণ লক্ষণ ও আছে যাহাতে-করিয়া উহা মানবমূর্ত্তি বলিয়া চেনা যায়। যাহারা চিত্রবিদ্যা শিখিতে প্রথম আরম্ভ করে, তাহাদিগের পক্ষে কোন মূর্ত্তির বাজিগত বিশেষ-লক্ষণ ও আদর্শ-লক্ষণ উভয়ই অনুশীলন করা আবশাক। আমার বোধ হয়, ৬ জ ও হল্ম নির্বিশেষতা ইইতে আপনাকে বাঁচাইবার জন্ম, প্রথম হইতেই কোন স্বাভাবিক পদার্থের —বিশেষত: কোন জীবন্ত মূর্তির নকল করা ভাল। এইরূপ করিলে, ছাত্রের। প্রকৃতির বিন্যালয়েই শিক্ষা প্রাপ্ত হইবে। তাহা হইলে, সৌলর্যোর যে হুইটি প্রধান উপাদান, শিল্পকলার যে হুইটি অপরিহার্য্য নিয়ম তাহা কখনই তাহারা বিদর্জন করিবে না; উহাতে তাহারা গোড়া হইতেই অভান্ত হইবে।

কিন্তু এই তুই ট উপাদান সন্মিলিত করিবার সময় উহাদের প্রত্যেক ককে ঠিক্ চেনা আবশাক এবং কোন স্থানে কিরপ প্রয়োগ করিতে, হইবে তাহাও বুঝা আবশ্যক।

এমন কোন মানদ-মূর্ত্তি কল্লিভ হইতে পাল্লে না ধাছার

একটা নির্দিষ্ট আকার নাই; এমন কোন একতা হইতে পারে না, যাহাতে বিচিত্রতা নাই; এমন কোন জাতি থাকিতে পারে না, যাহাতে বাজি নাই; কিন্তু যাই হোক্, মানস-মানশই স্কলরের ভিত্রকার জিনিস; এই মানস-মানশকে বাস্তবতার পরিণত করাই প্রকৃত শিল্লকান,—অমুক অমুক বিশেষ-মাকারের মন্তুকরণে প্রকৃত শিল্লকার পরিচয় পারেয় যায় না।

আমাদের শতাদির প্রার্থে ফালের বিস্তুনপ্রিয়ং নিয়লিথিত প্রশ্ন সম্বন্ধ প্রতিযোগিত। উদয়টেত করিয়াছিলেন :-- ''প্রাচীন গ্রীদ-দেশীয় ভাষর-শিলের চরম উংকর্ষের করেগগুলি কি এবং কি উপায়ে ট্র প্রকার চরম উংকর্ষে উপনীত হওল ঘাইতে পারে ১'' এই প্রেরুটর সম্বর দিয়া যিনি জ্যুমালা লাভ করিং।ছিলেন ভাষার নাম এমেরিক ডেভিড। দেই সমরে যে মত্টি প্রবল ছিল সেই মতেরই পোরকতা করিয়া তিনি বলিয়াছেন, ভুধু প্রাকৃতিক দৌলংগাঁর ঐকা-থ্রিক অনুশীরনেই প্রাচীন ভাষের-করা চরম উৎকর্ম লাভ করিলাছিল, **এরং** প্রকৃতির অনুকর্ণই <u>লি প্রকার উংকর্ণ লাডের</u> একমাত্র প্রা কাতব্যন্তার দেইট্রিনামক এক বাজি এই মত্র গ্রন করিয়া মান-সিক অনেশ-নোলাযোৱ পক্ষ সমর্থন করেন। সমস্ত গ্রীক ভাষের কলবে ইতিহাস এবং ত্রনকার বল্তন্যে। শিল্ল-স্মালোচকলিলেয় মধ্য আবোচনা করিলে ইহাই প্রতিপ্র হয় যে, প্রেরতির অফুকরণের উপর ত্রীকলিগের শিল্পদ্ধতি প্রতিষ্ঠিত ভিলুনা। বাস্তব-মানশ্যতই সুক্র হউক নাকেন, তবু তাহা পুৰই অপূৰ্ণ এবং অনেকগুলি বাস্তৰ অপি-শের অন্তকরণেও একটি অনিন্যু স্তানর মৃত্তি কথনই গঠিত হইতে পারে না। প্রাচীন গ্রীকেব্লা দেই মান্য স্থানশেরই অন্থ্যবুগ করিত ঘাংরি প্রতিরূপ বাস্তব জগতে তথনও দেখা যাইত না, এখনও দেখা যায় না।

শিল্পকলা সম্বন্ধে আর একটি মতবাদ প্রচলিত আছে যাহা প্রকা-রাস্তরে অন্তকরণ-মতেরই পক্ষ সমর্থন করিয়া থাকে। এই মতবাদীরা বলেন, বিভ্রম-মোহ উংপাদন করাই শিল্পকলার উদ্দেশ্য। যে চিত্র-দৌলগা চোথে গাঁদা লাগাইয়া দেয়, তাহাই আদর্শ দৌল্ফা। **যেমন** পিউক্দিদ নামক চিত্রকারের আঙ্গুর ফালর উংক্ট চিত্র। উহা এতটা প্রকৃতির অন্তর্নাপ যে, মতাকার আঙ্গুর মনে করিয়া পাথীরা আনিলা ঠোকুরাইত। কোন নটিনভিনয়ে যথন কোন দুশ্য বাশুব বলিয়া ভ্রম হয় তথনই তাহা কলানৈপুণ্ডোর পরাকাটা বলিয়া পরি-গণিত হয়। এই মতবাদের মধ্যে বেটকু সত্য তাহা এই:-কোন কলারচন। স্থালর ২ইতে ২ইলে তাহাতে জীবন্ত ভাব থাকা চাই। ভাহার দুঠান্ত,—নাটাকলার নিয়ম এই যে, অতাত কালের অপরি-কুট ছালা-মৃত্তিশকল নাটামাঞ্চ প্রধানিত হইবে না, পরস্ত কালনিক কিংবা ঐতিহানিক পাত্রগণ জাবন্ত ধরণের হইবে, আবেগময় হইবে; माञ्चरवत्र ছाधात महन नरह--- পत्र छ कोव छमा दूरवत्र मह कथा कहिरव, কাজকরিবে। অভিনয়ের ইল্লজাল, মানব-প্রকৃতিকে বিকৃতরূপে প্রদ-শন না করিয়া বরং তাহাকে আরও উন্নত আকারে প্রদর্শন করিবে। এমন কি, এই ইন্দ্রজানই নাট্যকলার মূলমন্ত্র। এই ইন্দ্রজালই আমা-দের ছঃখ-কঠকে অপ্রারিত করে, আমাদিগকে সেই চির-আকাশা চির আশার দেশে লইয়া যায়,—যেথানে বাস্তব জগতের অসম্পূর্ণতা সকল তিরোহিত হইনা কতকটা পূর্ণতার আবিভাব হয়, যেথানকার কথিত ভাষা আরও উন্নত, যেথানকার ব্যক্তিগণ স্বারও স্থলর, যে-থানে কদ্য্যতার আন্তর্হ স্বীকৃত হয় না; —অথচ সেই অভিনয়ের ইন্দ্রজাল ইতিহাদের মর্য্যাদা অতিক্রম করে না. এবং মানব-প্রকৃতির य मकन अकांग्रे नियम जारात अ वाहित्त यात्र ना। निज्ञकना यनि মাহ্বকে অতিমাত্র বিশ্বত হয় তাহা হইলে সে ভাহার উদ্দেশকে অতিক্রম করে—তাহার গম্য-পথে কথনই উপনীত হয় না; সে এমন কতক গুলা অলীক বস্তু স্থাই করে যাহার প্রতি আমানের চিত্ত কিছু-তেই আক্রেই হয় না। আবার যদি শিল্পকলা বেশীমাত্রায় মাহ্যম-র্থান হয়, বেশীমাত্রায় বাস্তব হইল পড়ে, বেশীমাত্রায় নগ্রতা প্রকাশ করে, তাহা হইলে দে তাহার গ্রা-গ্রনের এগারেই থাকির। যায়—তাহার গ্রিকে অরে অগ্রম হইতে পারে না।

বিভ্রম উংপাদন শিল্পকশার প্রকৃত উদ্দেশ্য নহে, কেননা কোন জনা-রচনা সম্পর্ণরূপে বিভ্রম উংপাদন করিতে পারিনেও তাহা ডিভাকর্ষণ না কারতেও পারে। আঞ্কাল বিভ্রম উৎপাদন করিবার উদেশে, নাটামাঞ্চ পরিজনাদি সধ্যম ঐতিহাসিক স্তাতঃ বক্ষার জন্ত প্রভূত চেঠা হইলা পাকে ; কিন্তু আদলে উহাতে কিছুই যাল আদে ন।। নাট্যাভিনয়ে, যে জাটাদের ভমিক। এখন করিয়াছে, সে যদিও প্রাচীন ব্যোমক বাঁরের প্রিচ্ছদ প্রিধান কার, এমন কি, যে ছোরা দিয়া সীজারকে বধ করা হইয়াজিল ঠিক সেই ছোরাখানা অভিনত্ত কালে ব্যবহার করে—তথাপি, উহা প্রকৃত সমগলারের মন্মাপশ ক্রিতে পারে না। আরও এক কথা;-বিভ্রমমোহ বেশীদাত্রায় উৎপাদন করিলে, শিল্লকলার রদট মরিলা যায়, এবং প্রাকৃতিক ৰাম্ভৰতা আদিয়া ভাহার স্থান অধিকার করে। এইরূপ বাস্তবতা ক্থন ক্থন অনুহা হইলা উঠে। যদি আমার বিশ্বাদ হয়, আমার অন্তিদ্রে, এফিজেনির পিতা এফি:গুনিকে স্তাণ্ডাই বলি মিতেছে, তাহা হইলে আমি ভয় আতক্ষে কাঁপিতে কাঁপিতে নাট্যশালা হইতে বাহির হইয়া পড়ি।

किंद्र এरेक्न व्यावरे विकाम कता रव, -क्क्न ଓ ज्यानक

ম্বদ উদ্ৰেক করাই কি কবির উদ্দেশ্য নহে 🕈 হাঁ, গোড়ায় কতকটা ভাহাই উদ্দেশ্য বটে : কিন্তু ভাহার পর, উহাতে আর একটা রস মিশ্রিত করিয়া উহার তীব্রতা কমান হইয়া থাকে। চূড়ান্ত-পরি-মাণে করুণা ও ভয়ানক রুদ উদ্রেক করাই যদি নাট্যকলার একমাত্র উদ্দেশ্য হয়, তাহা হইলে প্রকৃতির নিকট শিল্পকলাকে হার মানিতে হয়—এই বিবয়ে শিল্পকলা, প্রকৃতির অক্ষম প্রতিদ্বন্দী। আমরা বাস্তব-জীবনে প্রতিদিন যে স্কল শোচনীয় দৃশ্য স্চরাচর দেখিয়া থাকি, তাহার নিকট নাট্য-মঞ্চে প্রদর্শিত ছঃথ কষ্ট নিতান্ত লঘু বলি-ষাই মনে হয়। কোন একটা প্রধান হাসপাতালে যে-সব করুণ ও ভীষণ দৃশ্য দেখা যায়, সমস্ক নাট্যশালা মিলিয়া তাহা দেখাইতে পারে না। যে মতটি আমরা খণ্ডন করিবার চেষ্টা করিতেছি দেই মতের অনুসরণ করিতে হইলে, কবি কিরুপ পদ্ধতি অবলম্বন করিবেন ১ তিনি যতদুর পারেন রঙ্গমঞ্চে বাস্তবতার অবতারণা করিবেন, এবং ভীষণ তুঃথ কষ্টের দৃশ্য আনিয়া আমাদের হৃদঃকে ব্যথিত ও কম্পিত করিয়া তুলিবেন। করুণারদ উদ্রেক করিবার প্রধান উপায়-মৃত্যু -দুশোর অবতারণা। পক্ষাস্তরে স্কৃদয় বেশীমাত্রায় উত্তেজিত হইলে, শিল্পকলার রদভঙ্গ হয়। তাহার দৃষ্ঠান্ত;—ঝটকা-দৃশ্যের কিংবা ভগ্নতরী-দুশ্যের যে দৌন্দর্য্য সে দৌন্দর্য্যট কি ? প্রকৃতির এই সকল মহান দুখের প্রতি আমরা কিসে এত আরুষ্ট হই ? ইহা নি-শ্চিত, করুণা কিংবা ভয়ে আরুষ্ট হই না। এই ছই তীব্র ও মর্ম্মভেদী ভাব বরং ঐরূপ দৃশু হইতে অমোদিগকে পরাজুথ করে। করুণা কিংবা ভয় ছাড়া আর একটি রদের বশবর্তী হইয়াই আমরা ত্রুক্রপ एमा पिथिवाद क्रम जीरत माँड़ारेमा शांकि। উरा निष्क भीन्तर्गा-রদ ও গাস্তীর্য্যরদ। সম্প্রের গন্তীর দৃশ্য, সমুদ্রের বিশালতা, ফেন্মর উত্তাল তরঙ্গ-ভঙ্গ, বজ্লের গন্তীর নির্যোধ,—এই ভাবকে উদ্দীপ্ত করে। তথন কি আমরা মুহুর্ত্তের জন্ম ভাবি যে কতকগুনি হত-ভাগ্য লোক কই পাইতেছে, কিংবা :তাহাদের মৃত্যু আসন্ত্র গুতাহা যদি ভাবিতাম তাহা হইলে ঐরূপ দৃশ্য আমাদের অসহা হইয়া উঠিত। শিল্লকনা সম্বন্ধেও এইরূপ। যে কোন ভাবেই আমরা উত্তেজিত হই মা কেন, সেই ভাবটিকে সৌন্দর্যারসের দ্বারা একটু আলু করা চাই, উহাকে সৌন্দর্যারসের অধীনে রাখা চাই। যদি কোন কলা রচনা, একটা নিদ্দিই সীমা ছাড়াইয়া কেবল কঞ্ছাও ভ্যানক রসের উদ্রেক করে, বিশেষত শারীরিক করণা ও শারীরিক ভ্যের উদ্রেক করে, তাহা হইলে আমরা উহার প্রতি বিম্প হই—উহার প্রতি আর আক্রই হই না।

আর একনল আছেন, তাঁহারা সৌল্যাকে ধর্মভাব ও নৈতিক ভাবের সহিত এক করিয়া ফেলেন, শিল্লকলাকে ধর্ম ও নীতির সেবার নিযুক্ত করেন। তাঁহারা বলেন, আমানিগকে ভাল করিয়া ভোলা, —আমানিগকে ঈহরের দিকে উল্লাত করাই শিল্লকলার প্রকৃত উদ্দেশ্য। কিন্তু এই হুয়ের মধ্যে একটা মুখ্য প্রভেদ আছে। বনি সকল সৌল্যাের মধ্যেই নৈতিক সৌল্যা নিহিত থাকে, যদি সৌল্যাের আনশ্ জমাগত অনস্তের অভিমুখেই উথিত হয়, তবে যে শিল্লকলা সেই আদশ্-সৌল্যাকে পরিবাক্ত করে, সেই শিল্লকলাও মানব আহাকে অনস্তের দিকে—অথাং ঈগরের দিকে উদ্লীত করিয়া ভাহাকে বিমল করিয়া ভোলে সল্লেই নাই। অতএব শিল্লকলা মানব-আহার উংকর্যাধন করে বটে, কিন্তু পরোক্ষভাবে। যে ওবছলী কাযাকারণের তরালুস্থান করেন, তিনিই জানেন যে, শিল্লকলা সৌল্যােরই চরমত্ব এবং শিল্লকলার প্রভাব পরোক্ষ ও চুব্র-

ৰবী হইলেও উহা জ্বনিশ্চিত। কিন্তু কলাগুণীর নিকট সর্বাগ্রে শিল্পকলাই অফুশীলনের বিষয়। যে ভাবরসে তাঁর চিত্ত ভরপূর দেই ভাবরদ তিনি অন্ত দর্শকের মনেও উদ্রেক করিতে চেষ্টা পান। তিনি বিশুদ্ধ দৌন্দর্যারদের নিকটেই আঁত্মসমর্পণ করেন, তিনি সেই সৌন্দর্যাকে সমস্ত বিভৃতির দ্বারা, মানস-আদর্শের সমস্ত 'মোহিনী'র দ্বারা আরত করিয়া তাহাকে সংবৃক্ষিত করেন। তাহার পর সেই শোল্যাই তাঁহার রচনাকে গড়িয়া তোলে; কতকগুলি বাছা-বাছা লোকের মনে মৌন্দর্যারদের উদ্রেক করিতে পারিলেই তাঁহায় কার্য্য পিদ্ধ হয়। এই বিমল ও নিস্বার্থ সৌন্দর্য্যের ভাবই ধর্মভাবের ও নৈতিকভাবের পরম সহায়: এই দোন্দর্যোর ভাবই ধর্ম ও নীতির ভাবকে উদ্বোধিত করে, পরিপুষ্ট করে, বিক্ষিত করে, কিন্তু তথাপি এই দৌন্দর্যের ভাব একটি পুথক ভাব—একটি বিশেষ ভাব। এমন কি, যে শিল্পক্যা এই দৌন্দর্যাভাবের উপর প্রতিষ্ঠিত, সৌন্দর্য্যের ছারা উদ্দীপিত, দৌন্দর্যোর দ্বারা পরিব্যাপ্ত-দেই শিল্পকলারও একটা স্বতম্ব শক্তি আছে। যদিও শিল্পকলা ধর্মের সহচর, নীতির সহচর, যাহা কিছু মানব-মান্নাকে উন্নত করে তাহারই সহচর, **ত-**থাপি শিল্পলা আপনার নিজস্ব শক্তি হইতেই সমুদ্রত।

শিল্পকলার জন্য স্বাধীনতার দাবী, নিজস্ব মর্য্যাদার দাবী, বিশেষ উদ্দেশ্যের দাবী করিতেছি বলিলা, কেহ না ব্যেন,—আমরা উহাকে ধর্ম হইতে, নীতি হইতে, দেশানুরাগ হইতে বিচ্ছিন্ন করিতেছি। শিল্পকলা যেরূপ স্বকীয় গভীর উংস হইতে—সেইরূপ চির-উদ্ঘাটিত প্রকৃতির নিকট হইতেও ভাবরস আকর্ষণ করে। কিন্তু একথাও সত্য,—কি শিল্পকলা, কি রাষ্ট্র, কি ধর্ম—ইহাদের প্রত্যেকেরই বিভিন্ন অধিকার আছে, বিশেষ-বিশেষ কার্য্যশক্তি আছে; ইহারা

পরস্পর পরস্পরকে সাহায্য করে, কিন্তু কেহ কাহারও অধীন নহে; উহাদের মধ্যে কেহ যদি স্বকীয় উদ্দেশ্য হইতে বিচলিত হয়,—
জমনি সে পণত্রই হইয়া অধােগতি প্রাপ্ত হয়; যদি শিল্লকলা অন্ধানে, ধর্ম্মের সেবায়—মাতৃভূমির সেবায় নিযুক্ত হয়, তাহা হইলে
তাহার স্বাতন্ত্র নই হয়—সে তাহার মােহিনীশক্তি হারায়—তাহার
প্রভূত্ব হারায়।

তৃতীয় উপদেশ।

শিল্পকলার ভেদ নির্ণয়।

পূর্ব্ব পরিচ্ছেদে শিল্পকলার লক্ষণ, উদ্দেশ্য ও নিয়ম সম্বন্ধে বলা হইয়াছে। তুধু প্রাক্তিক সৌন্দর্য্য নহে, প্রকৃতি ও প্রতিভার माशास्या मानव-िक स्य जामर्ग-त्मोन्पर्यात्र कल्लना करत्र. त्मरे त्मोन्न-र्याटक चाधीन ভाবে পুনরুৎপাদন করাই শিল্পকলা। আদর্শ সৌন্দর্য্য অগীমকে আচ্ছন্ন করিয়া রহিয়াছে। যাহাতে প্রাকৃতিক সৃষ্টির ন্যায় মানব-রচনার মধ্যেও--বরং আরো বেশীমাত্রায়-অসীমের মোহন সৌন্দর্যা প্রকটিত হয় তাহাই শিল্পকলার উদ্দেশ্য। কিন্তু কি করিয়া —কোন মায়া-মন্ত্রের ছারা, অসীমকে দ্যাম হইতে বাহির ক্রা যাইতে পারে ? ইহাই শিলকলার বাধা এবং ইহাই শিলকলার গৌরব। প্রাকৃতিক সৌন্দর্য্যের মধ্যে এমন কি আছে যাহা আমা-দিগকে অগীমের দিকে লইমা যাইতে পারে ? 'ঐ গৌন্দর্য্যের যেটি মানসিক দিক সেই মানসিক আদর্শ-সোন্দর্য্যই আমাদিগকে অসীমের দিকে লইয়া যাইতে প্রশ্নি না দোলগ্যের এই মানদ-আদর্শই আমা-দিগকে স্বীম ২ইতে অণীমে উন্নীত করে। অতএব, স্বকীয় মানদ-আদর্শকে বাহিরে প্রকাশ করার দিকেই যেন কলা-গুণীর নিয়ত Cচন্তা হয়। মানস আদর্শই কলাগুণীর সর্বাস্থা কলাগুণী আরু বাহাই করুন,—তাঁহার রচনার বিষয়ের মধ্যে যে মানস-আদর্শ প্রচ্ছন্ন রহিয়াছে, তিনি সেই মানদ-আদর্শটিকে প্রথমে ধরিবার চেষ্টা কক্ষি বেন; কেননা, তাঁহার বিষয়ের মধ্যে একটি মানস-আদর্শ অবশ্যই আছে। আদর্শটি একবার ধরিতে পারিলে তাহার পর কিসে এই আদর্শটি ইক্সিয়ের গ্রাহ্য হয়—মানব-চিত্তের গ্রাহ্য হয়, তাহার উপায় তিনি অবলয়ন করিবেন। তাঁহার মানস-আবর্শকে বাহিরে প্রকটিত করিবার জন্য তিনি অবস্থাহৃদারে, প্রস্তর, বর্ণ, ধ্বনি, কিংবা শব্দের আশ্রয় গ্রহণ করিয়া থাকেন।

এইরপে, মানস-আনশকে ও অসীমকে কোন-না-কোন প্রকারে প্রকাশ করা—ইহাই শিল্পকার নিয়ম; শিল্পরচনার যেট প্রধান গুণ দেই ভাববাঞ্কভার সাহাযোই মানবচিত্তে স্কলর ও অসীমের ভাব উদ্বাধিত হর; এবং স্কলর ও অসীম—এই ছই ভাবের সংশ্র-বেই শিল্পকাল শিল্পকানামের যোগা ব্লিয়া বিবেচিত হয়।

এই ভাববাঞ্জক হা ওণ্টি আদলে মানধ-আদশ্যটিছ। যাহা চকু দশন করে ও হত্ত দপ্শ করে, তাহা ছাড়া এই ভাববাঞ্জকতা এমন একটা জিনিস অন্তরে অনুভব করাইবার জন্য প্রয়াস পার যাহা অনুশা ও অম্পূর্ণা।

শরীরের পথ দিয়া কিকপে মন পর্যান্ত পৌছান যায়—ইংই শিল্লকলার সমস্যা। বহিরিপ্রিয়ের অন্তরালে যে অন্তঃকরন প্রাজন রহিয়াছে সেই অন্তঃকরনে, সৌন্দর্যের ছরপনেয় ভাবরন্টকে উপাপ্ত করিবার জনাই শিল্লকলা বহিরিপ্রিয়ের সম্মুখে,—মাহাত, বর্ণ, ধ্বনি, বাক্য প্রাভৃতি আনিয়া উপস্থিত করে।

বছিরিন্সিটের স্থিত থেকপ মাকুতির সংস্রব, অস্তাকরণের স্থিত সেইকপ ভাবের সংস্রব। ভিতরকার ভাব প্রকাশের পক্ষে অকরে থেকপ একমাত্র অমোঘ উপার, সেইকপ, আকারই আবার ভাব-প্রকাশের অন্তরায়। কগান্তবী, আকারের উপর সমস্ত রচনা-চেন্তা প্রযোগ করিয়া, স্বকীয় ধৈর্যা ও প্রভিভার বলে, ঐ অন্তরায়কেই উপায়ে পরিগত করেন। উদ্যোশ্যের প্রতি লক্ষ্য করিলে স্কল শিল্পকাই একরূপ।

যতক্ষণ কোন শিল্পকলা অদৃশ্যকে প্রকাশ না করে ততক্ষণ সে শিল্পকলাই নহে। একথা বারংবার আবৃত্তি করিলেও অত্যুক্তি হয় না

যে, ভাববাঞ্জকতাই শিল্পকলার সর্বপ্রেষ্ঠ নিয়ম। যাহা প্রকাশ
করিতে হইবে তাহা একই জিনিস;—উহাই ভিতরকার ভাব, উহাই
মন, উহাই আয়া; উহা অদৃশ্য, উহা অদীম। প্রকাশ করিবার

জিনিস্টি এক হইলেও, যাহার নিক্ট উহাকে প্রকাশ করিতে হইবে

সেই ইন্দ্রিরগুলি বিভিন্ন। স্কুডরাং ইন্দ্রিরের বিভিন্নতা প্রযুক্তই
শিল্পকলা বিভিন্ন শ্রেণাতে বিভক্ত হইরছে।

পূর্ব্ব-পূর্ব্ব পরিছেদে এইরপ প্রতিপর হইয়ছে: —মানুষের পঞ্চ ইন্দ্রিরের মধ্যে তিনটি ইন্দ্রিয়—রস গল্প ও স্পর্শের ইন্দ্রিয়—ইহারা আমানের অন্তরে সৌন্দর্যারস উৎপাদন করিতে, অসমর্থ। অন্ত ছই ইন্দ্রিয়ের সহিত মিলিত ইইয়া উহারা সৌন্দর্যারস উৎপাদনে সাহায্য করিতে পারে কিন্তু উহার। স্বয়ং উৎপাদন করিতে পারে না। যাহা কিছু মূঝরোচক, রসনা শুর্ তাহারই বিচার করিতে সমর্থ, কিন্তু স্থারার করিতে সমর্থ, কিন্তু স্থারার করিতে সমর্থ, কিন্তু স্থারার অভিমাত্র নিযুক্ত, আয়ার সহিত তাহার যোগ তেমন ঘনিষ্ঠ নহে। উদরই রসনার প্রধান মনিব। রসনা উহারই তৃষ্টিসাধনে—উহারই পেবায় নিয়ত নিয়ুক্ত। কথন কথন মনে হয় যেন আগেন্দ্রিয় সৌন্দরারস গ্রহণে সমর্থ; তাহার কারণ, যে প্রার্থ হইতে সৌরভ নিঃস্ত হয়, সে পদার্থটি হয়ত নিজেই স্থানর এবং অন্য কারণে স্থানর। স্থানর গঠন ও উজ্জ্ব বর্ণ-বৈচিত্রের দক্ষণই গোলাপ ক্রম্প্রনার। উহার গল্প স্থান বিভার করিতে সমর্থ হয় না।

পঞ্চ-ইন্দ্রিরের মধ্যে অবশিষ্ঠ ছুই ইন্দ্রিয়ই আমাদের অন্তরে সৌন্দর্যানার উনীপনে সমর্থ। এই ছুই ইন্দ্রিয়ই ঘেন বিশেবরূপে আয়ার দেবার নিযুক্ত। এই ছুই ইন্দ্রিয়ের অন্তৃতি হইতে এমন কিছু জিনিস আমার প্রাপ্ত হই যাহা অপেকারত বিশুদ্ধ—সপেকারত মানসিক। আমাদের শরীর রক্ষার জন্য এই ছুই ইন্দ্রির নিতান্ত প্রায়েজনীর নহে। আমাদের ভব-পোধনের সাহায্য করা অপেকা আমাদের জীবনের শোল সম্পাননেই উহারা অনিক সাহায্য করিয়া থাকে। উহারা আমাদিনকে যে প্রকার স্থব বিধান করে, শরীরের সহিত তাহার তত্তী সংস্থব নাই। এই ছুই ইন্দ্রিয়েরই সহিত শিল্লকার যোগ নিবদ্ধ করা বিধেয়; এবং শিল্লকলা কার্যাতঃ তাহাই করিয়া থাকে; এই ছুই ইন্দ্রিয়ের পথ দিল্লই শিল্লকলা মানব-তিতে প্রবেশ লাভ করে। এই ছুই ইন্দ্রিয়ের পথ দিল্লই শিল্পকলা মানব-তিতে প্রবেশ লাভ করে। এই ছুই ইন্দ্রিয়ের পথ দিল্লই শিল্পকলা, মানব-তিতে প্রবেশ লাভ করে। এইজন্তই শিল্পকলা ছুইট বুজং শ্রেণীতে বিভক্ত হুইয়াছে; শ্রণশিল্লিয়ের শিল্লকলা ও দশননিন্দ্রিয়ের শিল্পকলা; এক-দিকে সঙ্গীত ও কবিতা; অপর দিকে, তিন্ত-কলা, ভারেনকলা, ব্যস্কলা, উদ্যান-কলা।

আমরা শিল্পকলার মধ্যে বাগ্মিতা, ইতিহাস, ও দশনকে ধরিলাম না বলিয়া হয়ত কেহ কেহ বিশ্বিত হইবেন।

শিল্পকরা ললিতকলা নামেও অভিহিত হইয়া পাকে। কেন না, দুর্শক কিংবা শিল্পার সংগোরিক প্রয়োগনের প্রতি লক্ষা না করিয়া, কেবল নিংসার্থ দৌলগোর ভাব উংপাদন করাই শিল্পকলার একমান উদ্দেশ। ইহাকে স্থানীন শিল্পও বলে। কেন না, ইহা স্থানীন লোকের শিল্প, দাদের শিল্প নহে। এই শিল্পকলা স্থায়ার মুক্তিশাধন করে, জীবনকে স্থান্থর করিয়া তোলে, মহৎ করিয়া তোলে। এই কারণেই প্রাচীন গ্রীকের। ইহাকে স্থানীন শিল্প ব্লিত। এশনও

কতক গুলি শিল্প আছে যাহার মহর নাই, আর্থিক প্রয়োজন—সাংসাল রিক প্রয়োজনই যাহার একমাত্র উদ্দেশ্য। এইরূপ শিল্পকে ব্যবসার-শিল্প বনা যায়। যেমন কুমোরের শিল্প, কামারের শিল্প। উহাতে প্রকৃত শিল্পকলা সংযোজিত হইতে পারে, শিল্পকলার দারা উহার চাক-চিকা সাধিত হইতে পারে, কিন্তু সে কেবল একটা আনুষ্পিক কার্যা।

বাগ্যিভা, ইতিহান, দর্শন—অবশা এই সমস্ত বিষয়ে উচ্চতর জ্ঞানবৃদ্ধির প্রোগ্গন; উহাদের যে গৌরব, উহাদের যে প্রেষ্ঠতা, দে গৌরব ও প্রেষ্ঠতাকে আরে কিছুই অতিক্রম করিতে পারে না। কিন্তু প্রাঠক করিয়া বলিতে গেলে, উহারা শিল্পকলা নহে।

শোর্বর্গের অস্তরে নিংসার্থ সৌল্রুংগির ভাব সঞ্চারিত করা বাগ্যিতার উদ্দেশ্য নহে। যদি কথন উহার দারা কার্যাত ঐ ফল উংপর হয়,—সে উহার স্নেফারুত চেষ্টার নহে। কোন বিষয়ে বিধান উংপাদন করা, কোন বিষয়ে প্ররোচনা করা—ইহাই বাগ্যিতার মুখ্য উদ্দেশ্য। স্বকীয় মারুলকের রক্ষা করা কিংবা ভাহার জরলাভে সাহাব্য করাই বাগ্যিভার কাজ; সে মরুল যেই হউক না কেন—হওক সে মনুষা, হউক সে কোন মভামত, ভাহাতে কিছু আসিয়া যায় না। ভাগাবান সেই বাগ্যী যে লোকের মুখ হইতে এই কথা বাহিন্ধ করিতে পারে—''উহার বকুভাটি বড়ই স্কলর!'' ইহা যথেষ্ট প্রশংসার বিষয় সন্দেহ নাই; কিন্তু হভাগ্য সেই বাগ্যী যে উহা ভিন্ন আরু কিছুই লোকের মুখ হইতে বাহির করিতে পারে না; কেননা, কেবল সৌলর্যোর নিক্ দিয়া গেলে ভাহার প্রকৃত উদ্দেশ্য সিদ্ধ হয় না। ডেমস্থিনিদ্ রাষ্ট্রনৈতিক বাগ্যিভার ও বস্তুয়ে ধর্মবিষয়ক বাগ্যিভার মহং আদর্শ; ইহাদের প্রতি দেশরকা ও ধর্মব্রকার বে প্রিত্ত ভার

অর্পিত হইরাছিল, কিসে সেই ভার তাঁহারা সম্যক্তরপে বহন করিবেন তাহাই তাঁহালের একমাত্র চিন্তা ছিল; পক্ষান্তরে, ফিডিয়াস
ও র্যাক্ষেল কেবল ক্ষমর বস্তর উৎপাদনেই তাঁহাদের সমন্ত চেটা
নিয়োগ করিয়াছিলেন। প্রকৃত বাগ্যিতা ও আলফারিক বাগ্যিতা—
এই উভরের মধ্যে বহল প্রভেদ। প্রকৃত বাগ্যিতা কার্যাসিদ্ধির
কতকঞ্জলি উপায়কে অবজ্ঞা করিয়া থাকে। অবশ্য লোকরঞ্জনে
তাহার আপত্তি নাই—কিন্তু এমন কোন উপায়ে নহে বাহা তাহার
আবোগ্য। যাহা তাহার অধিকার-বহিভূতি—একপ অলফার প্রয়োগে
তাহার হীনতা হয়। প্রকৃত বাগ্যিতার আসল লক্ষণ—সরলতা ও
আন্তরিকতা; যাহা শুধু আন্তরিকতার ভাব ধারণ করে, আন্তরিকতার
ভাণকরে, সেরপ আন্তরিকতার কথা আমি বলিতেছি না;—সেত
সর্কপ্রকার প্রতারণার মধ্যে অধম প্রতারণা। যাহা অকপট হলফের
গভীর বিখাস হইতে উৎপন্ন, সেই আন্তরিকতার কথাই আমি বলিতেছি। সজেটিস প্রভৃতি মহোদয়গণ বাগ্যিতাকে এই ভাবেই ব্রিতেন।

ৰাগ্যিতার সহক্ষে যাথা বলিলাম, ইতিহাস ও দশন সহকে সেই
একই কথা বলা যাইতে পারে। দশনকার বলেন ও লেখেন।
দার্শনিকও কি বাগাীর নাায় নানা রং ফলাইয়া মক্ষমপার্শী অলপ্ত ভাষায়
এমন করিয়া সত্যের ব্যাখ্যা করিতে পারেন না যাথাতে তাথার
প্রতিপাদিত সত্য মানব-চিত্তে সহক্ষে প্রবেশ লাভ করে ? যে সকল
উপারে তাঁহার কার্য্য সুসিদ্ধ হইতে পারে সেই সকল উপায় যদি
তিনি অবলহন না করেন, তাহা হইলে তিনি আপনিই আগনার
কান্দের হস্তা হয়েন। এই স্থলে, কলানৈপুণ্য একটা উপার মাত্র, কিছ
দশনের উদ্দেশ্য অক্তরপ। অতএব ইংা হইতে প্রতিপর হইতেছে,
হর্শন—শিরকলানহে! অবশ্য প্রেটো একজন কলাগুণী ছিলেন;

প্যাদ্কান যেমন কোন-কোন হলে ভেমদখিনিদ ও বস্থয়ের প্রতি-ঘন্দী, দেইরূপ প্লেটো ও দোফোক্লিদ্ও ফিডিয়াদের দমকক্ষ ছিলেন। কিন্তু আদলে উভয়ে সত্য ও ধর্মেরই ঐকান্তিক দেবক।

বর্ণনা করিবার জন্মই বর্ণনা করা কিংবা চিত্র করিবার জন্মই চিত্রকরা ইতিহাসের উদ্দেশ্য নহে।

ইতিহাস এই জন্মই অতীতের বর্ণনা করে, অতীতের চিত্র অন্ধিত করে যে তাহার ধারা ভাবীবংশের লোক জীবস্ত ভাবে শিক্ষা লাভ করিতে পারে। অতীত যুগের প্রধান প্রধান ঘটনার অবিকল চিত্র প্রদর্শন করিয়, মানব বাাপারের মধ্যে যে সমস্ত ক্রটি, যে সমস্ত গুণ, যে সমস্ত অপরাধ জড়িত রহিয়াছে তাহা বিরত করিয়, নবাবংশীয়দিগকে উপদেশ দে ওয়াই ইতিহাসের মুখ্য উদ্দেশ্য। দ্রদৃষ্টি ও সাহস সম্বন্ধে ইতিহাস আমাদিগকে শিক্ষা দেয়। যে সকল মত গভার চিন্তা হইতে প্রস্তুত হইয়া নিয়ত অনুস্তুত হইয়া আমিতেছে,—দ্ঢ়ভাবে ও সংঘতভাবে কর্যেগ পরিণত হইয়াছে, ইতিহাস সেই সকল মতের শ্রেষ্ঠতা সম্বন্ধে শিক্ষা দেয়। অসংযত অতিমাত্র উদ্যুমের নিক্ষণতা, জ্ঞান-ধন্মের প্রচণ্ড শক্তি, বাতুগতা ও বদমাইসির অকমতা—এই সমস্ত, ইতিহাসে অসম্ভাবে প্রদশিত হইয়া থাকে।

থুনিভিডিন, পনিবন ও ট্যানিটন প্রভৃতি ইতিহাদ-নেথক গুধু আমাদের অনস কৌতুহল ও বিক্লৃত কল্পনা চরিতার্থ করিবার জ্বন্ত বাস্ত নহেন,—তা ছাড়াও তাঁহাদের আর কিছু করিবার আছে। অবশ্য নোকের চিত্ত আকর্ষণ করিতে তাঁহারা অনিচ্ছুক নহেন; কিন্তু শিক্ষাদানই তাঁহাদের মুখা উদ্দেশ্য। তাঁহারা রাষ্ট্রপরিচালক-দিগের উপদেষ্টা ও মানবমণ্ডলীর শিক্ষাপ্তক।

স্কুলর বস্তুই শিল্পকার একমাত্র বিবয়। তাহা হইতে বিচ্যুত

হুইলেই, শিল্পকণা আত্মবিনাশ সাধন করে। অনেক সময় বাধা হুইয়া শিল্পকণাকে বাহা অবস্থার ঋধীনতা স্বীকার করিতে হয় : কিন্ত তাহার মধ্যেও শিল্পকরা একট্র স্বাধীনতা রক্ষা করিয়া চলে। বাস্ত-শিল ও উদ্যান-শিল্পই সর্বাপেক্ষা কম স্বাধীন; উহারা কতক ওলি অনিবার্য্য বধার অধীন। বেরূপ কবি, ছন্দ ও পদার দাসবুকেই অভাবনীয় একটি দৌলর্ঘ্যের উৎদে পরিণত করেন, দেইরূপ বাস্তু-শিল্লীও কতকগুলি অপরিহার্য্য বাধা সত্ত্বেও প্রতিভা-বলে তাহার উপর স্বকীয় প্রভাব প্রকটিত করেন। শৃত্তালের অভিমাত্র ভারে শিল্পকলা দেমন চৰ্ণ হুইয়া যায়, দেইক্লপ অতিমাত্র সাধীনতাতেও শিল্পকলা খামধেয়ালি ভাব ধারণ করিয়া ব্যবনতি প্রাপ্ত হয়। স্তথ-স্থবিধার বেশী থাতির রাধিতে গেলে—তাহার অধীন ইইলা চলিতে গেলে—স্থাপতাকলাকে বধ কর। হয়। কোন বিশেষ প্রাঞ্জনের খাতিরে, বাস্ত্রশিল্পী অনেক সময়ে তাঁহার ইমারতের বাধারণ গঠন-কল্পনার সৌঠব ও ত্রপরিমাণ রক্ষা করিতে পারেন না। তথন বাংগ অব্যারের গুটনাটিতেই তাহার সমস্ত শিল্লাপুরা প্রাব্দিত হয়; ্তিনি ভূধ ইমারতের অপ্রয়েজনীয় অংশেই তাঁহার ভূণপুনা দেখাইবার অবসর পান। ভাষরকলা ও চিত্র-কলা, বিশেষতঃ সঞ্চাত 🖇 कविका-इंडाबा वाश्वकः। ७ উদ্যানকলা অপেকা श्राधीन । উश्व দিগকেও শৃত্ধবিত করা যাইতে পারে, কিন্তু ঐ শৃত্ধল হইতে মুক্তি লাভ করা উহাদের পঞ্চে অপেকারত সহজ।

সকল শিল্পকলারই উদ্দেশ্য এক, কিন্তু কার্যাফল ও কার্যা প্রণানী বিভিন্ন। পরপ্রের সংগত কার্যা প্রণানী বিনিময় করিয়া, পরপ্রের নিন্দির সীমা-বাবধান লঙ্গন করিয়া কোন লাভ নাই। এবিধ্যে কামি প্রাচীন গ্রীকের মন্তকেই প্রমাণ বলিয়া শিরোধার্যা করি কিম্ব অভ্যাদের অভাব বশ্তই হউক, কিম্বা অন্দংলার বশ্তই হউক, বিভিন্ন ধাত্ময় মূর্ত্তি কিংবা রং-করা মূর্ত্তি আমার তেমন ভাল লাগে না। অমিশ্র উপাদানে গঠিত, অচিত্রিত মূর্তিই আমার ভাল লাগে। মাৰ্পেলের মূৰ্ত্তি চিত্ৰিত কৰিয়া তাহাতে যে একটা কৃত্ৰিম মাংসের পেলবতা বিধান করিবার চেঠা করা হয় সেটা আমার ক্রচির সহিত মেলে না। ভান্ধর-সরস্বতী একটু কঠোর-প্রকৃতির দেবতা; কিন্ত তবু তাঁহাতে এমন কতক গুলি বিশেষ সৌন্দৰ্য্য আছে যাহা অন্য শিল্পকলায় নাই। ভাস্করকলার সহিত বর্ণের কোন সম্বন্ধ না রাথাই ভাল। ভারর-শিল্লে যদি চিত্রকর্ম আনিয়া ফেল, তাহা হইলে বল না কেন, তাহাতে কবিতার ছল ও সন্ধাতের অনির্দিষ্ট অস্পষ্ট ভাবও আনা হাইতে পারে। যে দলীতকলা অনুভূতি মূলক, তাহাকে যদি চিত্রবং মূর্ত্তিমান করিবার চেষ্টা কর--সে কি রুখা চেষ্টা নহে ? যে সঙ্গীত গুণী সমবেত-বন্ত্রসঙ্গীতে স্থানিপুণ, তাহাকে একটা কড়ের অতুকরণে দঙ্গীত রচনা করিতে বল দেখি। অবশ্য, বাতাদের সোঁ। সোঁ শব্দের অনুকরণ ও বজ্লধ্বনির অনুকরণ করা থুবই সহজ। কিন্তু যে বিছাচ্ছটা যাদিনীর তিনিরাবগুঠনকে সহসা বিধীর্ণ করিয়া ফেলে, কিংবা প্রচণ্ড ঝটিকার সময়, পর্ব্বত সমান উত্তঙ্গ যে সাগর-তরঙ্গ একবার গগন স্পর্শ করিয়া আবার পরক্ষণে অতল র্যাতলে নামিরা যার—এই সমস্ত দুশ্য কি কোন প্রকার স্বর-সন্মিলনে প্রকা-শিত হইতে পারে ? যদি পূর্ব হইতে শ্রোতাকে জানাইয়া দেওয়া না হয়, তাহা হইলে দঙ্গীত-প্রকাটত এই দৃশ্য—ঝড়ের দৃশ্য, কি যুদ্ধের দুশা, তাহা কি কেহ নির্ণয় করিতে পারে १—কখনই পারে না। বিজ্ঞান ও প্রতিভার যতই শক্তি থাকুক না, শন্দের দ্বারা ক্থনই রূপ চিত্রিত হইতে পারে না। যাহা সঙ্গীতের অসাধ্য তাহা চেষ্টা না করাই সঙ্গীতের পক্ষে অপরামর্ল। সঙ্গীত, তরঙ্গের উথান পতন
অনুষ্করণ করিতে না পারুক, তাহা অপেকা আরও ভাল কাল
করিতে পারে। ঝটকার বিভিন্ন দৃশ্যে, আমাদের মনে পরক্পরাক্রমে
যে সকল ভাবের উদয় হয়, সঙ্গীত সেই ভাব সকল আমাদের মনে
উরোধিত করিতে পারে। এইরুপেই সঙ্গীত গুণী হেড্নের নিক্ট
চিত্রকরও পরান্ত হয়; কেন না, চিত্রকর্ম অপেকাও সঙ্গীত আমাবের অন্তরের অন্তর্জনকে গভীররুপে আলোড়িত করিয়া ভোলে।
কিবিতা এক প্রকার চিত্র"—এই কথাটি সাধারণের মধ্যে গুর্ প্রচলিত। কিন্ত ইহা নিশ্তিত, কবিতার বারা যে সব কাল সাধিত হয়,
চিত্রের বারা কথনই ভাহা সমাক্রপে সাধিত হইতে পারে না।

কবিবর ভাজিল, যশের যে চিত্র অনিক্যাছেন, – সকলেই তাহার প্রশংসা করে। কিন্তু যদি কোন চিত্রকর এই রূপক-কল্পনাটকে চিত্রের বারা মৃতিমান করিবার চেষ্টা করেন, যদি ইহাকে এইরপ একটা অতিকার দৈতারূপে চিত্রিত করেন — যাহার শত মৃথ, শত কর্ণ, যাহার প্রস্থার হুইয়া আছে এবং যাহার মৃত্ত আকাশের মধ্যে প্রস্থা, — এইরপ মৃত্তি কি নিতান্ত হাস্যকর হন্ত না ?

অতএব দকল শিল্পকলারই উদেশা সমান, কিন্তু উপার ওলি
সম্পূর্বপ্রপে বিভিন্ন । এই কারণেই সকল শিল্পকলার একই সাধারণ
নিরম এবং বিশেষ বিশেষ শিল্প-কলার বিশেষ বিশেষ নিরম। এই
বিবরের সমস্ত পুঁটিনাট ধরিলা আলোচনা করিবার আমাদের সমন্ত
নাই, অবিকারও নাই। আমরা গুধু এই কথাটি পুনর্কার আর
করাইলা নিব বে, সকল শিল্পকলারই উপর ভাবের পূর্ণ আদিপতা। ও
শিল্পজনা কোন একটা বিশেষ ভাব প্রকাশ না করে, সে শিল্পজনা

অন্তঃকরণ পর্যন্ত প্রবেশ করিতে পারে, কোন প্রকার উন্নত চিন্তা,
মর্ম্মপর্নী ভাব, মনোমধ্যে জাগাইয়া তুলিতে পারে, সেই শিন্ধকলাই সার্থক। এই মূল নিয়মটি হইতেই আর সকল নিয়ম প্রস্তত
হইয়াছে। বেমন মনে কর—কলা-রচনার নিয়ম। রচনাকার্য্যে
সামাও বৈষম্য বিষয়ক উপদেশটি বিশেষরূপে প্রযুক্তা। কিন্তু
সাম্যের প্রকৃতি যতক্ষণ না নির্ণীত হয়, ততক্ষণ ইহা শুধু কথামাত্রেই
থাকিয়া যায়। ভাবের একতাই প্রকৃত একতা। যে ভাবটি প্রকাশ
করিতে হইবে সেই ভাবটি যাহাতে সমন্ত রচনার মধ্যে পরিব্যাপ্ত হয়,
সেই জন্যই বৈচিত্রের প্রয়োজন। বলা বাহলা, এই রূপ রচনা এবং
কৃত্রিম সামারক্ষাও অংশবিভাগের স্থবাবস্থা—এই উভয়ের মধ্যে
আকাশপাতাল প্রতেদ। ভাব-বাঞ্জকতাই প্রকৃত রচনার মুধ্য
উপাদান।

ভাবৰাঞ্জকতা হইতে শিল্লকলার শুধু যে কতকগুলি সাধারণ নিয়ম পাওয়া যায়, তাহা নহে, উহা হইতে এরূপ একটি মূলস্ত্র পাওয়া যায় যাহার বারা শিল্লকলাকে বিবিধ শ্রেণীতে বিভাগ করা যাইতে পারে।

という というない あんない あんれればなる こうかいこう

ফলত: শ্ৰেণীবিভাগ বলিতে গেলেই তাহার মধ্যে একটা সাধা-রণ মূলতত্ব আছে এইরূপ বুঝায়—এবং সেই মূলতত্বটিই সাধারণ মানদণ্ডের কাজ করে।

কেহ-কেহ আমাদের স্থেপর মধ্যেও এইরূপ একটি মূলতত্ত্ব আবেষণ করিয়া থাকেন এবং তাঁহাদের মতে, সেই শিল্পই সর্বশ্রেষ্ঠ যাহার ঘারা আমরা স্থাহতব করি। কিন্তু আমরা পুর্বেই সপ্রমাণ করিয়াছি যে শিল্পের উদ্দেশ্য স্থা নছে। শিল্পকলা হইতে আমরা নৃত্যোধিক পরিমাণে যে স্থাহতব করি তাহা উহার প্রকৃত মূল্যের পরিমাণক নহে।

শিলের প্রকৃত পরিমাপক ভাববাঞ্কতা ভিন্ন আরে কিছুই নহে, বেছেছু ভাব প্রকাশ করাই শিলের পরম উদেশা। অভএব যাহার ছারা বেশী ভাব প্রকাশ হল, শিলের মধো দেই শিলাই অএগ্লা।

প্রকৃত শিল্লকলামাত্রেই ভাববাঞ্জ, কিন্তু প্রত্যেকেই ভিন্ন ভিন্ন প্রকারে ভাব প্রকাশ করে। ধর, সঞ্চীত: এই সঞ্চীতকলাটী যে मर्खालका मर्जलनी, मर्लालका गडीत, मर्जालका जारबिक, ভাগতে কাগ্ৰহ বিজ্ঞালি নাই। কি ভৌতিক হিলাবে, কি নৈতিক হিষাবে, মানব-আছার ধহিত ধ্বনির একটা আশুহাঁ যোগ আছে। মনে হয়, অনেধের অধ্যাধেন একটা প্রতিপ্রনি, ধ্রনি ঘ্রার দ্বারা একটা নতন শক্তি গাভ করে। প্রকোগের সঞ্চীত্যগতে কভট অব্ভ কাহিনা খনা যায়। এই সম্ভিতর প্রাব প্রিরাপ প্রকটিত করিতে হটকে, অত্যি আছেধরমা এটন উপাধ আন্তর্ম করা যে আমবেশ্যক ভাষেও মান হয় না। বরা যে হজাত যত অধিক শক্ষরা দেই পরিমাণে যে তত কম্মত্মপ্রী। একজন স্তক্ত গ্রেক মুহস্বরে সঙ্গীতের অংলাপ করিলাও অন্যানিগ্রক বেন স্থম স্বর্গে উত্তোলন করেন, অকোশের অধীম শুভে লইল যান, আমানের চিত্রক স্বপ্রদাগেরে নিম্ফিত কারেন। ক্রনার স্থাবে একটা স্থাম বিচরণভূমি উল্লুক করা +পুর সাল-সিধা জ্বারর ছারা আমানের আমভান্ত জন্য-ভবেত্তলিকে উত্তেজিত করা, আমাদের ভালবায়ার क्रिनिमध्यितक कामाकेम एकामा-केशके मक्रीएवन विषय-शक्ति। এই হিপাবে, সঙ্গীত অপ্রতিষ্কী। তথাপি শিল্পকার মধ্যে সঙ্গীতও সর্প্রপান নতে।

নলীতের অপরিমেয় প্রভাব। অন্যাসকল কলা অপেকা স্পাতিই বেশী অন্তের ভাব ভাগাহ্যা তোলে; কেন না উহার কার্যাফল সম্পষ্ট, তিমিরাজন্ন ও অনির্দিষ্ট। এই সঙ্গীতকলা, বাস্তকলার ঠিক্ বিপরীত। বাস্ত্রকলা আমাদিগকে ততটা অনম্ভের দিকে লইয়। যায় না. কেন না উহার সমন্তই স্থানির্দিষ্ট, সীমাবদ্ধ-এক স্থানে গিয়া উহা থানিয়া যার। অপ্পেইতাই সঙ্গীতের বল ও তর্বলতা-উভয়ই। সঙ্গীত সমস্তই প্রকাশ করে, অথচ বিশেষ কিছুই প্রকাশ করে না। পক্ষান্তরে বাস্তকলা অনির্দিষ্ট কল্পনার হাতে কিছুই ছাড়িয়া দেয় না ; এটি অমুক জিনিস কিংবা অমুক জিনিস নহে— বাস্তকলা তাহা স্পষ্ট করিয়া বলিয়া নেয়। সঙ্গীত চিত্র করে না, সঙ্গীত মন্মত্পর্শ করে; যে কল্পনা কতকগুলি মানস-প্রতিবিদ্ধমাত,— সঙ্গীত সেত্রপ কল্লনার উদ্রেক করে না, পরস্তু সেইরূপ কল্লনার উদ্রেক করে যাহার দ্বারা হৃদয় স্পন্দিত হয়। সুনুষ একবার বিচ-**লিত হইলে, আ**র সমস্তই বিচলিত হইলা উঠে; এইরূপ প**রোক্ষ**-ভাবে দঙ্গীতও কতকগুলি মানস্-প্রতিবিদ্যকে,—কতকগুলি মনঃ-কল্লিড রূপকে কিয়ংপরিমাণে জাগাইয়া তোলে: কিন্তু প্রত্যক্ষভাবে ও স্বাভাবিকভাবে ইহার শক্তি কত্রনার উপর কিংবা বৃদ্ধির উপর প্রকটিত হয় না;—প্রকটিত হয় শুধু হৃদয়ের উপর। স্পীতেক পক্ষে ইহাও একটা কম স্থবিধার কথা নহে।

সঙ্গীতের রান্না—ভাবনাসের রাজ্য। কিন্তু ইহাতেও বিস্তার অপেক্ষা গভীরতাই বেশী। সঙ্গীত কতকগুলি ভাবকে খুব সজোরে প্রকাশ করিতে পারে বটে, কিন্তু তাহার সংখ্যা খুবই কম। সঙ্গীত স্মৃতির পথ দিয়া আনুসঙ্গিকভাবে সকল প্রকার ভাবকেই এবং প্রত্যক্ষভাবে অতি অন্নসংখ্যক ভাবকেই প্রকাশ করিতে পারে—তাও আবার যে ভাবগুলি খুব সাদাসিধা—বেমন হর্ষ ও বিষাদের স্ক্র ভেদ-সমূহ—সেই সকল ভাবকেই প্রকাশ করিতে পারে।

মহামুতাবতা, কোন সাধু প্রতিজ্ঞা, কিংবা এই জাতীয় অন্য কোন ভাব সঙ্গীতকে প্রকাশ করিতে বল দেখি,—হদ কিংবা পর্কাত চিত্রিত করিতে যেমন সে পারিবে না, এই প্রকার ভাব প্রকাশ করি-তেও সে তেমনি অসমর্থ হইবে।

পঙ্গীতে, দ্রুত, বিশ্বস্থ, মৃত, তীব্র এই সকল বিবিধ প্রকারের ধ্বনি প্রযুক্ত হয়—কিন্তু বাকী আর সমস্তই কল্লনার কাজ; কল্লনার (या जान नार्य कन्नना स्मेटी हे शहर करता मनी ज अकरे इस्न, একই তালে পর্বতেরও ভাব প্রকাশ করে—সমূদ্রের ভাবও প্রকাশ করে; কোন যোদ্ধু পুরুষ উহার খারা বীর-রদে মাতিয়া উঠেন— এবং কোন ভগবন্তক সাধুপুক্ষ উহার ঘারা ধর্মভাবে অহুপ্রাণিত হয়েন। অবশা দলীতের ভাব অনেক সময়ে বাকোর দারা নিদ্মারিত হয়: কিছু সে গুণপনা বাকোর—সঙ্গীতের নহে। কথন কথন বাক্যের ছারা সঙ্গীতে এমন একটা বন্ধভাব আদিয়া পড়ে, যে তাথার ছার। সঙ্গীতের "জান্" টুকু মরিয়া যায়—সঙ্গীতের সেই অস্পট অনির্দ্ধেশ্য কি-জানি-ভাবটি চলিয়া যায়—তাহার বিস্তার, তাহার গভীরতা, তাহার অনস্তম্ব বিনষ্ট হয়। কেহ কেহ বলেন, গান কি ্—না, স্বরায়ক বাক্য ; কিন্তু দঙ্গীতের এই প্রদিদ্ধ লক্ষণট আমি কিছুতেই সত্য বলিয়া স্বীকার করিতে পারি না। কোন সাদাসিধা স্থপঠিত বাক্য,—কর্ণবধিরকর সঙ্গীত-সহকৃত বাক্য অপেকা নিশ্চয়ই ভাল। সঙ্গীতের নিজ প্রকৃতিকে অকুর রাথা আবশাক; ভাহার নিজস্ব দোষগুণ কিছুই তাহা হইতে অপদারিত করা বিংধ্য নহে। বিশেষত তাহার স্বকীয় উদ্দেশ্য হইতে তাহাকে বিচাত করিয়া, এমন কিছু তাহার নিকট হইতে চাওয়া উচিত নহে যাহ সে দিতে পারিবে না। জটিল ধরণের ক্রতিম ভাব কিংবা ইতর ও

প্রাম্য ভাব প্রকাশ করা সঙ্গীতের কাল্প নহে। অনস্তের দিকে আয়াকে উন্নত করাতেই তাহার বিশেষ মনোহারিব। অতএব সঙ্গীত অভাবতই ধর্ম্মের সহচর, বিশেষতঃ সেই প্রকার ধর্ম্মের সহচর, বে ধর্ম্ম অনস্তের ধর্ম্ম ও হাদয়ের ধর্ম্ম—উভয়ই। সঙ্গীত আয়াকে অহতাপের প্রস্রবণে লইরা গিয়া বিমল করিয়া তোলে, আশা ও প্রেমের দারা হাদয়কে পূর্ণ করে। যাহারা রোমে গিয়া পোপতবনে ক্যাথলিক খৃইধর্মের স্থগম্ভীর ধর্ম্মসঙ্গীত শ্রবণ করিয়াছেন তাঁহারা ভাগাবান্।তংশ্রবণ কণেকের জন্য আয়া বেন মর্গের আভান প্রাপ্ত হয়; দেশভেদ, জাতিভেদ, ধর্মভেদ বিচার না করিয়া, সহজ স্বাভাবিক, বিশ্বজনীন ভাবের একটি অদৃশ্য রহয়য়য় সোপান দিয়া সেই সঙ্গীত প্রত্যেক মানব-আয়াকে উর্জেলইয়া যায়। তথন সংসারের পরণারে সেই শান্তিনিকেতনে যাইবার জন্য মানবের প্রাণ কাঁদিয়া উঠে।

বাস্ত্রকলা ও সঙ্গীতকলা—এই ছই বিপরীত ভাবাপন্ন শিল্পকলার মাঝামাঝি হানে চিত্রকলা অবস্থিত। চিত্রকলা বাস্তরকলারই মত স্থানির্দিপ্ট এবং সঙ্গীতকলারই মত মর্ম্মম্পর্লী। চিত্রকলা পদার্থসমূহের দৃশামান রূপ নির্দেশ করে এবং তাহার সঙ্গে-সঙ্গে একটু জীবনের ভাবও প্রকাশ করে; সঙ্গীতের নাায়, চিত্রকলাও আত্মার গভীর ভাবগুলি বাক্ত করে—বলিতে গেলে, সকল ভাবই প্রকটিত করে। বল দেখি এমন কোন্ ভাব আছে যাহা চিত্রকরের পটে চিত্রিত নাহ্য পদার্থ এমন কোন্ ভাব আছে যাহা চিত্রকরের পটে চিত্রিত নাহ্য পদার বিধ্পক্তিই চিত্রকরের কার্যাক্ষেত্র; ভৌতিক জগৎ, নৈতিক জগৎ, কোন বহিদ্শা, স্থান্ত, সমৃদ্র, রাষ্ট্রজীবনের ও ধর্মনির বৃহৎ দৃশা, স্থান্তর সমস্ত জীবজন্ত্র, সর্কোপরি মান্থবের মুখ্তী, সেই মানব-দৃষ্টি যাহা মানব-চিত্তের দর্পণ—সমস্তই তাঁহার চিত্রকর্মের

বিষয়। বাস্ত্রকলা অপেক্ষা অধিকতর মর্দ্মপর্শী, সঙ্গীতকলা অংশক্ষা অধিকতর পরিক্টু এই যে চিত্রকলা, -ইহা আমাদের মতে, উক্ত কলাদ্য অপেক্ষা শ্রেষ্ঠ; কেননা উহা সর্ব্ধপ্রকার সৌন্দ্যা, ও মান--আয়ার বিচিত্র ভাবসম্পদ্ প্রকাশ করিয়া থাকে।

কিন্তু সমস্ত কলার মধ্যে কবিতাই শ্রেষ্ঠ; ইহা সকলকেই ছাড়া ইয়া উঠে; কেননা ইহা সর্বাপেক্ষা ভাববাঞ্চক।

বাকাই কবিতার সাধন-যন্ত্র : কবিতা, বাকাকে আপনার উপ योशी कतिया शिष्या लग्न, এवः जानमं-मोन्नग्र खकान कतिबार জনা তাহাকে মনোবস্তাতে পরিণত করে। কবিতা, বাকাকে ছলেও ছারা স্থান্তর করিয়া তোলে: বাকাকে, দামানা কণ্ঠস্বর ও দৃঞ্চীত —এই উভয়ের মধ্যবর্তী করিছা দাঁত করায় ; উহাকে এমন কিং করিয়া তোলে বাহা মুঠ ও অমুঠ—উভয়ই, বাহা আকৃতি ও দেন शंक्रामत नार्य नीमावक, शतिक है, खनिकिये; याद्य वर्तकहोत नार ছীবন্ত-ভাষাপন্ন, হাহ। ধ্বনির ন্যায় মশ্বস্পানী ও অন্তর। 🕬 প্রথ—বিশেষত: কবিভাব নির্মাচিত ও রূপান্তবিত শ্রু—এই প্রবিল বিশ্বজনীন সংখ্যত। এই শাল মধ্যের সাহায়ের, কবিতা প্রতাহ জগতের সমস্ত বিচিত্র প্রতিবিদ্ধকে প্রতিভাত করিতে পারে—১৮ সঞ্চীতের অসাধা;—এবং একটার পর একটা এরপ দ্রুতভাবে প্রকা করিতে পারে যে, ডিএকলা দেরপ করিয়া উঠিতে পারে না : অবাং বাস্ত্রকণার নাায় উহাদিগকে স্তম্ভিত ও অনুস্ করিয়াও রাগি: পারে। কবিতা যে ৯৫ এই সমন্তই প্রকাশ করে তাহা নংখ, উ আরও কিছ প্রকাশ করে যাহ। অন্য সমস্ত কলার অন্ত্রিগ্র অৰ্থাৎ উহা চিন্তাৰপত্ৰক প্ৰেকাশ কৰে, যাত্ৰ ইন্দিয়ের বিয়ে ২টা এমন কি ভনতের ভাবে এইবিএও সপ্তান্ত্র ভিন্ন :-- সেই ডিং !!

যাহার কোন রূপ নাই, দেই চিস্তাবস্ত যাহার কোন বর্ণ নাই, সেই
চিস্তাবস্ত যাহা হইতে কোন শব্দ নিঃস্তত হয় না, সেই চিস্তাবস্ত যাহা
কাহারও দৃষ্টিতে প্রকাশ পায় না, সেই চিস্তাবস্ত যাহা ক্লগৎ ছাড়াইয়া
কোধায় যেন উধাও হইয়া উর্দ্ধে গমন করে—সেই চিস্তাবস্ত যাহা
ক্ষম হইতেও স্ক্ষতর।

ভাবিয়া দেখ,—"স্বদেশ" এই শব্দটির দ্বারা কত মানস-ছবি, কত ক্রদয় ভাব, পরিক্টু ইয়, কত চিস্তাই আমাদের মনে উদ্রিক্ত হয়; "ঈশ্বর"—এই শব্দটি যেমন সংক্ষিপ্ত তেমনি বৃহৎ, ইহা অপেক্ষা স্বস্পেষ্ট অথচ গভীর ও ব্যাপক শব্দ আর কি আছে ?

বাস্ত্রশিলীকে, ভাঙ্গরকে, চিত্রকরকে, এমন কি সন্ধীত গুণীকে—
প্রকৃতি ও মান্নার সমস্ত শক্তিকে একাধারে প্রকাশ করিতে বল
দেখি;—তাহারা কথনই পারিবে না; এবং ইহাতে করিয়াই প্রকারাস্তরে কবিতার শ্রেছিতা তাহাদের স্বীকার করা হয়। এই শ্রেছতা
উহারা আপনা হইতেই ঘোষণা করে, কেননা কবিতাকেই উহারা
নিজ নিজ রচনার সৌন্দর্যা-পরিমাপক রূপে গ্রহণ করিয়া থাকে;
তাহাদের রচনা, কবিত্র-আদর্শের যতটা কাছাকাছি যায় ততই তাহাদের নিকট আদরণীয় হইয়া থাকে। কলাগুণীদিগের ত্যায় জনসাধারণও এইভাবে কার্যা করে। কোন স্কুলর চিত্র দেখিয়া, জীবস্তুবং ভাববাঞ্জক কোন মৃত্রি দেখিয়া, একটি মহুহ ভাবের স্কুর গুনিয়া,
তাহারা বলিয়া উঠে, ঃ "আহা কি কবিত্র"। ইহা কেবল একটা
খামথেয়ালি তুলনা মাত্র নহে; কিন্তু কবিতাই যে কলার পূর্ণ আদশ,
দকলের শ্রেষ্ঠ, দকল কলাই যে ইহার অন্তর্গত, দকল কলাই যে
উহার নিকটে উপনীত হইতে আকাঞা করে কিন্তু কেহই উপনীত
হইতে সমর্থ হয় না—ইহা স্বাভাবিক বিচাব্যক্রিই কণা।

কবিতা, মানব-বাক্যকে ভাবের আকারে পরিণত করিলে, উহাই সঙ্গীতের ভার গভীরতা ও উজ্জ্পতা প্রাপ্ত হয়। কবিতা যেমন দীপ্তিমান তেমনি মর্দ্দশর্লী; ইহা যেমন মনের সঙ্গে—তেমনি হৃদরের সঙ্গে কথে। কহে। সকল প্রকার হৃদ্ভাবের সাদৃশ্য —বিপরীত ভাবের সাদৃশ্য কবিতার মধ্যে উপলব্ধি হয়। অথচ এই পরক্ষার বিকৃদ্ধ ভাবের মধ্যে একটি স্কুল্ব সামঞ্জ্স্য স্থাপিত হইয়া উহার প্রভাব যেন দিগুনিত হয়। কবিতার মধ্যে সর্কপ্রকার হবি, সর্কপ্রকার ভাবেরদ, সর্কপ্রকার মনোর্ভি, মনের সকল দিক্, পদার্থের সর্কাংশ, সমন্ত দ্বামান্ জগং, সমন্ত অদৃশ্য জগং—সমন্তই পর্যায়ক্রমে প্রকাশ পায়ও পরিক্ট হইয়া উঠে। তাই কবিতার সহিত আর কোন কলার তুলনা হয়না। উহা অফুকর্ণীয়।

তৃতীয় খণ্ড।

মঙ্গল

ख्रथम উপদেশ।

আমাদের সতাসন্ধরীর জ্ঞান ক্রমশঃ পরিক্ট ও পরিপুঠ হইরা একণে যেরপ আকার ধারণ করিয়াছে, অধ্যাদ্মবিদ্যা, তার, তত্ত্বিদ্যা দেই জ্ঞানেরই অন্তর্ভুক্ত। স্থলবের ধারণা হইতে রস-শাস্ত্রের উংপত্তি এবং মঞ্চলের ধারণা হইতে সমগ্র নীতি-শাস্ত্রের উংপত্তি।

ব্যক্তিগত ধর্মবৃদ্ধির গণ্ডির মধ্যে যে নৈতিক ধারণা বদ্ধ তাহা মিথা। ও দংকীর্ণ। যেরূপ ব্যক্তিগত নীতি আছে, দেইরূপ সার্ব্ব-জনিক নীতিও আছে। মামুষে মামুষে ধে সাধারণ সম্বন্ধ, দে ত আছেই, তা ছাড়া এক নগরের লোক-এক রাষ্ট্রের লোক বলিয়া পরস্পরের মধ্যে যে সম্বন্ধ সেই সকল সম্বন্ধও সার্বাজনিক নীতির অন্তর্ত। মঙ্গলের ভাব বেখানে লেশমাত্র আছে, সেইখানেই নীতির অধিকার। রাষ্ট্রিক জীবনের রঙ্গভূমিতে, এই মঙ্গলের ধারণা, ন্থায় অন্তান্মের ধারণা, স্কৃতি ছম্কৃতির ধারণা, বীরত্ব হর্ম্বলতার ধারণা, যেরপ অনারত ভাবে ও বলবংরপে প্রকাশ পায়, এমন আর কোথায় ? নীতির উপর—এমন কি, ব্যক্তিগত নীতির উপর,— লৌকিক আচার-অন্নষ্ঠান, ও রাষ্ট্রপ্রবর্ত্তিত বিধিব্যবস্থার যে প্রভাব সেরপ প্রভাব আর কোণায় লক্ষিত হয় ? যদি মঙ্গলের সীমা অতদ্র পর্যান্ত প্রদারিত হয়, তবে মঙ্গলকে ততদূর পর্যান্তই অমুসরণ मत्या चानिया रफ्लियां हु, मन्नरलय थायेगा रमहेक्रे आमानियरक

রাষ্ট্রিক জীবনের কার্য্যক্ষেত্রেও আনিয়া ফেলিবে। দর্শনশাস্ত্র কোন অপরিচিত নৃতন শক্তিকে জোর করিয়া দখল করিবার চেষ্টা করে না, পরস্তু মানব-প্রকৃতির যে সকল মহতী অভিব্যক্তি—দর্শনশাস্ত্র সেই সকল অভিব্যক্তি পরীক্ষা করিবার অধিকার পরিত্যাগ করে না। যে দর্শনশাস্ত্র নীতিত্বে পর্যাবসিত না হর তাহা দর্শন নামের যোগ্য কি না সন্দেহ; এবং যে নীতি অন্ততঃ সমাজ ও রাষ্ট্রতন্ত্র সম্বন্ধীয় কতকগুলি সাধারণ তবে উপনীত না হয়, সে নীতি নিভাস্তই শক্তিন, মানবের তঃখ-কষ্ট বিপদ-আপদে সে নীতি কোন স্ক্পরামণ দিতে পারে না, কোন নির্মের ব্যবস্থা করিতে পারে না।

একথা মনে হইতে পারে—ইতিপূর্ব্বে আমরা যে সিদ্ধান্তে উপ-নীত হইয়াছি, যে তর্বিভার ও যে রসতবের উপদেশ দিয়াছি তাহা হইতেই নীতি-সমস্থার মামাংসা আপনা-আপনি হইয়া যাইবে— কোন্ট নীতি, কোনটি নীতি নহে, সহজেই নিদ্ধারিত হইবে।

এরপ মনে হই তে পারে—আমরা যাহা কিছু আলোচনা করিয়াছি, তাহার হারা মঙ্গলের এই দূর-পরিণাম-শানী ও বৃহৎ সমস্রাটি পূর্ম হইতেই একপ্রকার মীমাংসা হইয়া রহিয়াছে, এবং আমাদের সত্যসন্ধানী সিদ্ধান্ত ও জ্লর্বস্থান্ত সিদ্ধান্ত হইতেই, স্বাভাবিক ফ্রিলিপ্রশারে মানরা নীতিনিদ্ধান্তে উপনীত হইতে পারিব ; হয় ত পারিব কিন্তু আমরা তাহা করিব না। তাহা হইলে, আমরা এ পর্যান্ত যে প্রণালী অনুসরণ করিয়া আসিয়ছি তাহা পরিত্যাগ করিতে হয়। এই প্রণালী প্রত্যক্ষ পর্যাব্যক্ষণের উপর স্থাপিত, কোন স্বতঃসিদ্ধার্য উপর স্থাপিত নহে। প্রত্যক্ষ পরীক্ষা ও অভিজ্ঞতার পরামান অনুসারে ইহার নিয়ম নির্দ্ধারিত হয়। পরীক্ষা-কার্যাে যেন আমরা ক্লান্তি বোধ না করি; অধ্যান্ত্রিখার প্রণালী

থেন আমরা যথাযথদ্ধপে অনুসরণ করি। উহাতে অনেক বিদ্ন ঘটে,
জনেক পুনরাবৃত্তি হয়, এ সমস্তই সত্য; কিন্তু উহা আমাদিগকে সমস্ত
ভাস্তবতার—সমস্ত জ্ঞানালোকের মূলে লইয়া যায়।

অধ্যাত্মবিভার অন্নাদিত প্রণালীর মৃলস্ত্রটি এই: - প্রকৃত
দর্শনশাস্ত্র, নৃতন কিছুই উদ্ভাবন করে না, উহা তত্ত্বসকল নির্দারণ
করে মাজ; —যে জিনিসটি বাহা, তাহারই বর্ণনা করে মাজ। এত্থলে
জিনিসটিকি, —না, মানুবের স্বাভাবিক ও চিরস্থায়ী বিশ্বাস। অতএব
মঙ্গল-স্বন্ধে, মানুবের স্বাভাবিক ও চিরস্থায়ী বিশ্বাসটি কি—আমাদের
নিক্ট ইহাই প্রধান স্মস্তা।

এক দিক্ দিরা মানবজাতি এবং অপর দিক্ দিয়া দর্শনশাস্ত্র যাত্রা আরম্ভ করে—এ কথা আমরা বলি না। দর্শনশাস্ত্র মানবজাতির বাগবাকর্ত্তা। মানবজাতি যাহা কিছু বিখাদ করে ও চিস্কা করে (অনেক সময়ে আপনার অপ্তাতদারে) দর্শনশাস্ত্র তাহাই দক্ষলন করে, বাগরা করে, হাপনা করে। উহা সমগ্র মানব-প্রকৃতির বর্ষায়থ ও পূর্ণ অভিবাক্তি। যে মানব-প্রকৃতি প্রত্যেকের অস্তরে বিশ্বমান, তাহা প্রত্যেকেরই অহংজ্ঞানে উপলব্ধি হয়; এবং যে মানব-প্রকৃতি অত্যের মধ্যে বিগ্রমান, তাহা অত্যের বাক্য ও কার্য্যের দ্বারা প্রকাশ পায়। উভয়কেই জিজ্ঞাদা করা যাক্, বিশেষতঃ আমানদের অস্তরাত্মাকে জিজ্ঞাদা করা যাক্; দমস্ত মানবজাতি কি চিস্তা করে, অম্প্রান করিয়া জানা যাক্; তাহার পর আমরা দেখিব ক্রিক্ত কাজ কি।

এমন কোন জাতি কি আমাদের জানা আছে যাহাদের মধ্যে ভাল মন্দ, মঙ্গল অমঙ্গল, ভার অভায়—এই সকলের প্রতিশব্দ নাই ?
এমন কোন ভাষা কি আছে, যাহাতে, সুখ, স্বার্থ, প্রয়োজন, হিত —
২৬

এই সকল শব্দের পাশাপাশি—স্বার্থবিদর্জন, নিঃসার্থভাব, আন্মোৎ-দর্গ—এই সকল শব্দ লক্ষিত হয় না। প্রত্যেক ভাষার স্তায় প্রত্যেক জাতিও কি স্বাধীনতা, কর্ত্তব্য ও স্বহাধিকারের কথা বলে না ?

এইথানে বোধ হয়, কঁদিয়াক ও হেলভেম্ভদের কোন শিষ্য আমাকে জিজাসা করিবেন.—পর্যাটকেরা সাম্দ্রিক দ্বীপপ্রঞে যে সকল অসভা জাতি দেখিয়াছেন, তাহাদের ভাষার কোন প্রামাণিক অভিধান আমার নিকট আছে কি না ৭—না, আমার নিকট নাই: কিন্তু আমরা কোন সম্প্রদায়-বিলেষের উপধর্ম ও কসংস্থার লইয়া আমাদের দার্শনিক ধর্মত গঠন করি নাই: কোন দ্বীপ্রামী অসভ্য-জাতির মানব-প্রকৃতি অফুনালন করা আবশুক, ইহা আমরা একেবা-বেই অস্থাকার করি। অসভাদিগের অবস্থা—মানবভাছির শৈশবাবস্থা, মানবজাতির বীজাবয়া ; উহা মানবজাতির পরিণত অবস্থা নহে। মানবজাতির মধ্যে যে মহুষা পুর্বতা প্রাপ্ত হইয়াছে, সেই প্রকৃত মুদুর। বেমন, যে মানবসমাজ পুর্ণতা প্রাপ্ত হইগাছে, ভাহাই প্রকৃত মানব-সমাজ, সেইরূপ যে মানব-প্রকৃতি পরিণত অবস্থায় উপনীত হইয়াছে, তাহাই প্রকৃত মানব-প্রকৃতি। আাপলো বেল্ভিডিয়ার সম্বন্ধে কোন অস্ত্য মহয়ের মতামত কি. তাহা আমরা জানিবার कछ नानामिछ इहेना। कि कि मुन्डब नहेग्रा मानरवत्र निडिक প্রকৃতি গঠিত তাহাও আমরা অসভা মহুদাকে জিল্লাসা করি না। কেন না, অসভ্য মহুয়ের নৈতিক প্রকৃতির স্বেমাত্র রেথাপাত হুইয়াছে, তাহার পূর্ণ বিকাশ হয় নাই। আমাদের সপ্তদশ শতান্তির বিপুল দর্শনশাস্ত্র অনেকত্বলে বিবিধ সিদ্ধান্তের অবতারণায় একট্ট জটিল হইরা পড়িরাছে; তাহাতে ঈশরই কর্ম-রক্তুমির প্রধান

নায়ক, তাহাতে মুমুষ্যের স্বাধীনতা একেবারে বিদ্যালভ হইয়াছে। আবার অঠাদশ শতান্দির দর্শনশান্ত্র ঠিক্ তাহার বিপরীত - সীমায় উপনীত। উহা অন্ত ধরণের দিদ্ধান্তসকল অবলম্বন, করিয়াছে; তাহার মধ্যে একটি সিদ্ধান্ত এই ;—আদিম মানবের স্বাভাবিক व्यवश इटेट्ट व्यनकात ममन्त्र मञ्चाममाक उर्भन्न इटेग्नाट्ट। श्राधी-নতা ও সাম্যের আদর্শ গ্রহণ করিবার জন্ম রুদো অরণ্যের মধ্যে প্রবেশ করিরাছেন। কিন্তু একট অপেক। কর—দেখিবে, এই স্বাভা-বিক অবস্থার মতপ্রচারক, একদিকের আতিশব্যের অভিমুধে ধাবিত হইয়া বিপরীত দিকের আতিশয়ো উপনীত হইয়াছেন; বস্ত স্বাধী-নতার মাধুর্য্যের পরিবর্ত্তে, তিনি ল্যাসিডেমোনিয়া-প্রচলিত সামাজিক চক্তি স্থাপনের প্রস্তাব করিয়াছেন। আবার কঁডিয়াক একটি প্রতিমর্ত্তিতে কি করিয়া পঞ্চ ইন্দ্রিয় ক্রমে ক্রমে বিকশিত হইয়া উঠিল তাহাই কল্পনা করিয়া দেখাইয়াছেন। প্রতিমর্ডিটি, আমাদের পঞ্চবিদ্র পরে পরে লাভ করিল, কিন্তু একটা জিনিস লাভ করিল না—সে জিনিদটা মনুয়ের মন-মনুয়ের আত্মা। ইহাই তথনকার পরীক্ষা-প্রতি! এই সকল আতুমানিক সিদ্ধান্ত ছাড়িয়া দেও। সত্যকে জানিবার জন্ম সত্যের অনুশীলন আবশ্রুক—শুধু কল্পনা করিলে চলিবে না। পরিণত মনুয়োর বাস্তবিক লক্ষণ ও অবস্থা এখন যাহা প্রত্যক্ষ দেখা যায় তাহাই গ্রহণ করিতে হইবে। বন্ত অবস্থার—আদিম অবস্থার মনুযোর কিরপ প্রকৃতি ও লক্ষণ ছিল, তাহা শুধু অনুমানের দারা দির্নান্ত করিলে চলিবে না। অবশ্র বক্তদিগের মধ্যে প্রকৃত মনুষ্যের নিদর্শন ও স্মৃতিচিত্র প্রাপ্ত হওয়া যায়। সেই শৈশব-অন্ধ-কারের মধ্যেও তুই একটা বিত্রাচ্ছটা প্রকাশ পায়, এখনকার ভাষ উচ্চতর ধর্মাবৃত্তির নিদর্শন উপলব্ধি হয়—পর্যাটকদিগের ভ্রমণ বুত্তান্ত

হইতে ইহা আমরা দেখাইতে পারিতাম, কিন্তু তাহার এ স্থান নহে।
কিন্তু যাহাতে আমরা প্রকৃত বিশ্লেবণ-প্রকৃতি যথাযথকপে অত্পর্বব
করিতে পারি, এই জন্ত শিশু ও বন্ত মন্থবা হইতে চোথ কিরাইল লইবা একটি বিষয়ের উপর আমাদের দৃষ্টি নিবদ্ধ করিব—দেই বিষয়ট বর্তমানকালের মন্থবা, প্রকৃত মন্থবা, পুণবিক্শিত মন্থবা।

এমন কোন ভাষা কিংবা জাতি কি দেখাইতে পার মাহার মধ্যে "নি:স্বার্থ ভাব" এই কথাট নাই ? লোকে কাহাকে সাধ বাজি বলে ৪ যে বিষয়কর্মে খুব দক্ষ ও হিসাবী তাহাকে, না যে আপনার স্বার্থের বিজ্ঞেও ভাষধর্ম পালন করিতে সতত ইচ্ছক – তাহাকে 🕫 নিজ স্বার্থের আকর্ষণ অতিক্রম করিতে লোক-মত ও স্বর্থ-স্থবিধার বিহুদ্ধেও কতকটা ত্যাগস্থাকার করিতে সমর্থ-এই ভারটি হনি কোন সাধু ব্যক্তির চরিত্র হইতে উঠাইয়া লও, তাহা হইলে তাংগ্র সাধুতার মুলোচ্ছেদ করা হয়। যাহাতে আমার নিজের স্থব হয়, যাহ্য কিছু আমার নিজের কাজে লাগে। তাহাই আমার বরণীয়—এই-রূপ মনের প্রবৃত্তি যে পরিমাণে কম কিংবা বেশা হয়, ক্ষীণ কিংবা প্রবল হয়, অল্ল কিংবা অধিক স্থায়ী হয়, সেই অনুসারে সাধ্যার পরিমাণ নিদ্ধারিত হইয়া গাকে। খুব দামান্য অবস্থার লোকই ২উক, কিংবা রশ্বমঞ্চে কোন অভিনয়ের পাত্রহ হউক, যদি কোন ব্যক্তির নি:স্বার্থভাব, আন্মোংসর্গের সীমাল উপনীত হল তবেই তাহাকে আমরা বীরপুরুষ বলিয়া থাকি। তুই প্রকার আল্লোৎদর্গের দুটাও দেখা যায়-এক প্রকার আয়োংসর্গ লোক লোডনের অগোচৰ, আর এক প্রকার আয়োহদর্গ জন্তভাবে গ্রাজনের দৃষ্টি আকধন করে। রণক্ষেত্রে কিংবা রাষ্ট্রীয় মন্ত্রণাসভায় সাহস ও দেশপ্রীতির পরাক্ষ্টি প্রদেশন করিয়া কোন ক্তি ধেনন বীরপুরুষ নামে অভিহিত হ^{ত্} দামান্ত জীবন-ক্ষেত্রে যে ব্যক্তি, অদাধারণ ঋজ্তা, আফ্রান্সমান ও বিশ্বস্তুতার পরিচন্ন দের, তাহাকেও আমরা বীর নামে আখ্যাত করি। নকল ভাষাতেই এই সকল শব্দের তাৎপর্য্যার্থ স্থপরিচিত; এবং ইথা হইতেই এই তথ্যের সার্কাভৌমতা স্থনিন্চিতরূপে প্রতিপাদিত রে। এই তথ্যের ব্যাখ্যা করিতে হইলে এক বিষয়ে আমাদের বিশেবরূপে দৃষ্টি রাখা আবশ্যক;—ব্যাখ্যা করিতে গিন্না যেন আমরা ইথার মূলোচ্ছেদ না করি। স্বার্থপরতাই নিঃস্বার্থপরতার মূল—এই বিলিয়া কি আমরা এই নিঃস্বার্থভাবের ব্যাখ্যা করিব ? লোকের ধ্রুজ্বন একথার কথনই সাম্ব দিবে না।

কবিদিগের কোন বিশেষ দর্শন-তন্ত্র নাই। মান্তবের মনে ভাবোংগাদন করিবার জন্ত্র, মান্তব এখন যেরপে—সেই মান্তবের প্রতিই লক্ষ্য
চরিলা তাঁহারা কবিতা রচনা করেন। কবিগণ, স্থানিপুণ স্থাপপরতার
—না, নিঃস্বাথ সাধুভাবের গুণ কীর্তন করেন ? মর্মস্পানী বক্তৃতার
ফলতার জন্ত্র—ন। সাধুতার স্বতঃপ্রবৃত্ত স্বার্থক্তাগের কন্ত্র তাঁহারা
মামাদের নিকট হইতে প্রশংসা চাহেন ? মানব আত্মার স্বস্তঃস্তবে
নিঃস্বার্থভাবের ও আত্মোংসর্গের কি এক আশ্চর্যা প্রভাব
মাছে—কবি তাহা জানেন। তিনি নিশ্চয় জানেন, স্করের এই
রাভাবিক প্রবৃত্তিটি উত্তেজিত করিলেই মানব-হৃদয়ে একটা গন্তীর
প্রতিধানি জাগিলা উঠিবে—কর্ষণরসের সমস্ত উৎস উৎসারিত
ইবে।

মানব-জাতির ইতিহাস অধায়ন কর, সর্ব্বত্রই দেখিবে, লোকের।
বশী বেশী স্বাধীনতার জন্ত ক্রমাগত দাবী করিতেছে। এমন কি
প্রিমা শন্দটি যত দিনকার, এই স্বাধীনতা শন্দটিও তত দিনকার
্রাতন। কি আশ্চর্যা! লোকেরা স্বাধীনতা লাভের দাবী করি-

মন্দের মধ্যে স্বাভাবিক ও স্বরূপগৃত কোন পার্থকা নাই, ইছাই যাহাদের মত ভাহাদের স্থানে ভূমি আপনাকে একবার স্থাপন কর, এবং এই মানৰ-বিচার-নিক্ষারিত দভের মধ্যে যে মূচ নৃশংস্তা বিগ্ল-মান তাহাও ভাল করিয়া বিচার করিয়া দেখ। অপরাধী কি ক-বিবাছিন ? সে যে কাজ করিয়াছিল ভাগতে আগলে ভাল মল किइरे नारे। कावन, यनि जान मटनव मटना, खुश छः खाव शार्थका छाजा আর কোন স্বাভাবিক পার্থকা না থাকে, ভাষ্ট্রটলে মানুগ্রর কোন কর্মকেই কি আমরা অপরাধের কোটায় কেলিতে পারি ৮—নদি ফেলি, ভাগ হটলে কি ভাগ নিভান্ত অনুগত হয় নাণ কিল আন্তা যাহা ভালও নহে, মলও নহে—বাবতাপ্রণেতা কতক ওলি মহলা ভারতেই অপরাধ বলিয়া ঘোষণা করিয়াছে। তাহাদের এই ঘোষণা নিতাস্থই একটা ধানবেগালী ব্যাপার—স্কুতরাং দেই দু গুঠি ব্যক্তির জলয়ে কোন প্রতিধানি ছইল্না। যে ইছার নাবাত। অধুভব করিছে পারিল ন।। কারণ দে যে কাঞ্চ করিয়াছে আদংল ভাগের মধ্যে ক্লাৰ অভাব কিছই নাই। তাই বে কাল গদকাকুমে অপুরাধ বৰিয়া পরিযোৱিত হইয়াছে, দেই কাছ কবিয়া তাহার অভ্তাপত্ত হটল না। জন্নাদ হন্দ এইটকু তাহার নিকট সপ্রমান করিবে ः, रम छोहात कार्या मकन इव नाहे, किन्नु रम रव अन्नाय कोड़ करि য়াছে একথা জন্মৰ কথনই সপ্ৰমাণ কৰিতে পাৰিবে না। কেননা ভাছার কাজের মধ্যে ক্রায় অক্রায় কিছুই নাই। জল্লান ভাছাকে ব্ধ করিল, কি জন্য :ভাহাকে ৰেধ করিল, বধা ৰাক্তি ভাহা বুৰিতে भाजिन ना। गुडाम छुटे इंडेक. आज एए कान मध्हे शिक, पनि ত্তপু আঘাতকে দমন করাই তাহার উদ্দেশ্য না হয়—যদি তাহার উদ্দেশ্য তাহা ছাড়া আর কিছু হয়, তাহা হইলে তাহার মূলে নিম্ন লিখিত কয়েকটি তত্ত্ব নিহিত দেখিতে পাওয়া যথাঃ—>ম—ভাল ও भटनतं मट्या, नात्र ও अनाहित्र मट्या, अकृति खन्नभ-गंक शार्थका বিদ্যমান, এবং এই পার্থক্য গাকাতেই, বৃদ্ধিজ্ঞানবিশিষ্ট স্বাধীন জীব মাত্রই মঞ্চলের পথে ও ন্যামের পথ চলিতে ৰাধ্য। ২য়—এই মন্ত্রী শুদ্দিজ্ঞানবিশিষ্ট স্বাধীন জীব, মন্থ্যা এই পার্থকা ও এই দায়িত্ব উপ-শক্তি করিতে,--এবং কুত্রিম আইন কার্যুনের অপেক্ষানা করিয়া শাপন ইচ্ছায় স্বাভাবিকভাবে উহাতে অমুরক্ত হইতে সম্পূর্ণরূপে শমর্থ: তাছাড়া, যে সকল প্রলোভনের প্ররোচনায় মনুষ্য, মন্দৈর পথে, অন্যায়ের পথে নীত হয়, দেই সকল প্রলোভন অতিক্রম করি-বার শক্তি—এবং পবিত্র ও স্বাভাবিক ধর্মপথ অনুসরণ করিবার শক্তিও মনুষ্যের আছে। ৩য়—য়ে কোন আচরণ ন্যায়ের বিরোধী ভাহা বলের দারা দমন-যোগ্য, এবং প্রতিবিধানকল্পে তাহা দওনীয়, ভজ্ঞ কুত্রিম কোন আইন কানুনের অপেক্ষা রাথে না। ৪র্থ— মনুষা, লায় অলায়ের মত পাপ পুণোরও পার্থকা বুঝে, এবং ইহাও মুবে যে, কোন অন্তায় কর্মের জন্য দণ্ডবিধান করাও সম্পূর্ণরূপে ভাষারগত কার্যা।

বিচার করিবার শক্তি, দণ্ড বিধানের শক্তি—ইহাই সমাজেম্ব ভিত্তি-মূল; ইহাই প্রকৃত সমাজ। সমাজ, স্বকীয় ব্যবহারের জন্য এই সকল নিয়ম, এই সকল মূলস্থ রচনা করে নাই। এই সকল নিয়ম সমাজ-গঠনের পূর্ববর্তী; মন ও আত্মার প্রথম স্ত্ত্ত্বশাভ হইতেই উহারা রহিয়াছে, সমাজের সমস্ত নিয়ম ও ব্যবহা উহাদেরই উপর প্রতিষ্ঠিত। এই সকল সনাতন মূলভর্তের সহিত সক্ষম থাকাতেই সামাজিক নিয়মের বৈধতা সম্পাদিত ইইয়াছে। বিকাশ এই সকল নীতিস্থাকে পরিপৃষ্ট করে,—সৃষ্টি কয়ে না।

ব্যবস্থাকর্তা যিনি আইন প্রস্তুত করেন, বিচারকর্তা বিনি এই আইনের প্রয়োগ করেন,-ইহাঁরা এই সকল নৈতিক মূলস্তের षातारे পরিচালিত হয়েন। যে অপরাধী বিচারের জন্য বিচারালয়ে আনীত হয়, তাহার সম্বাধেও এই সকল মূলস্থা বিষ্ণমান, বিচার-কর্ত্তাও এই মূলস্থত অনুসারেই দণ্ড বিধান করেন। এই মল স্ত্রগুলি উঠাইয়া লও—সমস্ত ক্রায়-বিচার বিধ্বস্ত হইবে. এট বিচারকার্য্য কতকগুলা কুত্রিম নিয়মে পরিণত হইবে: সেট नियम मञ्चन कविया काशावा अपूर्णा हरेर ना : (कदन माध्येत काराहे लाएक कहे नकन निषय नकान कहिएक दिवन হটবে। এই সকল নিয়ম-অঞ্সারে যে বিচার হটবে, তাঃ। विहात नहर.--छाहा अछाहात। कर्छवा ও श्राव हहेट उहे हहे। मयां विवान-विमुधारमञ्ज स्कृष रहेश। পড़िरव: इरल वरन को गल एव यङ अरखान कबिएड भारत, छाहाबहै ८६ हो हहेरव---६२? সমালের উপর আইনের একটা কপট আবরণ মাত্র থাকিবে মাত্র। অবশ্র সমাজ ও মানুষের বিচারকার্যো এখনও অনেক অসম্পূর্ণতা चाहि, कानक्राय छाहा धाकान भारेबा मःश्नाधिक हहेरत। किछ এ कथा, माधात्रपठ दना गाहेर्ड भारत या. ममाम १ মন্তব্যের বিচার-কার্য্য সত্যের উপর ও স্বাভাবিক স্কার্থর্মের উপর প্রতিষ্ঠিত। তাহার প্রমাণ, সর্মানই সমান গঠিত হইনাছে ও সমাজের ক্রমোন্নতি হইতেছে। তাছাড়া, পাাস্কাল কিংবা ক্রে ज्यात्वत वर्ज्यान व्यवहा रठरे विशासमय वर्ण व्यक्तिक कवन ना, व অবস্থা চির্ভারী নহে। প্রতাক্ষ্ট সব নহে; প্রভাক্ষ ব্যাপার ছাড আরও কিছু আছে,—একটা ন্যারধর্মের আদর্শ আছে। ন্যারধর্মে যদি একটা বান্তবিক আদৰ্শ থাকে, তাহা হইলে দেই আদৰ্শ ই ^{দুহি}

ममाज-श्रेनानीरक উन्टोरेश मिरव-मञ्चारखन्न मर्यामा नका कन्निर । এই ন্যায়ধর্ম্মের আদর্শ কি আকাশকুস্থমের ন্যায় অলীক ? প্রত্যেক দেশের ভাষাকে, প্রত্যেক ব্যক্তির বিবেকবৃদ্ধিকে, সমস্ত মানব-জাতিকে আমি সান্দী মানিতেছি, প্রত্যক্ষ ব্যাপার ও ন্যায়ের আদর্শ-এই উভয়ের মধ্যে একটা পার্থক্য আছে বলিয়া সকলেই কি শীকার করে না ? কথন কথন বর্ত্তমান অবস্থা, ন্যায়ের বিরুদ্ধে দণ্ডায়মান হয়, এবং ন্যায়ের আদর্শও বর্তমান অবস্থাকে শাসন करत,--वर्त्तमान व्यवशामश्रद्ध श्राञ्चितान करत । समुशामभारक कान কথাটি সর্ব্বাপেক্ষা বেশী শুনা যায় ? ন্যায়ের কথাই কি বেশী শুনাযায় না ? এমন কোন ভাষা আছে যাহাতে ন্যায়শস্ট মাই ? এমন কি, কেহ কেহ ন্যায়কে ছই শ্রেণীতে বিভক্ত করেন—এক আইন-ষ্টিত কুত্রিম ন্যায়, আর একটি স্বাভাবিক ন্যায়। ন্যায় কখনই ৰলের পদানত হইতে পারে না, বলই ন্যায়ের সেবায় নিযুক্ত হইবে. ইহাই দর্মত্র পরিঘোষিত হইয়া থাকে। যথনই অতীতের ইতিহাসে পঠি করা যায়, কিংবা কোন দেশে প্রত্যক্ষ দেখা যায় যে, ন্যায়ের উপর বলের জয় হইয়াছে, তথনই নিঃস্বার্থ পাঠক কিংবা দর্শকের মনে ভীত্র ধিকার উপস্থিত হয়। পক্ষাস্তরে, যে পতাকার গায়ে ন্যায় এই শব্দটি অন্ধিত থাকে, আমাদের অন্ধরাগ স্বভাবতই সেই পতাকার मिरक्टे शांविज रुष्र; मिटे अब्बाज शक्कत नागि अधिकांत्र समर्थन করিবার জনাই আমরা দুঢ়সঙ্কর হই, ন্যায়ের পক্ষকেই আমরা সমস্ত मानवम् छनीत शक्क विनय श्रंटन कति। श्रामता मान कति, याजावन স্ততোজয়। অভএব যাহা প্রতাক্ষ দেখা যার তাহাই সব নহে,— নাায়ের ভাব, ন্যায়ের বিশ্বজ্ঞনীন আদর্শ,—প্রত্যক্ষ জগতে না হউক, ---চিন্তা কল্লনার জগতত জ্বলম্ভ অক্ষরে মুদ্রিত রহিয়াছে। এই

ন্যান্ত্রে আদর্শই প্রতাক্ষ জগংকে সংশোধিত করে—পরিশাদিত করে।

এই ব্যক্তিগত ধর্মবৃদ্ধিকে যখন আমরা সমন্ত মানবজাতির ধর্মবৃদ্ধি বলিয়া কল্পনা করি, তথনই উহা সহজ্ঞ জ্ঞান কিংবা সাধারণ বৃদ্ধি **নামে অভিহিত হই**য়া থাকে। এই সাধারণ সহত্তবৃদ্ধিই সমস্ত দেশের ভাষাকে, স্বাভাবিক ও চিরস্থায়ী বিধাসগুলিকে, সমাজকে ও সমাজের মুখ্য ব্যবস্থাগুলিকে গড়িয়া তুলিয়াছে, ধারণ করিয়া রহিয়াছে, ক্রমণ পরিক্ট ও পরিপুর করিতেছে। ভাষাদমূহকে বৈদাকরণেরা, সমাজকে **ৰ্যবন্থাকর্তারা, কিংবা সাধার**ণ বিখামগুলিকে দার্শনিকেরা গড়িয়া তুলে बाहे। উद्यानिवाक किहरे विश्वा जल बारे -- मथ्य अक रिमार्ट मक লেই গড়িয়া তুলিয়াছে ; সাধারণ মন্ত্রাম ওলীর স্বাভাবিক প্রতিভাই উহাদিগকে গভিয়া ভলিয়াছে। এই দাধারণ ধর্মবৃদ্ধির নিদর্শন,মানুংরে তাবং কার্ষোই প্রকাশ পায়। ভাল ও মন্দ্র, ন্যায় ও অন্যায়, স্থান ইচ্ছা ও প্রবৃত্তি, কর্তব্য ও স্থার্থ, শ্রেয় ও প্রেয়--এই সমন্ত পার্থকা সমন্ত মানব-ভাষার মধ্যে, সমন্ত মানব-বাবস্থার মধ্যেই বন্ধমন। ধর্মের পুরস্কার স্থুখ, পাপের দণ্ড ছ:খভোগ—ইহাও স্কুল ভাষাতে, बाह्यस्त्र नकन राबद्वार्ड्ड मुक्ति बहेन्ना त्रविभारह ।

কিন্ত এই সমস্ত ধারণা, মাহুযের ভাষায় ও মাহুষের কাজে একটু বিশুম্বলভাবে ও একটু স্থলভাবে প্রকাশ পায়।

এইখানেই দর্শনশাস্ত্রের কাজ আরম্ভ ২য়। দর্শনশাস্ত্রের সম্থে ছুইটি পথ প্রদারিত। দর্শনশাস্ত্রকে এই ছুই পথের মধ্যে একটি পথ অবলম্বন করিতে হুইবে; হ্য—সাধারণ ধর্মাবৃদ্ধির ধারণাগুলিকে গ্রহণ করা, এবং মঞ্যাসাধারণের বিখাসগুলিকে গলাযণ্ডপে বিরুট করিয়া উহাদিগকে পরিষ্টেও স্তন্ত করা; নয়,—কোন একটা মূল- তব গোড়ায় মানিয়া লইয়া, তাহারই অন্তর্মণ এক টা মতবাদ গঠন করা ;—বে সকল সাধারণ বিধান দেই মূলতব্বের অন্থায়ী ইইবে তাহাদিগকে স্বীকার করা এবং তাহার বিপরীতগুলিকে অস্বীকার করা—এইরূপে একটা দর্শনতন্ত্র কিংবা দর্শনের পদ্ধতিবিশেষ গড়িয়া তোলা।

কিন্তু আসলে, কোন দার্শনিক পদ্ধতিই দর্শন নহে: যেমন রাজ্যসংক্রাম্ভ ব্যবস্থাসমূহ, ন্যায়ের আদর্শকে প্রত্যক্ষে পরিণত করি-বার চেষ্টা করে, বেমন শিল্পকলাসমূহ, অদীম দৌন্দর্য্যের যথাসাধ্য वारिया कतिया थारक, रायम विकासमध्य, विश्वजनीन विकास्तत्र अबू-সরণ করে. সেইরূপ প্রত্যেক দার্শনিক পদ্ধতি কোন আদর্শবিশেষকে প্রত্যক্ষে পরিণত করিবার জন্য প্রয়াস পায়। স্থতরাং দার্শনিক পদ্ধতি গুলার অসম্পূর্ণতা অবশ্রস্থাবী; এই অসম্পূর্ণতা না থাকিলে, জগতে একটি বই হুইটি দুৰ্শনশাস্ত্ৰ থাকিত না। তাহারাই ভাগ্যবান যাহারা দর্শনের কোন বিশেষ পদ্ধতি অন্তুসরণ করিয়া এবং তংপ্রযুক্ত কতকগুলি নিরীহ-ধরণের ভ্রমে পতিত হইয়াও, প্রত্যেক মানবের অন্তরে মতা স্থানর ও মঙ্গলের পবিত্র রনাম্বাদনের একটা রুচি জন্মাইয়া দিতে পারে ! কিন্তু দার্শনিক পদ্ধতিগুলা প্রায়ই নিজ নিজ कालबरे अञ्चव हो रहेशा थारक,-कानरक नृजन পথে नहेशा यात्र ना । বে দর্শনতন্ত্র যে শতান্দিতে উৎপন্ন হয়, সেই দর্শনতন্ত্র দেই শতাব্দির ভাব গ্রহণ করে। এই কালধর্ম্মের প্রভাবেই আমাদের দেশে স্বার্থমূলক নীতিতন্ত্রের আবিভাব হইয়াছে। আমরা একণে সেই নীতিতন্ত্রের খণ্ডনে প্রবত্ত হইব।

দ্বিতীয় উপদেশ।

স্বার্থের নীতি।

ঐক্রিফিক দর্শনশার, স্থ-ছ:খের অস্থৃত্তি হইতে যাত্র। আরও করিয়া, এমন-একটা নীতিত্তরে অগত্যা উপনীত হইয়াছে যে নীতির মৃদ্ধুত্ব স্বার্থ।

মাহ্য হ্রথ ও চু:খ অহুতব করে; মাহ্য হ্রথের অন্থেষণ করে ও চু:খ হইতে প্রদায়ন করে। ইহাই তাহার গোড়ার স্থাতাবিক প্রের্ডি; এই প্রের্ডির কথনই তাহাকে পরিত্যাগ করে না। হ্রথের বিবর পরিবর্তন হইতে পারে, নানাপ্রকারে হ্রথের বৈচিত্র্য সম্পাদিত হইতে পারে; কিন্ত কি শারীরিক, কি মানসিক, কি নৈতিক,—হ্রথ যে আকারই ধারণ করুক না কেন—মাহ্য সভত সেই হ্রথেন্রই অহুসরণ করিয়া থাকে।

বিশেষ বিশেষ স্থেজনক অন্তুতিসমূহ যথন সামান্তে পরিণত হয়, তথন উহা "উপযোগী" এই নাম ধারণ করে; যে স্থ শুধু অমুক অমুক কণে বন্ধ নহে, পরস্ক কালের অনেকটা অংশ অধিকার করিয়া থাকে,—সে যে প্রকার স্থাই হউক না কেন— তাহারই বিপুল সমষ্টিকে আনন্দ বলে।

সুধ ও আনন্দ যে ব্যক্তি অন্থ ভব করে, সেই অন্থভবকারী ব্যক্তির সৃষদ্ধে এই সুধ ও আনন্দ আপেক্ষিক; ইহা আসলে ব্যক্তিগত। সুধ ও আনন্দকে ভাগৰাসিয়া আমরা নিজেকেই ভাগবাসি।

সকল জিনিসের মধ্যেই এই স্থাও আনন্দ অবেষণ করিবার উদ্দেশে আমরা ঘাহার ছারা পরিচালিত হই তাহাই বার্থ। জীবনের একমাত্র উদ্দেশ্য যেরূপ আনন্দ, আমাদের সমস্ত কাজের একমাত্র প্রবর্তক সেইরূপ স্বার্থ।

নিজের স্বার্থ ছাড়া মানুষ আর কিছুই অন্নত্তব করে না, কিন্তু প্রার্থ মানুষ কবন ঠিক বুঝে, কবন:ঠিক বুঝে না। স্থ্যী হইবার একটা বিশেষ কলাকোশল আছে। স্থাবের মধ্যে কোন ছংথ প্রছের আছে কি না তাহা পরীক্ষা না করিয়া, জীবন-পথে কোন স্থথ আদিলেই বেন আমরা তাহাকে আলিকন না করি। বর্ত্তমান স্থাই দব নহে। ভবিষাৎ চিস্তাও আবশ্যক; যে ভোগস্থ পরিতাপ আনমন করিতে পারে, তাহা ত্যাগ করিতে হইবে; আনন্দের জন্ত — অর্থাৎ যে স্থথ অধিকতর স্থায়ী ও ততটা উন্মাদক নহে সেই উচ্চতর স্থাবের জন্ত — এই নীচ স্থাকে বিসর্জন করিতে হইবে। শারীরিক স্থাই একমাত্র স্থা নহে; ইহা ছাড়া অন্য স্থাও আছে—যথা, মনের স্থা, মতের স্থা। জ্ঞানী ব্যক্তি, একজাতীয় স্থাবের ঘারা অন্ত জাতীয় স্থাবের তীব্রতা নাই করেন।

উচ্চতর স্থথের নীতিই স্থার্থের নীতি, তাহা ছাড়া আর কিছুই নহে। এই নীতি—স্থথের স্থানে আনন্দকে, মনোজ্ঞের স্থানে উপযোগীকে, প্রবৃত্তির প্রচণ্ড আবেগের স্থানে, পরিণামদর্শিতাকে প্রতিষ্ঠিত করে। এই নীতি—ভাল মন্দ, ধর্ম অধর্ম, পাপ পুণ্য, দণ্ড পুরস্কার প্রভৃতি শব্দ অধীকার করে না, পরস্ক নিজের ধরণে উহাদিগের ব্যাধা। করে। বিবেকদৃষ্টিতে যাহা আমাদের প্রকৃত্ত স্থার্থ তাহাই মঙ্গল, তাহার বিপরীতই অমঙ্গল। যে জ্ঞানীর জ্ঞান, প্রবৃত্তির আবেগকে প্রতিরোধ করিতে পারে, বাস্তবিক যাহা উপযোগী তাহা উপলব্ধি করিতে পারে, এবং আনন্দের প্রবৃত্তিপ্র জ্ঞানই ধর্ম। ভ্রান্তিক্ত ও

চরিঅর্থ ইইয় যথন বিশেষসূল ক্ষণস্থায়ী হুখের নিকট আমরা আনলকে বলিদান নিই তগনই তাহা অথ্য নামে অভিহিত হয়। ধর্ম অধ্যের পরিণামই পাপ প্রা, দও প্রস্থার। বিবেকের পথ দিয়া যদি আমরা হুখকে অন্থেব না করি, তাহা ইইলে, তাহার দওস্কল আমরা হুখ ইইতে বঞ্চিত ইই। সাধারণের মতে যাহা কর্ত্তবা বলিয়া নিজারিত ইইয়াছে, স্বার্থনীতি সেই ফকল কর্তবাের একটিকেও ধ্বংস করিতে চাহে না; প্রভূতি স্বার্থনীতি বলে বে, এ সমস্ত আমাদের ব্যক্তিগত স্বার্থেরই অন্ত্রণ, এবং সেই জ্ঞাই উহা আমাদের কর্ত্তবা। লোকের উপকার করা, নিজেরই তিত্রাধন ক্রিবার ক্রব উপায়; এইরপেই আমরা লোকের সমাদের, লোকের দয়া, লোকের সাধানর, লোকের দয়া, লোকের সাধানর, তেমনি উপযোগা। নিংসার্থভাবেদও একটা গৃত মর্থ আছে।

সাধারণত লোকে এই শক্টির দেরপ অর্থ করে —অর্থাং প্রত্নত আন্তরিদর্জন —সবণ বে অর্থে নি:স্বার্থপরত। নিতান্তই একটা অন্তর্ক অমুলক করে; তবে কি না, ভবিষাং স্বার্থের জন্ত বর্তনান স্বার্থকে—উচ্চতর স্ক্রতর অ্বার জন্ত, স্থলতর হীনতর অ্বাকে বিদক্ষন করা ঘাইতে পারে। অনেক সময়ে আমরা ব্রিতেই পারি না যে আমরা স্থের শান্ত্রণ করিতেছি, এবং এইরূপ বৃদ্ধিবার দোবেই আমরা নি:খার্থপরতারপ এমন একটা আকাশকুর্মকে আমাদের মনোমধাে স্টিকরি বাহা মানব প্রকৃতির অতীত ও একেবারেই হর্কোধা।

স্থামরা উপরে যে স্বার্থনীতির ব্যাখ্যা করিলাম, ভরুসা করি তাং। স্মৃতির্ভিত হয় নাই। স্থামরা বরং স্থার একট বেণা দর স্থানর ছইব। আমরা স্বীকার করি যে, এই নীতি অন্থ নীতিতন্ত্রের আতিশ্যা-প্রস্ত একটা প্রতিক্রিয়া মাত্র। একবার দেই অত্যন্ত কঠোর
প্রিয়িক নীতির কথা কিংবা দেই তাপদ-নীতির কথা ভাবিয়া দেখ —
যে নীতি চৈতন্ত্রকৈ নিয়মিত না করিয়া চৈতন্ত্রকে একেবারেই ধ্বংস
করিতে বলে এবং রিপুর আবেগ হইতে মান্ত্র্যকে রক্ষা করিবার
জন্ত, সমন্ত স্বাভাবিক প্রবৃত্তিকেই বিদর্জন করিতে বলে—একপ্রকার আত্মহত্যা করিতে বলে। এই ছই নীতির প্রতিবাদস্করপ এই স্বার্থনীতির বৈধতা কতকটা স্বীকার করা ঘাইতে
পারে।

এপিক্টেটাদের উচ্চতর দাদত্বের জন্য—হংগ হর্দশা অতিক্রম করিবার চেপ্তা না করিয়া উহা অকাতরে দহা করিবার জনা মান্ত্র্ব দ্বই হয় নাই। অথবা মঠ-নিবাদী দেবপ্রকৃতি প্যাদ্কাল ও তাঁহার ভাগিলী যেরপ হংথ হইতে মুক্তিলাভের জনা মৃত্যুকে আহ্বান করিতনে এবং কঠোর তপশ্চারণ ও মৃক্ত আরাধনার দ্বারা মৃত্যুকে অকালে জাকিয়া আনিতেন, তাহাও যুক্তিদঙ্গত বলিয়া বোধ হয় না। মান্ত্রের প্রবৃত্তি-সকল অকারণে হয় নাই, তাহাদেরও প্রশ্নোজন আছে। বায়ুর অভাবে তরী চলিতে পারে না, উহা শীঘই রসাতলগর্ভে নিমজ্জিত হয়। এমন কোন ব্যক্তিকে কল্পনা কর যাহার আত্মপ্রতি নাই, যাহার অল্পন্তির কারীর আত্মণরক্ষণের স্বাভাবিক প্রবৃত্তি নাই, যাহার কপ্তের ভন্ত্র নাই, বিশেষতঃ যাহার মৃত্যুভয় নাই, স্থ কিংবা আনন্দ-রদাস্বাদনের যাহার ক্রতি নাই, এক কথায়, ব্যক্তিগত সমস্ত স্বার্থ হইতে যে ব্যক্তি। এরূপ ব্যক্তি, তাহার চারিদিকে যে সকল অসংখ্য ধ্বংসের কারণ রহিয়াছে—তাহার সহিত দীর্ঘকাল মুঝামুঝি করিতে পারে না—তাহাদিগকে প্রতিরোধ করিতে পারে না; দে ব্যক্তি একদিনপ্ত

পৃথিবীতে টিকিয়া থাকিতে পারে না। এইরূপ অবস্থায়, কোন একটি পরিবার, কিংবা কোন একটি ক্লু সমান্ধ সংগঠিত কিংবা সংরক্ষিত হইতে পারে না। যিনি মানুষের স্থাই করিয়াছেন, তিনি দেই মানুষকে শুধু ধর্মের হাতে, দল্লার হাতে, মহরের হাতে সমপন করিয়াই নিশ্চিম্ব হন নাই, তিনি মানবজাতির বিকাশ ও স্থানিহকে অপেক্ষাকৃত একটা সামানা অথচ এব ভিত্তির উপর প্রতিষ্ঠিত করিয়াছেন। এই জনাই তিনি মনুষকে আয়ুল্লীতি দিয়াছেন, আয়ুরক্ষণের প্রবৃত্তি নিয়াছেন, স্থাও আনন্দ রুমান্থানের বাচি দিয়াছেন, অব্যাহিন, অব্যাহিন, উত্তাভিলার দিয়াছেন, অবাশ ও ভল্ম দিয়াছেন, প্রমানিয়াছেন, উত্তাভিলার দিয়াছেন, অবাশের দেই ব্যক্তিগত স্থাবৃত্তি দিয়াছেন বাহা সক্র করেয়ার প্রবৃত্তিক, যাহা স্থায়া, যাহা বিধ্যানান, যাহা, সাংসারিক অবস্থার উন্নতি সাধন করিবার জন্য নিয়তই আন্দেশিক উত্তেজিত করিতেছে।

অতএব, স্বাধনীতির মধো বে মূলতবটুকু আছে তাহার সত্তা সম্বন্ধে আমরা প্রতিবাদ করি না; এই মূলতবটি গুবুই সতা, উহার বিশেব প্রয়েজনও আছে। আমরা ভধু এই প্রাট জিজাসা করি: — স্বাকার করি, স্বাধনীতির অন্তানহিত মূলতবটি আসলে সতা, কিছ উহা ছাড়া আর কি কোন মূলতব নাই যাহা উহারই মত সতা, উহারই মত বৈধ ? সতাবটে মাহ্য প্রেমের অন্তেখন করে, স্থের অন্তেখন করে, কিন্তু মাহ্যের অন্তরে কি আর কোন অভাববোধ নাই — আর কোন হুদ্যভাব নাই যাহা উহাদেরই মত প্রবল, উহা-দেরই মত অন্তরং

আমাদের দেহও আয়া বেমন একএই অবস্থিতি করি^{তেছে}, শেইরূপ এই মানবলাতির মধ্যে, বিশ্বিধাতার এই গভীর রহ^{ন্তুমর} স্ষ্টিকল্লনার মধ্যে, এমন কতকগুলি বিভিন্ন মূলতৰ একত্ত অব-স্থিত—যাহারা প্রস্পরকে কথনই বহিঙ্কত করে না।

ঐলিথিক দর্শনশাস্ত্র অবিরত প্রত্যক্ষ পরীক্ষারই দোহাই দিয়া থাকে। প্রত্যক্ষকে আমরাও সাক্ষী মানিয়া থাকি; আমরা পূর্ব্ব-পরিচ্ছেদে যে সকল তথ্যের ব্যাখ্যা করিয়াছি, তাহা প্রত্যক্ষ-পরীক্ষা হইতেই গৃহাত—সেইগুলি সহজ জ্ঞানের গোড়ার ধারণা। বে সকল তথ্যের উপর স্বার্থনীতি প্রতিষ্ঠিত, সেই সকল তথ্য আমরা স্বীকার করি, কিন্তু স্বার্থনীতির প্রতিটা আমরা স্বীকার করি না। যথা-পরিমাণে দেখিলে, তথাগুলিকে সত্য বলিয়াই মনে হয়; কিন্তু ঐ নীতিপর্বাত, ঐ তথাগুলির প্রভাব-পরিসর অথথা বাড়াইয়া তুলিয়াছে, তাই উহা মিথ্যা; উহাদেরই মত অবিদ্যাদিত আরও যে অনান্য তথ্য আছে তাহা ঐ নীতিতন্ত্র অস্বীকার করে বলিয়াই উহাকে আমরা মিথ্যা বলি।

প্রকৃত তথাসমূহ সংগ্রহ করা এবং তাহাদের মধ্যে যদি কোন বাস্তবিক পার্থকা থাকে তাহা স্থাকার করা—ইহাই প্রকৃতিস্থ দশনশাস্ত্রের গোড়ার নিরম। এই দর্শন-শাস্ত্র, সর্ব্বাপ্তের গোড়ার নিরম। এই দর্শন-শাস্ত্র, সর্ব্বাপ্তের সহসরণ করে — একোর অনুসরণ করে না। সত্যকে অনুসরণ করা দূরে থাক্, স্থার্থনীতি সত্যকে অনুসরণ করিয়া কেলে; উহা তথাসমূহের মধ্য হইতে সেই সকল তথাকেই নির্বাচন করে যাহা স্থার্থনীতির উপযোগী, এবং যে সকল তথা আসলে ধর্মনীতির মূল-উপাদান, ঠিক সেই সব তথাকেই উহা অগ্রাহ্য করে। এই একদেশদর্শী পর-মত-অসহিঞ্ নীতি,—যাহা-কিছুর হেতু নির্দেশ করিতে পারে না, ব্যাথা৷ করিতে পারে না, তাহারই অন্তিজ্ব মধ্যে করে। রচনার হিমাবে দেখিলে, এই নীতিতন্তের মধ্যে

বেশ একটি বাধুনি আছে, কিন্তু মানবপ্রকৃতি এবং মানবপ্রকৃতির বিচিত্র শক্তির সহিত যথন ইহার সংঘর্ষ উপস্থিত হয় তথনই ইং। চুর্ণ বিচুর্ণ হইয়া যায়।

আমর। দেখাইব, ঐদ্রিধিক দেশনশাস্ত্র-প্রস্তুত এই স্বার্থনীতি, মানব-প্রাকৃতির অন্তর্ভুক্ত কতকগুলি ব্যাপারের সম্পূর্ণ বিরোধী।

প্রথমত আমর্। প্রতিপর করিয়াছি,—প্রভাক্ষ পরীক্ষা হইছেই প্রতিপর করিয়াছি,—বাজিগত সাধীনতার শক্তিকে, কড়ছ শক্তিকে সম্বস্ত মানবজাতিই স্বাকার করে। বাজিগত সাধীনতার উপর বিশ্বাস আছে বলিয়াই সকলে চাহে, এই স্বাধীনতা লোকসমাজেও স্মানিত ও সংরক্ষিত হয়। স্বাধীন ইচ্ছা বলিয়া যে একটা জিনিস্ আছে ইহা প্রত্যেকেরই অন্তরায়া সাক্ষা দেয়। নৈতিক অন্তর্মোলন অনন্মোদনের মধ্যে, সম্বানর অবজ্ঞার মধ্যে, প্রশংসা ধিকারের মধ্যে, পাপ প্রণার মধ্যে, দও প্রস্থারের মধ্যে স্ক্রপ্রথার নৈতিক বাপারের মধ্যে, এই স্বাধীনতার ভব ভচিত বহিয়াছে।

আমি জিল্লাদা করি, এই যে বিধক্তনান তথা যাহা মনেক জাতির সমস্ত বিধাসের মূলে অবজিত—গাহা, -কি গাহলা কি সম-জিক—মানবের সমস্ত জীবনকে পরিশাসিত করে, এই তথাটিস্থার ঐক্রিটিক দর্শন শাস্ত ও সাধনীতি কি বলে গ

বে কোন প্রকার নীতিত্ব ইউক না, ভাগতে আচরণ্য কণ্য নিরমের কথাই পাক্ বা কেবলমান সাদানিধা উপদেশের কণাই থাক্, প্রকারাস্তরে সকল নীতিত্বই সাধীনতাকে স্বীকার করে। যথন স্বার্থের নীতি, উপ্যোগীর নিকট মনোজকে বলিদান করিছে উপদেশ দেয়, তথন মনে হয়, যেন একগাটাও মানিয়া এওয়া হয় যে, ভাগর সেই উপদেশ অভ্যরণ করায় কিংবা না করায় মাঞ্দের স্বাহি নতা আছে। কিন্তু দর্শনশান্তে কোন একটা তথ্য স্বীকার কবিলেই হয় না, সেই তথ্য স্বীকার করিবার অধিকার থাকাও চাই। দেখা যায়, স্বার্থনীতির পক্ষপাতী অধিকাংশ লোকই স্বাধীনতাকে অস্বীকার করে; যে নীতিতন্ত্র, সমস্ত মানব চিত্তকে —মানবের সমন্ত প্রস্তুত্তি ও ধারণাকে, কেবল ইন্দ্রিরবোধ ও ইন্দ্রিরবোধের ব্যাপার-সকল হইতে টানিয়া বাহির করে, স্বাধীনতাকে স্বীকার করা দে নীতিতন্ত্রের অধিকারায়ত নহে।

কেনে একটা মনোজ্ঞ ইক্সিয়বোধ যথন আমাদের চিন্তকে মুগ্ধ করে, এবং মুগ্ধ করিয়া তাহার পর চিন্ত হইতে অন্তহিত হয়, তথন আমাদের চিন্ত—একটা কই, একটা অভাব, একটা প্রয়োজন অনুভব করে, তথন চিন্ত বিচলিত হয়, বাাকুল হইয়া উঠে। এই বাাকুল হা প্রথম অপ্তাই ও অনির্দিষ্টভাবে থাকে, একটু পরেই একটা নির্দিষ্ট আকার ধারণ করে; যে বিষয়কে পাইয়া একটু পূর্বের আমরা মুখানুভব করিয়াছিলাম, এবং যাহার অভাবে এখন কট পাইতেছি, আমাদের বাাকুলতা সেই বিষয়ের প্রতি তথন ধাবিত হয়। তীব্রতাক্স মাত্রা কিছু কমই হোক্, বেশীই হোক্—চিন্তের এই চাঞ্চল্যই বাসনা।

এই বাসনাতে স্বাধীনতার কি কোন লক্ষণ আছে ? স্বাধীনতার কাহাকে বলে ? যথন আমি জানি, আমি আমার কার্য্যের কর্ত্তা; আমার ইচ্ছামত কোন কার্য্য আরম্ভ করিতে পারি, রহিত করিতে পারি, কিংবা সেই কার্য্যেই প্রবৃত্ত থাকিতে পারি, তথনই আপনাকে স্বাধীন বলিয়া অহুভব করি। কোন কার্য্য আরম্ভ করিবার পূর্কে যথন সেই কার্য্য করিব বলিয়া সঙ্কল্ল করি, তথন ইহাও বেশ জানি, উহার বিপরীত সঙ্কল্ল করিতেও আমি সমর্থ; এবং তথনই আমর্ম্ম স্বাধীনতা অহুভব করি।

যথন আমার আয়-হৈত্ত অবার্থ রূপে সাক্ষা দেখ,—স্থামিই এই কাজের কর্ত্তা, তথনই সেই কাজ স্থানীন কাজ এবং তথনই সেই কাজের জন্ত অপনাকে দাখা বিলিয়া অন্তৰ করি। স্থামাতে অধানা প্রকার ক্রিয়া উৎপন্ন হইতে পারে, এবং এই সকল ক্রিয়া বহিদশিকের চক্ষে আমার স্বেচ্ছাক্রত কাজ বলিয়া ভূল হইতেও পারে; কির্ম্থামার নিচ্ছের কথনই ভূল হইতে পারে না;—সাক্ষা-হৈত্তনার নিক্ট ভূল হওয়া অসম্ভব। যে কোন কাজই হউক না, কোন কাজটা স্বেচ্ছাক্রত এবং কোন কাজটা স্বেচ্ছাক্রত নাহে, আমাদের সাক্ষ্ণীহৈত্ত ভাষার পার্থকা বেশ উপলব্ধি করিতে পারে।

যে 5েঠা পে ফাক্ত ও স্বাধীন ভাহাই প্রকৃত কর্ম। বলেন ইহার ঠিক বিপরীত। বাসনা যথন চুড়ার সীমায় আবোহণ করে তথনই উহা প্রবৃত্তির হয়; আমাদের ভারা ও আছে- তৈতনা উভয়ই সাক্ষা দেয় যে, প্রবৃত্তির অধীনে মানুষ অক্ষা; প্রকৃতি যতই প্রবৃত্তির প্রবৃত্তির অধীনে মানুষ অক্ষা; প্রকৃতি যতই প্রবৃত্তির প্রবৃত্তির স্বান্ধ হয়, তত্ত আহার যে নিজ্য কর্মাণাজি আছে—আয়ুশাসনী শক্তি আছে—সেই আদেশ হইতে মানুষ দুরে প্রিয়া যায়।

বে ইন্দ্রিংৰাধ বাদনার পূর্প্রবর্তী এবং বাদনাকে একটা নিদ্প্ত আকার প্রধান করে, বাদনার নায় সেই ইন্দ্রিংবাধেরও বলে, আমারা পরাধীন। যদি কোন প্রীতিজনক বন্ধ আমার সন্ধ্রণ ভাগিত হয়, আমার কি স্থপরোধ হইবে না গু যদি কোন কঠকর জিনিব আমার সন্ধ্রে আলে,—আমার কি কঠ হইবে না গু ই স্থপকর প্রতাক্ষ সন্ধ্রণ অন্তিত হইলেও, স্থতি ও করানার পরে যথন উহা আবার উদয় হয়, তথন উহা পূর্ব্বিং সাক্ষাংভাবে অন্তব্ব করিতে পারিভেছি না বিলিয়া কি আমার কঠ হয় না গু উহার অভাব ও প্রয়োজন কি আমি অন্তব্ধ

ফরি না ? যে বস্তকে পাইলেই আমার ব্যাকুলতার শান্তি হয়, আমার মনের কট দূর হয়, সেই বস্তর প্রতি আমার বাসনা ফি ধাৰিত হয় না ?

বাসনার উদয়ে মনোমধ্যে কিরপ ব্যাপার উপস্থিত হয়, একবার প্রাণিধান করিয়া দেখ:—তুমি দেখিতে পাইবে, তোমার চিস্তার অপেকা না রাথিয়া, তোমার ইচ্ছার অপেকা না রাথিয়া, দেই বাদনা উঠিতেছে পড়িতেছে, বাড়িতেছে কমিতেছে। তোমার ইচ্ছায়, বাদনার উদয়ও হইতেছে না, নিবৃত্তিও হইতেছে না।

অনেক সময় আমাদের ইচ্ছা বাসনার সহিত যুদ্ধ করে এবং অনেক সময় বৃদ্ধে পরাভূত হইয়া তাহার বশীভূত হয়। যে সকল বহিবিষর হইতে আমাদের ইক্রিরবোধ জয়ে, সেই বহিবিষরকে আমরা দোব দিই না, এবং ঐ ইদ্রিরবোধ হইতে যে বাসনা উৎপন্ন হয় সেবাসনাকেও দোব নিই না, অমরা শুধু দোষ দিই সেই ইচ্ছাকে,— যার সম্মতিতে বাসনার উদয় হইয়াছে, এবং দোষ দিই সেই সকল কার্য্যকে যাহা, বাসনা হইতে প্রস্তুত হইয়াছে; কেন না ঐ সকল কার্য আমাদের নিজ আয়ত্রর মধ্যে।

ইচ্ছা ও বাদনা এক নহে; অনেক দমন্ন বাদনা, ইচ্ছাশক্তির বিলোপ করে, এবং মানুষের দারা এমন দকল কাজ করাইরা লন্ন যাহা মানুষ দে দমস্ত আপনার কাজ বলিন্ন মনে করিতে পারে না, কারণ দে কাজ তাহার স্বেড্ছাকুত নহে। এমন কি, আদালতে অনেক অপরাধের আদামা এই ওজরের আশ্রন্ন গ্রহণ করে। প্রচ্ঞ বাদনা ও ছর্নিবার প্রবৃত্তির বশে তাহারা কাজ করিন্নাছে, এই কাজে তাহাদের কোন কর্ত্ত ছিল না—এই বলিন্ন তাহারা নিজ দোৰ কালন করিবার চেটা করে। যদি বাসনাই ইচ্ছার ম্ল-ভিত্তি হইত, তাহা হইনে বাসনা যতই প্রবন হইত আমরা ততই স্বাধীন হইতাম। স্পট্ট দেখা যাইতেতে, ইহার বিপরীতটাই সভা। যে পরিমানে বাসনার প্রচণ্ডভা বৃদ্ধি হন, দেই পরিমানে, মানুষের আয়প্রভুহ কমিয়া যায়, এবং যে পরিমানে, মানুমান হীনবল হয় ও প্রবৃত্তি-অনল নির্মাণিত হয়, দেই পরিমানে, মানুষ আবার আপনার উপর প্রভৃত্ত লাভ করে।

আমি এ কথা বলিতেছি না যে, বাসনার উপর আমানের কোন প্ৰভুৱই নাই। কোন চই ৰশ্ব ভিন্ন হইতে পাৱে, ভাই বলিছ: তাহাদের পরস্পরের মধ্যে, সেই হেড় যে কোন সম্বন্ধ থাকিবে নং এ কথা বলাযায় না। কতকভুলি পদার্থ আমাদের হইতে দরে রাখিলা, কিংৰা সেই সকল প্লার্থ আমানিগ্রকে যে স্থপ্ত প্রান্ত করে দেই স্থাকে আমাদের চিন্তা হউতে দুরে রাখিলা, আমরা কিলংপ্রি-মাণে, ঐ দক্ষ পদার্থের ঐল্লিখিক জিলাকে অপ্যারিত করিতে পারি. এবং ঐ সকল পদার্থ আমাদের মনে যে বাদনার উদ্রেক করে সেই বাসনাকে এডাইতে পারি। কতক এলি পদাধ্যক আমা-লের চতপার্থে তাপন করিয়া, **স্নামানের স্বস্তুরে কতক**গুলি ইপ্রিয়-ৰোধ ও কতকগুলি বাসনার উদ্রেক করিতে পারি: তাই বলিয় উহাদিগকে স্বেচ্ছাকত বলা যায় না: আপনার উপর আপনি পাণ্য নিংক্ষেপ ক্ষিয়া যে আঘাত-যোধ হয় সেই আঘাত-বোধটা দেনন বেছাক্তত নতে, ইহাও তেমনি। এই দকল বাসনার নিকট নতশির इटेटन, फेटाटनब आव ९ वनत्रिक इय. धवः फेटानिशटक প্রতিরোধ कतिरत. উशास्त्र ८७७ कमिया यात्र । छेलयुक निवस अवतश्न ক্রিলে আমাদের শ্রীরের অঞ্প্রভারতে ও কত্তটা আমাদের বংশ শানিতে পার। যায়, এমন কি উহাদের স্বাভাবিক ক্রিয়াতেও কতক্টা

দ্ধণান্তর ঘটাইতে পারা যায়। ইহাতে করিয়া সপ্রমাণ হয় যে, আমানের মধ্যে এমন একটা শক্তি আছে যাহা ইক্রিয় ও বাসনা হইতে ভিন্ন; বাসনাদির উপর ঐ শক্তির সর্ক্ষময় প্রভূত্ব না থাকিলেও, কথন-কথন ঐ শক্তি উহাদের উপর পরোক্ষভাবে প্রভাব প্রকৃতিত করিয়া থাকে।

हैफ्टां ७ वृक्ति এक मां हहेरन ७ हैफ्टा वृक्तिरक পরিচালিভ करता। ইচ্ছা করা ও জানা—এই ছুইটি ব্যাপার স্বরূপত: ভিন্ন। আমরা আমাদের ইচ্ছামত বিচার করি না, পরস্ত বিচারশক্তি ও বুদ্ধিবৃত্তির ক্ষতকগুলি অবশুস্থাবী নিয়ম-অনুসারে আমরা বিচার করি। সত্যের छान ও रेष्टांत्र प्रकृत अक नरह। समन मरन कन्न,--रेष्ट्रा अ कथा বলে না যে, পিণ্ডের বিস্তৃতি আছে, পিণ্ড আকাশে অবস্থিত, কার্য্য শাত্রেরই কারণ আছে ইত্যাদি। তথাপি, আমাদের বৃদ্ধির উপন্ন भामात्मत्र रेव्हात अप्तको। अञ्ज आष्ट मत्मर नारे। आमन्ना স্বেচ্ছাপূৰ্ব্বক, স্বাধীনভাৰেই কাৰ্য্য সম্পাদন কৰি, কতকগুলি ৰিষয়েৰ প্রতি, আমরা অর কিংবা অধিকক্ষণ, অর পরিমাণে কিংবা অধিক পরিমাণে মনোয়োগ দিই; স্মৃতরাং ইচ্ছাশক্তি, বৃদ্ধিকে বেমন বৃদ্ধিত ও পরিপৃষ্ট করিতে পারে, তেমনি মন্দীভূত ও নির্বাণিত করিতেও পারে। অতএব এ কথা স্বীকার করিতেই হয় যে, আমাদের অস্তরে এমন একট পরাশক্তি ৰিভমান আছে যাহাকি বৃদ্ধি, কি ইঞিয়ে চেতনা—আমাদের সমস্ত মনোবৃত্তির উপর কর্ভৃত্ব করে, উহাদের সহিত মিশ্রিত হয়, উহাদিগকে পরিশানিত করে, উহাদিগকে স্বাভা-বিকভাবে পরিপুট হইতে দেয়; ইচ্ছাশব্দির সহিত বিচ্ছেদ হ**ইলো** উহাদের আদল প্রকৃতি প্রকাশ হইরা পড়ে। কেন না, যে মহুয়ু ইচ্ছাশক্তি হইতে ৰঞ্চিত হইয়াছে, দে স্বীকার করে যে, দে ভার

আপনার প্রভূ নছে, সে ধেন সে-মাসুষ্ট নছে। আসল কথা, সেই মহতী ইচ্ছা-শক্তির মধ্যেই প্রকৃত মনুষ্যত।

কিন্তু আশ্চার্য্যের বিষয়, এই ইচ্ছা-শক্তি এমন স্থাপাইরূপে অভি-वाक इहेरने अहे भक्तिक लाकि भरनेक मध्य जून वार्ष । हेन्छ । বাদনাকে এক করিয়া ফেলিয়া একটা অন্তত্ত খিচরী করিয়া তোলে। মাহারা এইরপ বিচুরী পাকাইহাছেন, তাহার মধ্যে, সপ্তদশ ও অहा-बन नजानित दिलबीठ-मच्चमात्यव मानंनिक-ल्लिताबा, मान्यान्, কঁদিয়াক প্রভৃতিকেও দেখিতে পাওয়া বায়। এক সম্প্রদায় অতিমাত্র ধর্মভাব ও ভাস্ক ধর্মভাবের বশবর্তী হইয়া, মতুধা হইতে মতুয়ের निषय कर्ड्ड-मंकि উठारेया गरेया, ममछ कड्डमंकि श्रेपादाउरे কেন্দ্রীভূত করে; এবং অপর সম্প্রদায়, সেই শক্তি প্রকৃতির উপর আরোপ করে। এক সম্ভাদায়ের মতে, মান্তুব ঈশ্বরেরই একট প্রকার-ভেদমাত্র: অপর সম্প্রদায়ের মতে, মানুষ প্রক্রাতপ্রস্থত একট ষ্ণল মাত্র। বাসনাকে ধৃদি একবার কঠভাবের আদর্শ বলিয়া স্বীকার করা যায়, তাহা হইলে স্বাধীনতা বলিয়া আর কিছুই পাকে না, স্বাধীনতা বিলুপ্ত হয়। একটি দুৰ্শনতর, তেমন প্রণালীবদ্ধ না ছইলেও, কতকগুলি তথ্যের অনুসরণ করিয়া, সহজ জ্ঞানের ঘর উত্তাদের অপেকা উংক্লষ্ট সিদ্ধান্তে উপনীত হইয়াছে। সাধীন লাব কর্ম করিবার শক্তি হইতে কর্মহীন বাসনাকে পৃথক্ করিয়া, ঐ बर्ननज्य, योश माञ्चरवत्र विरमय सक्तन, त्मरे श्राङ्क कर्वृत्रनि^{त्र} পুন:প্রতিষ্ঠিত করিয়াছে। ইচ্ছাশক্তিই কর্তৃপুরুষের প্রধান ধর্ম ^ও व्यवार्थ नव्यन। *या भूक्य देखा क*त्रिएंड भारत, निम्न देखात हाती কার্য্য উৎপাদন করিতে পারে, আপনাকে দেই সকল কার্য্যের कारन बनिया अपूछव करत, धवः त्महे मकन कार्यात बायि छेननिर्व

করে, সে কেমন করিয়া অন্ত এক পুরুষের প্রকার-ভেদ মাত্র ছইবে ? ঐ শক্তি সে অন্য এক সন্তা হইতে ধার করিয়াছে এ কথা কেমন করিয়া বলিবে ?

একটা কর্তৃত্বীন মনোব্যাপার হইতে যাত্রা আরম্ভ করিয়া, ঐদ্রিষিক দর্শনতম্ভ যদি প্রাকৃত কর্তৃশক্তির ব্যাখ্যা,—স্বেচ্ছাসাপেক স্বাধীন কর্ত্তশক্তির ব্যাখ্যা করিতে না পারে, তাহা হ**হাল আমরা** বলিব যে, ইহা এক প্রকার সপ্রমাণ হইরাছে যে, ঐ দর্শনতম্ভ হইতে প্রকৃত নীতিতৰ :কিছুই পাওয়া যাইতে পারে না; কেন না, নীতি <mark>ৰ</mark>লিলেই তাহার মূলে স্বাধীনতা আছে এইরূপ বুঝায়। **কোন** ৰ্যক্তির উপর আচরণের নিষম চাপাইতে হইলে দেখা আবশ্যক. সেই নিয়ম পালন কিংবা লজ্মন করিবার তাহার সামর্থ্য আছে কি না। কোন কার্য্যের ভাল-মন্দ সেই কার্য্যের উপর নির্ভর করে না পরস্ত যে উদ্দেশে দেই কার্য্য সম্পাদিত হয় তাহার উপরেই নির্ভর করে। স্থবিচারপরায়ণ আদালতের নিকট, অপরাধ উদ্দেশ্যেতেই ৰঠে, এবং সেই উদ্দেশ্যেরই সহিত দণ্ড সংযুক্ত। অতএব যেথানে স্বাধীনতা নাই, যেথানে বাসনা ও প্রবৃত্তি ছাড়া আর কিছুই নাই, সেখানে নীতিতত্ত্বের ছায়াও থাকিতে পারে না। কিন্তু এস**ে কথা**। পাড়িয়া, আমরা ইন্দ্রিয়মূলক নীতিকে একেবারে অপসারিত করিতে চাহি না। ঐক্রিস্বিক নীতির যেটি মূলস্ত্র, সেই মূলস্ত্রটি **আমরা** পরীক্ষা করিয়া দেথাইব যে দে মূলস্থক হইতে ভালমন্দের ধারণা কিংবা তৎসংযুক্ত অন্য কোন নৈতিক ধারণা নিঃস্ত হইতে পাঙ্কে តា រ

ঐ ক্রিয়িক দর্শনের মতে,—উপযোগী কিংবা আবশ্যক ছাড়া মঙ্গল আর কিছুই নহে। মূলস্ত্তের কোন পরিবর্তন না করিয়া, মনো-

জ্ঞের স্থানে গুধ্ উপযোগীকে বদাইরা, ঐক্রিরিকদর্শন অনেকগুলি আপতি খণ্ডন করিবার স্থবিধা পাইরাছে; কেননা, ঐ সম্প্রদার এই কথা সর্বাদাই বলে, স্থবিবেচিত স্থার্থ, আর আপাত-প্রতীয়মান ইতর স্থার্থের মধ্যে একটা পার্থকা আছে; কিন্তু আমরা দেখাইন,—এই মতবাদ, অপেকারত একটু মার্জিত আকার ধারণ করিলেও ভাল-মন্দের পার্থকা অক্ষম রাখিতে পারে নাই।

ষদি উপযোগিতা, কিংবা স্থবিধাই তাল কাঞ্চের একমান্ত মানদঙ হয়, তাহা হইলে কোন কাঞ্চ করিবার সময় সেই কাজে আমার কি লাভ হইতে পারে, শুধু এই বিষয়টির প্রতিই আমার দৃষ্টি রাখিতে হয়।

মনে কর, আমার একজন বন্ধু, বাহাকে আমি নিরপরাধী বিলগ জানি, সে হঠাৎ রাজার, কিংবা গোকের কোপদৃষ্টিতে পতিত হইন— (লোক মতের উৎপীড়ন এক এক সময় রাজার উৎপীড়ন অপেক।ও বেশী); এই অবস্থার আমার বন্ধুর বন্ধুহ রক্ষা করা আমার পক্ষে হয়ত বিপদ-লনক, কিংবা বন্ধুকে পরিত্যাপ করাই আমার পক্ষে লাভজনক। এক দিকে নিশ্চিত বিপদ, আর একদিকে অবার্থ লাভ। স্পট্টই দেখা ঘাইতেছে, এই স্থলে, হয় আমার ওভাগ বন্ধুটিকে পরিত্যাগ করিতে হইবে, নয় সাথের নীতিকে— স্থবিবিচিত সাথের নীতিকে বিশক্ষন করিতে হইবে।

কিন্তু উহার। উত্তরে এই কথা বলিতে পারে, মানব বাংগারের আনিনিততা ভাবিয়া দেখা; ভাবিয়া দেখা ভূমিও একদিন এইজগ্রিপানে পড়িতে পারা; যদি তোমার বধুকে ভূমি এখন প্রিতার্গ কর, তাহা হইলে তোমার বিপংকালেও ভোমার বধু তোমাকে পরিতার করিতে পারেন।

আমি এই উত্তর দিই:—প্রথমত: ভবিষাংটা অনিশ্চিত, বর্ত্ত্বনাই স্থনিশ্চিত। যদি কোন কার্য্যে আমার এথনি নিশ্চিত লাভ হয়, তবে ভাবী বিপদের শুধু সম্ভাবনা মনে করিয়া, বর্ত্তমানের প্রত্যক্ষ লাভকে বিসর্জন করা নিভান্ত অসকত। তা'ছাড়া আমার বিবেচনায়, ভবিষাতের সকল সম্ভাবনাগুলিই আমার অনুকূলে।

লোকমতের কথা আমার নিকট বলিও না। যদি ব্যক্তিগত. সার্থই একমাত্র যুক্তিশঙ্গত নীতিস্থ হয়, তবে লোকমতও আমার, অনুকূলে হওয়া উচিত। যদি লোকমত আমার বিহুদ্ধে হয়, তাহাহইলে উক্ত নীতিস্থের সভ্যভার সহক্ষে উহাই ত একটা আপত্তির
হুখা; কারণ, যে নীতিস্থাটি সভ্য, যাহা ন্যাযারপে মানব-কার্য্যে
প্রযুক্ত হয়, তাহা কেমন করিয়া লোকদাধারণের বিবেকবৃদ্ধির বিহুদ্ধ
হুইবে ১

অন্তাপের আপত্তিও উত্থাপন করিও না। যদি স্থার্থ-নীতি, সত্য হয়, তবে দেই সভ্যের অনুসরণ করিয়া আমার কি কথন অনু-তাপ হইতে পারে? বরং তাহাতে আমি আয়প্রসাদই অনুভব্ধ করিব।

এখন ৰাকী রহিল পারত্রিক দণ্ড-পুরস্কারের কথা। কিন্তু য়ে: দর্শনতন্ত্রে, মানব-জ্ঞান শুধু রূপান্তরিত ইন্দ্রিয়বোধের দীমার মধ্যেই: বন্ধ, দে দশনতন্ত্রে পরলোকের বিখাদ কিরুপে স্থান পাইবে চ

অতএব দেখা যাইতেছে, আমার বন্ধুত্ব রক্ষা করিবার পক্ষে আমার কোন প্রয়োজনই নাই—কোন কার্যপ্রবর্ত্তক হেতৃই নাই। অথচ, সমস্ত মানব-মগুলই এই বন্ধুত্ব রক্ষা করিবার দায়িত্ব আমার হৈছে চাপাইতেছে; আমি যদি ঐ বন্ধুত্ব রক্ষা করিতে না পারি, আমি লোকের নিকট অবমানিত ২ইব। যদি স্থাই আমাদের চরম উদ্দেশ্য হর, ভাহা হইলে ওগ্ কালে ভাল-মল বর্তার না, উহার ভালমল পরিণামে; উহার স্থাজনক, কিংবা হংগজনক পরিণামের উপর ভালমল নির্ভর করে।

কোন এক ৰাজি ব্যাভূমিতে নীত হইতেছে দেখিয়া ফুঁটেনেল্ বলিয়াছিলেন:—"ঐ লোকটার গণনার ভূল হইয়া গিয়াছে।" এই বুক্তি অমুসরণ করিলে এই সিদ্ধান্তে উপনীত হইতে হর—ঐ বাজি ঐ কাজ করিয়াও যদি কোন প্রকারে মৃত্যুদণ্ডকে এড়াইতে পারিত, তাহা হইলে উহার গণনা ঠিকই হইয়াছে বলা যাইতে পারিত, তাহা হইলে তাহার আচরণও প্রশংসনীয় হইত। তবেই গাড়া-ইতেছে, ঘটনা অমুসারেই কোন কাজ ভাল, কিংবা মক; আগদে কোন কাজ ভাল, কিংবা মক নহে।

সততা যদি উপথোগিতা ভিন্ন আর কিছুই না ছন্ন, ভালা ইইলে ফলাফল গণনার প্রতিভাই বিজ্ঞতার পরাকাল।; ভুধু বিজ্ঞতা কেন—উহাই ধন্ম! কিন্তু এই প্রতিভা সকলের আন্বত্তের মধ্যে নহে। প্রতিভার জন্ত-দীর্ঘকালের অভিজ্ঞতা চাই, পর্যবেক্ষণের এমন একটা প্রব শক্তি চাই, যাহাতে করিয়া কার্য্যের সমস্ত ফলাফল এক নজরেই উপলব্ধি ইইতে পারে; এমন সভেক্ষ ও বিশাল মন্তিক থাকা চাই, যাহাতে করিয়া সমস্ত সভাবনা ওলি গণনার মধ্যে আনিখা, তাহা ঠিকমত ওজন করা যাইতে পারে। ক্ষুদ্রবৃদ্ধি কোন অজ্বরুক, ভাল-মন্দের পার্থকা, সং-অসভের পার্থকা বৃদ্ধিতে পারিবে না। মানবব্যাপারদমূহ একপ তম্যাজ্ঞ্জ যে, খুব দ্রদৃষ্টি থাকিশেও, অনপ্রক্তি অভূতপূপ্দ খটনার হাত ইইতে এড়ান ছন্তর! বস্তুত্ত, "প্রবিবেচিত" পার্থের নীতিত্ত্রের মধ্যে, সত্তার শিক্ষার জন্ত, একটা বিরাট্ বিপ্লানশান্তের আবত্তক; কিন্তু সচ্বাত্রর সংকার্য্যের জন্ত একশ

বিজ্ঞানের প্রয়োজন হয় না। এইরূপ সৎকার্য্যের বীজমন্ত :—
"উচিত কাজ ত করি, তার পর যা হ'বার তা' হবে।'' কিন্তু এই
ৰীজমন্ত্রটি, স্বার্থনীতির সম্পূর্ণ বিরুদ্ধ। একমাত্র স্বার্থই যদি যুক্তির
ক্ষন্থমাদিত হয়, তাহা হইলে নিঃস্বার্থপরতা একটা মিগাা কথা,
একটা প্রলাপবাক্য, মানব-প্রকৃতিবিরুদ্ধ একটা অস্বাভাবিক ব্যাপার,
সন্দেহ নাই।

তথাপি সমস্ত মানবমগুলী নিঃস্বার্থপরতার কথা বলিয়া থাকে. এবং নিম্বার্থপরতার অর্থ তাহারা এরূপ বুঝে না ষে,—স্থায়ী স্থথের জন্মই, ধ্রুব স্থাধের জন্মই, কোন স্থুখ হইতে আপনাকে বঞ্চিত করিতে হুইবে। এ কেহ বিধাস করে না যে, কোন উৎক্লষ্ট বিশেষ প্রকা-রের স্থাধের আকাজ্ঞাই নিঃস্বার্থপরতা। যে কোন প্রকার স্বার্থই হউক, স্বার্থ-বিবর্জ্জিত কোন মহৎ উদ্দেশ্রের নিকট স্বার্থকে বলিদান कदार्कर निः वार्थभद्रजा वरन ; प्रमेख मानवमधनी এरेक्रभ ভावरकरे নি:স্বার্থপরতা বলিয়া ভধু বুঝে তাহা নহে, এইরূপ নিস্বার্থ-পরতা মানবদমাজে বাস্তবিকই আছে বলিয়া বিশ্বাদ করে: আরও বিশ্বাস করে যে, এইরূপ নিঃস্বার্থভাবের কাজ করিতে মানব-আত্মা সমর্থ। মহাত্মা Regulus আপনার দেশ পরিত্যাগ করিয়া নিষ্ঠুর শক্রদের দেশে গিয়া স্বেচ্ছাপূর্ব্বক ভীষণ মৃত্যুকে বরণ করিয়া-ছিলেন। তিনি ইচ্ছা করিলে, স্বদেশীয় লোকদের মধ্যে থাকিয়া— আপনার পরিবারের মধ্যে থাকিয়া, বেশ মানমর্য্যাদার সহিত স্থাস্বচ্ছন্দে জীবন যাপন করিতে পারিতেন। ইহার মধ্যে কোন স্বার্থের ভাব দেখা যায় না; তাই লোকে. তাঁর এই আস্থোৎসর্গের জন্ম তাঁহাকে এত ভক্তি করে।

ক্তি কেহ কেহ বলিবেন, তা' কেন-প্রচণ্ড ঘশো-লিপ্সাই

ত্বে গুলাগুকৈ ঐকপ কান্ধে উত্তেজিত করিয়ছিল; অতএব ঐ পুরাতন বোমকের কান্ধে যাহা বীরত্ব বলিয়া আপাতত প্রতীন্ধমান হয়, তাহা আগনে এক প্রকার স্বার্থপরতা। যদি দনে কর, ঐরপ ভাবের স্বার্থপুরি যার-পর নাই অগলত ও হাস্তজনক — যদি মনে কর, বীরেয়া নিতান্ধই স্বার্থপর এবং তাহাদের এই স্বার্থপরতা অবিবেচনামূলক, ও ফলাকল-জ্ঞানশুল, তাহা হইলে Regulus-এর, Assas কিংবা Saint Vincent De Paul-এর প্রস্তুক্ত প্রতিমা নির্মাণ না করিয়া উহানিগকে বাতুলাশ্রমে পাঠানোই শ্রের! সেধানকার কঠোর নিয়মের মধ্যে থাকিলে, উহাদের উদারতা, বলানাতা, মহামূত্বতা প্রভৃতি সম্বস্তুর্বার মার্বার প্রকৃতিত্ব হইবে; — উহারা শেই সব লোকের মত হুইবে, যাহারা অধু আপনার কথাই ভাবে, যাহারা স্বার্থ ছাড়া আর কোন নাতি বুকেনা!

যদি নিজের কোন বাধীনতা না থাকে, ভাগ-মন্দের বধা যদি
শক্ষণত কোনো পার্থকা না থাকে, বার্থই যদি শামাদের জীবনের
শক্ষেদ্রাইয়, ভাহা হইলে আমাদের অবশ্য-কর্ত্তবা বলিয়া কিছুই
থাকে না।

প্রথমত: স্পষ্টই দেখা ঘাইতেছে, কর্জবাতা বলিলেই বৃথায়—
প্রথমন কোন বলৈ আছে যে কর্জবা সাধনে সমর্থ; স্বাধীন জীব
ছাড়া কর্জবা-শন্দ আর কাছারও স্বন্ধে প্রয়োগ করা ঘাইতে পারে
আ। তাহার পর, কর্জবাতার প্রকৃতিই এইরুপ, যদি আমাদের
কর্জবাকার্যো ক্রটি হর,—আমরা আপনাকে অপরাধী বলিয়া অপ্রভব করি; পক্ষান্তরে, যদি আমাদের স্বার্থ ঠিকুনা বুধি—গবি
ভূপ করিয়া বুধি,—তাহার ক্ষপ ৪ছু এই মান্ত হয়—আমরা জ্মশাগ্রন্থ

ছই। তবে কি, গ্ৰহণাগ্ৰস্ত হওয়া, ত অপরাধী হওয়া একই জিনিস । এই ছইটি ধারণা মূলতঃ বিভিন্ন। তৃমি আমাকে পরামর্শজনে বলিতে পার "তোমার আর্থ যদি তৃমি ঠিক না বোঝো, তাছা হইলে তৃমি গ্র্পণাগ্রস্থ হইবে; কিন্তু তৃমি এরপ উপদেশ দিতে পার না—"তোমার আর্থ ঠিক না বৃথিলে তৃমি অপরাধী হইবে।"

অপরিণামনর্শিতাকে কেই কখন অপরাধ বলিয়া বিবেচনা করে না। নৈতিক হিদাবে যথন উহার কেই দোষ দেয়, তখন হন্দ এই কথা বলে, উহাতে মনের হর্মনতা প্রকাশ পায়, চিত্তচাঞ্চল্য প্রকাশ পায়, ধৃঠতা প্রকাশ পায়।

অতএব, প্রকৃত স্বার্থ নির্ণয় করা অনেক সমর অতীব ছক্ষ ; কিন্তু যাহা অবশ্য-কর্ত্তবা, তাহা সকল সমনেই প্রত্যক্ষ ও স্থাপার । প্রবৃদ্ধি ও বাসনা উহার সহিত যতই যুদ্ধ কর্ক না কেন, মিখা-যুক্তি যতই কৃতর্ক আত্মক না কেন, বিবেকবৃদ্ধির স্বাভাবিক সংস্কার, অন্তর্মায়ার গৃছ বাণী, স্বতঃকৃ্ত্ত প্রজ্ঞার উপদেশ— প্রী সমন্ত কৃত্তর্ক্ত্তালকে বিদ্বিত করিয়া, কর্ত্তবাতাকে প্রকাশ করে।

বার্থের উত্তেজনা বতই প্রবল হউক না কেন,—উহার প্রতিধান করা বাইতে পারে—উহার সহিত একটা বোঝাণড়া করা বাইতে পারে।—অসংখ্য প্রকারে স্থবী হওয়৷ বাইতে পারে। তুমি জামাকে নিশ্চর করিরা বনিতেছ, এইরূপ পছা অবলঘন করিলে জামি ধননালী হইব। তাছা সত্য; কিন্তু জামি ধন-ঐর্থ্য অপেকা লাভি ভালবাদি। ওপু স্থবের হিসাবে দেখিতে গেলে, আলসা অপেকা কর্মচেটা যে প্রেষ্ঠ, তাহা বলা বার না। কাহাকেও বার্থদক্ষে উপদেশ দেওয়৷ যেমন কঠিন, এমন আরু কিছুই না;— পক্ষান্তরে সত্তা সহদ্ধে উপদেশ দেওয়া ব্যবহা বৃত্তই মহজ।

यारे वन ना रकन, व्यवस्थार, डेशरपांशिका, कार्याक: मरना-জ্ঞতাতেই পরিণত হইতেছে, অর্থাৎ স্থথেচ্ছাতেই পরিণত হইতেছে। এখন, প্রথের কথা যদি ধর,—উহা মনের ক্ষণিক ভাবের উপর, লোকবিশেষের প্রকৃতির উপর নির্ভর করে। যদি ভালমন্দের মধ্যে স্বরূপত: কোন প্রভেদ না থাকে, তবে উচ্চতর স্থপ ও নিমতর স্থপ বলিয়া স্থাপ্তর মধ্যেও কোন ভারতমা থাকিতে পারে না: এমন কোন স্থাপর সামগ্রী নাই, যাহা আমাদিগকে অল-বিস্তর স্থা না करतः। आमारमत व्याखारकत अकृष्टिहे এहेक्सना धडेकनाहे चार्थ-বৃদ্ধি এরপ খামথেয়ানী। বেটা যা'র ভাগ লাগে, তাই তা'র স্বার্থ; **क्न मा.** एको या'त्र छान नारग, छ।'त विरव5माय प्रहेकिंहे छ।'त श्वार्थ दिनद्रा मत्न इत्र । এकज्ञन हेस्पिय-ऋत्थ (देनी मुद्ध इत्र, स्वाद একজন মনের স্থান-জন্তের স্থাধ্য বেশী মুগ্ধ হয়। ইঞ্জিয়-স্থাধর স্থানে ধশঃস্পৃহা আদিয়া কাহারও চিত্ত অধিকার করে; কাহারও निक्रे अञ्चलका, रमः न्यूरा जालका (अर्थ रनिहा मान रहा। প্রভাক ব্যক্তিই একএকটা বিশেষ প্রকৃতির অধীন : মত এব প্রত্যেকেই একটা বিশেষ ধরণে আপনার স্বার্থ বৃদ্ধিয়া গাকে; ভা हाजा. आमात्र आिककात्र (र चार्थ, जाहा कानिकाद चार्थ मा हहेए उ भारत ।

স্বাস্থ্যের তারতম্যে, ব্যসের প্রভাবে, ঘটনার পরিবর্তনে, আমা-দের কচি ও মেলাজেরও অনেক পরিবর্তন হয়। আমরা ক্রমাগত পরিবর্ত্তিত হইতেছি, এবং সেই সলে আমাদের বাসনা ও স্বার্থও পরিবর্ত্তিত হইতেছে।

কিন্তু কঠাবোর অবশাতা সম্বন্ধে এক্লপ বলা যায় না। অবশা-কঠবা বলিলে, এমন একটা কিছু বুঝায়, যাহার নড্ডড্ ইই^{তে}

भारत ना। कर्छारवात्र वसन कान वाभरनरमहे मिथिन हत्र ना. व्यतः प्रकलात प्राक्ति प्रमान वनवः। हेरा व्ययन वक्षे सिनिय, যাহার নিকটে, আমার মনের ধেয়াল, আমার কল্পনা, আমার স্ক্র-বোধণীলতা, সমস্তই অন্তর্হিত হইবার কথা; ইহা এক প্রকার মঙ্গল-ভাব, যাহার সহিত বাধ্যতার ভাব জড়িত। আমার মেজাজ ধে প্রকার হোক না কেন, আমার অবস্থা যাহাই হোক না কেন, যে কোন বাধাই থাক না কেন, কর্তবোর আদেশ আমি পালন করিতে बाधा। इंशांत्र निकंठ देनिशिना हतन ना, आप्शारम दाबाभणा हतन না, ওজর-আপত্তি থাটেনা। তোনার প্রতিই হউক, আমার প্রতিই হউক্ যে কোন স্থানে হউক্, যে কোন অবস্থায় হউকা আমাদের মনের ভাব বে-রকমই হউক,—কর্ত্তব্যের আদেশ হইবা-মাত্রই তাহা পালন করিতে হইবে। কর্তব্যের আনেশ আমরা না মানিতেও পারি, কেন না আমরা স্বাধীন; কিন্তু এই আদেশ লজ্যন করিবামাত্রই আমাদের মনে হইবে, আমরা দোধ করিতেছি আমরা আমাদের স্বাধীনতার অপবাবহার করিতেছি. এবং ভাহার দুগুরুরূপ তথনই আমাদের মনে অমুতাপ উপস্থিত হইবে।

শ্বার্থের উপদেশ, বিষয়বৃদ্ধির উপদেশ শুনিলে আমরা সৌভাগ লাভ করিতে পারি, না শুনিলে ছুর্ভাগাগ্রস্ত হইতে পারি। এখন আমি জিজ্ঞাসা করি, আমি কি স্থানী হইতে বাধা ? যে জিনিস, ছুর্লভ, যাহা আমি ইচ্ছা করিলেই পাই না, সেই স্থানৌভাগ্যের সহিত কি বাধ্যতা সংযুক্ত হইতে পারে ? যদি আমি কোন বিষয়ে বাধ্য হই, তবে যে বিষয়ে আমি বাধ্য, তাহা করিবার শক্তিও আমার থাকা চাই; কিন্তু স্থানৌভাগ্যের উপর স্বাধীনতার বড় একটা হাত নাই; কেননা, স্থানৌভাগ্য এমন অসংখা জিনিসের উপর নির্ভর করে, যাহা আমার আর্রের বাহিরে; কিন্তু ধর্ম্বোন পার্জ্ঞন সমস্কে সে কথা বলা বার না। ধর্মোপার্জ্ঞনে আমাদের বাধীনতা আছে। নীতিতক্ষের হিসাবে—সৌতারা, দুর্ভাগা অপেক্ষা উৎকৃষ্টও নহে, নিরুইও নহে। বদি আমার বার্থ আমি ঠিক ব্বিতে না পারি, তাহার দওস্বরূপ আমি হংগহর্জনা তোগ করিব। কিন্তু অনুতাপ অনুতব করিব না। বে হংগ-দুর্জনা তথু বৈব্যিক, বাহা কোম মানসিক পাপের কল নহে, তাহা আমাকে অভিতৃত করিতে পারে. কিন্তু তাহা আমার কীনতা ঘটাইতে পারে না।

আমরা প্রাতন টোবিক ধর্ম পুন: প্রতিষ্ঠিত করিতে চাছিতেছি
না। আমরা চংগের প্রতি এই কথা বলি না:—"ছংগ! তুমি
অমকল নও"। আমরা বরং বলি, যত দ্র পার, দুংগের হাত হইতে
এড়াইতে চেটা কর, আপনার সার্থ ভাল করিয়া বৃথিয়া দেব, ছংগ
বর্জন কর, স্থা অংঘবদ কর। আমরা দুরদৃষ্টি ও পরিণামদলিওর
গ্রই পক্ষপাতী। আমরা ওধু এইটি প্রতিপন্ন করিতে চাই বে,—
মথ এক জিনিস, ধর্ম আর এক জিনিস; ম্বথের স্পৃহা মাধ্যের
সাতাবিক হইলেও কর্মবার রাধাতা ওধু ধর্মেরই সহিত জড়িত;
মতরাং আমাদের সার্থের পাশাপালি একটা ধর্মনীতির নিয়ম রচিন
রাছে। ইহার অভিদ্য সম্বন্ধে আমাদের অন্তর্থায়া সাক্ষা দেব, সমন্ত্র
মানব মণ্ডলী ইহার অভিন্ধ বীকার করে। এই ধর্মনীতির অন্তর্ণাদন অকাটা, উহা গত্যন করিবে আমার অধর্ম হন, আমার কন্ধা
বাধ হন।

কৰ্তবা-বৃদ্ধির জার অধিকার-বৃদ্ধি স্থপ্তেও, ত্বার্থনীতি কোন সাযোগ-জনক হিসাব দিতে পারে না। কেন না, কণ্ডব্য ও অধি-কার —গরস্পরের সহিত অঞ্জাত। শক্তি ও অধিকারকে একজ মিশাইয়া কেলিলে চলিবে না।
কোন সন্তা ঝটিকার স্তায়, বজ্জের স্তায়, কিংবা অস্ত কোন প্রাকৃতিক
শক্তির স্তায় শক্তিমান্ হইতে পারে; কিন্তু যদি তাহার স্বাধীনতা
না থাকে, তবে সে একটা ভীষণ জিনিস মাত্র, ব্যক্তি নহে:—উহা
জনাধিক পরিমাণে জামাদের ভয় ও আশার উদ্রেক করিতে পারে;
কিন্তু সে আমাদের ভক্তির অধিকারী নহে; তাহার প্রতি জামাদের
কোন কর্ত্তবা নাই।

কর্ত্তব্য-বৃদ্ধি ও অধিকার বৃদ্ধি—ইহারা ছই ভাই। সানীনতাই উহাদের সাধারণ জননী। একই দিনে উহাদের জন্ম, একদঙ্গে উহাদের সরি, এক সঙ্গে উহাদের মরণ। এমন কি, এরূপও বলা যাইতে পারে, অন্তের প্রতি কর্ত্তব্য ও আমার নিজের অধিকার একই জিনিস,—কেবল উহাদের মূব, ছই বিভিন্ন দিকে। আমি বদি তোমার নিকট হইতে ভক্তিলাভের অধিকারী হই—প্রকারান্তরে কি এই কথাই বলা হইতেছে না যে, আমার প্রতি ভক্তি প্রদর্শন করা তোমারকর্ত্তব্য, কেননা, আমি এক জন স্বানীন বাক্তি? কিন্তু ছিবি একজন স্বাধীন বাক্তি; অতএব আমার অধিকারের ও তোমার কর্তব্যের ভিত্তি একই ভিত্তি হইয়া গাড়াইতেছে।

একমাত্র স্থাধীনতার সম্বন্ধেই সকল মহুদ্য সমান, আর সকল বিবরেই মাহুবের মধ্যে বৈচিত্র্য লক্ষিত হয়। যেমন বৃক্ষের ছুইটি পত্র সমান নহে, সেইরপ কি শরীর, কি ইক্সিয়াদি, কি মন, কি হুদর,—এই সকল বিষয়ে কোন ছুইটি মহুদ্য সম্পূর্ণরূপে সমান নহে। কিন্তু এক ব্যক্তির ইচ্ছার স্থাধীনতার সহিত জ্বন্য ব্যক্তির ইচ্ছার স্থাধীনতার যে কোন পার্থাক্য আছে—এ কথা মনে ধারণা ক্রাও যায় না। হয় আমি স্থাধীন, নয় আমি স্থাধীন নই। যদি আমি স্বাধীন হই, স্বামি তোমারই মতন সমান স্বাধীন, এবং তুমিও স্বামারই মতন সমান স্বাধীন। উহার কিছুমাত্র কম বেশী নহে।

এই স্বাধীনতার অধিকার সত্তেই এক ব্যক্তি অন্ত ব্যক্তির সহিত সমান নীতিমান। স্বাধীনতার প্রতিহাত্মি যে ইচ্ছা, তাহা স্কল মানুষের মধ্যেই সমান। এই ইচ্চার সাধনপক্ষে—কি ভৌতিক কি আধান্ত্রিক-এরূপ বিভিন্ন উপায় থাকিতে পারে, এরূপ বিভিন্ন শক্তি পাকিতে পারে—যাহা অসমান: কিন্তু যে সকল শক্তির সাহায্য লইয়া ইজা কাজ করে, সে দকল শক্তি স্বয়ং ইজা নতে: কেন না, সে সকল শক্তি ইচ্ছার সম্পূর্ণ আয়ন্তাধান নহে। একমাত্র ইচ্ছার শক্তিই यार्थान मुक्ति, उत्रः यक्षण्ठः यारीन्डाहे हेकात्र धर्षः। हेका एति कान निवय भारत. o एम निवय--- अट्टाब-भणक किंग्बा हेस्टिटन উত্তেজনা-মণক নিয়ম নহে:—দে নিয়ম মান্সিক নিয়ম,—ব্যুমন यान करा. ऋष धार्यात निष्म : यानामत स्वर्धान होका. এहे निष्मितिक मान. जुबर दम्हे भट्ट हैशा छान दर, जुहे निरम्हे भारत. कि तो অভ্যন করে। জাবৈ সাধায়ের। ইতাই সাধীনখার আদৰ্শ এবং সেই সাধ প্রকৃত সামোরও আনর্শ: অন্ত আনূর্ণ একটা অনীক কথা মার। এ কগা मठा नहरू (य. मयान धनवान , भयान विषयान ও भयान एकत्र इहेराव অধিকার—এক কথায়, সমান্ত্রপে স্তথভোগ করিবার অধিকার, সুখী হুটবার অধিকার সকলেরই আছে: কেন না, স্থপ-দৌচাগা, কিংবা ধন ট্রন্থর্যা অর্জন করিবার উপযোগিতা সম্বন্ধে, বিভিন্ন লোকের শক্তি সামর্থা ও প্রকৃতির মধ্যে বছল তার্ডমা লক্ষিত হয়। ঈশ্র, সক্র विश्वप्रदे अभूमान निक-विनिष्ठे कविष्ठा आभागिश्यक रुष्ठि कविष्ठार्थन । এছলে, সমতা প্রাকৃতির বিকল্প---জগতের চিরগুন পুন্ধলার বিক্র যেক্স দৌগামক্সা ও একতা--- সেইক্স বৈষমা ও বিচিত্ৰতাও স্টির

নিয়ম। এইরূপ আতান্তিক সমতার কল্পনা করা নিতান্তই বাতৃণতা। याशान्त्र क्रम्य ७ मन প্রকৃতিত নছে, याशात्रा আত্মন্তরী, याशात्रा অত্যাকাজ্র্যা,-মিথা সাম্য, তাহাদেরই আরাধ্য পুত্রী। প্রকৃত সামা, ঈশররত সমস্ত বাহা অসমতার অন্তিত স্বীকার করিতে লজ্জাবোধ করে না.—দে সকল সমতা অপনীত করা মানুষের পক্ষে অসাধ্য। গর্ব্ধ ও ঈর্যার প্রচণ্ড চন্চেষ্টার সহিত সংগ্রাম করা— উদার স্বাধীনতার আবশুক হয় না। কেন না, প্রকৃত স্বাধীনতা প্রভূষের আকাজ্জী নহে, এবং স্কথ-দৌভাগ্য, রূপ-লাবণ্য, বিদ্যা-বৃদ্ধি সম্বন্ধে কাল্লনিক সমতা লাভেরও প্রত্যাশী নহে। তা'ছাড়া, এইরূপ সমতা মামুষের পক্ষে সম্ভব হইলেও, প্রকৃত স্বাধীনতার চক্ষে উহার মূলা যৎ-সামান্ত; প্রকৃত স্বাধীনতা এমন কিছু চাহে--্যাহা সুথ অপেকা, দৌভাগা অপেকা, পদম্যাদা অপেকা বড়-তাহ! भुषानमा-वृक्ति : याश किছू लहेश मासूरवत वाक्तिय, त्महे वाकिएवत পবিত্র অধিকারের প্রতিই স্বাধীনতা সম্মান প্রদর্শন করিতে চাহে: কেন না, কোন বাজির বাজিওই তাহার প্রস্তুত মনুযুত্ব। স্বাধীনতা ও দেই সঙ্গে সামা,—ইহা ভিন্ন আর সে কিছুই চাহে না, কিছুরই দাবী করে না। সম্মাননাও ভক্তিকে যেন আমরা একসামিল করিয়া না ফেলি। প্রতিভাও থৌন্দর্যোর চরণেই আমরা ভক্তি-অঞ্চলি প্রদান করি। আমি কেবল মনুয়াত্তকেই সন্মান করি; অর্থাৎ স্বাধীন-প্রক্রজি মন্ত্র্যামাত্রকেই সম্মান করি; কেন না, মাতুষের মধ্যে যাহা কিছু স্বাধীন নহে, তাহার সহিত মহুয়াজের কোন সম্পর্ক নাই, তাহা মত্ন্যত্বের বিপরীত ধর্ম। অতএব ধাহা কিছু মনুষ্যের মনুষ্যক বিধান করে, ঠিক সেই বিষয়েই মানুষ মানুষের সমান। প্রকৃত সাম্যু, এমন জিনিদের প্রতি সন্মান করিতে বলে, যাহা আমাদের প্রত্যেকের मरवारे विश्वमान : कि युवा कि वृक्ष, कि कुश्मिछ कि स्नेसन्न कि वनी কি দরিদ্র, কি প্রতিভাশালী খাজি, কি সাধারণ মমুখা, কি স্ত্রী, কি পুরুষ—বে-কেই আপনাকে জিনিস বলিয়া জানে না-পরন্ধ বাজি বলিরা জানে.--প্রকৃত সামা তাহাকেই সন্ধান করিতে আলেশ করে। সাধারণ স্বাধানভার প্রতি সমান সন্থান প্রদর্শন—ইছা, কি কর্ত্তবা-বৃদ্ধি কি অধিকার-বৃদ্ধি উভরেরই নিয়ম: ইহা প্রভাকেরই ধর্ম ও नक (बबरे निवालन आयव जान: मनुवाशत्वव मत्या हेटाई आयु-संगाना, ९ ध्वा-मार्थ हेश्हे नाक्षिकाल विवासमान : अहे विवास একটা আন্দর্যা ঐকামত দেখিতে পা ওয়া যায়। এই মহান্ ও পবিত্র স্বাধীনতার উদ্দেশ্যে আমানের প্রস্তপুক্ষদের সদয়, সমস্ত ধর্মপ্রাণ ও জ্ঞানী ব্যক্তিদের সদয় মন্ত্রের প্রকৃত হিতকামী ব্যক্তিদিরের জনত এক সময়ে বিজ্ঞানিত হইরাভিল। প্রেটোর উচ্চ কল্লনা হইকে আবেঘ করিলা, মনাট্যকার সারধান চিত্রা সমল পর্যার, গ্রীসের ক্ষান্তম লগরের উদার বাবভাবলী চইতে আরম্ভ করিছা ফরাদী বিপ্লবের অবিনাহর "মন্তব্যের অধিকার" ছোমণা পর্যান্ত-মগ্যগান্তরকালের यथा विशा,--- अक्रुष्ठ वर्गनाञ्च अहे सावर्गक्र हित्रकान सञ्ज्या কবিয়া আসিহাছে।

ইুন্দ্রিরবাধের দর্শনলাস্থ্র যে মূলতত্ত্ব হইতে বাজা আরম্ভ করিরাছে, তাহার পরিণাম ধেমন অনিউজনক, স্বাধীনভার মূণভত্ত্বর
পরিণাম তেমনই হিতকর। ইচ্ছা ও বাসনাকে এক-সামিল করিয়া
ক্ষেলিয়া, উক্ত দর্শনভন্ন প্রকারাক্তরে—ডিক্ ঘেটি স্বাধীনভার বিপরীত
সেই উদ্যাম প্রস্তির সমর্থন করিয়াছে; ঐ দর্শনলাস্ত্র, সমস্ত বাসনা
ও সমস্ত প্রস্তির বহন-শৃত্তাল বুলিয়া দিয়াছে; কয়না হইতে, ভ্রম্ব
ইইতে, রাশরক্ষ্ উঠাইয়া লইয়াছে; ইহারই নিক্ষা প্রভাবে, মান্ত্র

অতিবেশীর প্রতি ঈর্ব্যা ও অবজ্ঞার দৃষ্টি নিঃক্ষেপ করিতেছে, জন-দমালকে অরাজকতার দিকে, কিংবা অত্যাচার-উৎপীড়নের দিকে ক্রমাগত ঠেলিয়া লইয়া ঘাইতেছে। বস্তুত:, বাসনা জ্লাইবার পর, वार्थ-तृषि आमानिशतक काशाब नहेबा यात्र १ अवना, मन्त्राबा स्थी हरे, रेहारे जामात्मत मत्नत तामना। छाहात शत, चार्थवृद्धि আনিয়া বলে, যে কোন উপায়েই হউক, স্থপী হইবার চেষ্টা করিতে হইবে: যদি আমি মাতুষের মধো সর্মপ্রধান হইলা জন্মগ্রহণ করিলা थाकि. यनि श्वामि नर्वार्यका धनी, नर्वार्यका क्रथान नर्वारयका শক্তিমানু হইলা থাকি, তাহা হইলে উহার ঘারা আমার যে স্বিধা इरेब्राइ, ठारा मर्स्य थाइ दका कदिए इरेटा। यनि अन्हेक्ट्स আমি নির্প্রেণীতে জনমগ্রহণ করিয়া থাকি, যদি আমার তেমন স্রখ-দম্পদ না থাকে, যদি আমার কোন বিষয়ে তেমন কোন স্বাভাবিক যোগাতানা থাকে, অথ্য যদি আমার বাসনা ও আকাজকা অসীম হয়—(কেন না, বাগনার অন্ত নাই) তথন আমি আপনাকে চর্ভাগ্য-।।ন মনে করিয়া আমার সংসারিক অবতাকে পরিবর্ত্তন করিবার চেষ্ট্রা চরি, তথন আমার মনে নানা প্রকার কল্পনার স্বপ্ন জাগিলা উঠে; मामि ठारे, ममल मः मात्र अनिष्मान हे रहेशा यात्र ; तूथा गर्स अ फेका-চাক্রণ আমাকে উত্তেজিত করিয়া তোলে; অবশ্য আমি প্রচণ্ড াষ্ট্রনৈতিক বিপ্লব চাহি না; কেন না, তাহা আমার স্বার্থের অফু-ान नरह। यत्न कत्र, ष्यत्नव (bष्टी कतित्रा खत्रतार्थ खासि सूच-দীভাগ্য ও খ্যাতি প্রতিপত্তি অর্জন করিনাম। পূর্বে স্বার্থবৃদ্ধি ামন আমাকে নানাবিধ চেষ্টা-আন্দোলনে প্রবৃত্ত করিয়াছিল, এক্ষণে াবার বাহাতে আমি নিরাপদে থাকিতে পারি, আমার স্বার্থবৃদ্ধি ाशहे চাহিতে गांत्रिन। এकर्ण नितानम इहेवात आकाष्ट्रा,---

আমাকে অরাজকতার পক হইতে সুশাসনের পক্ষে আনরন করিল; অবশা, আমি সুশুঝালা ও সুশাসনের পক্ষ বে অবলয়ন করি,—নে ওধু আমার বার্থের অনুকৃষ বলিয়াই; এই বার্থ বৃদ্ধির কথাতেই—আমার সাধ্য হইলে—আমি অতাচারী প্রভূ হইতেও পারি, কোম অতাচারী প্রভূর স্থালিকারবিভূবিত লাগ হইতেও পারি। অরাজকতাও অতাচার, বাধীনতা-পথের এই যে ছই মহাবিষ, উহার প্রভিরোধর এক মাত্র ছগাঁ—স্বহাবিকারের বিশ্বজনীন ভাব;—উহা ভাল মন্দের প্রভেদের উপর, নাায় ও উপযোগিতার প্রভেদের উপর, হিতকারিতাও মনোহারিতার প্রভেদের উপর, ধর্ম ও বার্থের প্রভেদের উপর, ইচ্ছাও বাসনার প্রভেদের উপর, এবং ইন্দ্রিয়-বোধ অব্যার-চৈতনোর প্রভেদের উপর, কুলেপ প্রভিতিত।

স্বাথনীতিবাদের স্মার একট পরিবাম এইবানে নিজেশ করিব।

কোন অধীন জীব,—যে, ভাষের নিষম প্রাপ্ত হইগছে, বে জানে,—দেই নিষম সে পালন করিতেও পারে, গুজন করিতেও পারে —এইরপ ভানিগা-বুজিয়াও সে যদি সেই নিষম গুজন করিতে প্রবৃত্ত হয়, তথন সে হংও ভানে যে, ঐ নিষম গুজন করিতে প্রবৃত্ত হয়, তথন সে হংও ভানে যে, ঐ নিষম গুজন করিবার জ্ঞান সে মওনীর ফলাফ্ল-গ্রনা হইতে উহা গুইছি নহে; বরং বাবভাগকের। গুরুর আভাবিক ধারণার উপরেই নিজর করিয়া থাকেন। আধীনতা ও ভাষের সঙ্গেই এই ধারণার খনিই যোগ; স্তরাং যেথানে আধীনতা ও ভাষের অসন্তাব, সেধানে মওসম্ভীর ধারণারও অসভাব। যে বাজি স্থেবর আকর্ষণে আজ্ঞী হইয়া, তথু পার্থের প্রধাননার বশ্বতী

হর, অপচ যদি দেই দক্ষে অন্ততঃ স্থায়ের বাহ্য নিরম সে রক্ষা করিরা চলে, তাহা হইলে, তাহার ঐরপ কাজকে কি প্রশংসা করা বাইডে পারে १ — কখনই না। ঐ কাজকে তাহার অন্তরাত্রা কখনই ভাল ৰণিবে না: সেই কাজের জনা সে কাহারও ধন্যবাদের পাত হইৰে না, প্রস্কারের পাত্রও হইবে না :--কেন না, ঐ কাজ করিবার সময় দে ৩ ধু আপনার কথাই ভাবিরাছিল। তা'ছাড়া, আয়দেবা করিতে গিয়া সে যদি পরের অনিষ্ট করিয়া থাকে, এবং তজ্জনা সে যদি আাশনাকে অপরাধী বলিয়া মনে নাকরে, তাহা হইলে সে বে দভাই, একথা দে নিজেও বলিতে পারে না, অন্য কেইও বলিতে পারে না ৷ কোন স্বাধীন জীব.—বে আপনার ইচ্ছা-অফুরারে কাজ করে, দে একটা নিয়মের অধীন। দে নিয়ম দে পালন করিতেও পারে, ना 9 পারে। এই রপ জীবই ও । সাপনার কাজের জনা দারী: কিন্তু এই স্বাধীনতা ও ন্যার-বোধের অসম্ভাবে, তাহার দারিত কো-পার গ যেমন কোন পাথর,মাধ্যাকর্ষণের নিয়মে পৃথিবীর কেন্দ্রের দিকেই নীত হয়, যেমন চুম্বক-শ্লাকা উত্তরাভিমুখেই মুখ ফিরাইয়া থাকে. সেইরূপ প্রবৃত্তির বশবর্তী ইক্রিয়পরায়ণ লোক, স্বার্থের নিয়মে, ওছু আবাস্থের দিকেই ধাবিত হয়। স্বার্থের অনুসরণে, মানুষ যথন বিপথগামী হয়, তখন উপায় কি ? তখন অবশ্য তাহাকে ভাল পথে ফিরাইরা আনা আবশাক। কিন্তু তথন আর কোন উপান্ধ অবলম্বন না করিয়া, তাহাকে শান্তি দেওয়া হয়। শান্তি দেওয়া হয় কেন !—না, সে ভুল করিয়াছে বলিয়া; কিন্তু ভ্রান্ত ব্যক্তি অপরামর্শেরই পাত্র-দভের পাত্র নহে। স্বার্থতভামুদারে, দ্ও-প্রকার ধর্মনীতির উপর প্রতিষ্ঠিত নহে; ব্যক্তিগত হিসাবে সম্য-ব্দের আত্মরকণই দখের উদ্দেশ্য; একটা হিতকর ভীতি উৎপাদ্ধ

क्तिवात बनारे पृष्ठीखबत्रण मध मध्या रहेता थाक । এरे उत्मनाहि कान-विन डेहाएक टकवन এই कथांकि त्यांत्र कवित्रा मिल्या द्व त्व, **এहे मेख चांनाल आया. এहे मेख चानदार पदरे आया कत, कांन** একটা অপকর্ম করাতেই এই দও বৈধরণে প্রবৃক্ত হইরাছে। এই कथां है जिहे हो नहेल, अजाज जिल्लाह श्रामाण विनहे है इ. जबन উহা নীতিবিবৃহিত হট্যা কেবল পাশ্ব বলেতেই পর্যাবসিত হয়। তখন আর অপরাধীকে অপরাধী মন্তবোর লার দও দেওয়া হয় না: বে সকল প্র আমাদের কোন কাজে না আসির৷ আমাদের অনিষ্ট করে, তথন সেই সকল পশুর ন্যায় তাহাকে আঘাত, কিংবা হতা। করা হয়। তথন দেই অপরাধী, নাাগ্র-দত্তের নিকট আপন। হইতেই নতলির হয় না---নতলির হয়, কেবল লৌহ বেডীর ভারে, কিংবা প্রজ্যের আঘাতে। সেরপ দত্তের কোন বৈধ সার্থকতা নাই, সে ৮ও व्यवदास्त्र आ । कि व नाह :- हेश म्बल्य मुख नाह, गाशाक व्यवदारी ছও বলিব। বৃথিতে পারে,—বৃথিতে পারে যে, এই দও নিয়মগত্য-নেরই উচিত ক্র। ভাহার নিকট এই মণ্ড, অনিবার্থা প্রচণ্ড এটি কার মত: --এই দণ্ড বজের মত তাহার মাধার উপর আদির) পতে. ভাষার শক্তি অপেক। এই শক্তি অধিক প্রবল বলিয়াই দে ভাষার আঘাতে ধরাশায়ী হর। রাজনপ্রের প্রকাশা আডম্বর অবশা লোকের क्यनाव উপর काल करत ; किन्द 'উहा शास्त्र खानरक 'উরোধিত করে না, কিংবা গোকের বিবেক-বৃদ্ধি হইতে সার পার না। উরপ ষ্ঠ উহানিগ্ৰে ভীত করিয়া তোলে,—কিন্তু প্রশাস্ত করিতে পারে मा। वार्थनी डिव्र প्रवहाव ६ क्वन क्वों चाकर्रन-क्वन क्वो প্রলোভন মাত্র। এই পুরস্কারের মধ্যে কোন ধর্মনীভির ভাব मारे-चाममात छुविधा इहेरव विनदाहे लाएक अहेन्नम भूतकारवर প্রার্থী হর। এইরূপে, ধর্মের ফল স্থা, ও পাপের প্রার্থিক তাই যে দণ্ড-পুরস্কারের পারমার্থিক ও লোকিক ভিত্তি, এই মহতী ভিত্তিটি বিনাই হয়।

অতএব, আমরা নির্ভরে এই দিছাত্তে উপনীত হইতে পারি:—
স্বার্থবাদ, প্রতাক্ষ-তথ্য-সম্হের বিরোধী, বিশ্বমানবের যাহা প্রশবিশ্বাদ—দেই দকল প্রশ্ব-বিশ্বাদের বিরোধী। ইহলোক অপেক্ষা
পরণোকে ন্যায়ের নিয়ম অবিকতর বাস্তবতার পরিণত হইবে—
এই যে পারলোকিক আশা, ইহার সহিতও স্বার্থবাদের মিল
হয় না।

বিশ্বলগতের ও বিখমানবের একজন স্রান্তান সম্বন্ধ কার আছেন,—ঐস্ত্রিকি দর্শন এই সিদ্ধান্তে উপনীত হইতে পারে কিনা, সে বিষয়ের অস্প্রদানে আমরা প্রসূত্র হইব না। আমাদের প্রব-বিশ্বাস, ঐস্থিকি দর্শন ঐরূপ সিদ্ধান্তে উপনীত হইতে পারে না; কেন না, ইস্রিয়-বোধ, মানব-মনের যে সকল রুত্তির ব্যাখ্যা করিতে অসমর্থ, সেই সব রুত্তি হইতেই ঈখরের অন্তিত্ব সপ্রমাণ হয়; তাহার দৃষ্টান্ত,—কারণের সার্প্রভৌমিক ও অবশান্তাবী মূলতন্ব,—যাহার অবিদ্যমানে, কোন কিছুরই কারণ অসুসন্ধানে আমরা প্রয়োজন অমুভব করি না, কিংবা অসুসন্ধান করিতে সমর্থ হই না। আমরা এক্ষণে শুধু এই কথা প্রতিপাদন করিতে চাই যে, মানুষের মনি বাত্তবিকই কোন নৈতিক শুণ না থাকে, তাহা হইলে সেই সকল শুণ ঈশ্বরের প্রতি আরোণ করার মানুষের কোন অধিকার থাকে না; কেন না, মানুষ, সেই সকল শুণের কোন চিক্ জগতের মধ্যে দেখিতে পার না—আপনার মধ্যেও দেখিতে পার না। স্বার্থ-নীতির ঈশ্বর, ঐ স্বার্থনীতিপরারণ মানুষের অনুক্রপই হইবে।

কেমন করিয়া তুমি ঈশরকে ন্যারবান্ ও প্রেম্মর বলিবে—(এই প্রেম নিংমার্থ প্রেম বলিয়াই ব্রিতে হইবে) যবন স্থার্থনীতি, এইরূপ ন্যার ও প্রেমের কোন ধারণাই করিতে পারে না। যে ঈশর আপোনকৈই ভাল বাদেন, আপনাকে ছাড়া আর কাহাকেও ভাল বাদেন না—বার্থনীতি শুধু এইরূপ ঈশরের অভিন্তই স্থাকার করিতে পারে। আমরা যদি ঈশরকে দ্রাও নাায়ের ম্লাধার বলিয়া না ভাবি, তাহা হইবে আমরা তাঁহাকে প্রাতি করিতেও পারি না, ভক্তিক করিতেও পারি না। ঈশরের স্কাশক্তিমতা আমাদের মনে বে ভ্রের উদ্রেক করে, আমরা শুধু দেই ভ্রের ঘারাই পরিচালিত হুইয়া তাঁহাকে পূজা করিতে প্রের হুই;—এ পূজা প্রীতি, কিংবা ভক্তির পূজা নহে—ইহা ভরম্পক পূজা।

এইরূপ, ঈর্বরের উপর আমরা কি কোন প্রিত্র আশা লাগন করিতে পারি । আমরা বলি কেবল হাঁন স্বেরই অবেষণ কার. কেবল স্বার্থনাধনেই বাণ্ড থাকি, আমরা বলি নারকে স্মর্থন করিবার জন্য করন কইস্বাকার করিবা না থাকি, আমাদের আধারে মুহত্বক্ষা ও পরিপুষ্টি করিবার জন্য কোন চেটা করিবা না থাকি, ভাষা হইলে জ্বাহ-পিতার দ্বামিল্ল নাতের ভাব আমরা কি করিবা মনে ধারণা করিব । যে নির্মটি হইতে, লেই মুদুখোরা, আমার আমরবের বিবাসে উপনীত হতেন—সে নির্মটিও অপরিহার্গ্য পাণপূণের নির্মা। এই নাত্রের নির্মটি এ লোকে স্প্র্ণার্কপে কাণ্যে পরিণত হয় না ব্রিরাই আমরা ঈর্ধরের পোহাই নিই; আমরা মনে করি, ঈর্বর আমাদের অন্ধরে নাত্রের নির্মা ভাগন করিবা, আমাদের স্বর্ধর এই নির্মাট কি তিনি নিলেই ল্ড্যন করিবান । আমানা করে স্বর্ধর এই নির্মাট কি তিনি নিলেই ল্ড্যন করিবান । আমানা করে স্বর্ধর এই নির্মাট কি তিনি নিলেই ল্ড্যন করিবান । আম্বার্থনিতি—কি ইহলোকস্বর্ধে কি প্রণোক্ষণ্যক্ষ—

এই পাপ-পুলোর নিরমটিকে ধ্বংস করিয়াছে। এই পৃথিবীর পরপারে স্বার্থনীতির দৃষ্টি মোটেই চলে না। অনম্পূর্ণ স্বার্থনীতি,—অসম্পূর্ণ মানব-বিতারের বিরুদ্ধে, অনুষ্টের যদৃছ্ছ অভ্যাচারের বিরুদ্ধে,—
সর্পানিকমান্ পূর্ণভার পূর্ণমঙ্গন বিতারকের নিকট পুনর্বিতারের প্রোথনা করে না। স্বার্থনীতির মতে,—অস্তঃকরণের স্বাহাবিক্ষ সংস্কার যাহাই ইউক না কেন, অস্তরায়ার মধ্যে ভবিষ্যতের পূর্ববিভাগে যাহাই অস্ভূত ইউক না কেন, এমন কি, প্রাঞ্জার মূল-নিয়ম্ব বাহাই হউক না কেন, জন্ম হইতে মৃত্তুকাল পর্বান্ত মানুবের যাহা
কিছু ঘটে, ভাহাই মানুবের সব—ভাহাতেই মানুবের সমস্ত কাজের প্রিসমাধ্যি হয়।

বে সকল ভর ও আশা, গ্রন্ধত স্বার্থ ইইতে মানুবকে বিমুধ করে, সেই সকল ভর ও আশা হইতে মানুবকে বিমুক্ত করিতে পারিষাছেল বলির। Helvetius- এর শিবংগণ হয় ত গৌরব অন্থভব করিবেন। মানবজাতি অবশা তাঁহাদের এই কাছের মূলা ও ম্থাদের যাথার্থ মর্ম্ম গ্রহণ করিবে; কিন্তু তাঁহারা যে আমাদের দ্মস্ত অনুষ্ঠকে এই পৃথিবীর মবে।ই ক্লম্ক করিবা রাধিয়াছেন—আমি তাঁহাদিগকে জিল্পানা করি, এমন কি গৌভাগা তাঁহার। আমাদের জন্য সঞ্জিত করিবা রাধিয়াছেন, বাহা সকলেরই ঈর্ষার যোগা ?—আমাদের স্থেবর জন্য তাঁহারা কিন্তুপ সামাজিক বাবস্থা নিন্ধারিত করিবাছেন? তাঁহাদের ধর্মনীতি হইতে কিন্তুপ রাষ্ট্র-নীতি প্রস্ত হইয়াছে ?

ইহার যা' উত্তর, তাহা তোমরা পূর্কেই জানিয়াছ। আমরা দেখাইয়াছি,—ঐক্তিরিক দর্শনতম, প্রকৃত স্বাধীনতা ও ব্যক্তিপত অধিকারকে স্বীকার করে না। এই দর্শনতম্বের নিকট ইচ্ছাশক্তি আসলে কি ?—না, মনের বাসনা চরিতার্থ করিবার শক্তি। এই হিসাবে, মানুষ স্বাধীন নহে, এবং অধিকার বলেরই নামান্তর মাত্র।

আমরা বলি:--স্বার্থনীতির মতে, বাদনা ছাড়। মাসুবের নিজস্ব किছरे नारे। अञाव-त्वाध श्रेट उरे वामनात उर्पात ;-- मानूव এरे অভাব-বোধের কর্তা নহে-ভোজা। ইচ্চাকে বাসনায় পরিণত ৰুৱাও যা' স্বাধীনতার বিনাশ সাধন করাও তা': তা' অপেকা আরও বেশী—ইহাতে করিয়া বাসনাকে এমন একটা আসনে বসানো হর, যে আসনটি বাসনার নিজম্ব নহে: উহাতে করিয়া একটা মিথাা স্বাধীনতার স্ব ট করা হয় ও সেই স্বাধীনতা, কেবল বনমাইনি ও দৈনাবেতার একটা অর ১ইছা পাডাই। এইরপ স্বাধীনতাকে প্রাপ্তর বিলে, কত কত বাদনা মনে উদ্যু হয়, যাহ। পুণ করা অস্পুর । ৰাসন। স্বভাৰতই অনীম, অথচ আমাদের প্রিক্রি নিতাগ্রই সীমাংছ। প্রিবাতে আমরা যদি একা থাকিতাম, তা' হইলেও আমাদের সমস্ত বাসন। পূর্ণ করিতে কত কট পাইতে হইত। এখন ত মনোর সহিত আমাদের ভীষণ সংঘা :-- অসংখ্য লোকের অসংখ্য বাসনা, এবং তাহাদের শক্তি দীমাবন্ধ, বিভিন্ন ও অন্যান। খণ্ডাই আ্যা-দের বাক্তিগত বন-ব্যক্তিগত অধিকার হট্রা পাড়ার, তথনট অধিকারদামা অব্যুব আকাশ কল্লমে প্রিণ্ড হয় : সকলেরট অধিকার অসমান, -- সকলের শক্তিনামর্থা অসমান, এবং এই অসমতা ক্ষিন কালেও ঘুচিবার নহে; স্কুতরাং স্বাধীনভার ন্যায় সাম্যকেও বিসক্ষন করিতে হয়; যদি মিখ্যা স্বাধীনতার ন্যায় একটা মিখ্যা সাম্যের স্তুটি করা হর, সে শুধু একটা মুগড়ফিকার অভুসরণ মাত্র।

পার্থনাতি, এই সক্স রাজনিক উপকরণকে রাজনীতির কেন্ডে আনিয়া কেলে। আমি স্পর্জার স্থিত জিজাসা করি, বার্থ মীতি-সম্প্রনার ও ইক্সিরবাদসম্প্রনারের রাষ্ট্রনীতিজ্ঞেরা এই সকন উপকরণ হইতে এক দিনের জন্মও কি মানবজাতির স্থব ও স্বাধী-নতার ব্যবস্থা করিতে পারেন ?

যেহেতু বলই অধিকার— মতএব, মাহুষের পরপারের মধ্যে যুক্তবিগ্রহই স্বাভাবিক অবস্থা। একই জিনিস সকলেই চাহে; স্কুতরাং ভাহারা সকলেই পরপারের শক্র; যাহারা হর্মন,—শারীরিক বিষয়ে হর্মন,—এই বুদ্ধে ভাহাদেরই সর্মনাশ ! যাহারা সর্মাপেক। বলবান—ভাহারাই পূর্ণ অধিকারের অধিকারী। মেহেতু বলই অধিকার,—প্রকৃতি সবল করিয়া স্থান্ত করে নাই বলিয়া ভর্মল বাক্তি প্রকৃতির নিকটেই নালিস করিতে পারে; কিন্তু বে বল্বান্ ব্যক্তি বল-প্রয়োগ করিয়া ভাহাকে উৎপীড়ন করে, ভাহার নিকটে সে ক্থনই নালিস করিতে পারে না। হর্মল বাক্তি তথন ক্রিক্তি স্বাহায় গ্রহণ করিতে বাধ্য হয়; তথনই ছলের সহিত্ত বলের যুঝায়ন্তি আরম্ভ হয়।

যদি মাহুষের মধ্যে,—প্রয়েজন, বাসনা, প্রবৃত্তি, স্বার্থ ছাড়া জার কিছুই না থাকে, তবে রক্তপ্লাবী যুদ্ধ-বিগ্রহ অবস্তাবী; কোন প্রকার সামাজিক ব্যবস্থা তাহা নিবারণ করিতে পারেবে না। বুদ্ধবিগ্রহকে কিছুকালের জন্ত চাপা দিলা রাখা যাইতে পারে; কিন্তু জাইন-কান্থন যতই চাপিবার চেটা করুক না কেন, আইন-কান্থনের অবস্তুত্তন ভেদ করিলা উহা এক-একবার বাহির হইবেই হইবে। যাহারা আসকে স্বাধীন নহে, তাহাদের কন্তু স্বাধীনতার, ক্রনা করা,—বাহাদ্রা আসকে বিভিন্ন, তাহাদের মধ্যে সমতার ক্রনা করা,—বাহাদের মধ্যে অধিকারর্দ্ধি নাই, তাহাদের মিক্টে অধিকারের সন্মাননা প্রত্যাশা করা, এবং অধিনধর ছন্ত্রাবৃত্তির উপর—অন্তরের রিপুস্মুহের উপর—

ক্লায়কে স্থাপন করা কি বিষম মূচতা। এই বিষম চক্র হইতে বাহির হওয়া কি কষ্টকর ব্যাপার।

এই সাংঘাতিক চক্র হইতে বাহির হইতে হইলে এমন কতকগুলি মূল স্বৰের আশ্রয় লইতে হয়, যাহা কোন প্রকার ইল্লিয়-বাদ হইতে উৎপন্ন হইতে পারে না—ঐক্তিয়িক দর্শনতম্ব যাহার কোন ব্যাখ্যা করিতে সমর্থ হয় না, অথচ ধাহা মানুষের অন্তরেই নিহিত আছে। মুরোপে এই সকল নীতি-পুত্র, খুটুধ্ম হইতে ক্রমশ: গুণীত হইয়া যুরোপের আধ-নিক সমাজকে পরিচালিত করিতেছে। ফরাসী রাষ্ট-বিপ্লবের যে প্রধাত "অধিকার-ঘোষণা"-পত্র মানুষের স্বাভাবিক সম্বাধিকার প্রতি-পাদিত করিয়া, চিরতরে অনিয়ন্থিত রাজতন্ত্রকে ভারিয়া দিয়া, ভাচার স্থানে নিম্নপ্রিত রাজভন্তকে স্থাপন করিয়াছে, ভাগতে এই সকল মল-স্ত্ৰের কৰাই লিখিত ইইয়াছিল : এখনও এই সকল মল্পুত্র, श्यायाम् व नामनभक्षां व यद्या, श्यायामव विधिवावसाद यद्या, श्याया-**८**मत्र विविध काशी व्यक्तिंत्रित्र मत्था, व्यामात्मत्र व्याठ ति-वावशास्त्रत्र मत्था, এমন কি, যে বায়ু আমর। নিঃবাসের সহিত গ্রহণ করি, সেই বায়ুর মধ্যে অবস্থিত। এই সকল মন্ত্রই আমাদের সমাজের ভিত্তিভূমি এবং যে দুৰ্শনতম্ব আমাদের এই অভিনব সমাদের জন্ত আবগুক সেই দর্শনভদ্মেও ভিত্তিভূমি।

আমাকে কেই বিজ্ঞাসা করিতে পারেন, তবে অটাদশ শতাদীর এই সকল প্রসিদ্ধ বাক্তি—এই সকল সাধু-প্রকৃতির লোকেরা, কি করিরা ঐ ঐক্রিরিক দশনের দারা বিম্প ইইরাছিলেন,—বে দশন ডন্ত্র তীহাদের হৃদ্পত ভাবের বিরোধী ? আমি কেবল তোমাদিগকে শ্বরণ করাইরা দিব বে, ঐ যুগ উল্টা-স্রোতের যুগ। পুর্শ্ববর্তী যুগে সংকীর্ণ ধশানিকা, প্রধর্প-অসহিষ্কৃতা ও তাহার নিতা সহচর ভণামির অতিমাত্র প্রাত্তাব হইরাছিল। দেই অব্ধ অতিভক্তিই থেচছাচারিতাকে ডাকিয়া আনিল, এবং এই স্বেচ্ছাচারিতার দারা সমস্তই আক্রাস্ত হট্র। রাজকুল ও অভিজাতবর্গের মধ্যে, পাড়িদের মধ্যে, লোক-সাধাৰণেৰ মধো উহা ক্ৰমশঃ সংকামিত হইল। ভাল ভাল লোক। এমনকি, ছুই একজন প্রতিভাশালী বাক্তিও ঐ আবর্তের মধ্যে আসিরা পডিল: আমাদের উল্লভ উদার জাতীয় দর্শনের স্থান, একটা হীনতর দর্শন আসিয়া অধিকার করিল, -লকের শিষা কাদিয়াক, দেকার্তের স্থান অধিকার করিল। স্থাপের নীতি, স্বার্থের নীতি ঐ বুগে অব-প্রস্থাবী: কিন্তু তাই বলিয়া এ কথা বিশ্বাস করিও না যে, সেই সময়-কার সকল লোকই প্রনীতিন্ত হইয়াছিল। রইয়ে-কলার বলেন,---কোন মত যতই থারাপ হোক না কেন, সেই মতাবলম্বী লোকেরা তত থারাপ নহে। ষ্টোরিক-মতবাদ হতটা কঠোর, ষ্টোরিক-মতাবলম্বী लाक्त्रा उउठा करंगत्र नरशः **अ**शिक डेतीय मठवान यउठा ठिख-भोखनाबनक, त्मरे यञायनचा लात्कता उउठे। प्रसंबधिक नरहा छसंत ठा अयुक्त माञ्चन, धर्मात डेलरान रामन मन्त्र नेतरल कारब अर्थात করিতে পারে না, দেইরূপ কোন দূবিত মত মাতুবকে অপথে লইয়া গেলেও.—ঈশবের রূপায়, তাহার অন্তরাত্মা সেই মতকে মনে মনে ধিকার করে । এই কারণে, অষ্টানশ শতান্দীতে, স্থনীতিধ্বংসী ঐদ্রিক দশনভন্ত ও স্বার্থনীতির প্রাত্তাব হইলেও, খুর উদার निःयार्थ ভাবেরও উজ্জ্ব দৃষ্টান্ত কথন-কথন দেখা যায়।

আমার এই উপদেশটি একটু দীর্ঘ হইরা পড়িরাছে, ভজ্ঞ আমাকে মার্জনা করিবে; তোমাদের মনে যে সব তব আমি দৃঢ়রূপে মুদ্রিত করিতে চাই, তাহার সহিত স্বার্থনীতির ঐক্য হয় না বলিয়াই এত কথা আমার বলিতে হইল। এই স্বার্থনীতি যে একটা মিথাঃ

উদার ভাবের ভাশ করে, সেই ভাণটা আমার ভালিয়া দেওরা আক্ ক্রক ইইয়ছিল। আমার মডে, এই নীতি দাসদিগের নীতি; এ নীতি এই স্বাধীনভা-বৃগের নীতি নহে। স্বার্থনীতি-বাদকে পশুন করিলাম; একংশ, আর যে সকল নীতিবাদ,—সংকীণতা ও অসম্পূর্ণতা দোষে দ্বিত, সেই সকল নীতিবাদের আলোচনার প্রস্তুত্ত হইব। সেই সকল নীতিবাদ পশুন করিয়া, এমন একটি নৈতিক সিদ্ধান্ত স্থাপন করিতে চেষ্টা করিব, যাহার ছারা বিশ্বমানবের সহল ক্রান ও বিবেক-বৃদ্ধি ব্ধাবধ্রণে ব্যাখ্যাত হইতে পারে।

তৃতীয় উপদেশ।

অন্যান্য অসম্পূর্ণ নীতিবাদ।

উদার-চেতা মনুষামাত্রই স্বার্থনীতিকে পরিহার করিয়া, ভাবেক্ক নীতিকে আশ্রয় করে। নিমে কতকগুলি তথ্যের উল্লেখ করিতেছি-—যাহার উপর তাবের নীতি প্রতিষ্ঠিত এবং যাহাতে করিয়া ঐ নীতি প্রামাণা বলিয়া বিবেচিত হয়।

যথন আমরা কোন ভাল কাজ করি, তখন কি আমরা ঐ কাজের পুরস্কার স্বরূপ অন্তরে একপ্রকার স্থুপ অসুভব করি না ? এই স্লুখ व्यवना हेश्विय-सूथ नरह। व्यामारमञ हेलिएवज उपत्र राय मकन विवस्तक প্রতিবিম্ব পড়ে, সেই সকল ইন্দ্রিয়-প্রতি-বিশ্বিত বিষয়ের মধ্যে ইহার কোন মূলস্ত্র কিংবা ইহার কোন মানদণ্ড নাই। ব্যক্তিগত স্বার্থ চরিভার্ধ হইলে যে স্থখামুভব হয়, সে স্থাধের সহিত ইহার ঐক্য নাই। আমি কোন কাজে সফল হুইয়াছি এই মনে করিয়া আমার মনে যে ভাবের উদ্রেক হয়, এবং আমি বরাবর মংপথে চলিয়াছি এই মনে করিয়া আমার মনে যে ভাব হয়—এই তুই ভাব এক প্রকার নহে। ভাল কাজ করিয়াছি বলিয়া আমাদের অন্তরাম্মা যে সাক্ষ্য দের, সেই সাক্ষ্যের সহিত যে স্থপ জড়িত তাহা বিশুদ্ধ : আর যত প্রকার স্থুথ সমস্তই অতীব মিশ্র। এই সুখই স্থায়ী, আর সমস্ত সুখ্র শীদ্রই চলিয়া যায়। হঃথ হর্দশার মধ্যেও মাতুষ আপনার অন্তরে একটা স্থায়ী স্থথের উৎস দেখিতে পায়। কারণ, ভাল কাজ করিবার দামর্থ্য মানুষ্বের দকল দময়েই থাকে : পক্ষাস্তরে এরূপ অদংখ্য অবস্থা আছে যাহার উপর আমাদের কোন হাত নাই, দেই সকল অবস্থা হইতে আমরা যে স্কর্ম পাই তাহা অতি বিরণ ও অনিশ্চিত।

যেমন ধর্মের কতক ওলি ক্ষ্য আছে, সেইরূপ পাণেরও কতকশুলি হাথ আছে। কোন অপক্ষ কার্যা আনাদের ক্ষণিক প্র হইতে পারে, কিন্তু পরিবামে আমরা যে কর পাই উহা দেই প্রথের প্রায়ন্তিভ্র-পণস্থার । এইরূপ ক্ষ্যের নিত্য স্থচর হার । হার আসিয়া এইরূপ ক্ষের কল্যিত স্থাও এবৈদ স্ক্লাভাকে বিষম্য করিয়া ভোলে; এই হার মান্ত্রের হন্যকে বিনাণ করে, জ্জুরিত করে, দংশন করে। ইহাই অনুভাপের ব্যা।

আরও কতক ওলি তথা, উহারই মত জনিভিড:—আমি একটি লোককে দেখিতে পাইলাম, তাহার মুখে ওংগওদশার চিত্র স্পষ্টরূপে প্রকটিত। উহাতে এমন কিছুই নাই যাহা অন্যর গাঞ্জপে করিতে পারে—আমার কোন অনিষ্ঠ করিতে পারে; তথাপি কোন চিদ্ধা না করিয়াই, কোন কলাফল গণনা না করিয়াই, উহার কট দেখিবা মাত্র আমার কট ইইল। ইহাই অনুকস্পা বা সহায় ভূতির ভাব।

মান্থবের ভাপে কট দেখিয়া আমাদের মনে তাপে উপস্থিত হয়, মান্থবের প্রাকৃত্ন-মুখ দেখিয়া আমাদের মনও প্রাকৃত্র হইয়া উঠে। অস্তের আনন্দে আমাদের অস্তরে তাহার প্রতিশ্বনি হয়, এবং অস্তের তাথকট,—এমন কি, শারারিক বেদনাও আমাদের শ্রীরে সংক্রামিত হয়। মাদাম সেভিতে তাহার পীড়িত কল্পাকে বাহা লিখিয়াছিলেন তাহা একটুও অভাকি নহে:—"ভোমার ব্কের ব্যাধায় আমিও বুকের ব্যাধায় কট পাইতেছি।"

আমাদের হুত্বকে, আমরা অঞ্চের সহিত একস্তরে বাধিতে চাহি ! এই কারণেই বড়-বড় সভায়, হুত্বর ইতি হুধ্বাস্থরে বিচাৎ চুটিতে খাকে; পাশাপাশি লোকের মধ্যে ভাবের ঘাত-প্রতিঘাত হইতে থাকে। যেমন গুণমুগ্ধতা ও জনস্ত উৎসাহ সংক্রামক, সেইরূপ আমোদ-কৌতুক ও বিজ্ঞপ-পারহাসও সংক্রামক। কোন সংকার্য্যের অনুষ্ঠানেও আমাদের মনে এইরূপ ভাবের উদ্রেক হইলা থাকে। সেই কাথ্যের অনুষ্ঠাতার মনে যে ভাব অনুভূত হল তাহারই অনুরূপ ভাব আমরাও অন্তর্গে অনুভব করিয়া থাকে। কিন্তু যদি আমরা কোন অসং কার্য্য প্রত্যক্ষ করি, তথন সেই অপকর্মকারীর মনে যে ভাব উত্তেজিত হল, আমোনের মন সেই ভাবের অংশভাগী হইতে কথনই চাহেনা; আমরা তাহার প্রতি বিমুধ হই; ইহা সহালুভূতি ও অনুরাগের বিপরাত ভাব—ইহা বিক্রামুভূতি; ইহাকে বলে বিরাগ।

আর কতকগুলি তথা পুর্বেক্তি তথোর আনুধৃদ্ধিক হইলেও, তাহার মধ্যে একটু প্রভেদ আছে।

কোন সংকাথোর অনুষ্ঠাতার সহিত আমার যে ৩ধু সহাত্ত্তি করি তাহা নহে, আমরা তাহার ৩৬ কামনা করি, আমরা থেছাপ্রকৃত্ত হয়া তাহার হিত্যাখন করি, আমরা কিরংপারমানে তাহাকে
ভালও বাসি। যদি কোন মহং কার্যা, এই অনুরাগের বিবয় হয়,
কিংবা কোন বীরপুক্ষ এই অনুরাগের পাত্র হন, তবে এই অনুরাগ
কথন কথন মন্ততার সীমা প্র্যান্ত প্রেছ। ইহাকেই পূজারুদ্ধি
বলে। ইহাই সেই পূজাঞ্জনি, যাহা বিশ্বমানব মহাপুক্ষদের চরণে
অর্পণ করে।

পক্ষান্তরে, যদি আমরা কোন মন্দকার্য্য প্রতাক্ষ করি, তবে দেই মন্দকার্য্যের অনুষ্ঠাতার প্রতি আমাদের বিরাগ জন্মে, এবং আরও অধিক---আমরা তাহার অনিট কামনা করি; আমরা ইচ্ছা করি, সে ভাহার অপকর্দ্ধের জন্য কট ভোগ করে। এই জন্ত মহাপরাধীরা আমানের নিকট এত ছণিত। এই ভাবটি ভধু বিরাপ নহে; ইহাতে বাজিগত স্বার্থের ভাবও আছে। এই সকল মহাপরাধীরা আমানের পথের কণ্টক বলিয়া আমরা ভাহানের অনিট ইক্সা করি। কোন বাজি সংনা অসং—এ বিষয় সম্বন্ধে বিষেব্র্ছি কিছুই জানিতে চাহেনা, ভধু ইহাই জানিতে চাহে, সে বাজি জামানের পথের অস্তরার কিনা, সে আমানিগকে অভিকান করে কিনা, সে আমানের অনিট করে কিনা। কিছু আমার। যে ভারটির করা বালতে ভি ভাহা এক-প্রকার বিষেব বাহার মধ্যে একটু উল্রেভ: আছে; যাহা স্বার্থ ইইভে জারা না, যাহা ভবু বাগিও ধ্যুব্ছি হইতে উংপর হয়। অজ্যের প্রতি আমানের ফেরপ বিরাগ জারা, নামরা নিছে যদি কোন মন্দ কাজ করি, আমানের নিজের উপরেও সেইজপ বিরাগ জানা। বাবে জানান বাবের বিষয়ের ইন্তের স্বান্ধির স্বান্ধির

পুৰ ক্লেজপে বলিতে গোলে, সহাজভূতি বেমন হিতিহণা নছে, নৈতিক আগ্নভূতিও নেইজপ সহাজভূতি নহে। কিন্তু সহাজভূতিও আগ্নভূতিও হৈ হৈ কিন্তু বাপার, মঞ্চলভাবেরই সাধারণ লক্ষণ। এই তিনটি বাপার হুইতে তেনটি বিভিন্ন অথও অহুরূপ নীতিবাদ উৎপন্ন হুইছাছে।

কোন কোন দার্শনিকের মতে, তাহাই সংকার্যা যাহা করিবে আয়তুটি বা আয়প্রান হয়, এবং তাহাই অসং কার্য। যাহা করিবে অমৃত্যাপ উপস্থিত হয়। কোন কার্যার সঙ্গে সঙ্গে আয়াদের বেঞ্প মনোভাব হয়, সেই অসুসারে সেই কার্যাের ভাল মন্দ প্রথমেই নিজিবিত হইয়া থাকে। পরে, ঐ ভাবটি আমরা অভ্যের প্রতিও আরোগ কিয়া। কোন কার্যা ক্রিয়া আমাদের মনে কিরুপ ভাব হয়, তাহা

আমর। নিজের ভাব হইতেই বিচার করিয়া থাকি। আবার কতকগুলি দার্শনিক, সংামুভূতি ও হিতৈষণার একই কার্য্য বলিয়া নির্দেশ করেন।

ইংদের মতে, মান্থবের প্রতি আমর। যে স্নেং ও দ্যাদির ভাব মন্তরে মন্তর করি, দেই দকল ভাবের মধ্যেই মন্তরের নিদর্শন ও মাদর্শ অবস্থিত। যথন কেই এমন কোন কাজ করে, যাহা দেবিয়া ভাহার শুভ কামনা করিতে,—ভাহাকে স্থা করিতে স্বভাবতই আমাদের প্রত্তি হয়, তথন ভাহার দেই কাজকে আমরা ভাল ধনিয়া থাকি। ঐ প্রকারের কার্য্যপরম্পরা দেবিয়া, যথন আমাদের শ্রুরণ মনের ভাব স্বান্তির লাভ করে, তথন আমরা ঐ ব্যক্তিকে সাধু শ্রুণিয়া বিচার করি। কাহারও কাজ দেবিয়া যথন অন্ত প্রকার শ্রুরণা, অন্ত প্রকার মনোভাব আমাদের মনে উত্তেজিত হয়, তথন আমারা ভাহাকে অসং কিংব। অসাধু বলিয়া মনে করি।

কাংবিও কাংবিও মতে, স্থাবতই যে কাজ আমাদের সংগ্রহ জুতি উদ্রেক করে, সেই কাজই ভাল। যথন দেখি, দেশের জন্য কোন বাক্তি প্রাণ পর্যান্ত বিসক্ষন করিতে উদ্যাত, তথন তাংবার সেই বীরও আমাদের মনেও কিন্তংপরিমাণে বীরত্বের উদ্রেক করে। কিন্তু প্রস্তিম্ণক কোন কাজ,—নিতান্ত কোন স্বার্থের সংস্থাব না আলিলে—আমাদের অন্তর্গর এরূপ নংগ্রহুতির উদ্রেক করিতে প্রাণরে না। অত্যন্ত ইইস্থভাব লোকেরও অন্তর্গ্ ভালর প্রতি অমুরাগ প্রত্বিক্ বর্গ প্রতি বিরাগ প্রচ্ছন্নতাবে অবস্থিতি করে।

এই সকল বিভিন্ন নীতিবাদকে, একটি নীতিবাদে পরিণত করা ক্লাইতে পারে ;—তাহা ভাবের নীতিবাদ।

এই নীতিবাদের সহিত অহং-নিষ্ঠ নীতিবাদের যে প্রভেদ আছে

তাহা সহজেই প্রদর্শিত হইতে পারে। অহং-নিষ্ঠা আপনাকে তাল বাসা বই আর কিছুই নহে। কিনে আপনার স্থব হয়, আপনার ভাল হয়, অহংপরতা ওধু তাহারই অবেষণ করে।

হিতৈবলা যেমন স্বার্থের বিরোধী এমন আর কিছুই নহে।
এক্সলে আমরা শুধু যে অন্তোর শুভ ইচ্ছা করি তাহা নহে—
আমরা অন্তের জন্ত আপনাকে বিপন্ন করিতেও কুন্তিত হই না; যে
আমাদের হনর আকর্ষণ করিবাছে, শেই সার্বাক্তির জন্ত সেচ্ছা প্রবৃত্ত
হয়া কতকটা ত্যাগ স্বীকার করিতেও আমরা উন্তত হই। এই
আম্ববিস্ক্তনে যদি কিছু স্থ্য অন্তন্ত হয়, তবে সে স্থ্য ঐ ভাবটিরই
ইঞা-নিরপেক্ষ আনুসন্ধিক ব্যাপার,—উহা তাহার লক্ষ্য নহে।

সে স্বথ আমরা বিনা-চেষ্টার ও বিনা অবেবণেই প্রাপ্ত হই। এই প্রকার স্থাধের আবাদনে আমাদের অধিকার আছে, কেননা স্বয়ং প্রকৃতিদেবী হিতেষণার সহিত ঐ স্থাধকে সংযুক্ত করিয়া নিরাছেন।

হিতৈষণার স্থায় সহাত্মভূতিরও অনোর সহিত গোগ। উহাতে অহংএর কোন সংস্রব নাই। আনাদের অস্তঃকরণ এমন ভাবে গঠিত বে আমরা এক জন শক্রর চুঃবেও চুঃব অমূভব করিতে পারি। কোন ব্যক্তি একটা মহৎ কাল করিলে, তাহা আনাদের স্বার্থের বিরুদ্ধ ইংলেও সেই কাজের প্রতি এবং সেই কার্যকারী ব্যক্তির প্রতি আমাদের কতকটা সহায়ভূতি হইরা থাকে।

অন্যের যে ছংথে আমাদের সহাত্মভৃতি হয় সে ছংথ আমাদেরও কথন না কথন ঘটিতে পারে—এই আশক্ষা হইতেই সহাত্মভৃতির উৎ-পত্তি—কেহ কেহ সহাত্মভৃতির এইরূপ ব্যাথ্যা করিয়া থাকেন। কিন্তু অনেক সময়, যে ছংথের জন্য আমরা সহাত্মভৃতি করি, সে ছংথ আমাদিগের হইতে এডদ্রে অবস্থিত এবং সে ছংথ আমাদের উপর গতিত হইবার সন্তাবনা এত কম যে, তাহা হইতে আমাদের ভরের উদ্রেক হওয়া নিতান্তই অসপত। এ কথা সতা, হংব কষ্টের অভিজ্ঞতা না পাকিনে, সহাকুভতির উদ্রেক হয় না। কারণ, যে হঃব সম্বন্ধ আমাদের কোন ধারণা নাই, তাহা আমরা অনুভব করিব কি করিয়া । কিন্তু প্রকৃত পক্ষে উহা সহাকুভতির মুঝা নিরম নহে। উহা হইতে এইরাপ সিদ্ধান্ত করা যায় না যে, আমাদের নিজের হঃব পরবা করিয়া কিংবা নিজ হঃবের সন্তাবনা আশক্ষা করিয়া ভবে আমরা অনার হঃবে সহাকুভি করি।

কোন প্রকার স্বার্থের ভাব দিয়া সহামূভূতির বাঝা। করা যায় না। প্রথমত, বিরাগের নাায়, সহামূভূতিও ইচ্ছা-নিরপেক্ষ। তাহার পর, একপাও কেই মনে করিছে পারে না, কোন বাজির হিতৈষণা আকর্ষণ করিবার জন্ম আমরা তাহার হৃথে সহামূভূতি করি। কারণ, জনেক সময়েই, যাহাদের জন্ম আমরা সহামূভূতি করি, তাহারা আমাদের সহামূভূতি জানিতেও পারে না। যাহাদিগকে আমরা কথন দেখি নাই, যাহাদিগকে দেখিবার সন্তাবনা পর্যান্ত নাই, যাহারা জীবিত নাই—এইরপ লোকের জনাও যথন আমর। সহামূভূতি করি, তথন কি তাহাদিগের নিকট হইতে আমরা কোন উপকার প্রত্যাশা করি হ

অহংপরতা সকল প্রকাঃ স্থাকেই প্রশ্রম দেয়; কোন স্থাকেই বহিদ্ধত করে না; তবে কিনা, এমন কতকগুলি ভাবের স্থা আছে যাহাইতর স্থা অপেক্ষা অধিকতর হায়ী,ও ততটা মিশ্র বা অবিশুদ্ধনং; আমাদের মাজিত আয়াহারাগ তাহাকে দেবনীয় বলিয়া মনেকরে। ভাবের নীতিবাদ যদি ভগুহীন হথের জনাই ভাবের পক্ষণাতী হয় তবে অহংনিষ্ঠামূলক নীতিবাদের মহিত ভাবের নীতিবাদের কনেন পার্থকা থাকে না—ভাবের নীতিবাদের মধ্যে কোন প্রকার

নিঃস্বার্থভাব থাকে না। তাহা হইলে, "মানিই" আমাদের দকন কার্যাের কেন্দ্র ও একমাত্র লক্ষ্য হইরা পড়ে! কিন্তু আমাদের তাহা নহে। আপনাকে ভূলিয়া পরের জন্য কোন কাজ করিলে যে স্থ্য অমুভূত হয়, ঠিক সেই আত্মবিদ্ধতিটুকু হইতেই সেই স্থাবের যাহা কিছু মনোহারিছ। প্রকৃতিদেবী সহায়ভূতি ও হিতৈষণার সহিত যদি কোন প্রকৃত স্থা সংযোজিত করিয়া থাকেন, তবে সে এইজনা যে ঐ ভূই রুত্তির বিশুদ্ধতা ও নিঃস্বার্থপরতা যাহাতে সংরক্ষিত হয়—উহাদের আমাদ ভাবটি অবিকৃত থাকে। তোমার সহায়ভূতি ও হিতৈষণার প্রক্ষারস্বরূপ কোন স্থাবের কথাই তোমার ভাবা উচিত; নচেৎ, সেই স্থাবের ম্বাত্তিক হইবে। যে স্থা নিঃস্বার্থভাবের সহিত চিরসংগ্রুভ্ক স্থাইত হইবে। যে স্থা নিঃস্বার্থভাবের সহিত চিরসংগ্রুভ্ক স্থাইপরতা, যে-কোন আকারেই আফ্রক না, সে স্থাকে কথনই ফ্টাইয়া ভূলিতে পারিবে না।

অহংনিষ্ঠ নীতিবাদ কিংবা অহমিকার নীতিবাদটা নিতান্তই অলীক
—উহা একটা মিথাা কথা। উহা নীতির অমুমোদিত পবিত্র নাম গুলি
প্রহণ করিয়া স্বয়ং নীতিকেই অপদারিত করিয়াছে; বিশ্বমানবের
ভাষা প্রয়োগ করিয়া বিশ্বমানবকে প্রতারিত করিয়াছে; এই ধারকরা ভাষার আচ্ছাদনে আচ্ছাদিত হইয়া, সমগ্র মানবজাতির বাহা
রম্বভাগার—সেইসব স্বাভাবিক সংস্কার ও স্বাভাবিক ধারণার স্ম্পূর্ণ
প্রতিকৃতে স্বকীয় মত প্রচার করিয়াছে।

পক্ষাস্তরে, ভাব স্বয়ং মঙ্গল না হইলেও উহা মঙ্গলের বিশস্ত সহচর ও নিভান্ত প্রয়োজনীর সহকারী। উহা মঙ্গলের বিদামানতার নিদ-র্শন এবং উত্তারদারা সহজেই মঙ্গল সাধিত হইলা থাকে, এবং মিগ্যা ভর্ক ও জরনা ইইতে মনকে রক্ষা করে। অত এব মনোমগো কতক গুলি মহংভাব উত্তেজিত ও সংরক্ষিত করা মনের পক্ষে যেকপে স্বাস্থানকর এমন আর কিছুই নহে; এইসকল মহংভাব বাক্তিগত স্বাথের দাসত্ব হুইতে আমাদিগকে বিনুক্ত করে। সাধুবাক্তিগনের ভাবে অফুপ্রাণিত হহলে, তাহাদের মত' কাজ করিতে আমাদের প্রস্তুত্তির সাধনা করিলে, বনাজতা ও প্রেমের উৎস আপনা হইতেই শতধারে উৎসাবিত হয় এবং উদারতা ও আয়োখসর্গের বীজ অস্থ্রিত হয়।

তাই, ভাবের নীতির প্রতি আমাদের আন্তরিক প্রকা আছে। ইহা প্রকৃত নীতি; কেবল, ইহা আপনাতে আপনি প্র্যাপ নতে, উহার এমন একটি মূলতত্ব চাই, যাহার লারা উহার প্রামাণিকতা স্থাপিত হইতে পারে।

ভাল কাজ করিলে, অন্তরে একটা সন্তোষ সভুভব করা যায়, এবং মন্দ কাজ করিলে অত্তাপ উপস্থিত হয়। ভাল মন্দ্র যা কাজই করি.
প্রাপ্তক সুইটি ভাব তাহাদের গুণ নহে; কারণ, ঐ সুইটি ভাব, কাজ করিবার পরে অন্তরত হয়। ভাল কাজ করিয়াছি বলিয়া না ব্রিলে কি আমরা অন্তরে সন্তোষ অন্তরত করিতে পারি ? সেই-রূপ, মন্দ কাজ করিয়াছি বলিয়া না ব্রিলে কি আমাদের অন্তর্ভাপ হয় ?—কথনই নহে। কোন কাজ করিবার সন্দেসম্পেই স্বাভাবিক সংস্থার-অন্তর্গারে আমাদের মনের মধ্যে একটা বিচার-ক্রিয়াও হইয়া থাকে; এই বিচার-ক্রিয়ার পরে আমাদের হৃদয়ের কাজ আরম্ভ হয়। উত্তরবন্তী সদ্ধের ভাবটি গোড়ার বিচার-ক্রিয়া নহে; মঙ্গালের ধারণা সদ্য-ভাবের উপর স্থাপিত নহে—পরত্ব সন্দ্রের ভাব ইত্তে মঙ্গাল সন্থানিত ইয়া থাকে। যে কাজ মঙ্গালের জান

ভিন্ন উৎপন্ন হইতে পারে না, তাহা মঞ্চল ভাব হইতে উৎপন্ন— এইরূপ বলিলে 'চক্র-নায়ের' ত্রমে পতিত হইতে হয়।

কোন কাজ ভাল বলিয়াই কি আমরা সেই কাজের সহিত সহাক্ভূতি করি না ? কোন ব্যক্তির প্রবৃত্তি নাায়-বৃদ্ধির অনুগত বলিয়াই
কি আমরা সেই প্রবৃত্তির অনুমোদন করি না ? তাছাড়া, সহামুভূতি যদি মঙ্গলের প্রাক্ত মানদণ্ড হয়, তবে বাহা কিছুর জনা আমরা
সহাক্তৃতি করি তাহাই কি ভাল নহে ? কিছু শুধু নৈতিক বিধরেরই সহিত আমাদের সহাক্তৃতির সঙ্গর নহে। আমরা এরপ
আনন্দের সহিত্র সহার ভূতি করি, বাহার সহিত ধর্ম অধ্যেমির কোন
বোগ নাই। এমন কি, আমরা শারীরিক তঃখ যন্ত্রগরেও সহিত
সহাক্তৃতি করিয়া গাকি। নৈতিক সহাত্ত্তি, সাধারণ সহান্তৃতিরই
একটা বিশেষ অবস্থা। কোন্ সহাত্ত্তি নৈতিক তাহা
জ্ঞানের দারা নির্গয় করিতে হয়, সকল সময়ে আমাদের জ্ঞানের সহিত
সহাত্ত্তির মিল হয় না। কখন কখন, বে সকল তাবকে আমরা ভাল
বলি না তাহাদিগের সহিত্ত আমরা সহান্ত্তি করি।

হিতৈষণা সকল সময়ে, একমাত্র মন্ত্রনার নিদারিত হয় না। তাহাড়া, য়থন কোন সাধুবাজির প্রতি আমরা এই র.ভর প্রয়োগ করি, তথনও তাহা বিচারবৃদ্ধির অপেকা করে এইরূপ বুঝায়; কারণ, কোন বাজি সাধু কি না, তাহা বিচার-বৃদ্ধির দারাই আমরা নিদ্ধারিত করি। কোন কার্যাকারী ব্যক্তির শুভ কামনা করি বলিয়াই যে তাহার সেই কাজকেও আমরা ভাল বলিয়া বিবেচনা করি—এরূপ নহে; পরয় সেই কাজটা ভাল বলিয়াই সেই কাজের কর্ত্তাকে আমরা ভাল বলিয়া বিবেচনা করি। আর এক কথা, হিতৈষণার গোড়ায় একটা বিচারজিয়া আছে, য়াহা মহায়ুভ্তিয়

মধ্যে দৃষ্ট হয় না। বিচার ক্রিয়াট। এইরূপ;—ভাল কাজের কর্ত্তা হইবার যোগ্য; এবং মন্দ কাজের কর্ত্তা দেই কাজের প্রায়শ্চিত্ত স্বরূপ কপ্ত ভোগ করিবে—ইহাই সমূচিত। এই জন্যই আমরা গুভ-কারীর স্বথ কামনা করি এবং অগুভকারীর সংশোধন করে দণ্ডভোগ প্রার্থনীয় মনে করি। হিতৈষণা এই বিচারক্রিয়ারই একটা শালিক রূপ মাত্র।

অতএব, এই দকল ভাবক ভির গোড়ার একটা বিচার-ক্রিরা হইরা থাকে এইরূপ বুঝার। এই বিষয়ে চক্র-নায়ের ভ্রম প্রায়ই ঘটিয়া থাকে। এই ভাবগুলি নৈতিক লক্ষণে লক্ষণাক্রান্ত বনিয়া আমরা দিদ্ধান্ত করি,—উহাই আমাদের মঙ্গল সংক্ষীয় ধারণা; কিন্তু আমদের আমাদের মঙ্গলের ধারণা হইতেই ভাবগুলি ঐ দকল লক্ষণ প্রাপ্ত হইরাছে।

আর একটা কথা;— ধদ্যের ভাবগুলা অনুভব-শক্তির উপর জনেকটা নিভর করে, এবং উহারা অনুভবশক্তির আপেক্ষিক ও পরিবর্ত্তনশীল প্রকৃতিও কতকটা প্রাপ্ত হইয়া থাকে। ভাব উপজোগের শক্তি সকল লোকের সমান নছে; কাহারওবা স্থূল প্রকৃতি, কাহারওবা স্থল প্রকৃতি। তোমার কামনাগুলা যদি উগ্র ও প্রচণ্ড হয়, তাহা হইলে তোমার ধর্মজনিত বিশুদ্ধ স্থায়ের উপর তোমার প্রকৃতি চরিতার্থ করিবার স্থাই সহজে জয়ী হইবে। তোমার প্রকৃতি যদি কোমন হয়, তাহা হইলে সেরপ কথনই হইবে না। বায়ুর অবস্থা, স্বায়্য, কয়তা,—মামাদের নৈতিক বোধশক্তিকে হয় নিজেজ নয় সতের করিয়া তোলে। বিজন বাসে যথন মায়্য আপনাকে লইয়াই থাকে, তথন অনুতাপের বল পূর্ণমাত্রায় বন্ধিত হয়; — মৃত্যুর সয়িধানে বিগুণিত হয়। কিয়ু জনতা, সংসারের কোলাহল, বিয়য়াকর্ষণ,

অভ্যাস, উহাকে একেবারে নির্বাসিত করিতে না পারিলেও কত্তকটা নিস্তেজ করিয়া রাথে। সময় বিশেষে মন ক্লান্ত হইয়া পড়ে। কোন বিষয়ে উৎসাহ সকলিন সমান থাকে না। সাহসেরও ক্ষণিক বিরাম আছে। "অমুক দিন সে সাহস দেখাইয়াছিল"—একথা ত সর্বানাই শুনা যায়। আমাদের অভরতম হৃদয়ের ভাবও অনেক সময়ে আমাদের নেজাজের উপর নিভর করে। আমাদের যে ভাব পরম বিশুদ্ধ, অতীব উচ্চ আদেশের—তাহাও কতকটা আমাদের দৈহিক অবহার উপর নিভর করে। কবির ভাবক্তৃতিতে, প্রোমকের অনুরাগে, ধর্মবীরের জলও উৎসাহতেও মধ্যে মধ্যে অবসাদ উপত্তিত হয়;—এই সমস্ত অনেক সময়ে নিভান্ত হেয় ভৌতিক কারণের উপর নিভর করে। যথন ভাবের প্রোত্তে এরপ জোলার ভাটা নিতা উপত্তিত হয়, তথন এই ভাবকে আদেশ করিয়া সকল মানুষের গল্য কি একই বিবিধাবত্বা নির্বারণ করা যাইতে পারে প্

সহাত্ত্তি ও হিতৈবণাও এই ঐজিগিক অন্তবশীলতার হাত এছাইতে পারে না। অত্যের হাথ অত্তব করিবার শক্তিসকলের সমান নহে। যাহারা অতিশন হুংথ কঠ ভোগ করিবাছে—অত্যের হুংথ কঠ তাহারাই বেশী বৃথিতে পারে; স্তরাং অন্যের হুংথকঠে তাহাদেরই বেশী অসুকল্পা উপস্থিত হুইনা থাকে। যাহাদের করনাশক্তি বেশী, তাহারা অন্যের অসুভূত মনোভাব আপনার মানদ-পটে অঞ্চিত করিয়া, অনোর হুংথ বেশী অসুভব করিতে পারে। কেই বা নৈহিক স্থৰভংগের জন্য, কেইবা মানিকি স্থাভঃথের জন্য সহাত্ত্তি করিছে পারে। এই প্রকার সহাত্ত্তির মধ্যেও আবার অনেক প্রকার-ভেদ আছে। শুরু প্রকার ভেদ নহে—তাহাদের পরপ্রের মধ্যে বিরোধও উপস্থিত হুইনা থাকে। ধর্মান্তির ব্যাগত হুইনে আমা-

দেব অন্তরে যে ধিকার উপস্থিত হয়, গুণীর গুণপনার উপরে অত্যধিক সহামূভূতি থাকিলে, সেই ধিকারের ভাব অনেকটা কমিরা
আসে। এই জন্যই ওলটেয়ার ক্লোও মিরাবোর দোধ আমরা
দেখিয়াও দেখি না, ওাঁহাদের শতালীর কল্মরাশিকে আমরা ক্ষমার
চক্ষে দর্শন করি। কোন দণ্ডার্ছ ব্যক্তির মহাপরাধে আমাদের অন্তরে
যতটা দ্বণা উৎপর হওয়া উচিত, তাহার কঠে সহামূভূতির উদ্রেক
হওয়ায়, সে দ্বণা কতকটা মন্দীভূত হইয়া আসে। যাহাকে মঙ্গলের
সর্ব্বোহক্ত মানদণ্ডরূপে খাড়া করা হয়, সেই সহামূভূতির ও এইরূপ
চঞ্চল ও টলমান্ অবস্থা। সহামূভূতির ন্যায় হিতৈবণাতেও এইরূপ
তারতম্য উপস্থিত হইয়া থাকে। সেহ ও প্রেমের ভাব কাহারও ক্ম,
কাহারও বেশী। তাহার পর, সহামূভূতির ন্যায়, হিতেবণাতেও নানা
প্রার্থির মিশ্রিত হইয়া তাহাকে বাধা দেয়। বন্ধ্বার ফলে, আমরা
ন্যায়কে অতিক্রম করিয়াও, একটু বেশী দয়া প্রদর্শন করিয়া থাকি।

ভাবের ধামধেয়ালী উচ্ছ্বাসের প্রতি বেশী কর্ণপাত না করাই কি অবৃদ্ধির কান্ধ বলিয়া বিবেচিত হয় না ? বৃদ্ধির বারা পরিচালিত ও পরিশাসিত হইলে, এই হলমের ভাবই বৃদ্ধির বেশ একটি সহায় হইতে পারে; কিন্তু আপনার হাতে উহাকে একেবারে ছাড়িয়া দিলে, উহা অচিয়াৎ উচ্ছ্ব্রুল ধামধেয়ালী আবেগে পরিণত হয়। ইহাতে করিয়া মন, কার্যা করিবার একটা উত্তেজনা ও শক্তি লাভ করে বটে, কিন্তু সেই সঙ্গে বিকৃত্ত ও অবাবস্থিত হইয়া উঠে; গোড়ায় উদার বলিয়া প্রতীয়মান হইলেও, অবলেধে অহংপরতার কাছাকাছি অথবা একেবারেই অহংপরতার আদিয়া উপনীত হয়; মললের এব আদর্শ হইতে বিচ্নত হইয়া, অহ্ভবশীলতার অদৃঢ় ভূমিতে কথনই স্থিরভাবে বীড়াত গারে না: ভাবের স্বোতে ভাসিতে ভাসিতে আবিতে আবাবেগর

আবর্ত্তে আসিরা পড়ে; উদারতা হইতে অহংপরতার আসিরা উপনীত হর; আৰু হরত আত্মহারা ঔদার্য্যের নিধরে আরোহণ করিবে; কাল আবার বার্ধপর ব্যক্তিখের হীনতার মধ্যে নিপতিত হইবে।

এইরপে তাবের নীতি, স্বার্থের নীতি অপেকা প্রেষ্ঠ হইলেও অনস্পূর্ণ:—১ম উহা মঙ্গনের ধারণাকে এমন একটা ভিত্তির উপর দাড় করার, যে ভিত্তিটি বরং এই ধারণার উপরেই প্রভিষ্ঠিত; ২য় উহা এমন নিরমের নির্দেশ করে বাহা অঞ্জব—যাহা বিশ্বজনের অবশ্য-পালনীয় নহে।

পূর্ব্বোক্ত নীতিবাদের ন্যার আমরা আর একটি নীতিবাদের উল্লেখ করিব যাহা মিথা নহে কিন্তু অসম্পূর্ণ। প্রায়েজনবাদ ও স্থধ-বাদের পক্ষপাতিগণ তাঁহাদের সিদ্ধান্তকে একটু ব্যাপক করিয়া অপক্ষ সমর্থনের চেষ্টা পাইয়াছেন। তাঁহাদের মতে স্থথই মঙ্গল,—মঙ্গল, স্থধ তির আর কিছু হইতে পারে না; তাঁহারা বলেন, আয়-স্থধাদীরা ব্যক্তিগত স্থবক স্থথ মনে করিয়া ভ্রমে পড়িয়াছেন; আসলে সাধা-রণের স্থবকেই স্থথ বলিয়া ব্রিতে হইবে।

একথা আমরা স্বীকার করি যে, এই নৃতন দিছাস্তটি, ব্যক্তিগত স্বার্থবাদের বিরোধী; কেন না,এই নীতিবাদের বশবর্তী হইরা কোন ব্যক্তি গুধু যে একটা ক্ষণিকভাবের ত্যাগ স্বীকার ক্রিতে পারে তাহা নহে, পরস্ক অবস্থা বিশেষে জীবন পর্যান্ত বিসর্জ্জন ক্রিতে সমর্থ হর।

তথাপি, এই দিদ্ধান্তটি, প্ৰক্লন্ত নীতি হইতে—সমগ্ৰ নীতি হইতে দূরে অবস্থিত।

খীকার করি, সার্মজনিক-বার্থবাদ, নিঃবার্থপরতার লইরা বার ;—
অবস্থাইহা অনেকটা ভাল; কিন্তু নিঃবার্থপরতা মদলের একটা উপাধি-

ৰাত্ৰ (Condition) শ্বরং মঙ্কল নহে। সম্পূর্ণ নি:শার্থভাবেও কোন একটা ন্যারবিক্ল কাল করা যাইতে পারে। কোন এক কার্য্যে, কার্য্য-काती बाक्तित्र कान लांछ नांहे विलवाहे त्व त्वहें कावा बनात्र हहेत्व ना, একথা बना वाद्र ना। मर्सार्थ्य माधाद्रश्वद्र चार्थिद्र खाछ मृष्टि द्राविद्रा কোন কান্ধ করিলে, যাহাকে বলে অহংপরতা--দেই অহংপরতা-পাপে क्लान क्लान वाक्ति निश्च ना इरेटनअ, अञ्चान वहविष भारभ निश्च হইতে পারে। ইহা প্রমাণ করা আবক্তক যে, সাধারণের স্বার্থ সকল সময়েই ন্যার-ধর্ম্বের অমুমোনিত; আস্লে সাধারণের স্বার্থ ও ন্যার-ধর্ম-এই চুইটি জিনিষ এক নহে। যদিও অনেক সময়ে এই চুইটি এক সঙ্গে যায়, তবু কথন-কথন উহার। পুথকভাবেও কাল করে। আাথেন্দের প্রাধান্য স্থাপনের জন্য থেমিস্টক্লিস্ জ্যাথেন্স: বন্দরের মৈত্রীবদ্ধ প্রদেশ-সমূহের নৌ-বহুর অগ্নিসাৎ করিবার প্রস্তাব করেন ;--কিন্ত আারিদ্টাইডিদ্ বলেন, প্রস্তাবটি স্থবিধালনক वर्छ, किंद्र नाग्रविक्ष: এই क्थान, ज्यार्थनीयना এই जनान স্থবিধাটি পরিত্যাগ করে। ভবেই দেখ, এ বিষয়ে খেমিদ্টক্লিদের কোন ব্যক্তিগত স্বার্থ ছিল না ; দেশের স্বার্থের প্রতিই তাঁহার লক্ষ্য हिन। यनि जिनि वनशृत्रक এই সমস্ত काक এথোনীয়नিগের पात्रा করাইরা লইবার চেষ্টা করিতেন এবং সেই জন্য নিজের প্রাণ পর্যান্ত বিদর্জন করিতেন, তাহা হইলে, যে কাজ আগলে অন্যায় তাহার জন্য অতীব শ্লাঘ্য আত্মোৎসর্গের দৃষ্টান্ত দেখান হইত।

ইহার উত্তরে কেহ বলিতে পারেন বে, এই দৃষ্টাক্ত বদি স্বার্থ ও ন্যারধর্ম পরস্পর বিরোধী হইয় থাকে, তাহার কারণ, এইস্থলে স্বার্থ যথেষ্ট রূপে সাধারণের স্বার্থ হয় নাই বলিয়া; এইরূপ স্থলে,— "পরিবারের জন্য আপনাকে বিসর্জন করিবে, নগরের জন্য শরিবারকে বিদর্জন করিবে, দেশের জন্য নগরকে বিদর্জন করিবে, বিশ্বমানবের জন্য দেশকে বিদর্জন করিবে—এই প্রদিদ্ধ বাক্যটির অঞ্সরণ করা কর্তব্য।

জুনি যদি অতদ্র পর্যান্তও যাও, তবু দেখিবে ন্যায়ধর্মের ধারণার উপনীত হইতে পার নাই। বিশ্বমানবের স্বার্থ ও ব্যক্তিগত স্বার্থ, ন্যায়ধর্মের সহিত যে মিল ছইতে পারে না এরূপ নহে; কারণ ইহা নিশ্চিত যে উহাদের মধ্যে কোন অসমতি নাই; কিন্তু তাই বলিরা, ঐ হুই জিনিষ এক নহে; তাই এরূপ নিশ্চিত-রূপে বলা যায় না যে, বিশ্বমানবের স্বার্থ ন্যায়ধর্মের উপর সংস্থা-পিত। যদি তথু একটেমাত্রও দৃষ্টান্ত প্রদর্শিত হর যে, স্থল-বিশেষে অনসাধারণের স্বার্থের সহিত প্রকৃত মঙ্গলের ঐক্য হয় নাই, তাহা হইলেই এই সিল্লান্তে উপনীত হইতে হইবে যে, সাধারণের স্বার্থ ও প্রকৃত মঙ্গল এক জিনিস নহে।

তৃমি উপদেশ দিতেছ বে, সাধারণ স্বার্থের উদ্দেশে ব্যক্তিগত স্থাবকৈ বিসর্জ্জন করিবে। কিন্তু কাহার দোহাই দিয়া তৃমি এইরূপ উপদেশ দেও ? শুধু কি স্থার্থের দোহাই দিয়া ? যদি স্থার্থ বিলয়াই স্থার্থের কথা গুনিতে আমি বাধ্য হই, তবে আমার নিজের স্থার্থের কথা আমি কেন না গুনিব ? অন্যের স্থার্থের জন্য আমার নিজের স্থার্থকে কেন বিসর্জ্জন করিব তাহার ত কোন স্থান্দত হেতু দেখিতে পাই না ।

তুমি বলিতেছ, স্থাই মানব-জীবনের পরম লক্ষা। ইহা হইতে ন্যায্যরূপে আমি এই সিদ্ধান্তে উপনীত হইতে পারি যে, আমার স্থাই আমার জীবনের পরম লক্ষা।

া বদি ভূমি আমাকে আমার মূথ বিসর্জন করিতে উপদেশ দেও,

তাহা হইলে স্থ ছাড়া আর কোন উদ্দেশ্যের দোহাই দিয়া তোমার এই উপদেশ দিতে হইবে।

ष्पिकाः नाता वार्य अवस्य वार्थ, - এই প্রশিদ্ধ মূলকুত্র অফুসারে চলিলে, কি বিপদেই পড়িতে হয় একবার বিবেচনা করিয়া দেখ। প্রথমত ভবিষাতের অন্ধকারের মধ্যে আমার প্রকৃত স্বার্থ নির্বয় করাই কঠিন; তারপর দেখ, ন্যায়ধর্মের অভ্রাস্ত আদেশের স্থানে, বাক্তিগত স্বার্থের অনিশ্চিত গণনাকে দাঁড় করাইয়া তুমি এই কঠিনতার কিছুমাত্র লাঘব করিলে না। কোন কার্যো প্রবৃত্ত হই-বার পূর্বের, যদি আমার নিজের স্বার্থ নির্ণয় করিতে হয়—ভধু নিজের चार्थ नय, পরিবারের স্বার্থ,—ভধু পরিবারের ভার্থ নয়, দেশের স্বার্থ, শুধু দেশের স্বার্থ নয়-বিশ্বমানবের স্বার্থ নির্ণয় করিতে হয়, তাহা হইলে দেই কাজ করা আমার পক্ষে অসম্ভব হইয়া উঠে। কি। আমার দুরদৃষ্টিকে সমস্ত জগতের উপর প্রসা-রিত করিতে হইবে ? এইরূপ কঠিন পণে আমাকে ধর্ম অর্জন করিতে হইবে ? তাহা হইলে এমন একটা জ্ঞান তুমি আমার উপর আরোপ করিতেছ যাহা ৩ ধু ঈখরেতেই সম্ভবে। প্রকৃত স্বার্থ নির্থ-(सूत्र डेल्इल ठिक भर्थ आभनात्क भतिहालन कतिर्ड स्ट्रेल, দর্শনের ইতিহাস কিংবা কুট নীতি-শাস্ত্রও যথেষ্ট নহে। মনে ব্লাখিও, মানব-জাবনের কোন গণিত-দিদ্ধ বিজ্ঞান নাই। ভোমার গণনা যতই গভীর হউক না, তোমার ভাগ্য যতই স্বপ্রতিষ্ঠিত হউক না. দৈৰ-ঘটনা ও ইচ্ছার স্বাধীনতা আসিয়া, তাহা বিপর্যান্ত করিয়া पित.--- তোমার ছ:थ य**তই নৈরাশাৰনক হউক না, তাহা হই**তে তোমাকে উদ্ধার করিবে, স্থুও ছঃথকে একত্র মিশাইয়া ফেলিবে-্তভাষার দুরদৃষ্টির সমস্ত সিদ্ধান্তকে বার্থ করিয়া দিবে।

এইরূপ চঞ্চল ভিত্তির উপর তুমি ধর্মনিতীকে স্থাপন করিতে চাহ ? मिथ. এই প্রহেলিকাবং সাধারণ-স্বার্থকে সমর্থন করিবার জন্য আমরা কতই কুতর্ক অবলম্বন করিয়া থাকি ৷ আমার কোন বন্ধুর দৈন্যদশা উপস্থিত হইলে, আমি সহজেই সাধরণ স্বার্থঘটিত এমন একটা দূর-সম্পর্কের হেতৃ বাহির করিতে পারি বাহার দোহাই দিয়া স্মামি স্বামার বন্ধুর সাহায্যে হয়-ত বিরত হইব। এই ব্যক্তি হর্দ্ধ-শাগ্রন্ত হইয়া আমার নিকটে অর্থ যাচ ঞা করিতেছে; কিন্তু ঐ অর্থ বদি আমি বিশ্বমানবের কাজে প্রয়োগ করি, তাহা হইলে আমার ঐ অর্থবার কি আরও সার্থক হইবে না ? কলা ঐ অর্থ কি আমার দেশের জনা আবশুক হইবে না ? অতএব উহা আপাতত ব্যর না করাই ভাগ। তাছাড়া এই হবে সাধারণের স্বার্থ স্লুপ্টরেপে উপ-লিছি ইইলেও ইহাতে ভ্ৰমের সম্ভাবনা আছে:—এইরপ নানা প্রকার মিথাা জল্ল। আসিরা আমার মনকে অধিকার করিবে। कान जान काम कत्रिवात शृह्म, अधाम विन देशहे प्रविष्ठ हत. উহা অধিকতম লোকের পরম স্বার্থ কি না. তাহ। হইলে এরপ কাজ ছঃসাহসী ও উন্মাদগ্রস্ত লোক ভিন্ন আর কেই করিতে সাহস शाहेर्द ना। चौकांत्र कति, माधात्रग-चार्थत् धात्रग इहेर्छ छेनात्र আত্মোৎদর্গ প্রস্ত হইতে পারে. কিন্তু দেই দঙ্গে অনেক মহাপ-রাধও প্রভার পাইতে পারে। ঐ সাধারণ-স্বার্থের দোহাই দিরা. সর্ব্ধ প্রকার উন্মন্ত ব্যক্তিরা-ধর্ম্মোন্মন্ত, স্বাধীনতা-উন্মন্ত, দর্শনশাস্ত্র-উন্মন্ত ব্যক্তিরা-বিশ্বমানবের পরম স্বার্থের উদ্দেশে, অনেক জ্বন্য कांब कि करत नारे ? खर्गा खरनक नमह. त्रहे नकन कार्बाह শহিত উচ্চতর নি:স্বার্থভাবও মিশ্রিত ছিল।

এই নীতিবাদের আর একটি ভূল-ম্বরং মঙ্গল এবং মঙ্গলের

একটি প্ররোগ-স্থল-এই উভরকে উহা এক করিয়া ফেলে। যদি অধিকতম লোকের পরম স্বার্থই মঙ্গল হয়, তাহা হইলে, ইহার পরিণাম স্পষ্টই দেখা যাইতেছে:—তাহা হইলে স্বীকার করিতে **इर, ७४ এकট।** সার্মজনিক ও সামাজিক ধর্মনীতিই আছে, নৈজিক কিংবা ব্যক্তিগত ধন্মনীতির কোন অন্তিত্ব মাই; ওধু এক শ্রেণীরই কর্ত্তব্য আছে,—অন্যের প্রতি কর্ত্তব্য: নিজের প্রতি আমাদের কোন কর্ত্তব্য নাই। কিন্তু এই দিল্লান্ত অমুসারে, আমরা ঠিক সেই भक्त कर्खवादक होतिया एकतिएक हि राजात विमामात्न अन्य अभेख कर्खवा সাধন করা আমাদের পক্ষে সম্ভব হয়। সর্বাপেক্ষা সেই ব্যক্তিরই সহিত আমাদের নিত্য সম্বন্ধ যাহাকে আমরা "আমি" বলি। এক হিনাবে আমিই আমার সমাজ। সেই সমাজে আমি সর্ব্বাপেক। অভান্ত। প্লেটো একটা কথা বেশ বলিয়াছেন :--আমি আমার অস্তরে একটা সমগ্র নগরকে বহন করিতেছি,—ভাব, ধারণা, বাসনা প্রবৃত্তি, আবেগ, চেষ্টা প্রভৃতির ঘারা উহা অধ্যুদিত; এই সকলের জন্য বিধিবাৰতা তাপন করা নিতান্তই আবশাক। কিন্তু প্রাঞ্জক নীতিবাদ অতুদারে, এই নিতান্ত-আবশ্যক আত্মশাদন-ব্যবস্থাকেই বহিত করা इटेराज्य: प्रश्रीर निक्रिक धर्मनीजिरक-प्राधानिष्ठं कर्द्धवारक विम-ৰ্জন কৰা চইতেছে।

আর একটি নীতিবাদের কথা বণিব যাহার বাহিরটা দেখিতে বেশ উন্নত কিন্তু যাহার ভিতরে একটা দ্বিত নীতি প্রজ্জ রহিয়াছে। কেহ কেহ এইরূপ বিশাস করেন যে, কেবল ঈশরের ইচ্ছার উপরেই চারিত্র-নীতির ভিত্তি স্থাপিত। সেই ইচ্ছার অন্সরণ ও লত্তনের সহিতই ঈথর দও-পুরস্কার জুড়িয়া দিয়াছেন, এবং সেই দও-পুরস্কারের শারা চালিত হইরাই মন্থ্য কার্যো প্রবৃত্ত হয়। এই বিষয়ট একটু সংকোচের সহিত আলোচনা করিতে হইবে।

এ কথা সত্য,—বিবিধ যুক্তির ছারা ইহা নিশ্চিতরূপে প্রতিপদ্ধ
হর যে ঈশ্বই নীতির চরম ও পরম মূলতর;—এমন কি ইহা
বেশ বলা যাইতে পারে যে, ঐশ্বিক ইচ্ছার বহি:প্রকাশই
মঙ্গল; কেন না, ঈশ্বরের ইচ্ছা সেই সনাতন স্থায়ধর্ম্বের এই
ইচ্ছা—তিনি যে নারের নিয়ম আমাদের বৃদ্ধির্বিও জ্বদরের মধ্যে
নিহিত করিয়াছেন, সেই নিয়ম অঞ্সারে আমরা কান্ধ করি;
কিন্তু ভাই বলিয়া তাহা হইতে এরুপ সিদ্ধান্ত হয় না,—তাহার
আমবেয়ালি ইচ্ছা-অফ্সারে তিনি এই নিয়ম স্থাপন করিয়াছেন।
পরত্ত,—স্থান্মের নিয়ম ঈশ্বরের ইচ্ছার মধ্যেই রহিয়াছে; কেন না,
সেই নিয়মের মৃণ তাহার জ্ঞানের মধ্যে, তাহার অশ্বরতম স্বরূপের
মধ্যেই চিরবিদ্যমান।

বে নীতিবাদ ঈখরের ইচ্ছার উপর স্থাপিত, দেই নীতিবাদের মধ্যে যেটুকু সত্য আছে তাহা বাদ দিয়া তাহার মধ্যে যাহা মিখ্যা, যাহা অসঙ্গত, যাহা নীতিবিক্ল তাহাই আমরা দেখাইতে চেটা করিব।

প্রথমত, যে কোন ইচ্ছাই হউক না কেন,—ইচ্ছার দ্বারা যেমন সত্য স্থলরকে প্রতিষ্ঠিত করা যায় না, সেইরূপ ইচ্ছার দ্বারা মঙ্গলকেও প্রতিষ্ঠিত করা যায় না। ঐপরিক ইচ্ছা স্থদ্ধে স্থামাদের যে ধারণা তাহা আমাদের নিজের ইচ্ছা হইতেই উংপর। ভাল করিয়া বুঝিয়া দেখিলে, এই ছই ইচ্ছার মধ্যে স্থামীম ও স্পীমের প্রভেদ ভিন্ন আর কোন প্রভেদ নাই। এখন দেখ, স্থামার ইচ্ছার দ্বারা কোন সত্যকে আমি লেশমাত্রও স্থাপন করিতে

পারি না। আমার ইছে। স্নীম ব্লিরাই কি পারিমাণ না. তাহা নহে; অগীমশক্তিনমন্তিত হইলেও ইচ্ছা এই বিষয়ে সমান অশক্ত। আমার ইচ্ছার প্রকৃতিই এই,—কোন কাজ করিবান্ধ সময় এই জ্ঞানটি থাকে,—आমি ইচ্ছা করিলে ইহার উন্টার্টাও ক্রিতে পারি; আর ইহা ইচ্ছার একটা আগস্তুক লক্ষণ নছে. हेशहें हेफ्हांत्र मुशा लक्ष्ण: अज्याव, अक्षण यनि माम कवा यात्र. সত্য কিংবা সত্যের বে স্থংশকে ন্যায় বলে, তাহা—কি ঐশবিক. কি মানবিক—কোন ইচ্ছার ঘারা স্থাপিত হইরাছে, তাহা হইলে ইহাও স্বীকার করিতে হয়, অন্ত কার্যোর ধারা অন্ত আর কিছ স্থাপিত হইতেও পারিত: অতায়কে তায় করা যাইতে পারিত. ন্তায়কে অন্তায় করা যাইতে পারিত; কিন্তু এরূপ অঞ্চৰতা ন্তায় ও সত্যের প্রকৃতি-বিকৃদ্ধ। বাস্তবপক্ষে, দার্শনিক তত্ত্বসমূহের স্থায় নৈতিক তবগুলিও স্বতঃসিদ্ধ ধ্রুবস্তা। কারণ বাতীত কার্যোছ সম্ভাব, বন্ধ বিনা জ্ঞানের সম্ভাব ঈশ্বরও ঘটাইতে পারেন না : সত্য পালন করা, সভ্যকে ভালবাসা, প্রবৃত্তিসমূহকে সংযত করা মন্দ-ইহাও ঈশ্বর স্থাপন করিতে পারেননা। জ্যামিতির স্বতঃসিদ্ধ স্ত্রগুলির ক্লায় নৈতিক স্ত্রগুলিও অপরিবর্ত্তনীয়। মন্টেদ্কিউ সম্ভ্র নিয়ম সভজে সাধারণতঃ যাহা বলিয়াছেন, নৈতিক নিয়মের দম্বন্ধে সে কথা বিশেষরূপে প্রযুক্ত হইতে পারে। ইহা সেই সব অবশ্যস্তাবী সম্বন্ধ যাহা বস্তুসমূহের নিজম্ব প্রকৃতি কিংবা স্বন্ধপ হইতে উৎপন্ন।

ধরিয়া লও,—মঙ্গল ও ভাষ ঈখরের ইচ্ছা হইতেই উৎপন্ন হইনাছে, তাহা হইলে তাহার মধ্যে যে অবশাকর্ত্তবাতার ভাব আছে তাহাও ঈশবের ইচ্ছার উপর নির্ভর করিবে কিন্তু কোন ইচ্ছার বারাই অবশ্যকর্ত্তব্যতা স্থাপিত হইতে পারে না। ঈশবের ইচ্ছা—

একজন সর্ব্বশক্তিমান পুক্ষের ইচ্ছা;—আর আমি একটি কুদ্র

হর্বন জীব। একজন সর্ব্বশক্তিমান পুক্ষের সহিত একটি কুদ্র

হর্বন জীবের এই যে সম্বদ্ধ—ইহার মধ্যে কোন নৈতিক ভাব

থাকিতে পারে না। বলের বারা বাধ্য হইয়া কোন বলবান্ ব্যক্তির

আজ্ঞা আমরা পালন করি, কিন্তু অবশ্যকর্ত্তব্য বোধে ভাহা পালন

করি না। ঈশবের অভ্যাভ্য উপাধি হইতে যদি মুহুর্ত্তের জন্য ঈশ
রের ইচ্ছাকে পৃথক্ করিয়া দেখা যায়, ভাহা হইলে দেখিব,

ঐশবিক ইচ্ছা-প্রেরিভ হর্লজ্যা আদেশের মধ্যে ভ্রানের কণামাত্রও

করিব নাই; স্থতরাং ভাহা হইতে অবশ্য কর্তব্যভার কণা মাত্র

হায়াও আমার হদরে অবভীণ হইবে না।

কেহ কেহ এই কথা বলিয়া উঠিবেন :—এই যে অবশাকর্ত্রাতা ও লায়—ইহা ঈখরের থাম্থেয়ালী ইচ্ছা হইতে নহে পরস্ক ঈখরের লায়-ইচ্ছা হইতেই স্থাপিত হইয়াছে। বেশ কথা। তাহা হইলে ত সবই উন্টাইয়া যায়। তবেই দাঁড়াইতেছে—নিরবচ্ছিন্ন ঈখরের ইচ্ছা হইতে এই অবশাকর্ত্রাতার উৎপতি নহে, পরস্ক যে জানের দারা তাহার ইচ্ছা নিয়মিত হয় অর্থাৎ তাহার ইচ্ছার মধ্যে বে লায়ধর্ম অবস্থিত, সেই জ্ঞানই, সেই লায়ধর্মই এই অবশাকর্ত্রাতার তার আমাদের মনে আনিয়া দেয়। অতএব, নাায়-অল্পায়ের যে প্রেছদ, তাহা তাহার ইচ্ছার কার্য্য নহে।

আর একটি নীতিবাদের কথা বলিব যাহার বাহিরটা দেখিতে বেশ উন্নত কিন্তু যাহার ভিতরে একটা দ্বিত নীতি প্রচ্ছন রহিরাছে। কেহ কেহ এইরূপ বিশাস করেন যে, কেবল ঈশরের ইচ্ছার উপরেই চারিত্রনীতির ভিত্তি স্থাপিত। সেই ইচ্ছার অফুলরণ ও লভ্যনের সহিতই ঈশ্বর দণ্ড প্রস্থার ভ্ডিয়া দিয়াছেন, এবং সেই
দণ্ড প্রস্থারের হারা চালিত হইরাই মহন্য স্বকীয় কার্য্যে প্রবৃত্ত হয়।
এই বিষয়টি একটু সংকোচের সহিত আলোচনা করিতে হইবে।
এ কথা সত্য,—বিবিধ স্থক্তির হারা ইহা নিশ্চিতরূপে প্রতিপল্ল
হয় যে ঈশ্বরই নীতির চরম ও পরম মূলতর;—এমন কি ইহা বেশ
বলা যাইতে পারে যে, ঐশ্বরিক ইচ্ছার বহিঃপ্রকাশই মঙ্গল; কেন
না, ঈশবের ইচ্ছা সেই সনাতন ভায়ধর্মেরই অভিবাক্তি যাহা তাঁহার
মধ্যে নিতা অবস্থিত। অবশা ঈশবের এই ইচ্ছা—তিনি যে ভায়ের
নিয়ম আমাদের বৃদ্ধির্তি ও হৃদরের মধ্যে নিহিত করিয়াছেন, সেই
নিয়ম অহুসারে আমরা কাজ করি; কিন্তু তাই বলিয়া তাহা হইতে
এরপ সিদ্ধান্ত হয় না,—তাঁহার খামধেয়ালি ইচ্ছা অনুসারে তিনি
এই নিয়ম স্থাপন করিয়াছেন। সে কথা দ্বে থাকুক,—নামের
নিয়ম ঈশবের ইচ্ছার মধ্যে এই জন্যই রহিয়াছে, বেহেতু সেই নিয়মের ম্ল তাঁহার জ্ঞানের মধ্যে, তাঁহার অস্তরতম স্বরূপের মধ্যেই
চিরবিলামান।

ঈখরের ইচ্ছার উপর যে নীতিবাদ স্থাপিত, সেই নীতিবাদের মধ্যে যেটুকু সত্য আছে তাহা বাদ দিয়া তাহার মধ্যে যাহা মিথা, যাহা অসমত, যাহা নীতিবিক্তম তাহাই আমরা দেখাইতে চেষ্টা করিব।

প্রথমত, যে কোন ইচ্ছাই : হউক না কেন,—ইচ্ছার দারা যেমন সত্য স্থানরকে প্রতিষ্ঠিত করা যায় না, সেইরূপ ইচ্ছার দারা মঙ্গলকেও প্রতিষ্ঠিত করা যায় না। ঐশ্বরিক ইচ্ছা সম্বন্ধে আমাদের যে ধারণা তাহা আমাদের নিজের ইচ্ছা হইতেই উৎপর। ভাগ করিয়া ব্যিয়া দেখিলে, এই ছই ইচ্ছার মধ্যে অধীম ও স্থীমের প্রভেদ ভিন্ন এবং তাহা হইলে ধর্মনীতির মধ্যে অবশ্যকর্ত্তব্যভার ভাষও কিছুই থাকে না। আবার যদি ন্যায়কেই ঈধরেজ্বার প্রমাণ বদিয়া ধর,
—বে স্থার, তোমার দিয়ান্ত অনুদারে ঈধরের ইচ্ছা হইতেই প্রামাশিক্তা লাভ করে,—তাহা হইলে তুমি চক্র-স্থারের প্রমে পতিত হইবে।

আর একটা চক্র-ন্থারের ত্রম আরও স্পঠরুপে এই স্থলে লক্ষিত হয়। প্রথমে, ঈশরের ইচ্ছা হইতে ন্যায়ধর্ম উৎপর—এই দিদ্ধান্ত বৈধরূপে স্থাপন করিতে হইলে, বাধ্য হইয়া তোমাকে মানিয়া লইতে হয় বে, এই ইচ্ছা ন্যায়মূলক, কিন্তু আমি স্পর্দ্ধা করিয়া বলিতে পারি, শুধু এই ইচ্ছা হইতে ন্যায়ধর্ম কথনই স্থাপিত হইতে পারে না। তা ছাড়া, স্পটই দেখা যাইতেছে, যদি পূর্বহইতেই তোমার মনে ন্যায় স্থক্তে কোন প্রকার ধারণা না থাকে,
ঈশ্বরের কোন ইচ্ছা ন্যায়মূলক তাহা তুমি ব্রিতেই পারিবে না।

এক পক্ষে, ঈশরের ইচ্ছা কি তাহা না জানিয়াও নাায় সম্বন্ধে তোমার একটা ধারণা থাকিতে পারে, ও আছে; পক্ষান্তরে, নাায় সম্বন্ধে তোমার কোন ধারণা না থাকিলে, ঐশরিক ইচ্ছার নাায়তা তুমি ব্ঝিতে পারিবে না।

এখন দেখ, আমরা যে নীতিবাদ সম্বন্ধে বিচার করিতেছি তাহার চূড়ান্ত দিদ্ধান্ত এই;—গুধু ঈশরের ইচ্ছাতেই অমুক কাল ন্যায় ও অমুক কাল অন্যায় বলিয়া নির্দারিত ইইছাছে। গুধু একটা থামথেয়ালি আদেশের দারাই যে এই ইচ্ছা অভিব্যক্ত হইতেছে তাহা নহে,—আবার এই ইচ্ছা, ঐ আদেশের সঙ্গে আশা ও ভরের ভাব জুড়িয়া দিয়াছে।

পারনৌকিক দণ্ডের ভয় ও পুরস্কারের আশা কোন্ মানব-বৃত্তির

উপর কার্য্য করে 🤊 যে বৃত্তির বশবর্ত্তী হইয়া আমারা ইহলোকেই ছ:খকে ভয় করি, ও স্থাধের অধেষণ করি, সেই একই বৃত্তির উপর কাল করে,—সেই বৃত্তিটি কি ?—না, কলনার ঘারা উত্তে-ৰিত আমাদের ঐক্রিয়িক অমূভবশক্তি অর্থাৎ আমাদের সেই वृद्धि याहा नर्कारभक्ता भद्रिवर्जनभीन, এवः मञ्चराकाणित्र मरश्य याहात्र তারতম্য সর্বাপেকা অধিক। পারলৌকিক স্থপ ও হুংপ, যাহা मर्ज्ञाराका जनस व्यक्त हमस इरेडि जात्तक व्यामारमञ्ज व्यस्त, উত্তেজিত করে—দে চুইটি ভাব কি ?—না, আশা ও ভয়। বয়স, স্বাস্থ্য, একথণ্ড চলম্ভ মেঘ, সূর্য্যর একটি রশ্মি, এক পেয়ালা कांकि, এবং এইরূপ অসংখ্য পদার্থ-সমস্তই : आমাদের আশা ও জায়ের উদ্দেক করে। আমি এমন কতকঞ্জি লোককে জানি-এমন কি. এরপ কতকগুলি দার্শনিক পণ্ডিতকেও জানি, কোন कान मित्न याशासत्र व्यामात्र द्वांत त्रिक रहेन्ना थाकः। व्यात्र ইহারই উপর কিনা নীতির ভিত্তি পত্তন করিতে হেইবে! ফলত के नीजिवान, मानव-चाहत्ररंग ७५ এक है। चार्थित जेरमभा थाएं। করিতে চাহে-তাহা ছাড়া আর কিছুই নহে। কার্য্যের ফলা-ফল গণনা করিয়া আমি যে কাজ করি, সেই গণনা ঠিকু হইতেও পারে; তাহার ঘারা আমি খুব স্থবেরও আশা করিতে পারি: ক্তিত্র তাহার মধ্যে এমন কোন ন্যায়ের ভাব দেখিতে পাই না যাতা অৱশাকর্ত্তবা বলিয়া কোন কার্য্য:করিতে আমাকে বাধ্য করিতে পারে; অথবা এই গণনা করিতে পারা, কি না পারার মধ্যে, কোন পাপ পুণ্যও দেখিতে পাই না, (যদিও প্যাসকাল তাহা দেখিতে পান); ফল কথা, আমাদের অমুভবশক্তি ও কল্লনা-শক্তির ভারতম্য অনুসারে, আমাদের প্রত্যেকের মনে আশা ও ভারের তারতম্য হইরা থাকে। শেষ কথা, পারনৌকিক হথ ছ:খ, দণ্ড পুরস্কারের আকারেই প্রদর্শিত হইয়া থাকে। কিন্ত সেই সব কর্মই দণ্ড পুরস্কারের যোগ্য যাহা আদলে ভাল কিংবা আদলে भना। यनि ভाव मन विविध आगता कोन विनिम्ना शोक. তাল মন্দের যদি অবশাপ্রতিপালা কোন নিয়ম না থাকে. তবে তাহাতে না-আছে পাপ, না-আছে প্ণা; তাহা হইলে :সে পুর-ছার পুরস্কারই নহে; দে দণ্ড দণ্ডই নহে। কেন না, ভালমন্দের ধারণা হইতে তাহা মঞ্জুরী প্রাপ্ত হয় না। যে স্থলে এই ভালমন্দের ধারণা নাই, দে স্থলে দণ্ড পুরস্কারের পরিবর্ত্তে শুধু স্কুখের আকর্ষণ ও যন্ত্রণার ভয় ধর্ম্মের অনুশাসন-বিধির সহিত যুড়িয়া দেওয়া হয় মাত্র ; দে বিধির মধ্যে কোন ধর্মনৈতিক ভাব নাই; তথন আবার আমরা সেই পার্থিব কায়িক দণ্ডবিধির ব্যবস্থায় ফিরিয়া আদি যাহা লোক-কলনাকে দল্লাদিত করিবার জন্যই উদ্ভাবিত হইয়াছে এবং যাহা বাবস্থাকর্ত্তাদের প্রচারিত আইনের উপরেই নির্ভর করে; এইরূপে, এই পার্থিব দণ্ড পুরস্কারকে, বিধি ব্যবস্থাকে, আমরা পরলোকেও লইয়া যাই। আমরা পরে দেখিব—আত্মার অমরত্ব, উহা অপেকা দচ ভিত্তির উপর স্থাপিত।

এই মিথ্যা ও অসম্পূর্ণ নীতিবাদগুলিকে অপসারিত করিয়া এমন একটি সিদ্ধান্তে আমরা উপনীত হইব, বাহা আমাদের মতে, সম্পূর্ণ সত্য; কেন না ঐ সিদ্ধান্ত, নিশ্চিত তথ্য ছাড়া আর কিছুই গ্রহণ করে না, কোন তথ্যকেই উপেক্ষা করে না, এবং সেই সব তথ্যের যথাবধ লক্ষণ ও মর্য্যাদাও রক্ষা করিয়া থাকে।

চতুর্থ উপদেশ।

ধর্মনীতির প্রকৃত মূলতত্ত্ব।

প্রাণশী তয়য়ানী, দার্শনিক পদ্ধতি সমূহের ভগু এম দেপাইয়াই
কাম্ব থাকেন না, পরস্ক সেই এমসমূহের মধ্যে সে সত্য মিশ্রিত আছে
তাহা তিনি শেবিতে পান, এবং সেই সত্যপ্তলিকে সেই সব এম
হইতে বিনির্ম্ব ক করেন। বিভিন্ন পদ্ধতি সমূহের বিক্ষিপ্ত সত্যপ্তলি
এক মিলিত হইয়া একটি সমগ্র সত্যকে প্রতিষ্ঠিত করে, এবং সেই
সত্যকে, প্রত্যেক পদ্ধতিই একটা বিশেষ দিক দিয়া দর্শন করে।
আমরা যে সকল নৈতিক পদ্ধতি ধণ্ডন করিলাম, তাহা পরস্পর
বিরোধী হইলেও, তাহাদের মধ্যে সমগ্র ধর্মনীতির মূল-উপাদানপ্তলি
নিহিত আছে। সমগ্র নৈতিক ব্যাপারকে প্ন:প্রতিষ্ঠিত করিতে
হইলে, গুধু প্রসকল উপাদানকে এক করা আবশ্যক। ফলত
সমস্ত দর্শনের ইতিহাস—মানসিক ব্যাপারসমূহের বিশ্লেষণ বা
বিশ্লেষণের চেষ্টা ভিন্ন আর কিছুই নহে। কোন পদ্ধতিবিশেবের
মতে অদ্ধ না হইয়া, সমগ্র মানব-আচরণ পর্যাবেক্ষণ করিয়া আমাদের
মনে যে সকল ধারণা ও ভাব উৎপন্ন হয় তাহাই আমরা যথায়থক্বপে
এক অ সংগ্রহ করিব।

কতকগুলি কার্য্য আমাদের প্রীতিকর এবং কতকগুলি কার্য্য অপ্রীতিকর; কতকগুলি উপকারী, ও কতকগুলি হানিজনক;—
এক কথার, সেই সকল কার্য্যের সহিত আমাদের স্বার্থের বোগ। যে
সকল কার্য্য আমাদের হিতজনক সেই সকল কার্য্যের অনুষ্ঠানে আমরা
আনন্দিত হই, এবং বাহাতে আমাদের হানি হয়—সেইরূপ কার্য্য

জ্ঞামরা পরিবর্জন করি। যে সকল কার্য্যে আমাদের স্বার্থ সাধিত। হর আমরা নিয়ত সেই সকল কার্য্যেরই অক্সরণ করি।

এই ব্যাপারটি সর্ধ্বাদিসমত;—আরও একটি ব্যাপার আছে বাহা উহারই মত অবিস্থাদিত।

এমন কতকণ্ডলি কার্য্য আছে, যাহার সহিত আমার নিজের কোন সম্বন্ধ নাই, স্নতরাং তাহাতে আমাদের কি স্বার্থ আছে তাহা আমরা বিচার করিতে সমর্থ নহি, অথচ আমরা সেই সকল কার্য্যকে ভাল কিংবা মন্দ বলিয়া থাকি।

মনে কর, তোমার সমক্ষে একজন সদস্ত বলবান্ ব্যক্তি, একজন হর্মল নিরস্ত্র ব্যক্তিকে আঁক্রমণ করিয়া তাহার প্রতি মারপীট করিল, এবং তাহার পাঁঠের কড়ি হরণ করিবার জন্য তাহাকে হত্যাকরিল। এই কার্য্যে তোমার নিজের গায়ে একটি আঁচড়ও লাগিল না, অথচ তোমার মন স্থণা ও রোষে পূর্ণ হইল; সেই হত্যাকারীকে ধৃত করিয়া পুলিদে সোপর্দ করিবার জন্য, তুমি যথাসাধ্য চেন্তা করিলে। যাহাতে দে কোন না কোনরূপে দণ্ডিত ইয় তাহার জন্য তোমার আছরিক ইচ্ছা হইল, এবং তুমি মনে করিলে—এইক্রপ দণ্ডবিধান করা ন্যায়সঙ্গত কার্য্য; যতক্ষণ না তাহার উপযুক্ত দণ্ড হইল ততক্ষণ তোমার রোষ প্রশমিত হইল না। আবার আমি, বলি, এছলে তোমার নিজের কোন প্রত্যাশাও ছিল না, ভয়ও ছিল না। তুমি যদি কোন হুর্গম হর্গের মধ্যে থাকিয়া, তাহার উচ্চ চূড়া হইতে এই হত্যাকাও দেখিতে, তাহা হইলেও তোমার মনে এইক্রপ ভাবই উৎপন্ন হইত।

একটা হত্যাকাণ্ড দেখিয়া তোমার মনে যে ভাবের উদয় হয়, জাহারই একটা মোটামুটি ছবি উপরে প্রদর্শিত হইল। এই ছবির মধ্যে যে দকল বিভিন্ন রেণার সমাবেশ আছে, তৎসম্বন্ধে একট্ বিল্লেখণ ও একট্ বিচার করিয়া দেখিলেই একটা দার্শনিক দিদ্ধাত্তে উপনীত হওয়া যায়।

এই হত্যাকাপ্ত দেখিয়া কোন্ ভাবতি তোষার মনে প্রথম উদর্
হইল ?—অবশ্য, ত্বণামিপ্রিত রোবের ভাব, একটা স্বাভাবিক
আতম্ব তোমার মনে সঞ্চারিত হইল। অতএব দেখা ষাইতেছে,
এমন একটা ধিকারের ভাব স্বতই আমাদের মনে জ্মিতে পারে—
যাহার সহিত স্বার্থের কোন সংস্রব নাই; মনের এইরূপ একটা
শক্তি আছে—মনের এরূপ কতকগুলি ভাব আছে, যাহার লক্ষ্য
আমি নিজে নহি। আমাদের মনে এমন একটা বিদ্বেষের ভাব,
এমন একটা বৈমুখ্যের ভাব, এমন একটা আত্তম্কের ভাব আছে,
যাহা আমাদের নিজের অনিষ্টাশেরা ইতৈতে উৎপত্ন হয় না, প্রত্যুত্ত
এমন সকল কার্য্য হইতে উৎপত্ন হয় যাহা আমাদের হইতে বহুদ্বে
অস্কৃতি হইরা থাকে, এবং যাহার আঘাত আমাদিগকে একট্ও স্পর্শ
ক্রিতে পারে না;—দেই সকল কার্য্যকে যে আমরা ত্বণা করি,
তাহার একমাত্র হেতু, আমরা সেই সমস্ত কার্য্যকে মন্দ বলিয়া
বিবেচনা করি।

হাঁ, আমরা সেই দকল কার্য্যকে মন্দ বলিয়া বিবেচনা করি।
সেই দব কার্য্য আমাদের মনে দে দকল ভাব উৎপাদন করে, তাহার
মধ্যে একটা বিচার ক্রিয়া প্রছের আছে। যে দম্মে কোন কার্য্য
দেখিয়া ভোমার মনে ঘূণা ও রোষের উদর হয়, তথন যদি কেহ বলে,
সোমার এই নিঃসার্থ রোষ ভোমার একটা বিশেষ দৈহিক গঠনের
ফল, এবং ঐ কার্য্য আসলে ভালও নহে মন্দ্র নহে—তথন এই ব্যাধ্যার
প্রাতি তুমি নিশ্চয়ই বিমুধ হও, তুমি ভাহাতে ক্রমনই সায় দিতে

পার না; তুমি তথনই বলিয়া উঠ, ঐ কার্যাটি শ্বন্তই মন্দ; তুমি তথৰ তথু তোমার মনের ভাবমাত্র প্রকাশ কর না, তোমার বিচারে যাহা মনে হয় তাহাই তুমি বাক্ত করিয়া থাক। তাহার পর দিন তোমার মনের উত্তেজনা উপশমিত হইলেও ঐ কার্যা তোমার বিচারে মন্দ্র বিনার উপলব্ধি হয়। ঐ কান্ধটা যে সর্ক্তন্ত ও সর্ক্রালেই মন্দ্র তাহা ছয় মাস কাল পরেও তোমার মনে হয়; তাহার কারণ,—তোমার বিবেচনার, কান্ধটা শ্বন্তই মন্দ্র। তথু তাহা নহে, তোমার বিবেচনার ঐরপ কান্ধ না করাই উচিত।

কাজটা আসলে মন্দ এবং উহা না করাই উচিত—এই যে
মুগল বিচারক্রিয়া—ইহাই তোমার ঘুণা ও রোধের মূলে অবস্থিত।
যদি কাজটা আসলে থারাপ না হয়, তাহা হইলে, তুমি ঐ কার্য্যের
দক্ষণ যে ধিকার ও রোধ অমূভব কর তাহা তোমার ওধু একটা
দৈহিক চেপ্তামাত্র এইরূপ মনে করা ঘাইতে পারে;—উহা এফন
একটা ব্যাপার যাহাতে কোন নৈতিক ভাবের সংঅব নাই; একটা
প্রাকৃতিক ভীষণ কাও ঘটিলে তোমার মনে বেরুপ ভাবের সঞ্চার
হয় ইহা কতকটা সেইরূপ ধরণের :ভাব। কিন্তু ন্যায্যভাবে
তুমি ঐ কার্য্যকারীর কার্য্যকে ভালমন্দ-নিরপেক্ষ বিলিয়া মনে
করিতে পার না। ঐ কার্য্যকারীর প্রতি যে ব্যক্তি ঘুণা ও রোধ
অমূভব করে, তাহার মনে এই বুগল বিশ্বাস ঘটিও থাকে যে,—
ঐ কার্য্য আসলে খারাপ, এবং ঐ কার্য্য করা উচিত নহে।

কার্যাটা আসলে ধারাপ এবং উহা করা উচিত নহে—এই কথাটি বলিলে তাহার সঙ্গে সঙ্গে ইহাও ধুঝার যে, ঐ কার্য্যকারী ব্যক্তি জানে যে, সে ধারাপ কাজ করিতেছে,—সে ধর্ম-নিয়ম শব্দন করিতেছে; তাহা না হইলে, তাহার এই কাজ্টা পশুবৎ অন্ধশক্তির কাজ হইত, নীতিশক্তি ও বৃদ্ধিশক্তির কাজ হইত না; তাহা হইলে, মাথায় পাথর পড়িলে, বেমন পাথরের প্রতি আমা-দের মুণা ও ক্রোধ উংপর হয় না, সেই কার্যাকারীর প্রতিও সেইরূপ আমাদের মুণা ও ক্রোধ উংপর হইত না।

তাছাড়া, যে ব্যক্তি এই ঘুণা ও ক্রোধের পাত্র তাহার প্রক্কৃতিগত একটি বিশেষ লক্ষণ আছে; অর্থাৎ দে খাধীন পুরুষ; দে যে কাল করিয়াছে সে তাহা করিতেও পারিত, না করিতেও পারিত। ইহা স্পট্ট দেখা যাইতেছে,—কোন কার্য্যের জন্তু দায়ী হইতে হইলে, সেই কার্যাকর্ত্তার স্বাধীনতা থাক। চাই।

তুমি চাও যে সেই হত্যাকারী শ্বত হয় এবং শ্বত হইয়া বিচারার্থ রাজপ্রুবদিগের নিকট সমর্পিত হয়, উপযুক্ত রূপে দণ্ডিত হয়; এবং সে দণ্ডিত হইলেই তুমি সম্ভাই হও। এ কি তোমার করনার ও হৃদয়ের একটা পাম্পেয়াণী চেটা মাত্র !—না, তাহা নহে। তুমি লাম্ভই থাক, কিংবা ঘুণা ও রোবে উত্তেজিতই হও, সেই হত্যাকাণ্ডের সময়েই হউক কিংবা বহুকাল পরেই হউক, প্রতিশোধ লইবার কোন বাক্তিগত ভাব তোমার মনে থাকিতে পারে না, কেন না তোমার উহাতে লেশমাত্র স্বার্থ নাই,—তথাপি তুমি চাও যে সেই হত্যাকারী দণ্ডিত হয়। দণ্ডিত না হইয়া প্রত্যুত যদি দেই অপরাণী ব্যক্তি তাহার সেই পাপ-কার্যেয় দক্ষণ কোন প্রকার সোভাগ্য লাভ করে; তুমি তথন আবার এই কথা নিশ্চয় বল য়ে, সৌভাগ্য লাভ করে দ্রে থাক্, তাহার অপরাধের প্রায়কিত্বরূপ কাই পাওঘাই উচিত; তুমি তাহার সোভাগ্যের বিরুদ্ধে প্রতিবাদ কর, তুমি তখন কোন এক উচ্চতর স্তায়বিচারের দোহাই দেও। এই যে তোমার বিচারক্রিয়া, তর্মজানীরা ইহাকে পাপ-পূণ্য-ঘটিত

ৰিচার বলিয়া থাকেন। ইহাতে এইরূপ বুধায় যে, ধর্মের পুরঝার মথ ও অধর্মের দণ্ড হংধ—এইরূপ একটি ছর্গক্যা উচ্চতর নিয়ম আছে বলিয়া মান্থব বিখাদ করে। এই নিয়মের ধারণাট মান্থবের মন হইতে উঠাইরা লইলে, পাপপুণ্য বিচারের কোন ভিত্তি থাকে না; এই বিচারক্রিয়া অপসারিত করিলে, গৌভাগ্যবান অপরাধীর প্রতি ঘৃণা ও রোষের ভাব একেবারেই ছর্ম্বোধ্য—এমন কি অসন্তব হইয়া পড়ে। তথন, কাহাকে কোন ছদ্র্ম্ম করিতে দেখিলে, সেই ছদ্বর্মের জন্ত তাহাকে দণ্ডিত করা যে আবশ্যক—এ কথা তোমার মেনেও আবদান।

অতএব, নৈতিক ব্যাপারের সমুদাম অংশগুলি এইরপতাবে অবস্থিত:—তংসংক্রান্ত সমস্ত তথাগুলিই স্থানিকিত; উহার একটি তথাকে যদি টলাইয়া দেও,—সমস্ত নৈতিক ব্যাপারটাই বিপর্যন্ত হইরা পড়িবে। অতি সামান্ত পর্যাবেক্ষণেই ঐ সকল তথা সপ্রমাণ হর এবং উহাদের বন্ধনপ্ত সহজেই আবিষ্কৃত হইতে পারে, তজন্ত সক্ষতম বৃক্তির প্রয়োজন হয় না। হয়, হৃদয়ের তাবগুলিকে পর্যান্ত অবীকার করিতে হয়, দর স্বীকার করিতে হয়,—ভাবগুলির মধ্যে একটা বিচার-ক্রিয়া প্রচ্ছের আছে; আবার ঐ বিচার-ক্রিয়ার মধ্যে তালমন্দের পার্থক্য জ্ঞান নিহিত আছে; এ পার্থক্য জ্ঞান হইতেই একটা অবশ্যকর্ত্তবার ভাব আসিয়া পড়ে, এবং এই অবশ্যকর্ত্তবাতা এরূপ কার্য্যকর্ত্তার প্রতিই প্রযুক্ত হয় যে বৃদ্ধিমান ও স্বাধীন; পরিশেষে পাপপুণ্যের মধ্যে যে পার্থক্য আছে—যাহা তালমন্দের পার্থক্যেরই অন্তর্ক্রপ—সেই পার্থক্যের মধ্যে এই মূলতব্দক্তিক স্বীকার করিতে হয় যে, ধর্ম ও স্থ্যের মধ্যে একটা স্বাভাবিক্স সামঞ্জন্য আছে।

এ পর্যান্ত আমরা কি করিয়াছি । কোন ভৌতিকতব্বেতা
কিংবা কোন রাসায়নিক পণ্ডিত দেরপ কোন সংশ্লিষ্ট বস্তুকে বিশ্লিষ্ট
করিয়া আবার তাহাকে তাহার মূল উপাদানে কিরাইয়া আনেন, আমরা
কতকটা দেইরূপ করিয়াছি। এই মাত্র প্রভেদ, আমরা যে ব্যাপারের বিশ্লেবণ করিয়াছি তাহা আমাদের বাহিরে নহে—তাহা আমাদের অন্তরে অবস্থিত। তাহাড়া, বিশ্লেবণের প্রক্রিয়াটা উভয়ক্ষেত্রে
একই প্রকার। উহার মধ্যে কোন ঘর-গড়া মত কিংবা মানিয়ালওয়া দিদ্ধান্ত নাই; উহাতে কেবল প্রত্যক্ষ পরীক্ষার কথাই
আছে।

এই পরীক্ষাকে আরও দৃঢ়নিশ্চয় করিবার জনা, আর একটু প্রকার-ভেদ করিয়া পরীক্ষা করা যাইতে পারে। অন্যের কোন ভাল কিংবা মন্দ কাজ যথন আমরা দর্শন করি তথন আমানের মনের ভাব কিরূপ হয় ভাহা পরীক্ষা না করিয়া,—আমরা নিজে যথন কোন ভাল কিংবা মন্দ কাজ করি তথন আমানের মনের ভাব কিরূপ হয়, তাহাই আমানের অন্তরাত্মাকে একবার জিল্পাসা করিয়া দেখা যাক্। এইরূপ স্থলে নৈতিক ব্যাপারের বিচিত্র উপাদানগুলি আরও স্পষ্টরূপে আমানের চোখে পড়িবে এবং উহাদের পারস্পর্যাপ্ত আমানের নিকট সমধিক প্রকাশ পাইবে।

মনে কর, আমার কোন বন্ধু, মৃত্যুকালে কিছু টাকা আমার নিকট গচ্ছিত রাখিয়া আমাকে বলিয়া গেলেন, তাঁহার মৃত্যুর পর ঐ টাকা অমুক বাল্লিকে যেন দেওয়া হয়; টাকাটা যাঁহার নামে দিয়া গেলেন, তিনিও জানেন না যে ঐ টাকা তাঁহার প্রাপ্তান আমার নিকট গচ্ছিত রাখিয়াছিলেন তাঁহার মৃত্যু হইল; তাঁহার সঙ্গে সঙ্গে তাঁহার গুপু কথাটিও চলিয়া গেলন।

কিন্তু শ্বভাবত আমার মনে কোন দ্বিধা হয় না; আমার দৃঢ় বিশ্বাস, যে টাকা আমার নিকট গচ্ছিত রহিয়াছে তাহা আমার নহে, তাহা অন্তের। স্বার্থকে অপসারিত করিলে, ঐ গচ্ছিত টাকা আয়ান্তাং করিবার কথা আমার মনেও আসিবে না; কেবল স্বার্থবৃদ্ধিই আমাকে প্রশ্ব করিতেছে, স্বার্থবৃদ্ধিই আমাকে পাপের পথে বলপ্র্রক টানিয়া লইয়া যাইতেছে, আমি তাহাকে ঠেকাইতে পারিতেছি না। উহা হইতেই, স্বার্থবৃদ্ধি ও কর্তবাবৃদ্ধিম মধ্যে সংগ্রাম বাধিয়া যায়; এই সংগ্রামটা কি কইপ্রদ; এই সংগ্রামে আমাদের কত সঙ্কনের বিপর্যায় ঘটিয়া থাকে—কত প্রতিজ্ঞা করিয়া আবার তাহা পরিত্যাস করিতে হয়। এই সংগ্রাম হইতেই বেশ বৃঝা যায়, স্বার্থ হইতে তিয় আর একটি প্রবৃত্তি আমাদের অন্তরে অধিটিত আছে, এবং সেই প্রবৃত্তি লার্থেরই ভায় বলবতী।

मत्नं कंत्र, व्यंबरणत्व कर्खवावृद्धि शत्राकृष्ठ दहेन, व्यर्थहे बती हरेन। जामि तारे शक्तिक ठीका जानिया जानाव निराम बाजाव. भागात পরিবারবর্ণের অভাব পূর্ণ করিলাম। আমি ধনশালী ও বাহাত: সুধী হইলাম। কিন্তু আমি মনে মনে অমুতাপের তীব যাতনা অহভব করিতে লাগিলাম। অমৃতাপ বলিয়া যে একটা জিনিস আছে তাহাতে কোন সংশয় নাই। ইহার প্রতিরূপ শক সকণ ভাষাতেই আছে। এখন লোক নাই বে ন্যুনাধিক পরিষাণে অনুতাপ অনুভৰ করে নাই। যতক্ষণ না অপরাধের প্রায়ন্তিভ হয় ততকণ হানয় দথ হইতে থাকে। আমার কথ সোভাগোর মধ্যেও আমার চুক্তির স্বৃতি আমার্কে অনুসর্বণ করে: লোকের श्विवान, এই हर्निवात्र माक्नीत्र मूथ वस कतिएक शादत ना। यनि এই অন্থতাপ নির্ঝাণ প্রাপ্ত হয়, তাহা হইলে অপরাধীর আর কোন উপান থাকে না--- । একেবারে অধংপাতে বার, ভাহার আধ্যা-স্মিক জীবন বিনষ্ট হয়। যতকণ হর্ষয়ে অনুতাপের অনুভূতি चारक. ठडका बाना यात्र. सनरवृत चर्गीत व्यथि এक्कबाद्ध निर्साभिकः তর নাই।

অমৃতাপ একটা বিশেষ প্রকারের কট। অমৃক অমৃক বিষয় প্রাথার ইপ্রিয়ের উপর প্রতিবিধিত হইরাছে, কিংবা স্বাতাবিক প্রবৃত্তিগুলা কাথা প্রাপ্ত হইরাছে, কিংবা স্বামার স্বার্থহানি হইরাছে, কিংবা স্বামার স্বার্থহানি হইরাছে—এই কংবা স্বামার স্বার্থ স্বামার স্বার্থ স্বার্থ স্ক্রাপের কট ভাগে করি না; এই স্ক্রাপের কট বাহির হইতে আইসে না, তথাপি ইহার মৃত দারুণ কট স্বার্থ সাই। আমি তুর্থ এই লুজই কট পাই বে, স্বামি ক্রানিরা ব্রের্থর প্রত্তা পারাপ কাল করিরাছি, সে কাল স্বায়িনা ক্রিকেও

করিতে পারিতাম, এবং তাহার দণ্ডস্বরূপ আমি কট ভোগ করিতেছি, এবং ইহাও জানি, আমি এই দণ্ডের উপযুক্ত পাতা। বিশ্লেষণ করিয়া দেখিলে দেখা যায়, এই অনুতাপের মধ্যে ভাল-মন্দের জ্ঞান, একটা অবশ্যপ্রতিপাল্য ধর্মের নিয়ম, স্বাধীনতা, ও পাপপুণ্যের ধারণা নিহিত আছে। কার্য্যকালে এই সকল ভাবের মধ্যে যে সংগ্রাম :চলিতেছিল, অমুতাপকালে সেই সকল ভাব আবার আবিভূতি হয়। সেই গচিছত টাকা হরণ করিবার অন্য বার্থ আসিরা আমাকে কত পরামর্শ দিল: কিন্তু কে খেন আমাকে বলিয়া দিল, গচ্ছিত ধন অপহরণ করা একটা অস্তার কাজ: আমি যে এই কাজকে অন্তার বলিয়া বিবেচনা করি তাহা ওধু चाक्रिक नत्र, जित्रकानहे अहेक्रभ मत्न कत्रि ; एक्षु दर अहे व्य-चात्र किःवा 🗗 व्यवचात्र व्यचात्र विनित्रा मत्न कत्रि छाहा नरह, मक्न অবস্থাতেই অস্থার বলিরামনে করি। যাহাকে এই গচ্ছিত ধন कित्राहेत्रा पिटा इटेरव, जाहात्र औ धरन अरताकन नाहे, किञ्च আষার বিশেষ প্রয়োজন আছে--আমাকে এ কথা বঁলা রুগা। আমার বিবেচনার গচ্ছিতধন ফিরাইয়া দেওয়া আমার পক্ষে একটা जुन्न क्या ७ क्षेकां क्षिक कर्खवा । आमि हेम्हा कतिरत छेहा . कित्राहेग्रा দিতে পারি কিংবা নাও পারি—এই জ্ঞানটি থাকাতেই, আমি छैड़ा किवाहेश ना मितन, जाननात्क मध्यर्थ विनेश विविध करिन, আমার নিজের উপর একটা ধিক্কার উপস্থিত হয়, আমার ফদয়ে অফুতাপের যন্ত্রণা হয়। এই অফুতাপের মধ্যেই সমস্ত নৈতিক ব্যাপারটা আবদ্ধ, এবং এই অনুভাপের দারাই সমস্ত নৈতিক কাপারের সমাক ব্যাখ্যা হইতে পারে।

नक्षीकानक्षित निक्रमाञ्चनादत, देशत छेन्छ। श्रवत्रन्छ। कि.

ভাহাত একবার দেখা যাক; আবার উল্টা দিকটা মনে করা যাক ;--স্বার্থের প্ররোচনা সন্তেও, হু:খ দৈন্যের সমস্ত কট সন্তেও,---সত্য রক্ষার জন্য, ঐ গচ্ছিত ধন আমি যথাপাত্তে প্রত্যূর্পণ করি-লাম ; তখন অনুতাপের পরিবর্ত্তে আর এক প্রকার ভাব আমার অন্ত:করণে আবিভূতি হইল। আমি জানি, আমি ভাল কাজ করিয়াছি; আমি জানি, আমি কোন কুত্রিম মিধ্যা নিয়মের অকু-সরণ করি নাই, কাল্লনিক নিয়মের অমুগরণ করি নাই, পরস্ক এমন একটা নিয়মের অফুগরণ করিয়াছি যাহা সতা, :যাহা সার্ক-ভৌম, যাহা সমস্ত বৃদ্ধিজ্ঞানসম্পন্ন স্বাধীন জীব মাত্রই অফুসরণ করিতে বাধ্য। আমি জানি, আমি আমার স্বাধীনতার স্থব্যবহার করিয়াছি। এই স্বাধীনতার কার্য্য হইতে, আমার মনে একটা অপূর্ব্ব ভাব, একটা জয়োলাদের ভাব আবিভূতি হয়। অফুতাপের পরিবর্ত্তে আমি একটা অফুপম আনন্দ অফুভব করি, এই আনন্দ আমার কিছুতেই অপনীত হইবার নহে : আমার যদি আর কিছুই না शांत्क, ७४ वरे भानम भागांत्क मासना नित्त, भागांतक कः व स्टेटिंड উদ্ধার করিবে। এই স্থাধের ভাবটি অন্নতাপের মতই মর্মস্পর্শী ও স্থাভীর। সমস্ত উচ্চরুন্তির সহিত বিদ্রোহ করিবার ফলে. মানৰ-হুদরে যেমন অনুতাপ প্রস্ত হয়, সেইরূপ সমস্ত উচ্চবৃত্তির চরিতার্থতায় এইরূপ আত্মপ্রসাদ উৎপন্ন হয়।

নৈতিক ভাবটি—সমন্ত নৈতিক বিচারক্রিয়া ও সমন্ত নৈতিক কীবনের প্রতিধ্বনি মাত্র। উহা প্রথমেই চবে পড়ে বলিরা, খ্ব তলাইরা না দেখিলে, উহাই সমগ্র নীতির ভিত্তি বলিরা সহসা মনে হইতে পারে। কিন্তু আমরা ইতিপূর্ব্বে দেখাইরাছি, বিচারক্রিয়া ব্যতীত এই নৈতিক ভাব উংপন্ন হয় না। ভাবটি নীতির ম্বতৰ ৰহে, পরত্ব উহা মানসিক বিচারের পরিণাব; বিচারক্রিয়া নীতি নহে, পরত্ব বিচারক্রিয়া নৈতিক ভাবের পূর্ব্ব-রক্ত্বী অবস্থা এইরূপ ব্ঝায়।

মানব-নীতিতত্ত্বের সমস্ত উপাদানগুণিই এখন আমরা প্রাথ হইরাছি; এখন এই প্রত্যেক উপাদানকে আমরা পৃথক্রপে বিলেষণ করিয়া দেখিব।

বে জটিল ব্যাপারটি আয়রা এতকণ স্থালোচন। করিলাম, ভাহার মধ্যে নৈতিক ভাষটিই সর্বাপেক্ষা প্রত্যক্ষগোচর ; কিছ্ এই নৈতিক ভাবের মূলে বিচারক্রিয়া অবস্থিত।

বিচার করিয়াই আমরা ভাল মুল নির্দারণ করি এবং বিচার-ক্রিয়াই সমত্ ভালমন্দের মূলতৃত্ব; কিন্তু সভা ও স্থলর সম্বন্ধীর বিচার-সিদ্ধান্তের ন্যায়, মুলল সম্বন্ধীর বিচার-সিদ্ধান্তও মানবপ্রকৃতির স্মাভাবিক গঠনের উপর প্রতিষ্টিত। সভা স্থলর সম্বন্ধীয় বিচার ক্রিয়ার মত' এই বিচার ক্রিয়াটিও সহল, আদিম, মৌলিক, ও অবিশ্লেষা।

উহাবেরই মত,' এই বিচার দিদ্বাক্তিও আমাদের ইচ্ছাসাপেক্ষ লহে। কতকওলি ক্রিয়া বিদ্যামানে, ঐ সবদে আমরা একটা বিচার দিদ্বাক্ত না করিয়া থাকিতে পারি না; সেই দিদ্ধাক্ত করিবার লমরে ইহাও আনি, সেই বিচার দিদ্ধাক্তটাই তাল মন্দের অরপ নহে, পরস্ক ঐ বিচার-দিদ্ধাক্ত কোন্টা তাল কোন্টা মন্দ ভাহাই রলিয়া দের মাআ। এই বিচার দিদ্ধাক্তের ঘারাই নৈতিক ভেলাভেলের রাভবতা প্রকাশিত হর; কিন্তু গৌলর্ব্যত্ত্ব বেষন মর্শক্ষের নেজ হইতে অত্ত্র, বেমন সার্ক্তিন ও অবশাক্তারী সত্য-গুলি সভ্যের প্রকাশক জ্ঞান হইতে অত্ত্র, সেইরপ মদ্বের বিচার-দিদ্ধাক্তর মন্দ্রল হইতে অত্ত্র।

मानव-कार्यात्र छान-मन्त्र बाखव-नक्षनयुक्त-यात्र के नकन मक्ति हत्कत वार्वा पर्नन कता यात्र ना. हत्त्वत वात्रा अर्भ कता यात्र না। কোন কার্য্যের ভৌতিক গুণের সহিত ভাহার নৈতিক গুণকে একীভূত করা যায় না বলিয়া সেই নৈতিক গুণ যে কম নিশিত তাহা নহে। এইজ্বলুই, যে দকল কাৰ্য্য ভৌতিক হিদাবে সমান, তাহা নৈতিক হিগাবে খুবই ভিন্ন। হত্যা সুকল সময়েই হত্যা: ष्यत्नक ममग्र, छेड्रा महाभन्नाध इटेल्ला दिधकार्याकारण शतिश्राणिक হয়; তাহার দৃষ্টান্ত,—ঘণন হত্যার সহিত প্রতিশোধ লইবার ভাব না থাকে, স্বার্থের সংস্রব না থাকে, যথন গুধু আজুরক্ষণের জন্মই হত্যাকার্যা সাধিত হয়, তথন সে হত্যা বৈধ হত্যা। বুক্ত-পাত করিলেই মহাপরাধ হয় না. নির্দোষীর রক্তপাত করিলেই মহাপরাধ হয়। নির্দোধিতা ও অপরাধ, ভাল ও মন্দ,-- চির-নির্দিষ্ট বিশেষ বিশেষ রাহ্য অবস্থার মধ্যে অবস্থিতি করে না। বাহা রূপ विजिन्न हरेलाও, वाहा अवसा कथन मुमान कथन अमुमान हरेला . উহার মধ্য হইতে নির্দোধিতা ও অপরাধকে, ভাল ও মলকে, স্থামাদের জ্ঞান ঠিক চিনিয়া লইতে পারে।

আমাদের মনে হয়, ভাল মন্দ যেন সর সময়েই বিশেষ বিশেষ কার্যা লাইয়াই ব্যাপৃত; কিন্তু সেই সব কার্য্যের যে বিশেষত্ব আছে, দেই বিশেষত্বের দক্ষণ সেই সব কার্য্য আসলে ভাল কিংবা মন্দ নহে। তাই, আমরা যথন বলি, সক্রেটিসের প্রতি মৃত্যুদগুবিধান অতীব অস্তান্ধ এবং লেওনিডাসের আত্মবলিদান অতীব প্রশংসনীয়, তথন আমরা একজন জ্ঞানী ব্যক্তির অন্যায় মৃত্যুদগুকেই নৃষণীয় মনে করি, এবং একজন বীরের আত্মোৎসর্গকেই প্রশংসনীয় বলিয়া মনে করি; করি বীরের নাম লেওনিড়াসই ইউক কিংবা Assasই হউক, সেই

জ্ঞানীর নাম সজ্ঞেটিদই হউক কিংৰা Barlly হউক, তাহাতে কিছুই স্পাদিরা যায় না।

व्यामारमञ्ज ভान-मन्तराकां ख विठाव-किया अथरम विरूप विरूप कार्याहे अपुक हम धवर मिटे विठानकिया इटेराउटे कडक धनि সাধারণ মূলভন্থ প্রস্ত হয়,—যাহা পরে, সদৃশ কার্যা সকল বিচার করিবার সময়ে বিচারের নিয়ম হইয়া দাঁড়ায়। বেমন অমুকটির অমুক কারণ ইহা বিচারের হারা সিদ্ধান্ত করিবার পরে আমরা এই নাধারণ দিলাতে উপনীত হই যে. কার্য মাত্রেরই কারণ আছে. দেইরূপ আমরা বিশেষ বিশেষ কার্য্যসম্বন্ধে যে নৈতিক দিল্লান্ত করি. ভাহাই আমাদের নৈতিক বিষয়সংক্রান্ত বিচারের সাধারণ নিয়ম হইয়া দাঁড়ায়। তাই প্রথমে আমরা লেওনিডাদের মৃত্যুর প্রশংসা কৰি, পৰে তাহা হইতেই এই সাধাৰণ সিদ্ধান্তে উপনীত হই বে. স্বদেশের জন্ম প্রাণ দেওয়া ভাল। লেওনিডাদের সম্বরে যথন এই সিভাস্থ প্রয়োগ করিয়াছিলাম তথনও এই সিভাস্তটি আমাদের জানা ছিল, তাहा ना रहेरल এह विस्मय खरल উहाद आदान करवेथ रहेठ. এমন কি, উহা প্রয়োগ করা সম্ভব হইত না : ফলত ঐ বিশেষ প্রয়ো-গের সভিত ঐ সাধারণ সিদ্ধান্তটিও জড়িত ছিল। পরে যখন এই সাধারণ দিলান্তটি বিশেষ হইতে আপনাকে বিনিম্কি করিল, সার্ক-ভৌম ও অবিধিত্র আকারে আমাদের নিকট আবিভূতি হইল, তখন ঐ সিদ্ধান্তকে আমরা সদৃশ হলে প্রয়োগ করিতে লাগিলাম।

অন্ত বিজ্ঞানের স্থার, নীতিশাত্ত্রেরও কতক্ত্তলি বতঃসিদ্ধ মৃশস্ত্র আছে; সকল ভাষাতেই এই সকল মৃলস্ত্র নৈতিক সভ্যরূপে অভিহিত হইরা থাকে।

শপথ ভঙ্গ করা উচিত নহে ইহাও একটি স্ত্যা। বস্তুত: শপথ

রকা করা সত্যের মধ্যেই ধর্ত্তব্য এবং এই উদ্দেশেই বিচারালয়ে শপথ করান হইরা থাকে। নৈতিক সত্যগুলি, সত্যের হিসাবে গাণিতিক সত্য হইতে কম নিশ্চিত নহে। গঞ্জিত দ্রব্যের ধারণাটা যদি গোডার ধরিরা লওরা যার, তাহা হইলে আমি জিজ্ঞাসা করি,-বেষন ত্রিকোণের ধারণার সহিত এই একটি তম্ব সংযুক্ত থাকে যে, উহার তিন কোণ উহার হুই ঋজু কোণের সমান, সেইরূপ গচ্ছিত দ্রবোর ধারণার সহিত এই ধারণাট সংযুক্ত থাকে বে, বিখাসভঙ্গ না করিয়া ঐ গচ্ছিত দ্রব্য রক্ষা করানিতান্তই কর্ত্বর্য। তুমি ইচ্ছা করিলে, এই গচ্ছিত দ্রবা সম্বন্ধে বিশ্বাসভঙ্গ করিতে পার ; কিন্তু এই বিখাসের নিয়ম ৰুজ্যন করিয়া, ভূমি সভাকে উণ্টাইতে পারিবে এরূপ মনে করিও না: কিংবা ইহাও মনে করিও নাবে, গচ্ছিত বস্তু কথনও তোমার নিজম্ব হইতে পারে। এই চুই ধারণা পরস্পরকে খণ্ডন করে। পঞ্চিত দ্রব্য নিজন্ম-রূপে ব্যবহার করিলে, উহা স্বামিত্রে সাদৃশ্য ধারণ করে মাত্র, কিন্তু আসলে উহাতে স্থানিত বর্তায় ন। : প্রবৃত্তির আবেগ যতই প্রবল হউক না, স্বার্থের মিধ্যা জন্ন। উহার ममर्थान युक्त किहा करूक ना, छेशामत्र माथा एव चक्राविक एक আছে তাহা কথনই উণ্টাইতে পারিবে না। এই জ্ঞুই নৈতিক স্ত্য এরপ দঢ়প্রতিষ্ঠ। অন্য সত্যের ন্যায়, নৈতিক সত্যও--যাহা আছে তাহাই আছে; কাহারও থেয়ালে উহা একটুও এদিক ওদিক र्य ना।

অন্ত সভ্যের সহিত নৈতিক সত্যের বিশেষক এইটুকু:—নৈতিক সত্য বধনই আমাদের জানগোচর হয়, তথনই আচরণের নিয়য়রপে উহা আমাদের নিকট আবিভৃতি হয়। যদি এ কথা সত্য হয় বে, বধার্শ অধিকারীকে প্রত্যেপণ করিবার জন্তই কোন দ্রব্য গচ্ছিত রাধাঃ

হইরাছে, তাহা হইলে দেই দ্রবা তাহাকে প্রতাপন করিতেই হইবে।
বিখাসের অবশান্তাবিতার সহিত এছলে কার্য্যের অবশান্তাবিতা
সংবাজিক হইরাছে। কার্য্যের যে এই অবশান্তাবিতা—ইহাই
কর্ত্তরাতা। যে নৈতিক সতাসমূহ, জ্ঞানের চক্ষে অবশান্তাবী, তাহাই
ইক্ষার নিকট কর্ত্তবা। অর্থাৎ ইক্ষা তাহা করিতে বাধা। যে
নৈতিক সন্তা কর্ত্তবার মূণীভূত, সেই নৈতিক কর্ত্তবাও, স্বতঃসিদ্ধ
অর্থাৎ অনলাপেক। যেমন অবশান্তাবী সত্যপ্রসি, নানাধিকরপে
অবশান্তাবী মহে, সেইরূপ নৈতিক কর্ত্তবাও নানাধিক পরিমাণে
কর্ত্তবা নহে। বিভিন্ন কর্ত্তবার মধ্যে গুরু সন্তার বাপ আছে
স্তা, কিন্তু ব্রহং কর্ত্তবাতার মধ্যে গুরুপ কোন ধাপ নাই। কোন
স্থলেই প্রায় কর্ত্তবা" এরপ কথা বলা ঘাইতে পারে না; হয় কর্ত্ত্যা
সন্ধ কর্ত্তবা নহে—ইহার মাঝামাঝি কিছু নাই।

বদি কর্ত্তবাতা শ্বতঃসিক্ষ হয়—তাহা হইলে উহা অপরিবর্তনীর ও সার্বিভৌষ। কারণ, বদি আজিকার কর্ত্তব্য কল্যকার কর্ত্তব্য হইতে মা পারে, তাহা হইলে কর্ত্তব্যতার মধ্যেই একটা প্রভেদ আসিয়া পঞ্জে,—তাহা হইলে কর্ত্তব্যকে আপেক্ষিক ও আগত্তক বলিতে হয়।

কর্তব্যের এই স্বতঃসিশ্বতা, অপরিবর্তনীরতা, সার্বভৌমতা এক নিশিক্ত ও স্থাপঠি বে, সার্থবানীরা উহাকে তিরিরাছের করিবার চেটা করা সবেও, আধুনিক তত্ত্ববিদ্যা জগতের একজন গভীরদাশী নীতি-বেতা, কর্তব্যের উপরি-উক্ত লক্ষণগুলি বিশেষরণে উপলব্ধি করিয়াছিলেন; তাঁহার বিবেচনার ঐ গুলিই সমগ্র নীতির মৃশত্ত্ব। বে সার্থ কর্তব্যকে ধ্বংস করে এবং বে তাব-রস কর্তব্যকে ত্র্মণ ক্রিয়াক্লেন, ঐ উভর হুইতেই Kant কর্তব্যকে পূথক্ ক্রিয়া ক্রতব্যের ক্রেত্ব ক্রিয়াক্তব্যক্ত ক্রিয়াক্তব্যক্ত ক্রিয়াক্তব্যক্ত ক্রিয়াক্তব্যক্ত ক্রিয়াক্তব্যক্ত ক্রিয়াক্তব্যক্ত ক্রিয়াক্তব্যক্ত ক্রিয়াক্তব্যক্ত ক্রিয়াক্তব্যক্ত ক্রেমণ্ড ক্রিয়াক্তব্যক্ত ক্রিয়াক্তব্যক্তি ক্রিয়াক্তব্যক্ত ন্ত্র্যক্তির ক্রিয়াক্তব্যক্তব্যক্তির ব্যক্তির ক্রিয়াক্তব্যক্তির ব্যক্তির ক্রিয়াক্তব্যক্তির ব্যক্তব্যক্তির ক্রিয়াক্তব্যক্তির ব্যক্তির ব্যক্তব্যক্তির ক্রিয়াক্তব্যক্তির ব্যক্তব্যক্তির ক্রিয়াক্তব্যক্তির ক্রিয়াক্তব্যক্তির ক্রিয়াক্তব্যক্তব্যক্তির ক্রিয়াক্তব্যক্তির ক্রিয়াক্তব্যক্তির ক্রিয়াক্তব্যক্তির ক্রিয়াক্তব্যক্তির ক্রিয়াক্তব্যক্তির ক্রেয়াক্তব্যক্তির ক্রিয়াক্তব্যক্তির ক্রিয়াক্তব্যক্তব্যক্তির ক্রিয়াক্তব্যক্তির ক্রিয়াক্তব্যক্তির ক্রিয়াক্তব্যক্তির ক্রিয়াক্তব্যক্তির ক্রিয়াক্তব্যক্তির ক্রিয়াক্তব্যক্তির ক্রিয়াক্তব্যক্তব্যক্তির ক্রিয়াক্তব্যক্তির ক্রিয়াক্তব্যক্তব্যক্তব্যক্তির ক্রিয়াক্তব্যক্তব্যক্তব্যক্তব্যক্তব্যক্তব্যক্তির ক্রিয়াক্তব্যক্তব্যক্তব্যক্তব্যক্তব্যক্তব্যক্তব্যক্তব্যক্তব্যক্তব্যক্তির ক্রিয়াক্তব্যক

ভিনি কর্ত্রার পবিত্র নির্ম পর্যাত্ত উথান করিরা কর্ত্রাের উজ্জ্মিতে আরোহণ করিরাছিলেন সন্দেহ নাই, কিন্তু তথাপি তিনি বর্থেই উক্তে ওঠেন নাই;—তিনি কর্ত্রাের ম্বত্রের উপদীত হন নাই।

Kant-এর মতে, যাহা অবশ্যকর্ত্তরা তাহাই ভাল, তাহাই মঙ্গল।
কিন্তু যুক্তির নিরমাগুলারে,—কোন কার্য্য অতঃ ভাল না হইলে,
দেই কার্যা সাধন করিবার অবশ্যকর্ত্তরাতা কোথা হইতে আদিবে ?
কোন গচ্ছিত বস্তু নিজ্য—এই কথা আমাদের জ্ঞান সম্পূর্ণরূপে
অস্বাকার করে বলিয়াই গছিত জুবা আমুদাং করা অপরাধের কার্য্য
হয় নাই কি ? যদি কোন কার্য্য উচিত এবং কোন কার্য্য অমুচিত
হয়, তাহা হইলে এই ছই কাজের মধ্যে একটা মূলগত প্রভেদ
অবশাই আছে। ভালোর উপর অবশ্যকর্ত্তরাভাকে স্থাপন না করিরা
অবশাক্তরিভার উপর ভালোকে স্থাপন করাও যা—কারণকে কার্যারূপে গ্রহণ করাও ভাগ।

যদি কোন সজ্জনকে আমি জিজাসা করি, নিজের ছংখদারিজ্য সংবিও সে গভিত দ্রবা আত্মসাং করিল না কেন । সে উত্তর করিবে:—আত্মসাং না করাই তাহার কর্ত্তবা। তাহার পরেও যদি আমি তাহাকে জিজাসা করি, কিজন্ত ইহা তাহার কর্ত্তবা, সে এই প্রান্নের উত্তরে এই কথা আমাকে বেশ বলিতে পারে:—কারণ ইহাই ভারণক্ত কাক্ক, ভাল কাক্র। ঐথানে আসিয়াই সমন্ত উত্তর থামিয়া বার। ঐবানে সমন্ত প্রশ্নও থামিয়া বার। ঐকথা বথনই শীকার করা হর,—বাহা আমালের কর্ত্তব্য বলিয়া মনে হইতেছে তাহা ভারব্দি হইতে প্রস্তুত, তথনই মন পরিতৃষ্ট হর। কারণ উহা এমন একটা সুল্ভবে আসিয়া পৌছার বাহার ওদিকে আরে কিছুই

আবেষণ করিবার নাই; — কারণ, ভার আপনই আপনার ম্বতক।
ভারের সহবোগেই নৈতিক সত্যগুলির সত্যতা নিষ্পন্ন হয়। মহুবোর
পরস্পরের মধ্যে যে সম্বন্ধ— সেই সম্বন্ধের মধ্যে যে ভাল ও মন্দ প্রকাশ পার সেই ভাল ও মন্দের ম্বগত প্রভেদটি কি ? — না, ভার।
এই ভারই ধর্মনীতির স্কপ্রধান তব।

নায়—কোন কারণের কার্যা নহে, কেন না, উহা অংশকা উচ্চতর মূলতত্ত্ব আরোহণ করা অসম্ভব। খুব ঠিক করিয়া বলিতে গেলে, কর্ত্তবা মূলতত্ত্ব নহে, কারণ কর্ত্তব্যের উপরেও আর একটি মূলতত্ত্ব আছে যাহা কর্ত্তব্য প্রযুক্ত হয়, যাহার উপর কর্ত্তব্যের প্রামাণিকতা নির্ভর করে—বে কি ?—না, স্থায়।

বেমন মূল সতা, আমাদের নিকট অবশান্তাবীরূপে প্রতীয়মান হইলেও—ক্যাণ্টের 'ভাবা-অনুসারে—উহা কম অপেক্ষিক ও কম বিষয়ীগত নহে, (Subjective) সেইরূপ নৈতিক সতাও আমাদের নিকট অবশাকর্ত্তবারূপে প্রতীয়মান হইলেও উহা কম বিষয়ীগত নহে; কিন্তু যদি ক্যাণ্টের ন্যায়, অবশাক্তবিতাও অবশান্তাবিতাতে আসিয়াই থামা যায়, তাহাহইলে অজ্ঞাতসারে সতা ও মঙ্গলকে— একেবারে ধ্বংস করা না হউক,—হুর্মল করিয়া ফোনা হয়।

মঙ্গল ও অনঙ্গলের মধ্যে যে অবশান্তাবী প্রভেদ আছে সেই প্রভেদের মধ্যেই অবশাক্তব্যতার পনত্মি; আবার অবশাক্তব্যতাই, বৃক্তি-অনুসারে স্বাধীনতার পত্তনত্মি। যদি মানুষের কতকগুলি কর্ত্ব্য থাকে, তাহা হইলে অবশ্য সেই কর্ত্ব্য সাধন ক্রিবার শক্তিও তাহার থাকা চাই;—ধর্মনিয়ম পালন করিবার জ্ঞা, বাসনা ও প্রবৃত্তিকে প্রতিরোধ ক্রিবার সাম্থ্যও থাকা চাই, মানুষের সাধীনতা বাকা চাই। বস্তুত্ত মানুষ সাধীন—ভাহা না হইলে, মানব-

প্রাক্ততির মধ্যে একটা আত্মবিরোধ উপস্থিত হর। অবশাকর্ত্তব্যতার নিশ্চিততার সঙ্গে সঙ্গে, ঘাধীনতার নিশ্চিততাও আপনিই আ্যাসিরা পড়ে।

অবশ্য, ইহা স্বাধীনতার একটে উৎকট প্রমাণ; কিছু Kant বে মনে করেন, ইহাই স্বাধীনতার একমাত্র বৈধ প্রমাণ—এইটিই Kant-এর ভূল। আশ্চর্যোর বিষয় এই যে তিনি সাক্ষীচৈতভালর প্রমাণ না মানিয়া, কেবল যুক্তির প্রমানই গ্রহণ করিয়ছেন। যুক্তির প্রমাণ কি আয়টেডনার দ্বারা দৃঢ়ীকৃত হওয়া আবশ্যক নহে ? আমার স্বাধীনতা আমার কি একটা নিজস্ব জিনিস নহে ? পরীক্ষাবাদের স্বাংক (Empirism) তাঁহার বিষম ভর না থাকিলে, সাক্ষীচিতনার সাক্ষা তিনি অবিখাস করিতে পারিতেন না; কিন্তু তাহা হইলে যুক্তির উপরেও অনীম বিখাস স্থাপন করা তাঁহার উচিত হয় না। আমারা যেরজপভাবে পৃথিবীর গতিকে বিখাস করি, সেরপভাবে আমারা আমাদের স্বাধীনতাকে বিখাস করি না। আমাদের স্বাধীনতাকে বিখাস করি না। আমাদের স্বাধীনতাকে বিখাস করি না। স্বামারা স্বাধীনতাকে বিখাস করি না। স্বামারা স্বাধীনতাকে বিখাস করি না। স্বামারা স্বাধীনতাকে বিখাস করি।

কোন একটা কাজ উপস্থিত হইলে, সে কাজটা করিবার জনা আমেরা ইক্ষা করিতেও পাবি, নাও করিতে পারি—ইহাসতা কি নাং—এই প্রশ্নটির মধোই সমস্ত অংগৌনতার সম্পা বিদামান।

কাজ করিবার শক্তি ও ইচ্ছা করিবার শক্তি—এই ছইমের পার্থক্য প্রথমে নিদ্ধারণ করা ঘাউক। অবশ্য, আমাদের অধিকাংশ মনোর্ত্তিই আমাদের ইচ্ছার সেবার নিযুক্ত ও ইচ্ছার শাসনাধানে অধিষ্ঠিত; কিন্তু এই ইচ্ছার আধিপত্য প্রকৃত হইলেও নিতান্ত সীমা-বদ্ধ; আমি আমার বাছকে নাড়াইতে ইচ্ছা করি,—অনেক সময়েই নাড়াইতে সমর্থ হই। কিন্তু আমার পেশীসমূহ পক্ষাঘাতএত হইলে আমি অনেক সমর আমার বাহকে নাড়াইতে সমর্থ হই না, ইত্যাদি; কার্যোর সম্পাদন সব সময়ে আমার উপর নির্ভর করে না; কিন্তু সব সময়েই আমার উপর নির্ভর করে কি ?—না আমার কার্য্য করিবার সংকর। বাহিরের চেঠা নিবারিত হইতে পারে, কিন্তু আমার সংকর কথনই নিবারিত হইতে পারে না; নিজ ইচ্ছার রাজ্যে ইচ্ছাই সর্বাময় অধিপতি।

ইচ্ছার এই সর্ক্ষয় আধিপত্য আমরা অন্তরে উপলব্ধি করি।
ইচ্ছাশক্তি কি প্রকারে প্রযুক্ত হইবে, প্রয়োগ করিবার পূর্ব্বেই
আমার অন্তরে তাহা অনুভব করি। যথন আমরা কোন কার্ধ করিবার ইচ্ছা করি, দেই সময়ে আমরা ইহাও অনুভব করি যে উহার
উন্টাটা করিতেও আমরা সমর্থ; আমি অনুভব করি, আমি আমার সম্ভবের প্রভ্—ই স্কল্প আমি রহিত করিতেও পারি, বরাবর সমানভাবে
রক্ষা করিতেও পারি, আবার পুনর্গ্রেণ করিতেও পারি। আমার
স্বেচ্ছাক্ত কাঙ্গটা আপাতত রহিত হইলেও, ইচ্ছা করিলে উহা বে
আমি আবার করিতেপারি—এই অনুভবটি রহিত হল্প না। ইচ্ছাশক্তির সহিত এই অনুভবটি সর্ক্রাই অবস্থিত; এই অনুভবটি
ইচ্ছার সমস্ত বহিরভিবাক্তির উপবে অধিষ্ঠিত। অতএব স্বাধীনতাই
ইচ্ছাপক্তির মুধ্য উপাধি, এবং এই উপাধিটি ইচ্ছার সহিত চিরবিদ্যমান।

আমরা পুর্বেই বলিরাছি, ইচ্ছাশক্তি বাসনাও নহে, প্রবৃত্তিও নহে, বরং ঠিক্ তাহার বিপরীত। অতএব ইচ্ছার স্বাধীনতা—বাসনা ও প্রবৃত্তির উচ্ছুখলতা নহে। বাসনা ও প্রবৃত্তিতেই আহুবের দাসহ, ইচ্ছাতেই মাহুবের স্বাধীনতা। উচ্ছুখলতা ও স্বাধীনতার ध्यास्त्र यमि मर्वा बका कतिए हरू, छाटा हरेल मनखर्गिनगार्छ এই প্রভেদটি স্থাপন করা কর্ন্তব্য—এই চুইকে এক করিয়া ফেলা कर्त्तरा नरह। यथन প্রবৃত্তিসমূহ নিজ খেয়ালের হল্তে আপনাকে ছाড़िया त्रय, उथनहे छेश উচ্চृद्धन ब्हेया পড়ে;—हेशां कहे উচ্ছু-খণতাবলে। যথন অন্য প্রবৃত্তিসমূহ একটা কোন বিশেষ উদ্দাম প্রবৃত্তির বশীভূত হইয়া কাজ করে তথনই তাহা অত্যাচার ও উৎপীড়নে পরিণত হয়। এই উচ্চু খলতাও উৎপীড়নের বিরুদ্ধে সংগ্রাম করাই স্বাধীনতা। কিন্তু এই সংগ্রামের একটা উদ্দেশ্য থাকা চাই: এই উদ্দেশাটি কি ? না-বিবেকের আদেশ পালনরূপ কর্ত্তবা-शाधन। आमारमञ्ज विरवक ध्वर विरवक रच नाम्निसर्यरक आमारमञ् নিকট প্রকাশ করে, নেই জায়ধর্মই সামাদের প্রকৃত নিমন্তা ও প্রভ। বিবেকের অনুসরণ করাই ইচ্ছার নিজম্ব নিয়ম, এবং দে ইচ্ছা ইচ্ছাই নতে বে এই নিয়মের অধীন না হয়। যতক্ষণ না বিবেক,—বাসনা প্রান্তিও স্বার্থের বেগকে ন্যায়ের দ্বারা প্রতিরোধ করে, ততক্ষণ আমাতে আর আমি থাকি না। কিবেক ও নাারধর্মই প্রবৃত্তির দাসত্ত হইতে আমানিগকে মুক্ত করে: কিন্তু মুক্ত করিয়া আবার আর একটা কিছুর দাদত আমাদের ক্লে চাপাইলা দেয় না। কারণ-ন্যায়-ধর্ম্মের অফুদরণ করিয়া স্বাধীনতাকে বিদর্জন করা হয় না-প্রত্যুক্ত श्वाधीन डाटक ब्रक्षा कब्रा इब्र, श्वाधीन जाब देवर वावहां व कवा इब्र।

স্বাধীনভাতে এবং কিবেক ও আয়ধৰ্মের সহিত স্বাধীনতার একা সাধনেই মন্ববোর মনুবাত্ব। মানুষ, বিবেকের আলোকে আলোকিড चारीन सीव विनिदार मारूगरक शूक्व वना यात्र।

श्वाधीनजा शाका कि:वा ना शाका हेशाउह এकটা बिनिएमद স্থিত পুক্রের প্রভেদ। জিনিস কি ? না যাহা স্বাধীন নহে---

স্থতরাং বাহা আপনার নিজস্ব নহে, যাহাতে আপনাত্ব কিছুই নাই; ভধু গণনার হিসাবে তাহার একটা পৃথক্ সত্তা আছে মাত্র—দে পৃথক্ সত্তা, পৃক্ষের ভাগে প্রকৃত পৃথক্সত্তা নহে, উহা পৃথক্ সত্তার একটা অসম্পূর্ণ নকল মাত্র।

নিজের উপর, জিনিসের কোন অধিকার নাই; যে কেহ প্রথমে আসিয়া জিনিস্কে গ্রহণ করে এবং আপনার বলিয়া চিহ্নিত করে—
জিনিস্ তাহারই। কোন জিনিসই নিজের নড়াচড়ার জন্ম দায়ী নহে,
কেন না সে, ইক্ছা করিয়া নড়াচড়া করে না, এমন কি, সে নড়াচড়া
করিতেছে কি না তাহা জানেও না। দায়িয় কেবল প্রবেরই আছে;
কেন না, প্রব ব্রিমান্ও স্বাধীন; এবং এই ব্রি ও স্বাধীনতার
ভন্মই পুরুব দায়ী।

জিনিসের কোন অয়মর্যাদার ভাব নাই; পুরুষেরই আয়মর্যাদা আছে। জিনিসের নিজস্ব মূল্য কিছুই নাই—পুরুষ জিনিসের বে মূল্য নির্দ্ধারণ করে তাহাই জিনিসের মূল্য। পুরুষ জিনিসকে ব্যবহার করাতেই জিনিসের যাহা কিছু মূল্য—জিনিস পুরুষের সাধনোপায় মাত্র।

অবশ্যকর্ত্তবাতার সহিত স্বাণীনতার অন্তিন্ত ভিতরে ভিতরে ভিতরে জড়িত; অর্থাং ইহা অবশ্য-কর্ত্তব্য এইরূপ বলিলে—ইহা করিবার স্বাধীনতা আমার আছে—এইরূপ ব্ঝাইয়া যায়। যেথানে স্বাধীনতা নাই, সেথানে কর্ত্তব্য এনাই এবং যেথানে কর্ত্তব্য নাই সেধানে অধিকারও নাই।

আমার মধ্যে এমন একটি পুরুষ আছেন বিনি সন্মানের যোগা; এই জন্ম, তাঁহাকে সন্মান করা আমার বেরূপ কর্ত্তবা, দেইরূপ তাঁহার প্রতি অন্মকেও সন্মান প্রদর্শন করাইবার অধিকার আমার আছে। বে পরিমাণে আমার অধিকার—ঠিক্ দেই পরিমাণে আমার কর্তব্য ।

একটি অপরটির সাক্ষাং হেতৃ। আমার অন্তর্গ পুরুষ যাহা কিছু
করেন তাহার প্রতি সম্মান প্রদর্শন করা অধীং আমার বৃদ্ধি ও

আমার স্বাধীনতার প্রতি সম্মান প্রদর্শন করা যদি আমার পবিত্র
কর্তব্য না হর, তাহা হইলে, অন্যের আক্রমণের বিরুদ্ধে আত্মরমা
করিবার আমার কোন অধিকার থাকে না। কিন্তু যেহেতৃ আমার
অন্তর্গ পুরুশটি ভ্রুষর ও পবিত্র, দেই হেতৃ তিনি আমার নিজ্রের
সম্বন্ধে আমার উপর একটি কর্তব্য স্থাপন করেন, এবং অন্তের সম্বন্ধে
আমাকে একটি অধিকার প্রদান করেন।

নিক্ট প্রবৃত্তি, পাপ, প্রভৃতির হত্তে আয়সমর্পণ করিয়া ঘেমন আপনার অবনতি আমি নিজে সাধন করিতে পারি না, দেইরূপ অন্ত-কেও তাহা করিতে দিতে পারি না।

পুরুষ-এক মাত্র পুরুষই অল্ড্যনায়।

এই পুরুষ ভধু বে আগ্নটেততের অন্তর্গন মন্দিরেই আলজ্বনীর তাহা নহে, পরস্থ তাহার সমস্ত বৈধ অভিবাক্তির মধ্যে, তাহার সমস্ত কার্যোর মধ্যে, কার্যার সমস্ত পরিণামের মধ্যে, এমন কি যাহার দ্বারা পুরুষ আপনার কার্যাসাধন করিয়া লন সেই উপায় সমূহের মধ্যেও তিনি অলজ্বনীয়।

সম্পত্তির অনজ্যনীয়তার পত্তনভূমি ঐথানেই।এই পুরুষই সর্ব্ব প্রথম ও সর্ব্বপ্রধান সম্পত্তি। পুরুষ ইইতেই অন্ত সমস্ত সম্পত্তির উংপত্তি। ভাল করিয়া ভাবিয়া দেখ। সম্পত্তির নিজের কোন স্বর্গাধিকার নাই; সম্পত্তির যিনি অধিকারী তিনিই তাঁহার নিজ বাক্তির, নিজ স্বামির, নিজ স্বধিকার, সেই সম্পত্তির উপর মৃত্তিত্ত করিয়া দেন। পুরুষ যথন আপনার উপর কর্তৃত্ব হারার তেখন তাহাত্র আবনজি না হইয় যায় না। নিজের উপর পুরুষের যে অধিকার সে অধিকারে হতাজ্বর হইতে পারে না। আপনার উপর পুরুষের যাইছেছা-তাই করিবার অধিকার নাই; পুরুষ আপনার প্রতি একটা জিনিসের মত বাধহার করিতে পারে না, সে আপনাকে বিক্রেষ করিতে পারে না, হত্যা করিতে পারে না, এবং যে ছই উপানানে সে গঠিত—সেই স্বাধীন ইছে। ও বিবেককে সে কোন প্রকারেই রহিপ্ত করিতে পারে না।

শিশুদিগেরও কতক গুলি অধিকার কি জন্ম থাকে ৭--এই জন্য ষে, তাহারা পরে স্বাধীন পুরুষ হইয়া উঠিবে। যে পুনর্মার শৈশব-দশা প্রাপ্ত হয় দেই অভিবন্ধেরই বাকতকগুলি অধিকার কেন থাকে গ—যে নিভাস্ত নির্ফোধ ভাহারই বা কতকগুলি বিশেষ অধি-কার কেন থাকে ? যেখানে জ্ঞানের উল্মেষ্ড যেখানে জ্ঞানের অবশেষ-চিত্র দেখা যায় দেখলেও লোকে স্বাধীনতার প্রতি সন্মান व्यक्ष्मिं करत । शकाश्वरत, य वाक्ति वद्ध-शाशन, किःवा य तुष्क 'ভিমরতি' গ্রন্ত হইয়াছে তাহার কোন অধিকার থাকে না কেন 🕈 ভাহার কারণ, তাহারা তাহানের স্বাধানতা হারাইরাছে। দাসরপ্রথা এত ঘণিত হইগ কেন ৭ কারণ, ইহাতে করিয়া মুখ্যারের প্রতি সাংঘাতিক আঘাত করা হয়। এই জনা কতক গুলি বাড়াৰাড়ি च्यात्वारमार्शव कांक अ त्नात्वत्र मार्या भगा इटेबा शांक । तमक्र श्रवत्वत्र আয়োৎদর্গ করাও দোষ, কাহাকে করিতে বলাও দোষ। মানব-অধিকারের বেটি দারাংশ ভাহাকে বিদর্জন করিয়া আত্মোৎদর্গ করা.— चाधीन ठाटक विमर्क्कन कतिया चाट्या ९ मर्ग कता, मुक्टवब चा यूमर्यापाटक वित्रकान कवित्रा आरबारनर्भ कता. - এই नकन आरबारनर्भव कांच বৈধ নহে। স্বাধীনভার বিষয় আলোচনা করিতে গিরা আমরা কতক-ভুলি নৈতিক ধারণার উল্লেখ করিলাম—এই সকল নৈতিক ধারণার মধ্যেই স্বাধীনভা অধিষ্ঠিত ও স্বাধীনভার প্রকৃত ব্যাখ্যা পাওয়া বায়। অভংগর আমরা পাপ প্ণাের বিচার সম্বন্ধ আলোচনা করিব। ইহাই নৈতিক ব্যাপারের শেব উপাদান।

পাপ পুণ্যের বিচার ও দও পুরস্কারের বিচার-এই চুইটি এক পুত্রে আবন্ধ। বস্তুত, ভাল কাজ করিতেছি কি মন্দ কাজ করিভেচি এ কথানা জানিয়া যে ব্যক্তি কোন কাজ করে, তাহার সে কাজে পাপও নাই পুণাও নাই। যধন কোন জড পদার্থের ছারা, অজ্ঞাত-সারে কোন হিতম্বনক কিংবা অহিতম্বনক কার্য্য সম্পাদিত হয়, তখন যেমন তাহার দেই কার্যো পাপও নাই পুণাও নাই—ইহাও দেই প্রকার। অনিচ্ছাক্ত অপরাধের কোন দও নাই কেন ? তাহার কারণ, ইচ্চাক্ত নতে বলিয়াই ভাহা অপরাধ বলিয়া পরিগণিত হয় না। এই জনাই অপরাধেব মোকদমায়, অপরাধীর পূর্ব-সংকল্পকে এতটা প্রাধানা দেওরা হয়। একটা বিশেষ বয়স পর্যান্ত বালক-অপরাধীকে বঘু দও দেওয়া হয় কেন ? তাহার কারণ, ভাল মন্দের জ্ঞান ও স্বাধীনতার জ্ঞান না থাকায়, তাহার কাজকে স্কৃতিও বলা যান্ত্ৰ না. চুছ্কতিও বলা যান্ত্ৰ না : ভুধু স্কুক্তি ও হুছুতিই দও পুৰ-द्यारबद रहांगा। हिंग रकान वास्ति व्यनिष्ठेकनक रकान कांक कर्दा. অথচ যদি তাহা ইচ্ছাপুর্বাক না করে, তাহা হইলে ক্ষতির পরিমাণ-অফুসারে ভাহাকে ক্তিপুরণের দণ্ড দেওয়া হয় যাত্র; বাহাকে প্রকৃত দণ্ড বলে, সেরপ দণ্ডে সে দণ্ডিত হয় না।

শ্ববন্থাবিশেবে কোন কাজ পাপ ও কোন কাজ পুণ্য বলিয়া নির্দ্ধারিত হয়। কার্য্যের সেই বিশেষ শ্ববন্থা ঘটিলে তবেই সেই কাজে পাপ কিংবা পুণ্য প্রকাশ পান্ন, এবং তাহার সঙ্গে দণ্ড পুরস্কারও আদিয়া পড়ে।

পুণ্য কাজ করিলে, পুরস্কৃত হইবার আমাদের স্বাভাবিক অধিকার আছে; এবং পাপ কার্য্য করিলে, আমাদিগকে দণ্ড দিবার অধিকার অক্টেরও আছে;—এমনও বলা বাইতে পারে,—আমাদের নিজেরও আছে। কথাটা একটু অভূত শোনার,—কিন্ত ইংা আসলে ঠিক্। অনেক সমন্ত্র দেখা যার, অপরাধীরা নিজেই অপরাধের জন্ত উচিত দণ্ড প্রার্থনা করে। পাপের অবশাস্তাবী ফল কন্তু—এ কথা যেমন স্ত্যা, পাপের সহিত কন্তের একটা স্বাভাবিক সম্বন্ধ আছে—এ কথাটাও তেমনি স্ত্যা।

পাপ পুণা, যেন বৈধ ঋণস্বরূপ দণ্ড পুরস্কারের দাবী করে। কিন্তু পুণাের সহিত পুরস্কারকে এবং পােপের সহিত দণ্ডকে একীভূত করিলে চলিবে না। তাহা হইলে, কার্যা ও কারণকে, ক্রিরা ও পরিণামকে এক করিয়া ফেলা হয়। এমন কি, যথন দণ্ড পুর-স্কারের অক্তিত্ব থাকে না, তথনও পাপ পুণাের অক্তিত্ব থাকে।

দণ্ড প্রস্কার পাপ প্ণাের ফল—কিন্ত স্ববং পাপ প্ণা নহে।
দণ্ড প্রস্কারকে রহিত করিলেও, পাপ প্ণাকে রহিত করা বার না।
পক্ষান্তরে, যদি পাপ প্ণাকে উঠাইয়া দেও, তাহা হইলে প্রকৃত দণ্ডও
থাকে না, প্রকৃত প্রস্কারও থাকে না। ধন ঐবর্ধ্য কিংবা অযোগ্য
সন্মান—এ সমস্ত শুধু ভৌতিক স্থবিধা মাত্র; প্রস্কার জিনিসটা
আগলে নৈতিক; প্রস্কারের ম্ল্য—প্রস্কারের আকারের উপর
নির্ভর করে না। প্রাচীন রোমকেরা বে ওক্-গাছের পাতার মুকুটে
বীরপুক্বদিগকে ভূবিত করিত, তাহা ইন্তপ্রীর সমস্ত ঐবর্থ্য
সংশেক্ষাও তাহারা মূল্যবান জ্ঞান করিত; কেন্না উহা সমস্ত

রোমক জাতির প্রদন্ত প্রকার-সক্ষণ সন্মান-চিত্র। প্রকার কি ?—
না, প্রতিদান। সংকার্যোর যে প্রকার তাহা সংকার্যোর ঋণস্বরূপ;
সংকার্যা না করিয়া যে প্রকার লাভ করা বার, তাহা হয় ভিকানর
চৌর্যা। দও সম্বন্ধেও এইরূপ বলা যাইতে পারে। অপরাধের
সহিত করের একটা স্বাভাবিক সম্বন্ধ আছে। গুধুকটটাই সভা
নহে, এই সম্বন্ধীও সভা।

হুইটি কথা পুন: পুন: আর্ত্তি করা আবশ্যক, কেন না সে ছুইটি কথাই সতা। প্রথম কথা:—ঘাহা মঙ্গল তাহা স্বতই মঙ্গল, এবং তাহার ফল যাহাই হুউকনা, তাহা সংসাধন করা অবশ্যকর্তবা; বিতীয় কথা:—মঙ্গলের পরিণাম মঙ্গলই হুইয়া থাকে। মঙ্গল হুইতে বিচ্ছির যে স্থা তাহার কোন নৈতিক ভাব নাই, কিন্তু মঙ্গলের ফলস্ক্রপ যে স্থা তাহাই নৈতিক জগতের অন্তর্ভূত।

ক্ষথহীন ধর্ম, ছংখহীন পাপ—একণা পরস্পর-বিরুদ্ধ, এবং ইহা
একটা বোর উদ্ভূষণতা। যদি ধর্ম বলিতে তাগে ব্যায়—অর্থাৎ
কট শ্বীকার ব্যায়—তাহা হইলে দেই ত্যাগের কট সাহসপূর্বক সহা
করিলে, পারণানে তাহার পুরস্কার স্কর্প দেই স্থই প্রাপ্ত হওয় যায়,
যাহা গোড়ায় বিদর্জন করা হইয়াছিল;—ইহাই সনাতন ভ্যায়বিচার।
এং স্ব্ধের প্রলোভনে কোন পাপকর্ম করিলে পরিণানে ছংখ
পাইতে হুইবে—ইহাও সনাতন ভায়বিচার।

এখন দেখা বাউক — ভাল ও মল কাৰ্যোর সহিত যে সূথ ছঃধের
নিয়ৰ সংযুক্ত রহিয়াছে, ভাহা কিরুপে সংসিদ্ধ হয়। এই পৃথিবীতেই
অধিকাংশ ত্বলে সেই নিয়মটি কার্যো পরিণত হয়। এই পৃথিবীতেই
নিয়ম-শৃথ্যলার আধিপত্য দেখা যায়। ইহলোকে কথন কথন এই
নিয়ম-শৃথ্যলার বাতিক্রম হইলেও, পাপ পুণোর সহিত দণ্ড প্রস্কারের

সহন্ধ না থাকিলেও, ইহা নিশ্চিত—অথও মহলের নিয়ম, পাপ পুণার নিয়ম, কর্তবার নিয়ম অগজ্ঞনীয়। একথা আমাদের জ্ঞান কথনই অবীকার করিতে পারে না। আমাদের গ্রুব বিধান—যিনি আমাদের অন্তরে নৈতিক শৃত্থলার জ্ঞান ও ভাব নিহিত করিয়াছেন, তিনি ব্রয়ং ইছাকে কথনই ব্যর্থ ইইতে দিবেন না,—শীত্রই ইউক, বিশেষেই ইউক, বংগার সহিত স্থাথের সমন্বয় তিনি অবশ্যই প্নঃ প্রতিষ্ঠিত করিবেন,—কি উপারে করিবেন সে তিনিই জ্ঞানেন। দেই দ্র-ভবিষাতের রহদ্য উদ্যাটনের এখনও আমাদের সমন্ব হয় নাই। এখন আমারা কেবল নৈতিক সত্যের প্রকৃতি ও উদ্দেশ্য নির্দেশ করিবার জন্য সচেই ইইব—এখন আমাদের পক্ষে ইহাই বথেষ্ট।

নৈতিক ব্যাপারের স্মার একটি উপাদান হৃদয়ের ভাব।

এই বিষয়ট সংক্রে বিরত করিয়া আমরা এই জাটল নৈতিক বাাপারের বিলেষণ শেষ করিব। এই হৃদ্যের ভাব, সমস্ত নৈতিক বাাপারের অফ্সঙ্গী, এমন কি, প্রতিধ্বনি বলিলেও হয়। ধর্ম ও স্থথের মধ্যে যে অবিছেলা বােগ রহিয়াছে, হৃদ্যের ভাব সেই যােগের অফ্ভৃতি মানব-আয়ায় আনিয়া দেয়। পাপ পুণাের নিয়মকে এই হৃদ্যের ভাবই সাক্ষাংভাবে ও অলস্কভাবে কার্যো প্রয়োগ করে। এই হৃদ্যের ভাবই সাক্ষাং-প্রতিষ্ঠিত দ্ও-প্রস্থারের প্রমাণস্কপ। ইহাই ঐশ্বিক দ্ও-প্রস্থারের আভাত্তরিক আদর্শ। পরলাকের ভাব—স্বর্গের ভাব আমাদের হৃদ্রেতেই প্রতিষ্ঠিত। স্বর্গ-কয়না করিবার সন্মর আমরা আমাদের হৃদ্যুকেই স্থর্গে ক্যাপিত করি।

কোন সংকার্য্য প্রত্যক্ষ করিয়া (সেই সংকার্য্যের কর্ত্তা আনিই

হই কিংবা অন্তাই হউক) আমার অন্তরে একটি স্থধ অন্তাহ না করিয়া থাকিতে পারি না। স্থানর পদার্থ দেখিয়া যেরূপ স্থথ হয়, ইহা কতকটা দেই প্রকারের স্থা। আবার কোন কুকার্য্য দেখিলে, আমাদের মনে বিপরীত ভাবের উদয় হয়; কোন কুংসিং বস্ত দেখিলে যে ভাব হয় ইহাও কতকটা সেইরূপ ভাব। সাধারণতঃ আমরা যাহাকে প্রীতিজনক অগ্রীতিজনক অনুভূতি বলি, ইহা তাহা হইতে পুবই ভিয়।

কোন ভাল কাষ্য করিয়া আমাদের মনে বে সস্তোষ জ্বনে, উহা অন্ত কোন স্থাবের মত নহে। ইহা স্বার্থ কিংবা পর্বের উল্লাস নহে। ইহা ধর্মজনিত বিমল আত্ম-প্রসাদ। কোন কুকার্য্য করিলে আমা-দের পীড়িত অন্তরাত্মা একটা বাথা অনুভব করে; আমাদের দারুণ অনুশোচনা উপস্থিত হয়।

অনাকৃত সংকার্যা দেখিলেও আমাদের আয়া অমৃতরসে অভি-বিক হয়। অস্তের যাহা কিছু মহং, বাহা কিছু উত্তম—তাহার সহিত আমাদের হানর সম্পত্যভাবে সার দেয়, তাহার সহিত আমাদের সম্পূর্ণ সহাত্মভৃতি হয়। স্থার্থের দ্বারা বিচলিত না হইলে, আমরা স্থভাবতই,—বে ভাল কাঞ্জ করে, তাহার স্থানে আপনাকে স্থাপন করি; সে. যে ভাবে উত্তেজিত, আমরাও কতকটা সেই ভাবে উত্তেজিত হই।

মন্দ কার্য্য বেথিলে দেইরূপ আমাদের মনে বিরাগ ও ত্বণা উপ-হিত হয়। যিনি মানব-প্রকৃতির প্রষ্টা, তিনি আমাদের মন্দল অন্ধ-ষ্ঠানে নাহায্য করিবার উন্দেশেই এই সকল ভাব আমাদের অন্ধরে নিহিত করিয়াছেন। এই সকল ভাব ধর্মের পত্তনভূমি না হইলেও, উহারা বে ধর্মাস্ক্রানের পর্ম সহায়, তাহাতে কোন সক্ষেহ নাই। ধর্ম ও স্থথের মধ্যে যে সামঞ্জন্য আছে, উহারাই তাহার কল্যাণকর সাক্ষী।

নীতি সম্বন্ধীয় সমস্ত তথা আমর। বধাৰথকপে বিবৃত করিলাম।
যাহা কিছু প্রকৃত তথ্যের বাহিরে—তৎসমস্ত শশ-বিধাণ সদৃশ নিতাস্তই অলীক। সেই সব তথ্যের মথো প্রভেদ নির্ণীত না হইলে
সমস্তই বিশ্র্মাণা।

আমরা এই নৈতিকতত্ত্বর আলোচনায় সহজ জ্ঞান হইতে যাত্রা আরম্ভ করিয়াছি। কারণ, সহজ্ঞানকে অবিধাদ করা প্রকৃত বিজ্ঞানের উদ্দেশ্য নহে, তাহাকে ব্যাধা করাই বিজ্ঞানের উদ্দেশ্য। এবং সেই জন্মই সহজ জ্ঞানকে গোড়ার মানিয়া লইতে হয়। প্রথমে আমরা স্থ্যভাবে নৈতিক ব্যাপারের বর্ণনা করিয়াছি। পরে, নীতির উপাদান স্কৃত্য বিশ্লেষণ করিয়া প্রত্যেকের বিশেষ লক্ষণ কি, তাহাও দেখাইরাছি।

সমস্ত তথ্য বিশ্লেষণ করিয়া আমরা একটি সর্বাদিম তথো উপ-নীত হইয়াছি—দে তথাটি নিজের উপরেই নির্ভর করে—দে তথাটি কি ?—না, মঙ্গল সম্বন্ধে আমাদের বিচারক্রিয়া। আমরা এই তথোর নিকট অন্যান্য তথাকে বলিধান নিই নাই। আমরা শুধু বলিয়াছি, কালের হিদাবে ও গুরুব্বের হিদাবে এইটিই সর্ব্রথম।

সত্য ও স্থলর সম্বন্ধীয় বিচার ক্রিয়ার সহিত ইহার একটা গভীর
সাদৃশ্য উপলব্ধি হয়। আমরা তাই দেখিতে পাই,—নীতি, দর্শন ও
সৌলর্য্যতর ইহাদের পরস্পারের মধ্যে একটা নিগৃত বোগ আছে।
মূলে, নক্লের সহিত সত্যের মিল থাকিলেও সত্যের সহিত মক্লের
পার্থক্য এইটুকু বে—মকল ব্যবহারিক সত্য। সংকার্য অবশ্য-কর্ত্ব্য।
সংকার্য ও অবশ্যকর্ত্ব্যতা—এই চুইটি ভাব অবিচ্ছেদ্য ইইলেও সর্ব্ধ-

ভোভাৰে এক নহে। কেন না, অবশ্য-কর্ত্তবাতা মঙ্গলের উপর প্রতি-ষ্ঠিত। উহাদের মধ্যে এই ঘনিষ্ট সম্বন্ধ থাকাতেই, মঙ্গল হইতেই অবশাকর্তব্যতা,—বিশ্বজনীন ভাব ও স্ব-দম্পূর্ণ ঐকান্তিকতা প্রাপ্ত ইইয়াছে।

বাধা মকল তাহাই অবশ্য-কর্ত্তব্য—ইহাই নৈতিক নিয়ম। ইহাই
সমত নীতির ভিত্তিভূমি। এই জন্য আমরা স্বার্থের নীতি ও ভাবের
নীতিকে প্রাক্ত নীতি হইতে পৃথক্ করিয়াছি। আমরা দকল তথাই
মানিয়া লইয়াছি, কিন্তু এক শ্রেণার মধ্যে ভুক্ত করি নাই।

মাছবের জ্ঞানে থেরূপ নৈতিক নিয়ম, মাছবের কাজে সেইরূপ স্বাধীনতা। স্বাধীনতাকে অবশ্য-কর্ত্তব্যতা হইতে সিদ্ধান্তরূপে স্থাপন করা যায়; গুধু তাহা নহে, উহাই স্বাধীনতার একটি অকটাটা প্রাধাণ।

মানুষ স্বাধীন জীব হইয়াও কর্তব্যের অব:ন;—ইহাতেই মানুষ নীতিমানৃ পুরুষ। পুরুষ—এই ধারণাটির মধ্যে অনেকগুলি নৈতিক ভাবের সমাবেশ আছে। তাহার মধ্যে অধিকারের ভাব একটি। পুরুষেরই অধিকার থাকিতে পারে।

এই সকল ধারণার মধ্যে, পাপ পুণোর ধারণাকেও ধরিতে হইবে।

জ্মনা ধারণা গুলি এই পাপপুণোর ধারণা হইতে যেন 'মঙ্রী' প্রাপ্ত হয়।

পাপপুণ্য বলিলেই ভাহার সঙ্গে সঙ্গে ভাল মন্দের ভেদ, অবশ্য-কর্ত্তব্যতা, স্বাধীনতা—এই সমস্ত বুঝাইরা বায়, এবং উহা হইতেই দঙ্গ-পুরস্বারের ধারণাটিও উৎপত্ন হয়।

মঙ্গল বলি জ্ঞানের বিষয়ীভূত হয় তবেই উহা অটল ভিত্তির উপর
স্থাপিত হইতে পারে। তাই, মঙ্গলের প্রকৃতি জ্ঞানমূলক—এই কথা

আমরা বারন্বার বনিরাছি, অবচ উহার মধ্যে যে ভাবের উপাদানটি আছে তাহাকেও আমরা অগ্রাহ্য করি নাই।

আমাদের প্রত্যেক নৈতিক বিচার-ক্রিয়ার সঙ্গে ভাবের অন্তিম উপলব্ধি করা যায়। সেই সব বিচার-ক্রিয়ার সহিত হাদর সর্বতোতাবে সায় দেয়। যে কার্য্য আমরা ভাল বলিয়া বিবেচনা করি, সে কার্য্যে আমাদের স্থামূভব হয়; কোন একটা কর্ত্তবাকাল সাধন করিয়াছি মনে করিলে আমাদের মনে একপ্রকার অপূর্ব্ব সংগ্রেষ ক্রেয়।

যদিও কর্তব্যের জনাই কর্ত্তবা পালন করা উচিত, তথাপি এ ক্ষা স্বাকার করিতে হইবে-কর্ত্তার সহিত জনয়ের ভাব যদি मः (या क्रिक ना इटेक, जाहा इटेल এই कर्क (वाब नियमक्र) फे**फ** আদর্শটি তর্বল মানবের পক্ষে প্রায় তর্ধিগমা হইরা পডিত। আমা-দের জ্ঞানের অনিশ্চিত আলোকের অভাব পূরণ করিবার জন্মই इंडेक. अथवा (कान अलाहे किःवा कहेकत्र कर्त्ववाष्ट्रत आमारस्त्र इर्जन मक्कारक स्पृष्ट कत्रिवात धनाहे रुडेक,--श्वरत्नत ভावक्रथ भेषात्रत्र এकि महर मान आमता धाल हरेत्राहि। निकृष्ठे धात्रस्ति-সমূহের প্রচণ্ড আবেগ প্রতিরোধ করিবার জন্য, উংকৃষ্ট প্রবৃত্তির সাহায্য আবশাক। বেমন সত্যের ঘারা মন আলোকিত হয়, তেমনি ভাবের দারা আত্মা উত্তেজিত হইয়া কার্য্যে প্রবর্ত্তিত হয়। বীর:প্রবর Assas चात्र रेमछारक वाहाहेबात बख. व्यापनारक रा विवान विद्या-हिलन त्म किकन बनस कार्य बार्वान-अभास कारनद आदा-চনায় নছে। অতএব ভাবের আধিপত্যকে ধেন আমরা চুর্বাস করিরা ना एकति : कारदाव छैरपाइएक दान व्यामता आहा कति -- मर्क श्रवाद बक्षा कति । এই श्वनत्त्रत्न छेरन इटेट्डिंग् महर् कार्या-नकन अप्रक हत ।

আমাদের নীতিতন্ত্র হইতে স্বার্থকে কি একেবারে নির্বাদিত করিতে হইবে ?—না। মানব-আত্মার মধ্যে একটা স্থাধের বাসনা আছে—ইহা স্বন্ধ ঈধরের স্থাষ্ট। এই বাসনটি—একটা বাস্তব তথ্য; অতএব যে নীতিতন্ত্র প্রতাক্ষ পরীক্ষার উপর প্রতিষ্ঠিত, তাহাতে এই বাসনাটিরও একটা স্থান থাকা আবশ্যক। মানব-প্রকৃতির নানা লক্ষ্যের মধ্যে স্থাও একটি; তবে, ইহাই একমাত্র লক্ষ্য কিংবা মুখ্য লক্ষ্য নহে।

মানবের নৈতিক প্রকৃতির ব্যবস্থা অতি চমংকার! মঙ্গলই তাহার চরম উদ্দেশ্য, ধর্মই তাহার নিরম। অনেক সময় ইহার দরুণ মান্থকে কট সহু করিতে হয়, কিন্তু এই কটের বারাই মনুয় জীবের মধ্যে শ্রেষ্ঠতা লাভ করিয়াছে। সত্য, এই ধর্মের নিরমটি বড়ই কঠোর এবং ইহা স্থল্পৃহার বিরোধী। কিন্তু ভয় নাই:—িযিনি আমাদের জীবনের বিধাতা, সেই মঙ্গলম্বন্ধ ঈশর এই কঠোর কর্তবার পাশা-পাশি, হৃদ্যের ভাবরূপ একটি কমনীয় ও মধুর শক্তি আমাদের আত্মাতে নিহিত করিয়াছেন। তিনি সাধারণত ধর্মের সহিত স্থকক সংযোজিত করিয়াছেন;—অবণ্য ইহার ব্যক্তিক্রমন্থলও আছে—এবং সেই জ্বন্তু তিনি আর একটা জিনিস দিয়াছেন,—জীবনপ্রের শেষ প্রাক্তে আশাকে স্থাপন করিয়াছেন!

আমাদের নীতিপদ্ধতিটি কি—একণে তাহা জানা গেল। প্রত্যেক্ তথ্যের যথাযথ ব্যাখ্যা করা, তথ্যসমূহের মধ্যে যে সাম্য ও বৈষম্য আছে তাহা ব্যক্ত করা—ইহাই আমাদের একমাত্র চেষ্টা।

ইহা ব্যক্তীত, নীতিসম্বন্ধে আমরা কোন নৃত্ন কথা বলি নাই। একটিমাত্র তথ্য স্বীকার করা এবং সেই তথ্যের নিকট অস্তান্ত তথ্যকে বলিদান দেওয়া—ইহাই প্রচলিত প্রা। বে স্কল তথ্য আনরা বিলেষণ করিছাছি, আমাদের নৈতিক পছতির মধ্যে তাহার প্রভাবেকরই এক একটা বিশেষ কাজ প্রদর্শিত চইরাছে। বড় বড় দার্শমিক স্প্রদারের মধ্যে সকলেই সত্যের একটা দিক্ষাত্র দেখিয়া-ছেন।

আধিকার দিনে, কে আবার এপিকিউরসের মতে ফিরিয়া আদিতে পারে—বে এপিকিউরাস, সমত্ত প্রত্যক্ষ তথ্যের বিকরে, সহজ জ্ঞানের বিকরে, এমন কি সমস্ত নৈতিক ভাবের বিকরে, এক-মাত্র ক্ষপানার উপরেই কর্ত্তবাকে, ধর্মকে প্রতিষ্ঠিত করিতে চেষ্টা পাইরাছিলেন ? কেহ যদি ঐ মতে আবার ফিরিরা আসেন তাহা হইলে তিনি তাঁহার ঘোর অন্ধতা ও সম্পূর্ণ রার্থতারই পরিচর দিবেন। পক্ষান্তরে মঙ্গলের (abstract idea) সার-ধারণার নিকট, ক্ষবকে, সকল প্রকার প্রস্কারের আশাকে কি আমরা বিদিদান দিব ? টোমিক সম্প্রদার তাহাই করিগছিল। ক্যাণ্টের ক্রার আমরা কি সমস্ত নীতিকে অবশাকর্ত্তবাতার মধ্যেই ক্ষম করিয়া রাথিব ? তাহা হইলে নীতিকে আরও সংখীর্ণ করিয়া ফেলা হইলে।

এক-বোঁকা সিদ্ধান্তের দিন চলিয়া গিয়াছে; আবার উহা আরম্ভ করিলে, দার্লনিক সংগ্রামকে চিরস্থায়ী করা হইবে। প্রস্তোক দর্শনই একটা-না-একটা বাত্তব তথ্যের উপর প্রতিষ্ঠিত, এবং প্রত্যেকেই দেই তথাটকে কোন প্রকারে বজার রাখিতে চেটা করে; স্থতরাং প্রত্যেকেই পর্বায়ক্রনের একবার জরী ও আর একবার পরাজিত হয়; এইরপে একই দর্শনতত্র ফিরিয়া-পুরিয়া পুন: পুন: জনসমাজে আবি-তুতি হয়। মতক্ষণ সমস্ভ দর্শনতত্ত্রের মধ্যে একটা সমন্বর সাধিত হইলা আয় একটা ন্তন দর্শন প্রকাশিত হইবে, ততক্ষণ এই সংগ্রাম ক্রমই ধারিবে না।

কেই আগত্তি করিতে পারেন-এরূপ দর্শনভয়ের কোন একটা চরিত্রগত বিশেষত্ব থাকিবে না। কিন্তু मर्गत्नत निक्रे हहेट जान द्यान विराधक मार्वी कतिरन, मर्गनरक লইয়া ছেলেখেলা করা হয় না কি ? এই বলিয়া কি কেহ আকেপ করেন যে, যেছেতু আধুনিক রদায়নের অমুশীলন কেবল তথ্যের मर्पारे नौमानक, এবং উहा এकि माज मूनभनार्थ निम्ना भर्यावनिष्ठ হয় না, অতএব উহার কোন চরিত্রগত বিশেষত্ব নাই ? মানব-প্রক্র-তির সমস্ত অবয়বগুলি যথাপরিমানে অঙ্কিত করিয়া মানব-প্রকৃতির একটি ষ্থাষ্থ চিত্র প্রদর্শন করাই প্রকৃত দর্শনের কাজ। আমাদের দর্শনতান্তর যে একতা---সে মানব-আত্মার একতা। মানব-আত্মা भाजरे मन्नारक উপन्निक करत : मन्नारक व्यवभाकर्खन विनन्ना खात्न : মঙ্গলকে ভালবাদে : জানে-ভালমন্দ কাম্ব করিবার স্বাধীনতা তাহার षाह्य: बात-ठाहाद कर्ष षरुगाद म ए७ প्रदेश व्याध हहेत. স্থপ চঃথ ভোগ করিবে। আমাদের দর্শনতারে আর এক প্রকারের একত। আছে--অর্থাৎ সমস্ত তথোর মধ্যে একটা অর্থত খনিষ্ঠ বোগ আছে ;---সকল তথ্যই পরস্পরকে ধারণ করে, পরস্পরকে পোষণ করে।

একটিমাত্র তত্ত্ব ছাড়া আর কোন তত্ত্বে দর্শনের মধ্যে আসিতে দেওরা হইবে না—ইংকে যদি একতা বলে, তবে একপ একতা হাপন করিবার কাহারও অধিকার নাই। কেবল বিশুদ্ধ পণিতরাজ্যেই এক্রপ একতা সম্ভব। গণিতশাত্র তথ্য লইরা বাস্ত নছে; পণিত বে পদার্থের অফুনীলন করে, সরণীকরণের উদ্দেশে তাহাকে সংক্ষেপ করিবার জন্ত্রই তাহার ক্রমাগত চেটা;—এইরণে উহা কতকগুলি নার-ধারণামাত্রে পরিণত হয়। তথ্যমূলক বিজ্ঞান কতকগুলি সমী- করণের (equation) সমস্যা মাত্র নহে। পদার্থসমূহের মধ্যে বে প্রাণ আছে এই বিজ্ঞান সেই প্রাণকে সন্ধান করে, এবং প্রাণের মধ্যে যে সাম্য ও বৈষম্য আছে তাহারও অবেষণ করে।

পঞ্চম উপদেশ।

আপনার প্রতি ও অন্যের প্রতি কর্ত্তব্য।

আমরা জানিয়ছি — নৈতিক হিলাবে, আমাদের মধ্যে ভালও আছে, মন্দও আছে; আমরা জানিয়ছি এই ভাল মন্দের প্রভেদ্ হইতেই অবশ্যকরণীয়তার উৎপত্তি, একটা নিয়মের উৎপত্তি, অর্থাৎ আমাদের কর্ত্তবাকর্মের উৎপত্তি। কিন্তু আমরা এখনও জানিতে পারি নাই—এই কর্ত্তবাগুলি কি ? শুধু কর্ত্তবা-নীতির সাধারণ মূলতভ্তি স্থাপিত হইয়ছে মাত্র, কার্যাত ইহার কিরপ প্রয়োগ্রহয়, এক্শলে তাহাই দেখা আবশ্যক।

যদি, কোন সত্য অবশ্যকরণীয় হইলেই তাহা কর্ত্তব্য নামে অভি-হিত হয় এবং যদি গুধু প্রজ্ঞার দ্বারাই সেই সত্য জানা যাইতে পারে, তাহা হইলে, কর্ত্তব্য-নিম্নকে মানিয়া চলাও যা', প্রজ্ঞাকে মানিয়া চলাও তা'—একই কথা।

কিন্তু "প্রজ্ঞাকে মানিয়া চলা"—এই কণাট বড়ই অস্পাঠ ও স্ক্রধারণামূলক। আমাদের কোন কার্য্য প্রজ্ঞার অন্থায়ী কিংবা প্রজ্ঞার অন্থ্যায়ী নহে, তাহার কিরুপে নিশ্চয় হইবে ?

আমরা পূর্ব্বেই বলিয়াছি, প্রজ্ঞার একটি লক্ষণ সার্ব্বভৌমতা; আমাদের কার্য্য এই প্রজ্ঞার অনুযায়ী হইতে হইলে, এই কার্য্যেতেও কতকটা সার্ব্বভৌমের লক্ষণ থাকা আবশ্যক। আবার আমাদের কার্য্যপ্রবর্ত্তক অভিপ্রায়ের উপর আমাদের কার্য্যের নৈতিকতা নির্ভর্ক করে; যদি কোন কাঞ্চ ভাল হয়, তবে সেই কাজের অভিপ্রায় হইত্তেও প্রজ্ঞার লক্ষণ প্রতিভাত হয়। কি নিদর্শন দেখিয়া বুঝা বাইবে বে অমুক কাজ প্রজ্ঞার অনুযায়ী—কিংবা সেই কাজ ভালো । যদি

কার্য্যপ্রবর্ত্তক কোন অভিপ্রারকে বিশ্ববিধানের অন্তর্গত এমন একটি নীতিম্বা বলিয়া উপলব্ধি করিতে পারি, বাহা প্রজ্ঞা সমস্ত বৃদ্ধিবিশিষ্ট স্থাধীন জীবের অন্তরে স্থাপিত করিরাছেন—তাহা হইলে বৃথিক উহাই প্রজ্ঞাধুঘায়ী কাজের নিদর্শন—ভাগ কাজের নিদর্শন। তদ্বিপরীতই মন্দ্র কাজ। যদি এইরুপ কোন অভিপ্রারকে সার্কভৌষ নিরমন্ধ্রপে প্রতিষ্ঠিত করিতে না পারি, তাহা হইলে বৃথিব সেই কাজ ভাগও নহে মন্দ্রও নহে,—উহা উপেক্ষণীয়। জন্মান দার্শনিক কাটে এইরূপ মানদণ্ড প্রয়োগ করিয়া, কার্য্যের নৈতিক্তা নির্দারণ করিয়া, কার্য্যের নৈতিক্তা নির্দারণ করিয়া হার্যা সত্য ও প্রান্তি নির্দার করে। হর, সেইরূপ উক্ত নৈত্তিক মানদণ্ডের ঘারা, আমাদের কি কর্ত্রব্য, ও কি কর্ত্রব্য নহে, তাহা স্থাপষ্টরূপে নির্দারিত হইয়া থাকে।

প্রজাকে অনুসরণ করা—ইহা নিষেই একটি কর্তব্য; এই কর্তব্যটি—প্রজার সহিত স্বাধীনতার বে সম্বন্ধ আছে, দেই সম্বন্ধের উপর প্রতিষ্ঠিত।

এমন কি, একপা ৰলা যাইতে পারে,—আমাদের শুধু একটিয়াত্র কর্ত্তবা, সেটি কি ?—না প্রজ্ঞার অমুবর্তী হইরা চলা। কিন্তু মামুৰ, বিচিত্র সম্বন্ধে আবদ্ধ হওরার, এই সাধারণ কর্ত্তবাটি, বিশেষ বিশেষ কর্ত্তবা বিভক্ত হইরা পড়িরাছে।

আমার নিজের সহিত আমার বেরূপ নিতা সম্বন্ধ এরূপ আর কাহারও সহিত নহে। অন্যান্য কার্য্যের বেরূপ নির্ম আছে, সেইরূপ মাসুব বে সকল কার্য্যের কর্তা ও বিষয়, ডাহারও একটা বিশেষ নিয়ম আছে। এই প্রেণীর কার্য্যের বে কর্তব্য উহাই মাহুবেদ্ধ নিজেয় প্রতি কর্ত্ব্য। প্ৰথম দৃষ্টিতে উহা একটু অন্তুত বলিরা মনে হয় যে, নিজের প্রতি মায়বের আবার কতকগুলি কর্ত্তব্য আছে।

মাহব বাধীন বলিয়া, মাহব আপনার নিজস্ব। আমার সর্কা-পেক্ষা আত্মীর কে ?—না, আমি নিজে;—ইহাই আমার প্রথম স্বৰাধিকার; ইহার উপর অন্তান্য স্বরাধিকার প্রতিষ্ঠিত। স্বরাধিকারের মূল কথাটি কি ?—না স্বরাধিকারী নিজ ইচ্ছামত তাঁহার সম্পত্তির বাবহার করিতে পারেন; অতএব আমার নিজের স্বব্দ্ধ আমার বাহা ইচ্ছা তাহাই কি আমি করিতে পারি না ?

না, ভাষা পারি না। মান্ত্র স্বাধীন, নিজের উপর মান্ত্রের অধিকার আছে বটে—তাই বলিয়া এরপ সিদ্ধান্ত করা ঠিক নহে, যে, মান্ত্র আপোনার সহলে যাহা ইচ্ছা তাহাই করিতে পারে। বরং মান্ত্রের স্বাধীনতা আছে বলিয়াই,—বৃদ্ধি আছে বলিয়াই, আমার মনে হয়, মান্ত্র তাহার স্বাধীনতার স্বাধীনতার ও তাহার বৃদ্ধির অবনতি সাধন করিতে পারে না। স্বাধীনতাকে বিস্ক্রেন করাই স্বাধীনতার অপ্রাবহার করা। আমরা পূর্কেই বলিয়াছি:—স্বাধীনতা বে গুধু অন্যের নিকটেই পুজা তাহা নহে, উহা নিজের নিকটেও পুজা।

কর্তব্যের উদার অমুশাসনে স্বাধীন ইচ্ছাশক্তিকে বৃদ্ধিত না করিয়া, বদি আমরা তাহাকে প্রবৃত্তির অধীন করিয়া রাখি, তাহা হইলে আমরা অভ্যন্তরস্থ এমন একটি জিনিসকে হীন করিয়া ফেলি, বাহা আমাদের নিজের ও অপরের শ্রদ্ধার বিষয়। মানুষ একটা জিনিস নহে. স্থৃতরাং নিজের প্রতি একটা জিনিসের মত ব্যবহার করিবার অধিকার মানুষ্বের নাই।

যদি আমার নিজের প্রতি কতকগুলি কর্ত্তব্য থাকে, তবে সে
ব্যক্তিগত কর্ত্তব্য নহে—দে দেই স্বাধীনতা ও বুদ্ধিবৃত্তির প্রতি কর্ত্তব্য

—বে স্বাধীনতা ও বৃদ্ধিবৃত্তি লইয়া আমার নৈতিক "পুরুষটি" সংগঠিত ইইয়াছে।

কোন জিনিসটি আমাদের নিজের, এবং কোন জিনিসটি বিশ্ব-মানবের তাহা ভাল করিয়া নির্ণয় ক্যা আবশাক। আমাদের প্রত্যে-কের অন্তরে মানবপ্রকৃতি এবং সেই সঙ্গে মানবপ্রকৃতির সমস্ত উপা-দানগুলি সন্নিবিষ্ট আছে। কিন্তু এই সকল উপাদানগুলি বিশেষ-ধিলেষ ব্যক্তির অন্তরে বিশেষ বিশেষ প্রকারে সন্নিবিষ্ট। এই বিশেষত্ব হইতেই ব্যক্তি গঠিত হয়, কিন্তু পুরুষ গঠিত হয় না। স্মামাদের অন্তরে যে পুরুষটি আছেন কেবল সেই পুরুষই আমাদের শ্রদার পাত্র ও পবিত্র, কারণ দেই পুরুষই বিশ্বমানবের একমাত্র প্রতিনিধি। যাহাতে নৈতিক পুক্ষের কোন আছা নাই, তাহা ভালও নহে, মন্দও नरह, जाहां डेर्शक्शोब। जालु नरह, मन् व नरह- এই मौमा-गुधित মধ্যেই আমি আমার যাহা অভিকৃতি তাহা করিতে পারি, এমন কি আমার থেয়ালও চরিতার্থ করিতে পারি, কারণ উহার মধ্যে অবশা-कर्त्वरा व'लग्न किन्नरे नारे.-- छेशत मर्पा जाल । नारे-मन्त्र नारे। किंद्ध यथनहे कान कार्या. रेनिडिक शुक्रस्यत्र मध्य्याम जारम, उधनहे আমার ইচ্ছা তাঁহার শাদনাধানে স্থাপিত হয়, প্রজ্ঞার শাদনাধীনে স্থাপিত হয়—বে প্রক্রা স্বাধীনতাকে কিছুতেই নিজের বিরুদ্ধে যাইতে (मत्र ना। তाहात मुहास,--यिन आमि कान (अवादनत वरम, किश्वा বিষাদের আবেগে, কিংবা আর কোন অভিপ্রায়ে, আমার শরী-রকে অত্যন্ত নিগ্রহ করি: যদি দীর্ঘকাল অনিজায় যাপন করি, সমস্ত निर्द्भाव ऋथ भर्ग्रञ्ज विमर्ज्जन कति. এवः এইরূপে यनि आमि आमित्र श्वारशत शनि कति, सीवनरक विश्व कति, वृक्षित्रिखरक नष्टे कति-তাহা হইলে এই সৰ কাজ আর উপেক্ষণীয় হইতে পারে না। তথ্ন নেই সব কাজের পরিণাম-স্বর্ধ আমাদের রোগ, মৃত্যু, কিংবা উন্মাদ মহাপরাধ বলিরা গণ্য হর, কেন না আমরা স্বেচ্ছাক্রমেই উহাদিগকে উৎপর ক্রিয়াভি।

আমার অন্তরহ নৈতিক প্রুষ্টিকে আমি শ্রদ্ধা করিতে বাংয়;— এই বাংগতা, এই অবশাকরণীয়তা আমি নিজে হাপন করি নাই, ক্ষতরাং আমি নিজে উহাকে ধ্বংস করিতেও পারি না। চুক্তিকারী হুই পক্ষ রাজি হইয়া বেচ্ছাপূর্বক বেমন স্বীয় চুক্তি রহিত করিতে পারে, সেইরূপ স্বেচ্ছাক্ত কোন চুক্তির উপর কি এই আয়শ্রদ্ধা প্রতিষ্ঠিত ? এই চুক্তির হুই পক্ষই কি "আমি" ?—না। ইহার এক পক্ষ আমি নহি, ইহার এক পক্ষ বিশ্বমানব ;—বিশ্বমানবের প্রতিনিধি আষাদের অন্তরহু নৈতিক প্রুষ্। এবং এন্থলে ইহা কোন বন্দোবন্তও মহে, চুক্তিও নহে। নৈতিক প্রুষ্টি গুধু আমাদের অন্তরে আছেন বলি-য়াই আমরা তাঁহার শাসন মানিতে বাধ্য ;—তাঁহার সহিত আমাদের কোন বন্দোবন্ত নাই—কোন চুক্তিনাই। এ বাধ্যতার বন্ধন অচ্ছেদ্য।

আমাদের অন্তরন্থ নৈতিক পুরুষকে শ্রদ্ধা করা—এই সাধারণ মূলতন্ত্রটি হইতেই আমাদের সমস্ত ব্যক্তিগত কর্ত্তব্যু সমূৎপন্ন। ইহার কতকগুলি দৃষ্টান্ত নিম্নে প্রদর্শন করিতেছি।

বে কর্ত্তবাটি সর্ক্ষপ্রধান, বে কর্ত্তবাট আর সমন্ত কর্ত্তব্যের উপর আধিপত্য করে, সে কর্ত্তবাটি কি ?—না আপনার প্রভূ হইরা থাকা। চই প্রকারে আপনার উপর প্রভূত আমরা হারাইতে পারি ;—এক কাম ক্রোধ প্রভৃতি উন্মাদনী প্রের্ডিসমূহের ঘারা নীমমান হইরা, আর এক—বিষাদ প্রভৃতির ঘারা আপনাকে অবসাদগ্রস্ত করিয়া। উত্তরই সমান চুর্ক্রপতা। আমার নিজের উপর ও সমাজের উপর উহাদের ক্রিপ কার্যাফল, তাহা এছলে আমি কিছুই ব্লিডেছি না।

উহারা স্বতই মন্দ; কেন না, উহারা মানুষের প্রাকৃত গৌরবের উপর আঘাত করে, স্বাধীনতার লাঘব করে, বৃদ্ধিকে বিকৃত্ত করে।

অগ্রপশ্চাদ বিবেচনা বা পরিণাম-বৃদ্ধি-ইহা একটি উচ্চতর সদ্-খেণ। আমি সেই স্থবিবেচনার কথা বলিতেছি, যাহা সকল কাজেরই মানদওৰরূপ ;—দেই প্রাগ্দৃষ্টি, সেই দুরদৃষ্টি—যাহা বীর্ত্বনামধারী "(गांशार्खिय" श्रेट्ड आयामिशटक मर्समा तका करत : वीतहनायशात्री এইজন্ত বলিতেছি, কেননা, কখন কখন, কাপুক্ষতা ও স্বার্থপরতাও এই নামটি অন্তায়রূপে দখল করিয়া বসে। বীরস্ব যুক্তির ছারা চালিত হর না স্তা: কিন্তু যুক্তির ঘারা চালিত না হইলেও, বীরভার যক্তিসঙ্গত হওয়া আবশ্যক। আমরা সময়ে সময়ে बीब इहेर्ड शांति, किन्त भाषारमत्र रेमनिक बीवरन, सुविरवहक ও পরিশাষদর্শী হইতে পারিলেই আমাদের পক্ষে বর্থেষ্ট। আমাদের জীবনের রাশরজ্ঞ আমাদের হাতে থাক। চাই, উপেক্ষা কিংবা গোঁয়া-ব্রিমির ছারা আমরা যেন অনর্থক বাধা বিল্ল প্রস্তুত না করি, অনর্থক ন্তন বিপদের সৃষ্টি না করি। অবশ্য, সাহণী হওয়া প্রার্থনীয়, কিন্ত এই পরিণামদর্শিতাই-সাহদের মুলতত্ব না হউক, সাহদের একটা নিরম; কেননা, প্রকৃত সাহস একটা অন্ধ আবেগ মাতা নছে: ইহা মুধ্যত ধীরতা,—বিপদকালে বিচলিত না হওয়া, আপনার উপর লখল হারাইরা না ফেলা। এই পরিণামবৃদ্ধি, মিতাচারিতা সহদ্ধেও শিকা দেয়: ইহা আমাদের আত্মার সেই সাম্যভাব রক্ষা করে, বাহার অভাবে আমরা ভারকে ঠিক চিনিতে পারি না, ভারবৃদ্ধি-অভুসারে কাজ করিতে পারি না। পুরাকালের লোকেরা এই জন্তই পরিণাম-দর্শিতাকে সকল সদ্প্রণের জননী ও রক্ষক বলিতেন। এই পরিণাৰ-বুদ্ধি, স্বাধীন ইচ্ছাকে স্থবিবেচনার হারা পরিশাসন করা ভিন্ন আর কিছুই নহে; আবার যে স্বাধীনতা বৃদ্ধিবিবেচনার হাত-ছাড়া হয়, তাহাই অবিমৃষ্যকারিতার নামান্তর; একদিকে স্থপৃথ্যা, আমাদের মনোবৃত্তির পরস্পরের মধ্যে উচ্চনীচতা-অফুসারে স্থায় অধীনতা সংস্থাপন; অস্ত দিকে উচ্ছুখ্যতা, অরাজকতা ও বিদ্যোহিতা।

সভাবাদিতা আর একটি মহদ্গুণ। সত্যের সহিত মহুবাের যে একটা স্বাভাবিক বন্ধন কাছে, মিণ্যাবাদিতা সেই বন্ধন ছেদন করির। মহুবাের গৌরব নই করে। এই জন্তই মিথ্যা কথনের স্তাম্ব গুক্তর অপমান আর নাই, এবং এই জন্তই অকপটতা ও ঋজ্তা এত সন্মানিত হইয়া থাকে।

আমাদের অন্তরন্থ নৈতিক পুরুষটোকেই আঘাত করা হর।

এই অধিকারস্তেই, স্বকীর শরীরের প্রতি মান্থরের কতকগুলি

অনুজ্বনীর কর্ত্তরা আছে। এই শরীর আমাদের একটা বাধাও হইতে

পারে, কার্যাসাধনের একটা উপান্ধও হইতে পারে। যাহার বারা

শরীর রক্ষা হন্ন, শরীরের বলাধান হন্ন, তাহা যদি শরীরকে না দেওরা

হন্ন, যদি শরীরকে অতিমাত্র উভেজিত করিয়া তাহা ইইতে অধিক

কাল আদার করিরার চেন্তা করা হন্ন, তাহা হইলে শরীর অবসন্ন

হইবে, শরীরের অপ্রাবহারে শরীর ক্ষীণ হইনা পড়িবে। আবার

যদি শরীরকে বেশী প্রশ্রর দেও, যদি তাহার সমস্ত উদাম বাসনাকে

চরিতার্থ করিতে দেও, যদি তুমি শরীরের দাস হইনা পড়—সে আরও

থারাপ। যে শরীর আসলে আত্মার দাস সেই শরীরকে যদি হুর্কক

করিয়া ক্ষেল, তাহা হইলে আত্মারই হানি করা হইকে; আরও

হানি করা হইকে যদি তুমি আ্লাকে শরীরের দাস করিয়া কেল।

কিন্ত আমাদের অত্তরত্ব ট্রৈতিক পুরুবটিকে সমান করিকেই

যথেষ্ট হইবে না, উহার উংকর্ষ সাধন করিতে হইবে। ঈথরের
নিকট হইতে বেমনটি পাইরাছি তাহা অপেকা উৎকৃষ্ট করিরা
আমাদের আত্মাকে ঈখরের হাতে যাহাতে প্রত্যুপণ করিতে পারি,
তৎপ্রতি আমাদের বিশেষ যক্ত করিতে হইবে। আবার নিতঃ
সাধনা বাতীত এই বিষরে হৃণিদ্ধ হওরাও স্কৃতিন। প্রকৃতিরাক্ষা
সর্পাত্রই দেখা যার,—নিকৃষ্ট কাবেরা, ইচ্ছা না করিয়া, ও না ব্রিয়া,
বিনাচেন্টাতেই অকার নির্দিন্ট বিকাশ লাভ করে। কিন্তু মন্থবের
পক্ষে অক্তরুপ নিরম। মান্থবের ইচ্ছাশক্তি যদি নিজিত হয়, তাহা
হইলে তাহার অক্ত মনোবৃতিসমূহ অব্যাদগ্রন্ত ও কাড় হাগ্রন্ত হইয়া
কল্বিত হইয়া পড়ে; তথন উদ্দাম অর আবেগের দারা চাণিত
হইয়া, ঐ সকল মনোবৃত্তি অপথে গমন করে। ফ্লত, আপনার দারা
শাণিত হইয়াই, আপনার দারা শিক্ষিত হইয়াই, মান্থব বড় হইয়াছে।

মর্কাতে, স্থকীর বৃদ্ধিবৃত্তি লইয়া মাহুবের বাণ্ড়ত থাকা আকশাক। ফলত একমাত্র বৃদ্ধিবৃত্তিই ফতা ও মললকে স্পষ্টরূপে দেখিতে আমানিগকে দমর্থ করে, এবং একমাত্র বৃদ্ধিবৃত্তিই স্থাধীন-ভাকে স্থকীর প্রথছের ন্যায় বিষয় প্রদর্শন করিয়া ভাষাকে যথা-পথে চালিত করে। বৃদ্ধিবৃত্তি মনকে সর্কানাই কোন প্রকার কাজে নিমুক্ত রাথে, পরীবের ন্যায় মনকেও স্থান্ত করে, নিজালু ইইলে ভাষাকে জাগাইয়া ভূলে; যথন চুই অস্থের ন্যায় রাশরজ্জু না মানিয়া পলাইবার চেইটা করে, ভখন ভাষাকে ধরিয়া রাথে, এবং ভাষায় নিকট ন্তন নৃতন বিষয় আনিয়া উপস্থিত করে। কেননা, মনকে সর্কানাই বিবিধ সম্পদে বিভূষিত করিছে পারিলেই মনের দৈনা নিবারিত হয়। আলস্য মনকে অনাড় ও ভ্র্মণ করিয়া কেলে। স্থনিস্থিত করে। জ্বার বৃত্তি বৃত্তি করিয়া কেলে।

কাজ করা আমাদের সকলেরই সাধ্যায়ত। আমাদের অস্তাস্ত মনোর্ত্তির ত্যার স্বাধীনতারও একটা শিক্ষা আছে। কথন শরী-রকে দমন করিয়া, কথন স্থকীয় বৃদ্ধির্ভিকে শাসন করিয়া, বিশে-যত প্রস্তিসমূহের আবেগকে প্রতিরোধ করিয়া আমরা স্বাধীন হইতে শিক্ষা করি। বাধাবিমের সহিত প্রতিপদে আমাদিগের সংগ্রাম করিতে হইবে। যুদ্ধকেত্র হইতে প্রায়ন করিলে চলিবে না। এইরূপ প্রতিনিয়ত সংগ্রান করিয়াই আমরা স্বাধীনতায় অভ্যক্ত হই।

এমন কি, আমাদের ভাববৃত্তিরও একটা শিক্ষা আছে। ভাগ্য-বান তাহারা যাহাদের হৃদয়ে জনস্ত উৎসাহরূপ স্বর্গীয় অগ্নি স্বভাবতই বিগুমান। ইহাকে দর্ব্ব প্রথম্পে রক্ষা করা তাহাদিগের কর্তব্য। এমন কোন আত্মা নাই যার অন্তরের প্রাক্তর স্তরে কোন একটা উচ্চভাবের थिन मिक्क नारे। हेशांक व्याविकात कता हारे, व्यवस्त्र कता हारे, এই পথে যদি কোন বাধা থাকে তাহাকে অপদারিত করা চাই. যদি কোন অনুকৃল জিনিস থাকে, তাহার অনুসন্ধান করা চাই. এবং অবিশ্রাম্ভ যতের দারা তাহা হইতে অলে অলে রত্ন উদার করা চাই। যদি কোন একটা বিশেষ উচ্চভাব তাহার অন্তরে স্পষ্টাকারে নাও থাকে, অন্তত ধে উচ্চভাবের অন্তর তাহার অস্তরে নিহিত আছে, তাহারই পুষ্টিগাধন করা আবশ্যক। দেই ভাবের স্রোতে সময়ে সময়ে আপনাকে ছাড়িয়া দিতে হইবে, এমন কি বৃদ্ধিবৃত্তিকেও ভাহার সাহায্যার্থে আহ্বান করিছে इहेर्द : रक्नमा मुका ७ महनारक एकहे खाना यात्र, उक्के काहारक ना ভালৰাসিয়া থাকা যায় না। এইরূপে বৃদ্ধিবৃত্তি, আমাদের ভাৰবৃত্তি হুইতে যাহা কিছু ধার করে, পরে তাহা **আবার স্থান্যতে ফিরিয়া** পার। মহৎভাবসমূহে পরিপুষ্ট ও পরিবর্দ্ধিত হওয়ায় বৃদ্ধিবৃত্তি, জনী দার্শনিকদিগের বিরুদ্ধে আপনার অন্তরে একটি স্থৃদ্চ হুর্গ নির্মাণ করিতে সমর্থ হয়।

অন্তের সহিত সংশ্রব বদি রহিতও হর, তবু মাহুবের কতকগুলি কর্ত্ববাধাকে। বতকণ তাহার কতকটা বৃদ্ধি থাকে, কতকটা স্বাধীনতা থাকে, ততকণ তাহার অন্তরে মঙ্গলের ধারণা এবং সেই সঙ্গে কর্ত্ত-ব্যের ধারণাও বিভ্যমান থাকে। বদি আমরা কোন মঙ্গনীপে নির্দ্ধিই, সেথানেও কর্ত্তব্য আমাদিগকে অনুসরণ করে। স্বকীয় বৃদ্ধিবৃত্তি ও স্বাধীনতার প্রতি কোন বৃদ্ধিমান ও স্বাধীন জীবের যে কর্ত্তব্য আছে,—কতকগুলি বাহু অবহা, সেই কর্ত্তব্য হইতে তাহাকে অব্যাহতি নিবে,—এ একটা অসঙ্গত কথা। কোন গভীর বিজনতার মধ্যে থাকিয়াও সে অনুভব করে—সে একটা নির্দের অধীন, তাহার উপরে সেই নির্দের ভীক্ষ সতর্ক দৃষ্টি সত্ত নিপত্তিত রহিন্নাছে। ইহা তাহার পক্ষে যেমন একটা বিশ্বম যন্ত্রণা তেমনি আবার গৌরবের বিষয়।

আমার অন্তরে আছে বলিয়াই বে নৈতিক পুরুষটি আমার নিকট পৰিত্র ভাষা নহে,— নৈতিক পুরুষ বলিয়াই পৰিত্র। নৈতিক পুরুষটি স্বতই প্রদ্বেয়; নৈতিক পুরুষ সর্ব্বতই প্রদ্বার পাত্র।

এই নৈতিক পুক্ষটি যেমন আমার মধ্যে আছেন, তেমনি ভোমার মধ্যেও আছেন; — উভন্নতই আছেন একই অধিকার-স্ত্রে। আমার নিজের সম্বন্ধে, তিনি আমার উপর যে কর্তব্যের ভার নাস্ত করেন, সেই কর্ত্তব্যটি আবার তোমার মধ্যে একটি অধিকারের ভিত্তি হুইরা দীজার; এবং এই স্ত্রে আবার ভোমার সম্বন্ধে, আমার একটি নৃত্ন কর্ত্তব্য আসিরা পড়ে।

পত্য বেমন আমার পক্ষে আবশ্যক, তেমনি তোমার পক্ষেও

আবশ্যক। কেন না, সভ্য বেমন আমার বুদ্ধিবৃত্তিব নিরম, তেমনি ভোমার বৃদ্ধিবৃত্তির নিরম। সভ্যই বৃদ্ধিবৃত্তির নিজম ধন। তাই, তোমার চিত্তবৃত্তির বিকাশের প্রভিত আমার সম্মান প্রদর্শন করা কর্তব্য; সভ্যের পথে ভোমার চিত্ত বাহাতে বাধা না পার, এমন কি, সভ্যের অর্জনে স্থবিধা স্থবোগ প্রাপ্ত হয়, তৎপ্রতিও আমার দৃটি রাধা কর্তব্য।

তোমার বাধীনতার প্রতিও আমার সম্মান প্রদর্শন করা আবশ্যক। এমন কি, ভোমার কোন দোষ ক্রটি নিবারণ করিবারও
সকল সময়ে আমার অধিকার নাই। স্বাধীনতা এমনি একটি পবিত্র
সামগ্রী বে, উহা যথন বিপথগামী হয়, তথনও উহাকে একেবারে
বাধা না দিয়া, কতকটা উহাকে বাগাইয়া আনিবার চেটা করিতে
হয়। অনেক সময় আমরা কোন মন্দ নিবারণ করিবার জন্য
অতিমাত্র আগ্রহ প্রকাশ করিয়া ভূল করি। ভাল মন্দ হই ঈশরের
বিধান। কোন আয়াকে বলপূর্বক সংশোধন করিতে গিয়া তাকে
আমরা আরও পশুবং করিয়া ফেলি।

যে সকল অহুরাগর্ত্তি তোমারই অংশরণে অবস্থিত, সেই
সকল অহুরাগের প্রতি আমার সম্মান প্রদর্শন করা কর্ত্তব্য; এবং
যত প্রকার অহুরাগ আছে তন্মধ্যে পারিবারিক অহুরাগ-ভানিই
সর্ব্বালেকা পৰিত্র। আপনাকে আপনার বাহিরে প্রদারিত করা,
(বিক্ষিপ্ত করা নহে) হুগংযত ও ধর্মপূত কোন একটি অহুরাগের
নারা কতকগুলি আয়ার মধ্যে আপনাকে প্রতিষ্ঠিত করা—
এইরূপ একটি হুর্নিবার প্রয়োজন আমাদের মধ্যে বিদ্যমান আছে।
পরিবারমণ্ডলীর নারাই আমাদের এই প্রয়োজন চরিতার্থতা লাভ
করে। মাহুবের প্রতি অহুরাগ—ইহা একটি সাধারণ অহুরাগ।

পারিবারিক অত্রাগ—কতকটা আত্মানুরাগ হইলেও নিরবছির আয়ানুরাগ নহে। বে পরিবারবর্গ প্রার আমাদের নিজেরই মত, সেই পরিবারবর্গকে নিজেরই মত ভালবাসিবে—ইহাই পারিবারিক অনুরাগ। এই অনুরাগ,—পিতা, মাতা, সন্তান ইহাদের পরস্পারকে একটি স্মধুর অধচ স্পৃত্ বন্ধনে আবন্ধ করে; পিতামাতার মেহ ভালবাসা পাইরা সন্তানগ আমাদ আত্রর লাভ করে, এবং পিতামাতারও চিত্ত আলা ও আনন্দে পূর্ণ হয়। তাই, দাস্পতা-অধিকারের প্রতি কিংবা পিতামাতার অধিকারের প্রতি আক্রমণ করিলে, আ্যা-পুরুবের মধ্যে বাহা স্কাপেকা পবিত্র, তাহাকেই আক্রমণ করা হয়।

তোমার ধনসপত্তির প্রতি আমার সন্মান প্রদর্শন করা কর্ত্বা, কেন না উহা তোমার প্রমের ফন। তোমার প্রমের প্রতি আমার দন্মান প্রদর্শন করা কর্ত্বা; কারণ, স্বাধীনতাকে কাজে খাটানোই প্রম। তুমি যদি তোমার ধনসপ্রতি উত্তরাধিকারস্ত্রে পাইরা খাক, তাহা হইলেও, যে স্বাধীন ইচ্ছা ঐ ধন সম্পত্তি তোমাকে দান ক্রিরা গিরাছে, সেই স্বাধীন ইচ্ছাকেও আমার দন্মান করা কর্ত্বা।

জন্যের অধিকারের প্রতি সন্মান প্রদর্শন করাকেই ন্যায়াচরণ বলে। কাহারও অধিকার শুজ্বন করাই অন্যায়াচরণ।

সকল প্রকার অন্যারাচরণই আমাদের অন্তরন্থ নৈতিক পুরুষটির প্রতিই উৎপীড়ন; আমাদের লেশমাত্র অধিকার ধর্ম করিলেই, আমাদের নৈতিক পুরুষটিকেই ধর্ম করা হর; অন্তত উহার বারাই পুরুষকে জিনিসের পদবীতে নামাইরা আনা হর।

সর্বাপেকা গুরুতর অন্যারাচরণ কি ?—না দাগছ। কেন না, সকল অন্যারাচরণই এই দাগবের অন্তর্ভুক্ত। আর একজনের লাভের জন্য, কোন ব্যক্তির সমস্ত মনোবৃতিকে তাহার সেবার নিবুক্ত করাই দাসত।

দাসের যে টুকু বৃদ্ধিরতির বিকাশ সাধিত হয়—সে কেবল বিদেশী প্রভুর স্বার্থের জন্য। দাসের বৃদ্ধিরতি প্রভুর কাজে আসিবে বলিরাই তাহাকে কতকটা তাহার বৃদ্ধিরতির চালনা করিতে দেওরা হয়। কথন কথন ভূমির সহিত আবদ্ধ দাসকে সেই ভূমির সহিত বিক্রয় করা হয়; কথন বা দাসকে প্রভুর শরীরের সহিত শৃত্ধানিত করা হয়। যেন তাহার কোন সেহ মমতা থাকা উচিত নহে, যেন তাহার কোন পরিবার নাই, তাহার পত্নী নাই, তাহার সন্তানার কোন, এই রূপ মনে করা হয়। তাহার কাজকর্ম তাহার নহে, কেন না, তাহার পরিশ্রমের কল অনোর তোগা। ওর্ তাহাই নহে; দাসের অন্তর হইতে স্বাভাবিক স্বাধীনতার তাবকে উন্মূলিত করা হয়, সর্কপ্রকার অধিকারের ধারণাকে নির্কাশিত করা হয়; কারণ, এই ভাবটি দাসের অন্তরে থাকিলে, দাসবের স্থারিষের প্রতি দৃঢ়নিক্রয় হওয়া বার না; কেন না তাহা হইলে, এক সমরে প্রত্র অভ্যাচারের বিক্রদ্ধে বিলেহের অধিকার আগিরা উঠিতে পারে।

স্তায়-ব্যবহার, এবং বাহার উপর মাহুষের ব্যক্তিত্ব নির্ভর করে তাহার প্রতি সন্মান প্রদর্শন,—ইহাই মাহুষের প্রতি মাহুবের প্রথম কর্ত্তবা। কিন্তু ইহাই কি এক্মাত্র কর্ত্তবা?

আমরা যদি অস্তের বাক্তিখের প্রতি সন্ধান প্রদর্শন করি, যদি তাহার স্থানতার বাধা না দিই, তাহার ব্দির্ভির উচ্ছেদ না করি, যদি তাহার পরিবারের প্রতি কিংবা তাহার ধনসম্পত্তির প্রতি আক্রমণ না করি, তাহা হইলেই কি আমরা বলিতে পারি—
ভাহার সহত্তে আমরা সমস্ত কর্তব্য পালন করিলান ? বনে করু,

একজন হতভাগ্য ব্যক্তি তোমার সোধের সাম্নে কট্ট পাইতেছে; আমরা তাহার কট্টের কারণ নহি,—এইটুকু সাক্ষ্য দিতে পারিলেই কি আমাদের অন্তরায়া পরিভূট হয় ? না; কে যেন আমাদিগকে বলে,—তাহাকে একটু অমনান করা, আত্রয় দান করা, সাম্বনা দান করা আরও ভাল।

এইধানে একটি শুক্তর প্রভেদ নির্দেশ করা আবশ্যক।
বিদ্ তৃমি অনোর .হঃধ কটকে ক্রক্ষেপ না করিয়া কঠোর-হনর
হইরা থাকিতে পার, তাহা হইলে তোমার অন্তরায়া তোমাকে
ভংগনা করিবে; কিন্ত তাই বনিরা, যে ব্যক্তি কট পাইতেছে,
এমন কি মরিতে বনিয়াছে,—তোমার প্রভূত ধনসম্পত্তি থাকিলেও
সেই ধন সম্পত্তির উপর সেই ব্যক্তির কেশমাত্র অধিকার নাই;
এবং সে যদি একগ্রাস অন্তর তোমার নিকট হইতে বলপূর্মক
কাড়িয়া লন্ধ, তাহা হইলে সে অপরাধী হইবে। এই স্থলে আমরা
এমন এক শ্রেণীর কর্ত্তব্য দেখিতে পাই—যাহার অন্তর্মপ অন্তর
কোন অধিকার নাই। কোন ব্যক্তি সীয় অধিকারের প্রতি সন্মান
আনায় করিবার জন্য বলের আশ্রম গ্রহণ করিতে পারে; কিন্ত
স্কর্টুক্ট হোক্ না কেন,—সে অন্তের নিকট হইতে ত্যাগ আদায়
করিতে পারে না। স্তান্থপরতা অন্তের সন্মান বজায় রাথে, অন্তের
অধিকার প্রক্ষার করে। দ্যাধর্ম্ম দান করে—স্বাধীনভাবে, স্বেজ্ঞাপূর্মক দান করে।

দ্মাধর্ম অন্তকে দান করিবার জন্ত কিমৎপরিমাণে নিজেকে বঞ্চিত করে। যথন দানশীলতা এতটা প্রবল হয় যে, আমাদের প্রিয়তম আর্থসমূহকেও বিসর্জ্জন করিতে আমরা উত্তেজিত হই—তথন সেই দানশীলতা আয়ত্ত্যাগ নামে অতিহিত হয়। অবশু এ কথা বলা বাইতে পারে না যে, দানধর্মের অফ্লন্থান আমাদের অবশুক্তির নহে; কিন্তু প্রান্ধ-বাবহার সম্বন্ধে আমাদের কর্ত্ত-বোর নিয়ম গেরপ স্থানিদির ও তুর্ণমা, দানধর্মের কর্ত্তব্য ঠিক্ দেরপ নহে। দান কি ?—না অস্তের জন্ম ত্যাগাস্বীকার। ত্যাগের নিয়ম, কিংবা আন্থাবিসর্জনের মৃলস্ত্রটি কেহ কি স্প্রান্ধরে নির্দেশ করিতে পারে ? কিন্তু প্রায়ের মৃলস্ত্রটি স্কুল্প :—অস্তের স্বিকারকে সন্মান করা। দানধর্মের কোন নিয়মও নাই, কোন সীমাও নাই। ইহা সকল বাধাতাকে অতিক্রম করে। উহার সাধীন চেষ্টাতেই উহার সৌন্ধ্যা।

কিন্তু একটি কথা এইখানে স্বীকার করা আবশুক :--দানধর্মের অফুগ্রানেও কতকগুলি বিপদ আছে। দানধর্ম যাহার উপকার করিতে ইচ্ছা করে, তাহার চেষ্টার স্থলে আপনার চেষ্টাকে স্থাপন করিবার मिक **ाहात्र প্রবণত। मृ**ष्टे हत्र। कथन कथन, मानधर्ष ८गই मान-পাত্রের ব্যক্তিত্বকে বিলোপ করে, সে একপ্রকার তাহার বিধাতা-পুৰুষ হইয়া দাঁডায় — যাহা মাজুবের পক্ষে আদৌ বাঞ্নীয় নহে। অংগ্রর প্রয়োজন সাধন করিতে গিয়া, দানধর্ম তাহাদের প্রভু হইয়া বঁদে এবং তাহাদের স্বাভাবিক অধিকারগুলির প্রতি হস্তক্ষেপ করিতেও পারে এইরূপ আশ্বরা হয়। অবশা অনাকে কোন কাজে প্রবৃত্ত কিংবা কোন কাজ হইতে নিবৃত্ত করা নিষিদ্ধ নহে। অমুনয় বিনয়ের দ্বারা এ কার্যা সাধিত হইতে পারে। আবার যদি কেহ অপরাধের কাজ কিংবা নির্মাদ্ধিতার কাজ করিতে প্রবৃত্ত হুয়, তথন তাহাকে ভয় প্রদর্শন করিয়াও দে কাজ হইতে আমরা তাহাকে নিরুত্ত করিতে পারি। যথন কেহ কুপ্রবৃত্তির প্রচণ্ড আবেগে নীয়মান হট্যা তাহার স্বাধী নতা হারায়, তাহার বাক্তিত্ব হারায়, তথন তাহার প্রতি বলপ্রয়োগ করিবারও আমাদের অধিকার আছে।

কেহ আত্মহত্যা করিতে প্রবৃত্ত হইলে, তাহাকেও আমরা এইরূপে বলপূর্কক নিবারণ করিতে পারি। যথন আমরা কাহারও
সহকে আত্মকৃত্তির পরিবর্তে পরকীয় কর্তৃত্ব স্থাপন করা আবশ্যক
মনে করি, তথন দেখিতে হইবে তাহার কতটা স্থাধীনতার শক্তি
আছে; কিন্ত ইহা কি করিয়া নিশ্চিতরূপে জানা যাইবে ? যথন কোন
হর্কাণিতির ব্যক্তির উপকার করিতে গিয়া, আমরা তাহার আত্মাকে
একেবারে দখল করিয়া বিদি, কে নিশ্চর করিয়া বলিতে পারে
আমরা আরও বেশী দূর অগ্রসর হইব না ?—বাহার উপর আমাদের
প্রেমের প্রভৃত্ব, সেই ব্যক্তির উপর হইতে প্রেম চলিয়া গিয়া, অবশেবে তাহার স্থলে আমাদের প্রভৃত্তের প্রেম আসিয়া পড়িবে না
ইহা কে বলিতে পারে ? অনেক সমর, পরসম্পত্তি দথল করিবার
উদ্দেশে, দানধর্ম একটা ছুতামাত্র, একটা ছলমাত্র হইয়া থাকে।
দর্মার উত্তেজনার, অবাধে দান করিবার অধিকার আমাদের তথনই
হর যথন আমরা প্রারধর্মের অম্প্রানে দীর্মকাল অত্যন্ত হইয়া আপনার
উপর দৃঢ় আধিপত্য স্থাপন করিতে সমর্থ হইয়াছি।

অন্তের অধিকারকে সন্মান করা, এবং অক্তের উপকার করা,—
বুগপৎ স্তারপরায়ণ ও দানশীল হওরা—ইংাই সামানিক ধর্মনীতি;
এই তুই উপাদানেই সামান্তিক ধর্মনীতি গঠিত।

আমরা সামাজিক নীতির কথা বলিতেছি, কিন্তু সমাজ জিনিসট। কি তাহা এখনও বলা হয় নাই। আমাদের চতুর্দিকে একবার দৃষ্টি-পাত করা যাকু।

সর্ব্বেই দেখা যার, সমাজ বিজ্ঞান। বেখানে সমাজ নাই, দেখানে মাস্থ্য মাসুবের মধ্যেই গণ্য নহে। সমাজ একটি সার্ব্বভৌম ভবা, অভএব সমাজের একটা সার্ব্বভৌম প্রনত্মি থাকা আবগুক।

সমাজের উৎপত্তির মূল কি, এই প্রান্তের মীমাংসার আমরা এখন প্রবুত হইব না। গত শতাকীর দার্শনিকেরা এই প্রশ্নটি লইরা নাড়া-চাড়া করিতে বড়ই ভাল বাদিতেন। বে প্রদেশটি তম্পাচ্চন্ন, দেখান হইতে কি প্রকারে আলোক প্রত্যাশা করা যাইতে পারে গ একটা অনুমানের আশ্রয় লইয়া কিরুপে বাস্তব তথ্যের হেত নির্দেশ করা যাইতে পারে ? বর্ত্তমান সামাজিক অবস্থার হেত নির্দেশ করিবার জন্ত, একটা আতুমানিক আদিম অবস্থায় আরোহণ করিবার প্রয়ো-জন কি ? বর্ত্তমান সামাজিক অবস্থার অবিসম্বাদিত প্রকৃতি ও লক্ষণ-শুলি কি আলোচনা করিতে পারা যায়না ? যাহার পূর্ণ অবস্থা আমরা প্রত্যক্ষ দেখিতে পাইতেছি, তাহা অঙ্কুরাবস্থায় কিরূপ ছিল, — সমুসন্ধান করিবার প্রয়োজন কি ? ত। ছাড়া, সমাজের মূল-উৎপত্তির সমসায়ে হস্তক্ষেপ করায় একটা সঙ্কট আছে। সমাজের উৎপত্তির মূল কেছ কি অবেষণ করিয়া পাইয়াছে 🔈 যাঁহারা বলেন পাইয়াছেন তাঁহার৷ করেন কি ৭-না, তাঁহাদের করনা-প্রস্ত আদিম সমাজের আদর্শ-অতুসারে তাঁহারা বর্তমান সমাজের ব্যবস্থা निर्द्भन करतन: त्राक्टनिष्ठिक विकानक, ঐতিহাসিক উপস্থাসের रुख निर्मग्रकरण ममर्भग करवन। क्र वा कहन। करवन,--ममास्क्रव व्यामिम व्यवज्ञा এकটা বলপ্রয়োগের व्यवज्ञा, জবরদন্তির व्यवज्ञा ; এবং এই অনুমান হইতে স্ত্রপাত করিয়া তাঁহারা বলেন, "ঝোর যার মূলুক তার". এবং এই রূপে যথেচ্ছারকে তাঁহারা একটা পূজ্য আসন थामान करवन। आवाव रकश्वा मरन करवन,--- नमारकव आमिम রূপটি পরিবারের মধ্যে অধিষ্ঠিত, এবং তাই তাঁহারা রাজশক্তিকে পিতৃস্থানীয় ও প্রজামগুলীকে সন্তানের স্থানীয় মনে করেন। তাঁহাদের **४८क, ममाक राम এक** कि नारालक, ठाशरक পिक्र भागतन विशेषान, বরাবর থাকিতে হইবে, এবং বে হেতু, গোড়ায় পিতাই দর্বন্যর কর্ত্তা, অতএব তাঁহার এই সর্বন্যর কর্ত্ত্ব বরাবর বজার রাধিতে হইবে। আবার কেহ কেহ ইহার বিপরীত সীমার গিয়া উপনীত হন; তাঁহা-দের মতে, সমাজ একটা চুক্তির বাপোর; এই চুক্তির বন্দোবন্তে, সর্বজনের কিংব। অধিকাশের ইছ্ছা প্রকাশ পার। তাঁহারা স্থায়ধর্মের সনাতন নিয়মকে এবং বাক্তির নিজ্ব অধিকারকে, জনতার চিরচ্কণ ইছ্ছার হত্তে সমর্পন করেন। আবার কেহ কেহ মনে করেন, সমাজের শৈশবনশায়, শক্তিমান ধর্ম-প্রতিগ্রানসমূহ বেধিতে পাওরা যায়; অতএব, স্থায়ত প্রোহিত সম্পারেতেই কর্ত্ত্বের প্রকৃত্ত অধিকার বর্ত্তে; ঈশ্বেরর গৃঢ় উদ্দেশ্য তাঁহারাই অবগত আছেন এবং তাঁহারাই ঐবরিক শাসনকর্ত্তের একমাত্র প্রতিনিধি। এইরুপে, একটা দার্শনিক ল্রান্ত মত, শোচনীয় রাষ্ট্রনীতিতে উপনীত হয়; একটা অন্নান হইতে অরম্ব করিয়া, তাঁহাদের মতবাদ উচ্ছ্ছালতা কিংবা বর্পছোচারিতায় আদিয়া পর্যাবিশিত হয়।

বে অতাতকাল চিরতরে অন্তহিত হইনাছে, যাহার কোন চিহ্ননাত্র নাই, সেই অতীতের অন্ধলারের মধ্যে ঐতিহাদিক তথোর অবেষণ করিমা, সেই তথোর উপর প্রকৃত রাষ্ট্রবিজ্ঞানকে কথনই দাঁড় করান যাইতে পারে না। প্রকৃত রাষ্ট্রবিজ্ঞান, মানব-প্রকৃতির উপর প্রতিষ্ঠিত।

বেথানেই সমাজ আছে কিংবা ছিল—দেইথানেই সমাজের নিম্ন লিখিত পত্তনভূমিট দেখিতে পাওয়া যায়:—(১) মাসুষ মানুষের সঙ্গ চায়, মানুষের মধ্যে কতকগুলি সামাজিক সহজ সংস্কার বন্ধমূল রহি-য়াছে; (২) ন্যায় ও অধিকার সম্বন্ধে একটা স্থামী ধারণা আছে।

অনুধায় ভুৰ্মণ মানব ধখন একাকী থাকে, তথন তাহার মনো-

বুত্তির পুষ্টিপাধনের জন্য, তাহার জীবনকে বিভূষিত করিবার জন্য, এমন কি তাহার প্রাণধারণের জন্য, অন্য মানুবের সাহাত্য আবশ্যক বিনিয়া তাহার অন্তরে একটা গভীর অভাব অত্তত হইয়া থাকে। কোন বিচার না করিয়া, কোন প্রকার বন্দোবস্ত না করিয়া, সে তাহার সদৃশধর্মী জীবদিগের নিকট হইতে বাহুবল, অভিজ্ঞতা, ও প্রেমের সাহায্য দাবী করিয়া থাকে। শিশু যথন মাকে না চিনিয়াও মাতৃসাহায্যলাভের জন্য কাঁদিয়া উঠে, তথন তাহার দেই প্রথম ক্রন্দ-নেই সামাজিক সহজ-সংস্কারের ঈষৎ পরিচয় পাওয়া যায়। অমুকম্পা, সহামুভূতি, দয়া প্রভৃতি যে সকল ভাব অন্যের জন্য প্রকৃতি-দেবী আমাদের অন্তরে নিহিত করিয়াছেন, সেই সকল ভাবগুলির মধ্যে এই সামাজি ক সহজ-সংস্থারটি বিভমান। ইহা স্ত্রীপুরুবের আকর্ষণের মধ্যে, স্ত্রীপুরুষের মিলনের মধ্যে, পিতামাতার অপতা-স্লেহের মধ্যে, এবং অন্যান্য সকল স্বাভাবিক সম্বন্ধের মধ্যে নিহিত। বিধাতা বিজন-তার সহিত বিধাদের সংযোগ ও সজনতার সহিত হর্ষের সংযোগ করিয়া দিয়াছেন :—তাহার কারণ, মানুবের সংরক্ষণ ও স্থাসাধনের জনা, জ্ঞান ও নীতির পরিপুষ্টির জনা, সমাজ নিতাস্থই আবশাক।

কিন্তু মানুষের অভাব ও সহজ সংস্কার হইতে যে সমাজের স্ত্র-পাত হয়, য়ায়র্ভিই তাহার পূর্ণতা বিধান করে।

একজন মানুষকে যথন আমরা সমুথে দেখি, তথন কোন বাছ্
নিয়মের আবশ্যক হয় না, কোন চুক্তি বন্দোবন্তের আবশ্যক হয় না,
—সে মানুষ, অর্থাৎ, সে বুদ্ধিবিশিষ্ট স্বাধীন জীব, এইটুকু জানিলেই
যথেষ্ট হয়; ভাহলেই আমরা ভাহার অধিকারগুলিকে স্মান করি—
সেও আমার অধিকারগুলিকে স্মান করে। আমরা বুঝিতে পারি,
আমাদের প্রস্পরের কর্ত্তব্য ও অধিকার স্মান। সে যদি এই অধি-

কারসাম্যের নিয়ম লক্ষন করিরা অকীয় বলের অপব্যবহার করে, তাহা হইলে আমিও আমার আত্মরকার অধিকার ও তাহার নিকট হইতে সম্মান আদায় করিবার অধিকার জারি করিতে প্রবৃত্ত হই। এবং যদি আমাদের হইজনের অপেকা বলবান আর একজন তৃতীয় ব্যক্তি, এই সময়ে আমাদের মধ্যে আদিয়া পড়ে, মাহার এই বিবাদ-কলহে ব্যক্তিগত কোন স্বার্থ নাই,—তথন সেই তৃতীয় ব্যক্তি বলপ্রমো-গের ঘারা, তৃর্বলকে রক্ষা করা, এমন কি, অস্তায়াচরণের জন্ত অত্যাচারীর প্রতি দওবিধান করা তাহার কর্ত্তব্য বলিয়া বিবেচনা করে। ইহাই সমাজের পূর্ণ আদর্শ; এবং স্থার, স্বাধীনতা, সাম্য, শাসন ও দও এইগুলি সমাজের অন্তনিহিত মুখাত্ত্ব।

ভারপরতাই স্বাধীনতার প্রতিভূসরূপ। স্বামার যাহা ইচ্ছা তাহাই করিব ইহা প্রকৃত স্বাধীনতা নহে, পরস্ক যাহা স্বামার করিবার স্বাধিকার স্বাছে তাহা করাই প্রকৃত স্বাধীনতা। প্রচণ্ড স্থাবেগের স্বাধীনতাও ধেয়ালের স্বাধীনতার পরিণাম কি १—না, যাহারা ধূব হর্মাণ, তাহারা বলবানের স্বাধীনতার পরিণাম কি १—না, যাহারা ধূব হর্মাণ, তাহারা বলবানের স্বাধীনতার পরিণাম কি १—না, যাহারা ধূব হর্মাণ, তাহারা বলবানের স্বাধীনতার হুইয়াপড়ে। প্রচণ্ড স্বাবেগকে দমন করিয়াও ভ্রারের স্বাক্ত হইয়াপড়ে। প্রচণ্ড স্বাবেগকে দমন করিয়াও ভ্রারের স্বাকৃত হইয়াপড়ে। প্রচণ্ড স্বাবেগকে দমন করিয়াও ভ্রারের স্বাধীনতার উপলব্ধি করিতে পারে। উহাই স্বাবার প্রকৃত সামাজিক স্বাধীনতারও স্বাদাণ। সমাজ স্বামারের স্বাভাবিক স্বাধীনতাকে পর্কা করা দ্বে থাকুক, সমাজই স্বাধীনতাকে স্বর্পতিটিত করে, পরিপুট করে; সমাজ স্বাধীনতাকে দমন করে না, প্রভূতি মনের প্রচণ্ড স্বাবেগকে দমন করে। স্বাক্ত ব্যেণীনতার কোন হানি করে না, সেইরূপ ন্যারেয়ও কোন হানি করে না, সেইরূপ ন্যারেয়ও কোন হানি করে না, সেইরূপ ন্যারেয়ও কোন হানি করে

না। কেননা, সমাজ আর কিছুই নহে—নারের ভাব, বাস্তবে পরি-ণত হইলেই সমাজ হইরা দাঁডার।

নায় স্বাধীনতাকে দৃঢ় প্রতিষ্ঠিত করিরা, সমাজকেও দৃঢ় প্রতিষ্ঠিত করে। মানসিক শক্তি ও নৈহিক বলসম্বন্ধে সকল মমুষ্যের মধ্যে সমতা না থাকিলেও, ভাহারা সকলেই স্বাধীন জীব;—এই স্বাধীননতার হিদাবেই সকল মমুষ্যই সমান, স্তরাং সকলেই স্মানের মোগ্য। যথনই মানুষ্যের মধ্যে পবিত্র নৈতিক পুরুষ্যের লক্ষণ উপলব্ধি করা যায়, তথনই মানুষ্য মাত্রই একই অধিকারস্ত্রে ও সমান পরিমাণে সম্মানাই বলিয়া বিবেচিত হয়।

ষাধীনতার সীমা সাধীনতার মধ্যেই বিজমান; অধিকারের সীমা কর্ত্তবোর মধ্যে অধিছিত। স্বাধীনতা ততক্ষণই স্থানের বোগ্য হয় যতক্ষণ অন্যের স্বাধীনতার হানি না করে। তোমার যাহা ইচ্ছা তুমি তাহা অবাধে করিতে পার—শুধু এই একটি মাত্র সর্ত্তে যে, তুমি আমার স্বাধীনতা আক্রমণ করিবে না। কেননা তাহা হইলে, স্বাধীনতার সাধারণ অধিকারস্ত্তেই, আমার স্বাধীনতা রক্ষা করিবার জন্য আমি ভোমার বিপধগামী স্বাধীনতাকে দমন করিতে বাধ্য হইব। সমাজ, প্রত্যেকের স্বাধীনতার প্রতিভ্সরূপ; অতএব যদি একজ্বম অপরের স্বাধীনতাকে আক্রমণ করের, তাহা হইলে স্বাধীনতার নামেই তাহাকে দমন করা যাইতে পারে। তাহার দৃষ্টান্ত, ধর্ম্মতের স্বাধীনতা একটি পবিত্র জিনিস; এমন কি, তোমার অস্তব্রের গৃড়তম প্রদেশে, কোন একটা উল্ভট উপধর্মকেও ভূমি পোষণ করিতে পার; কিন্তু যদি তুমি কোন হুনীতিমূলক ধর্মাত প্রকাশ্যে প্রচাব করিছে যাও, তাহা হইলে ভোমার সহরাত্তিক্ষিত্র স্বাধীনতা ও বিবেক্ষ্ণ তাহা ভ্রলে জ্যাক্ষণ করা হইলে। ভাই এইক্ষণ ধর্মপ্রভার নিবিদ্ধ।

এইরপ দমনের আবশাকতা হইতেই দমনের স্বর্বস্থিত প্রভূশক্তির আবশকতা প্রস্তুত হয়।

ঠিক করিরা বলিতে গেলে, এই প্রভূশক্তি কতকটা আমার মধ্যেও
আছে:—কারণ, আমাকে অন্তাররূপে কেহ আক্রমণ করিলে,
আমারও আত্মরক্ষা করিবার অধিকার আছে। কিন্তু প্রথমত: আমি
সর্কাপেক্ষা বণবান নহি, দিতীয়ত: আপনার কার্য্য সহদ্ধে কেহই
অপক্ষপাতী বিচারক হইতে পারে না; বাহাকে আমি বৈধ আত্মরক্ষার চেষ্টা বলিয়া মনে করি, তাহা হয়ত অনাের প্রতি অত্যাচার বা
ভ্রমনির বলিয়া বিবেচিত হইতে পাবে।

অতএব প্রত্যেকের অধিকার রক্ষার জন্য এমন একটা অপক্ষ-পাতী প্রভূশক্তির প্রয়োজন যাহা ব্যক্তিবিশেবের সমন্ত শক্তি হইতে উচ্চতর।

এই প্রভূশক্তি, এই অপক্ষণাতী তৃতীয়, যাহা সকলের স্বাধীনতা বন্ধায় রাখিবার জন্য আবিশ্রকীয় ক্ষমতার হারা স্থ্যজ্জিত,—এই প্রভূশক্তিকেই রাষ্ট্রশক্তি বা রাজশক্তি বলা যায়।

রাজশক্তিই স্কলের ও প্রত্যেকের অধিকারের প্রতিনিধি। বে ব্যক্তিগত আন্তরকার অধিকার, ব্যক্তিবিশেষ কর্ত্ত স্থচাকরণে সম-থিত হইতে পারে না—তাহা এমন একটা সর্কোচ্চ প্রভূপক্তির হস্তে সমর্পিত হওয়া আবশ্রক, যে শক্তি সাধারণের স্বার্থরকার উদ্দেশে, নিম্মিতরূপে ও নাাধারণে বল প্ররোগ করিতে পারে।

আত এব রাজশক্তি সমাজ হইতে পৃথক ও খতম্ব নংহ। কিন্তু এই সম্মান্ত্র হুই লেখক-সম্প্রদারের ছই বিভিন্ন মত; এক সম্প্রদার রাজশক্তির নিকট স্মাজকে বলিদান দিতে চাহেন, আর এক সম্প্রদার মনে ক্রেন, রাজশক্তি সমাজের শক্ত। যদি রাজশক্তি সমাজের প্রতিনিধিষকণ না হয়, তাহা হইলে দে শক্তি শুধু ভৌতিক শক্তি মাত্র,—দে শক্তি শীঘ্রই বলহীন হইয়া পড়ে; আবার, রাজশক্তির অবিদ্যানে, সকলের সহিত সকলের যুদ্ধ বাধিয়া সমাজ একটা বিরাট যুদ্ধন্দেত্রে পরিণত হয়। সমাজ রাজশক্তিকে নৈতিক বলে বলীয়ান করে, এবং রাজশক্তি সমাজকে সর্প্রপ্রার বিপদ হইতে রক্ষা করে। প্যাস্কাল যে বলিয়াছেন, "যাহা স্তায়সঙ্গত তাহাকে বলবান করিতে না পারিয়া, যাহা বলবান তাহাকে ন্যায়সঙ্গত করা হইয়াছে"—এ কথা ঠিক্ নহে। প্যাস্কালের কথার সুল মর্ম এই যে,—বাহবলের ভারা বলীয়ান নার্যই রাজশক্তি।

বে রাষ্ট্রনীতি, কর্ত্বশক্তি ও স্বাধীনতাকে পরস্পর-বিরোধী মনে করিয়া, মূলত বিভিন্ন মনে করিয়া, রাজশক্তি ও সমাজের মধ্যে বিরোধ বাধাইয়া দেয়, সে প্রকৃত রাষ্ট্রনীতি নহে। আমি অনেকসময় এই কথা বলিতে শুনিয়াছি যে, প্রভৃতত্ব একটি স্বতন্ত্র ও পৃথক্ তব্ব, এবং প্রভৃগক্তির বৈধতা স্বতঃশিদ্ধ, স্বতরাং অনোর উপর প্রভৃত্ব করিবার জনাই প্রভৃত্ব স্পত্তী। ইহা একটা বিষম ভ্লা। সহসা মনে হইতে পারে, এই কথার দ্বারা প্রভৃতবকে স্থাপন করা হইতেছে; কিন্তু তাহা দ্রে থাক, প্রভৃত্বর যে সুদৃত্ তিন্তি সেই তিন্তিটিকেই প্রভৃত্ব ইত্তে অপুসারিত করা হইতেছে। প্রভৃত্ব—অর্থাৎ বৈধ ও নৈতিক প্রভৃত্ব—উহা নামে ছাড়া আর কিছুই নহে; এবং নাায়ও, স্বাধীনতার প্রতি সন্মান প্রদর্শন ভিন্ন আর কিছুই নহে। অর্থাৎ প্রভৃতি বিভিন্ন ও বিপরীত তব্ব নহে, উহা একই তত্ব। সকল অবহাতেই, সকল প্রয়োগস্থলেই উহাদের সমান প্রবন্ধ—সমান মহত্ব।

কেছ কেছ বলেন প্রভূশক্তি সাক্ষাং ঈখরের নিকট হইতে আসি-যাছে: অবশা ঈশবের নিকট হইতেই আসিয়াছে। ভাল—স্বাধীনতা কোপা হইতে আদিয়াছে ? পৃথিবীতে যাহা কিছু উৎক্ষঠ সুবই ত ক্লববের নিকট হইতে আদিয়াছে। স্বাধীনতা হইতে উৎক্ষঠ জিনিদ আর কি আছে ?

প্রভ্ৰম্পির মৃদ ভিত্তিটি জানিতে পারিলে, প্রভ্র বল আরও র্নি পার। প্রভ্র আজা পালন করা কত সহজ হর,—বদি জানিতে পারি, ঐ আদেশ পালনে আমার হীনতা হইবে না, প্রভাত আমার গোরব বৃদ্ধি হইবে; এই আজান্থবর্তিতা দাসত্বের সাদৃশা ধারণ না করিয়া, বরং স্বাধীনতার অপরিহার্যা নিরমক্তেপ, স্বাধীনতার প্রতিভূ-রূপে প্রকাশ পাইবে।

রাজশক্তির নির্দিষ্ট কার্য্য ও চরম লক্ষ্য কি १—না, সার্ব্বজনিক বাধীনতার রক্ষক যে ন্যারধর্ম্ম সেই ন্যারধর্মের আধিপতা প্রতিষ্ঠিত করা। স্বতরাং অন্যের অধীনতাকে দমন করিবার অধিকার কাহারও নাই। অত এব, মিথ্যাকথন, অমিতাচার, অপরিণামণশিতা, বিলাসিতা, আর্থপরতা প্রভৃতি বাক্তিগত চারিত্রদোষ যতক্ষণ না আনার আনিউজনক হয়, ততক্ষণ রাজশক্তি তাহার জন্য কাহাকে দণ্ডিত করিতে পারে না। আবার রাজশক্তিকে অতান্ত সংকীর্ণ সীমার মধ্যে বন্ধ করিয়া রাধাও বিহিত্ত নহে।

সমান্তের প্রতিনিধিশ্বরূপ রাজ-সরকারও একটি—পুরুষ; ব্যক্তি-বিশেবের নাম তাহারও একটা হৃদর আছে; তাহার উদারতা আছে, সাধুতাব আছে, বদান্যতা আছে। এমন কডকগুলি বৈধ ও সর্বজন-প্রশংসিত তথা আছে যাহার কোনরূপ ব্যাথ্যা করা যাইতে প্যারে না, —যদি প্রজার অধিকার সংরক্ষণই রাজনরকারের একমাত্র কার্যা বিশ্যা নির্দারিত হয়। যাহাতে প্রজাগণের সর্বাজীন মঙ্গল হয়, তাহা-বেশ্ব ব্রিক্টির পরিপুর হয়, ভাহানের ধর্ম-নীতি দুড়ীভূত হয়, জন- সমাজের ও বিখমানবের স্বার্থের উদ্দেশে—তংপ্রতি রাজ্সরকারের কিন্তংপরিমাণে দৃষ্টি রাথা কর্ত্তির। দেই জন্ম কথন কথন, মানুষের হিতক্রে, রাজসরকারের বলপ্রারোগ করিবারও অধিকার আছে। কিন্তু এই বলপ্রায়োগে বিশেষ বিবেচনা ও বিজ্ঞতা আবশ্রক—কেননা, অপব্যবহারে এই বলপ্রায়াগ অভ্যাচারে পরিণ্ড হইতে পারে।

একণে দেখা যাক, রাজসরকার কিরপে নিরমে রাজশক্তি প্রয়োগ করিতে পারেন। যে শক্তি রাজসরকারের হত্তে বিশ্বন্তভাবে অর্পিত হইয়াছে, রাজসরকার যদৃষ্টাক্রমে কি সেই শক্তি প্রয়োগ করিতে পারেন
স্বাহ্যালাত সমাজেই,—শাসনতয়ের শৈশব দশাতেই, সেই শক্তির এইরপ প্রয়োগ হইয়া থাকে। কিন্তু এই শক্তির প্রয়োগে মার্য্য নানা প্রকারে বিপ্রথামীও ছইতে পারে;—এক জ্র্মলিতা প্রস্ক্ত, আর এক, বলের আতিশ্যা প্রস্কৃত। অতএব এমন একটি নিয়ম চাই ষাহা মার্য্যরের নিচ্ছের চেয়ে উচ্চতর, এমন একটি দর্মালা বিধি চাই, যাহা প্রজাগণের পক্ষে উপদেশস্ক্রপ ইইতে পারে এবং রাজসরকারের পক্ষে যুগুপং আটক ও আশ্রয় উভয়ই ইইতে পারে। এই নিয়্য বিধিকেই আইন বলে।

আইনের আইন—দেই সর্বোচ্চ আইন কি ?—না সভাবসিদ্ধ সায়ধর্ম ; উহা লিখিত হয় না ; উহাব বাণী প্রতিদ্ধনের অস্তরে শ্রন্ত ইয়। স্বাভাবিক স্বায়ধর্ম অমৃক অমৃক স্থলে কি আদেশ করে, লিখিত আইন তাহাই অসম্পূর্ণিক্রপ প্রকাশ করে মাত্র।

উত্তম আইনের প্রধান লক্ষণ, অপরিহার্যা লক্ষণ এই যে উহাতে একটা বিশ্বজ্ঞনীন ভাব থাকে। যত প্রকার অবস্থা কল্পনা করা যাইতে পারে, সেই প্রত্যেক অবস্থাতে স্থান্নধর্মের আদেশ কি হইতে পারে, তাহাই সাধার-ভাবে নির্দ্ধারণ করা আইন-প্রণেতার প্রথম কর্ত্তবা। তাহা হইলে, ঐক্লপ কোন একটি অবস্থা উপস্থিত হইলে তিনি সেই নির্দ্ধির আদেশ অমুসারেই দেশ-কাল পাত্র নির্দ্ধিশেষে সেই অবস্থার বিচার করিতে সমর্থ হন।

যে সকল নিয়ম কিংবা আইন বাক্তিগণের সামাজিক সম্বন্ধ নিয়মিত করে, সে সমস্তের সমবায়কে সামাজিক বাবহার বলে, সামাজিক বাব-হার স্বাভাবিক সম্বন্ধজনিত অধিকারের উপর প্রতিষ্ঠিত; স্বাভাবিক অধিকারই উহার ভিত্তি, উহার মানদণ্ড, উহার সীমা। সমস্ত সামা-জিক বিধি-বাবস্থার প্রধান নিয়ম এই যে, উহা স্বাভাবিক বাবহার-বিধির বিব্রাধী হইবে না।

কোন আইনই আমাদের ক্লক্ষে একটা মিগাা অধিকার চাপাইতে পারে না, কিংবা একটা সভা অধিকার হইতে আমাদিগকে বিচ্াত করিতে পারে না।

আইনের শাসনশক্তি কিনে প্রকাশ পার ?—না, দওবিধানে।
আমরা পূর্বে বলিয়াছি, পাপের ধারণা হইতে দণ্ডের উংপত্তি।
বির্ধাসনহার ঈর্থর স্বরং সকল প্রকার অপরাধের জন্ম দণ্ড বিধান
করেন। সমাজ হত্তে রাজসরকার, শুরু সকলের স্বাধীন হা রক্ষা করিবার জন্মই দণ্ডবিধানের অধিকার পাইয়াছেন; রাজসরকার তাহাকিগকেই দণ্ড দেন যাহারা অন্তের স্বাধীনভাকে লক্ষ্মন করে।
অভএব যে কোন দোব স্তারধ্যের বিরোধী নহে এবং স্বাধীনভার
ব্যাবাভকারী নহে, সেই পোবের জন্ম সমাজ কোন প্রতিশোধ লয় না।
ভা ছাড়া, দণ্ডবিধানের অধিকার ও প্রতিশোধ শইবার অধিকার এক
নহে। মল কাজের প্রতিশোধ লইবার কন্ত মল্ক করা, চক্ষের
বনলে চক্ষ্ ও দল্তের বর্বলে দন্তের দাবী করা,—ইহা জ্ঞানালোকবর্জিত এক প্রকার বর্করোচিত নাগেবিচার। কেননা, ভূমি আমার

বে অনিষ্ঠ করিয়াছ, তোমার অনিষ্ঠ করিয়া আমি সে অনিষ্ঠকে কথনই অপসারিত করিতে পারি না।

অতাচারপীড়িত ব্যক্তির কট ইইরাছে বলিয়া অতাচারীকে যে তাহার অক্রমণ কট দিতে হইবে, একথা ঠিক্ নহে; পরস্ক যে ব্যক্তিনামকে লক্ষন করে, প্রায়ন্টিত্তস্করণ তাহাকে সমূচিত কট ভোগ করিতে হইবে—ইহাই দণ্ডের প্রকৃত নীতি। দণ্ড ক্ষতিপূরণ নহে। যদি আমি অজ্ঞাতদারে তোমার কোন ক্ষতি করিয়া থাকি, তাহা হইলে আমি ক্ষতিপূরণের জনা দায়ী। তাহাতে কোন দণ্ড বর্তেনা, কেন না, এস্থলে আমি জ্ঞাতদারে অপরাধ করি নাই। কিন্তু আমি যদি কোন বদমাইদির কাজ করিয়া থাকি, আর সে কাজে যদি কাহারও ক্ষতি হইয়া থাকে, তাহা হইলে আমি তাহার আর্থিক ক্ষতিপূরণের জনা ত দায়ী আছিই, তাহা বাতীত অন্যায়ের প্রায়ন্টিভক্তমণ আমাকে উপযুক্ত কট ভোগ করিতে হইবে। ইহাই প্রকৃত দণ্ডনীতি।

দও ও অপরাধের মধ্যে ঠিক্ অনুপাতটি কি ? এই প্রশ্নের একটা সম্পূর্ণ মামাংসা হইতে পারে না। ইহার মধ্যে দেটুকু গ্রুব ও অপরিবর্তনীর তাহা এই—বাহা স্থার-বিক্রন তাহাই দওলীয়, এবং অনাার যতই গুরুতর হইবে, তাহার দওও দেই পরিমাণে কঠোর হওয়া উচিত। কিন্তু দওবিধানের অধিকারের পাশাপাশি, অপরাধ-সংশোধনের একটা কর্ত্তবাও আছে। অপরাধীকে দোষ-সংশোধনের একটা অবসর দেওয়া উচিত। মানুষ যতই অপরাধী হউক না, তব্ সে মানুষ ও একটা শিনিস নহে যে তাহার ঘারা কিছুমাত্র আমাদের হানি হইলেই আমরা তাহাকে সরাইয়া ফেলিব। আমাদের মাধার একটা পাথর পড়িলে আমরা তাহাকে দ্রে নি:ক্রেপ করি, পাছে উহা আরু কাহাকে আঘাত করে। মহুয়া বুদ্ধিবিশিষ্ট জীব,

মানুষ ভাল মন্দ ব্ঝিতে পারে, কোন-না-কোন দিন তার অমুতাপ হইতে পারে, আবার স্থপথে ফিরিয়া আসিতে পারে। এই সকল তত্ত হইতে অষ্টাদশ শতাকীর শেবভাগেও উনবিংশতি শভাকীর প্রারম্ভে এমন কতকগুলি সদপুষ্ঠানের সৃষ্টি হয়, যাহাতে করিয়া ঐ ছই শতাকী বিশেষ গৌরবান্বিত হইয়াছে। সংশোধনালয়ের কথা উল্লেখ করিতে গেলে, খুষ্টধর্মের প্রারম্ভকাল মনে পড়িয়া যায়। তথন দও প্রায়ন্তিত্তস্করণ ছিল। অপরাধীরা প্রায়ন্তিত করিয়া, অমুতাণ করিয়া আবার সাধুর শ্রেণীতে প্রবেশ করিতে পারিত। এই স্থলে, উদার মৈত্রীর হস্ত দেখিতে পাওয়া যায়: এই মৈত্রীতক ন্যায়-তক হইতে অনেকটা ভিন্ন। দওবিধান করা ন্যায়ের কাজ, দোষসংশো-ধন করা মৈত্রীর কাজ। কিরুপ পরিমাণে এই চুই তরকে সম্মিলিত করা বিধেয় १-ইহা নির্দারণ করা বড়ই কঠিন,-মতীব সৃন্ধবিচার-সাপেক। তবে, এইটুকু নিশ্চিতরূপে বলা ঘাইতে পারে, ঐ ছুই তত্ত্বের মধ্যে ন্যায়েরই প্রাধান্য থাকা উচিত। অপরাধীকে সংশো-বঁন করিবার কালে অনেক সময়রাজগরকার, ধর্ম্মের অধিকারকে দুখল कतिया रामन । किन्न ताजमत्रकारतत यांश विरम्ध काज, यांश निज्ञ কর্ত্তব্য-ব্রাজসরকার যেন ভাষা বিশ্বত না হন।

যাহাকে প্রকৃত রাষ্ট্রনীতি বলে, এখন সেই রাষ্ট্রনীতির প্রবেশছারে আসিয়া একটু থামা যাক্। পৃর্বোক্ত তহগুলি ছাড়া আর কিছুই
ধ্রুব নহে, কিছুই অপরি ওর্তনীয় নহে, বাকি আর সমস্তই আপেকিক।
জনসাধারণের কতকগুলি চুর্লজ্যা অধিকারকে সমর্থন ও সংরক্ষণ
করাই রাজশক্তির কাজ; অতএব অধিকার সংরক্ষণের সংশ্রুবই
রাজাতস্ত্রসমূহের মধ্যে যাহা কিছু ধ্রুবর। কিন্তু রাজাতস্ত্রসমূহের
একটা আপেক্ষিক দিক্ও আছে। দেশ কাল পাত্র অস্পারে, আচার

ব্যৰহারও ইতিহাদের বিশেষত্ব অনুসারে, রাজ্যতন্ত্রের রূপান্তর ছইয়া থাকে। দর্শনশাস্ত্র, রাষ্ট্রতন্ত্রকে যে পরম নীতিটি অনুসরণ করিতে উপদেশ দেন ভাষা এই-সমস্ত অবস্থা সমাক্রপে বিবেচনা করিয়া, দমাজের এরপ গঠন ও ব্যবস্থাদি বিধান করা কর্ত্তব্য, যাহাতে, যতট। সম্ভব নিতা ও ধ্বতত্বদমূহের সহিত তাহাদিগের মিল থাকে। সমা-জের দেই সকল গঠন, দেই সকল বাবস্থাকেও জ্ব-নিতা বলা ঘাইতে পারে, কেননা উহা কোন যদুছাপ্রবৃত্ত অনুমান-বৃদ্ধি হইতে প্রস্তৃত নহে, পরস্ক উহা অপরিবর্তনীয় মানব-প্রকৃতির উপর, ফ্রন্থের সর্ব্রোচ্চ প্রবৃত্তি-সমূহের উপর, ন্যায়ের অবিনধ্র ধারণার উপর, মহোল্লত মৈত্রীভাবের উপর, প্রত্যেক ব্যক্তির বিবেকবৃদ্ধির উপর, কর্ত্তব্য ও অধিকারবদ্ধির উপর, পাপপুণ্যের উপর স্কপ্রতিষ্ঠিত। যাহা প্রকৃত সমাজ, যাহা মানব-সমাজ নামে অভিহিত হইতে পারে, অর্থাৎ যে সমাজ স্বাধীন ও বৃদ্ধিবিশিষ্ট জীবের দ্বারা পরিগঠিত,—উক্ত তত্বগুলি ঐরপ সমাজেরই প্রতিষ্ঠাভূমি। যে রাজাতন্ত্র ইহা জানে যে, কতক-গুলা পশুর সহিত তাহার ব্যবহার নহে, পরন্ত বৃদ্ধিবিশিষ্ট মাতুষের সহিত ব্যবহার: যে রাজ্যতন্ত্র মাত্রুবকে সম্মান করে, প্রীতি করে, দেইরূপ রাজ্যতন্ত্রই স্বকীয় নির্দিষ্ট কার্য্য সম্পাদনের যোগা। প্রাপ্তক্ত নীতিপুত্রগুলিই এই প্রকার রাষ্ট্রতন্ত্রকেই পরিচালিত করিয়া থাকে।

ঈথরের রুপায়,—ফরানী সমাজ এবং যে রাজবংশ কয়েক শতালী ধরিয়া ফরানী সমাজকে কল্যাণের পথে পরিচালিত করিয়াছে, সেই রাজবংশ বরাবর ঐ অবিনধর আলর্শের আলোক ধরিয়া চলিয়াছে। (Louis le Gros) রাজা 'মোটা'-লুই, পৌর-সাধারণ-সভাকে স্বাধীন করিয়া দিয়াছেন; রাজা 'রূপবান'ফিলিপ পার্লেফেট

স্থাপন করেন এবং বিচারালয়ে স্বাধীন বিচার ও বিনামূল্যের বিচার প্রবর্তিত করেন; চতুর্থ হেনরী ধর্মদম্বনীয় স্বাধীনতার স্ত্রপাত করেন; ত্রাদেশ লুই ও চতুর্দশ লুই যেমন একদিকে ফ্রান্সের স্বাভাবিক প্রান্ত গুলি ফ্রান্সকে প্রদান করিবার জন্য উদ্যোগী হইয়া-ছিলেন, তেমনি ফরাসী জাতির সকল অংশকে একত্রীভূত করিবার জন্য, সামস্ত হয়ের অরাজকতার স্থানে নিয়ন্ত্রিত শাসনকার্য্য প্রবর্ত্তিত করিবার জনা, মাতৃত্মির সাধারণ হিতকল্পে বড় বড় সামস্তদিগের অধিকার ক্রমশ থর্কা করিয়া, তাহাদিগকে আমীর-ওমরার শ্রেণীতে আনয়ন করিবার জন্ম অশেষ চেষ্টা করিয়াছিলেন। একজন ফ্রান্সের রাজাই, দেশে অভিনব অভাব স্কল ব্রিতে পারিয়া, তং-কালের সাধারণ উন্নতির সহিত যোগ দিবার অভিপ্রায়ে, বিশুখল ও গঠনহীন প্রতিনিধি-শাসনতন্ত্রের স্থানে সভ্যজাতির উপযুক্ত প্রকৃত প্রতিনিধিশাসনতম্ভ প্রবর্ত্তিত করিতে চেষ্টা পাইয়াছিলেন। ডঃখের বিষয়, নানা কারণে সেই চেষ্টা বার্থ হইয়া লোমহর্ষণ রাষ্ট্রিপ্লবে পরি-ণত হয়; কিন্তু সেই গৌরবান্বিত চেষ্টা ব্যর্থ হইত না, যদি সে সময়ে রিশ্লিউ কিংবা ম্যাজ্যার্যার মত কোন ব্যক্তি রাজ্যের কর্ণধার থাকিত ! সর্বংশদে, যোড়শ লুইয়ের ভ্রাতা স্বতঃপ্রবর্তিত হইরা ফ্রান্-সকে এমন একটি স্বাধীন ও জনহিতকর শাসনতন্ত্র প্রদান করিয়াছেন, যাহা আমাদের পিতৃপুরুষদিগের স্বপ্লের বিষয় ছিল, এবং মন্টেদ্কিউ স্বকীয় গ্রন্থে বাহার আভাগ দিয়া গিয়াছিলেন ; দেই রাজ্য তন্ত্র অংশত কার্য্যে পরিণত ও ক্রমশঃ পরিপুষ্ট হইলা, বর্তমান কালের ও দূর ভবি-যাৎ কালেরও উপযোগী হইয়াছে। তাঁহার প্রদত্ত অধিকারের ঘোষণা-পত্তে সেই সকল বীজস্তের উল্লেখ আছে যাহা আমরা ইতি-পূর্বেবি হত করিয়াছি। জান্দের উদ্দেশে ও বিশ্বমানবের উদ্দেশে

আমরা যে সকল স্পৃহা ও আশা অন্তরে পোষণ করিয়া থাকি তৎ-সমস্তই সেই অধিকার-পত্রের মধ্যে সন্নিবিষ্ট আছে।

জগতের নৈতিক শৃথানা ইতিপুর্বেনিঃসংশ্যরপে প্রতিপাদিত হইয়াছে। আমরা এখন নৈতিক সত্যকে পাইয়াছি, মঙ্গলের ধারণাকে পাইয়াছি, এবং মঙ্গলের ধারণার সহিত যে অবশুকর্ত্বতা সংযুক্ত আছে তাহাও পাইয়াছি। সার-সত্যে পৌছিয়াও যে তব্ব আমাদিগকে থামিতে দেয় নাই, যে তব্ব বাস্তব সত্তার মধ্যেও পরম প্রজার অব্সকানে আমাদিগকে প্রবৃত্ত করিয়াছে,—সেই একই তব্ব, সেই পরম প্রক্ষের সহিত মঙ্গলভাবের সম্বন্ধ স্থাপন করিতে আমাদিগকে বাধ্য করিয়াছে,—বিনি মঙ্গলভাবের প্রথম ও চরম পত্তনভূমি।

অভান্ত সার্ক্ষরেম ও অবশুদ্ধারী সতোর ভাষ, নৈতিক সতাও বস্তুহীন কেবল একটা স্ক্ষ্মভাবের অবস্থায় থাকিতে পারে না। আমাদের অন্তরে এই নৈতিক সতা কেবল ধারণার বিষয় হইতে পারে, কিন্তু এমন কোন পুরুষ আছেন—এই নৈতিক সতা থাহার ভুধু ধারণার বিষয় নহে, পুরুদ্ধ নৈতিক সতাই থাহার ক্রমণ।

থেমন, সমন্ত সভ্যের সহিত একটি অথও মূল-সভ্যের যোগ আছে, সমন্ত সৌন্দর্যোর সহিত একটি অথও মূল-সৌন্দর্যোর যোগ আছে, সেইজপ সমন্ত নৈতিক তবের সহিত একটি অথও মূলতন্ত্রের যোগ আছে—সেই মূলতন্ত্রি মঙ্গল। এইজপে আমরা ক্রমণ এমন একটি মঙ্গলের ধারণার উভিত হই, যে মঙ্গল স্বরূপত মঙ্গল, যে মঙ্গল পরিপূর্ণ মঙ্গল, যাহা সমন্ত বিশেষ বিশেষ কর্ত্রিয় স্ইতে উচ্চতর ও শ্রেষ্ঠ এবং যাহার দ্বারা বিশেষ বিশেষ কর্ত্রিয় স্কল নিদ্ধিরিত হইরা

থাকে। অতএব ষথাযথকপে বলিতে গেলে, এই পূর্ণমঙ্গল—মঙ্গল-অক্তপ পূর্ণপুক্ষ ছাড়া আর কাহার উপাধি হইতে পারে ?

অনেক গুলি পূর্ণ পুরুষ থাকা কি সন্তব ? যিনি পূর্ণ সত্য, যিনি পূর্ণ স্থান, তিনিই কি পূর্ণ মঙ্গল নহেন ? পূর্ণতার ধারণার সহিত, পূর্ণ অথগুতা, পূর্ণ একতার ধারণা সংজ্ঞ তি । সত্য স্থানর ও মঙ্গল তাই তিন তব্ব অরপত পূথক্ নহে । ইহারা আদলে একই ; তিন প্রধান উপাধিরপে ইহারা পৃথক্ রূপে আলোচিত হইয়া থাকে মাত্র । আমাদের মনই এইরপ ভেন স্থাপন করে ; কেন না, ভেদ না করিয়া, বিভাগ না করিয়া, আমাদের মন কিছুই ব্ঝিতে পারে না । কিন্তু এই তিন তব্ব থাহার মধ্যে অবস্থিত, দেখানে এই তব্ গুলি এক ও অথগু; এবং দেই পুরুষ বিনি "তিনে এক, :একে তিন," বিনি একাধারে পূর্ণ সত্য, পূর্ণ স্থানর ও পূর্ণ মঙ্গল—তিনি ঈখর ভিন্ন আর কেহ নহেন।

ক্ট জীবদিগের যে সকল সদ্গুণ বা উপাধি আছে, তাহার মধ্যে এমন কোন বান্তব সদ্গুণ বা উপাধি আছে কি—যাহা প্রষ্টার মধ্যে নাই? কারণ ছাড়া কার্য্য আর কোথা হইতে অকীয় বান্তবতা ও সত্তা প্রাপ্ত হইতে পারে? কার্য্যের যে বান্তবতা, কার্য্যের যে সত্তা, সে তাহার কারণ হইতেই প্রস্ত হইয়া থাকে। অন্তত, কার্য্যের যাহা কিছু বান্তবতা, তাহা তাহার কারণের মধ্যেই অবস্থিত। কার্য্যের যে বিশেষত—দে বিশেষত, কার্য্যের নিরুইতাতে, কার্য্যের হীনভাতে, কার্য্যের অপুর্ণভাতে। কেবল উহার ঘারাই কার্য্যের পরাধীনতা, কার্য্যের উৎপত্তি দিছ হয়। কার্য্যের মধ্যে অধীনতার নিদর্শন, অধীনতার নিয়ম বিভ্যান। অত এব যদিও কার্য্যের অপুর্ণভা হইতে কারণের অপুর্ণভারপ দিছাত্তে আমরা বৈধরণে

উপনীত হইতে পারি না, কিন্তু আমরা কার্য্যের উৎক্রুইতা হইতে কারণের পূর্ণতারূপ সিদ্ধান্তে উপনীত হইতে পারি। নচেৎ কার্য্যের মধ্যে এমন কিছু উৎক্রুই জিনিস থাকিয়া যায় যাহার কোন কারণ নাই।

আমাদের ঈশববাদের ইহাই মূলতব। ইহার মধ্যে কোন নৃতনহও নাই, অতিস্ক্ষবও নাই। তবে কিনা, এই তহাটকে অজ্ঞানাককার হইতে বিনিম্ভি করিয়া, এখনও পর্যান্ত আলোকে আনা হয়
নাই এই মাত্র। আমাদের নিকট এই তহাট অতীব সারবান্ও
প্রমাণিক তহা। এই তহটির সাহাযোই আমরা কিয়ৎপরিমাণে
ঈশবের প্রকৃত স্বরূপে প্রবেশ লাভ করিতে সমর্থ হই।

ঈশ্বর কোন ভারশান্ত-সিদ্ধ সতা নহেন, ভার শান্তের অন্থনান্যুক্তির দারা অথবা নীজগনিতের সমীকরণ প্রক্রিয়ার দারা তাঁহার স্বরূপের রাখা করা যায় না। যথন কেহ, জ্যামিতিবেতা ও নৈয়া- রিকের পদ্ধতি অন্থারে, কোন একটি প্রধান উপাধি হইতে যাত্রা আরম্ভ করিয়া, পরপারাক্রমে ঈশ্বরের অভাভ উপাধি নির্ণয় করেন, আমি জিজ্ঞাসা করি—তথন তিনি কতকগুলি বস্তু-নিরপেক্ষ স্ক্র্মান্তর্বের উপনীত হইতে হইলে, এই প্রকার নিম্নল তর্ক-বিভার জন্ধনাল হইতে বাহির হওয়া আবভাক ।

ঈশ্ব-স্থদে আমাদের যে প্রথম ধারণা, অর্থাং অসীম-পুরুষের ধারণা, এই ধারণাটিও আমাদের প্রত্যক্ষজান-নিরপেক্ষ নহে। আমরা প্রত্যেকেই এক-একটি সন্তা ও সসীম সন্তা—এই যে নিজের সম্বদ্ধে আমাদের জ্ঞান, ইহা হইতে আমরা অব্যবহিতরূপে এমন একটি সন্তার ধারণায় উপুনীত হই, যে সন্তা আমাদের সন্তার মূলতন্ত্র,

যে সতা অসীম। এই সারবান্ অথচ সরল যুক্তি-প্রণালীটি আসলে দেকার্টের যুক্তি-প্রণালী,—তিনি যে যুক্তির পথটি খুলিয়া দিয়াছেন, সেই পথটি আমরা অফুসরণ করিব। তিনি একস্তানে আসিয়া শীঘ্র থামিয়া গিয়াছেন, কিন্তু আমরা থামিব না। আমরা যেমন আমাদের সুসীম সত্তার কারণকপে একটি অসীম সত্তাকে স্বীকার করিতে বাধ্য হই, সেইকাপ আমাদের উৎকৃষ্ট চিত্তরতি সমূহের কারণ অফুসন্ধান করিতে গিয়াও আমরা একটি অসীম কারণে গিয়া উপনীত হই। অত্রব স্বীর আমাদের নিকট শুধু অনীম নহেন, তিনি এমন কোন অনির্দেশ্য স্ক্ষতাব্যাত্ত-সার স্বীর নহেন যাহাকে আমাদের হৃদয় ও মন গ্রহণ করিতে পারে না, পরস্ক তিনি স্থনিদিট বাস্তব স্বীর, আমাদের ভার তিনি নৈতিক পুক্ষ।

অতএব, আমরা পূর্ণেই বলিয়ছি, সতা ও স্থলরের ভাষ তিনি মঙ্গলেরও মূল কারণ ও চরম ভিত্তি। আমরা বেরূপ নৈতিক পুক্ষ, দেইরূপ নৈতিক পুক্ষের তিনি মূল-আদেশ। আমাদের এমন কোন উৎক্তই গুণ নাই বাহার মূল-প্রস্তবণ তিনি নহেন, এবং বাহা অনস্ত পরিমাণে তাঁহাতে নাই।

বেমন মনে কর,—মাহুবের স্বাধীনতা আছে, আর ঈ খরের স্বাধীনতা নাই—ইহা কি কথন হইতে পারে ? ইহা কেইই অস্বীকার করে না যে, যিনি সকল পদার্থের কারণ, যিনি স্বয়্তু, তিনি কাহারও অধীন নহেন। কিন্তু Spinoza, ঈশ্বরকে সমস্ত বাহা বাধার অধীনতা ইইতে মুক্ত করিয়া একটা হক্ষ আভান্তরিক অবশুভাবিতার বন্ধনে তাঁহাকে আবদ্ধ করিয়াছেন,—যে আভান্তরিক অবশুভাবিতাকে তিনি স্তার পূর্ণতা বলিয়া মনে করেন। অবশু সে সভা, পুরুব-সত্তা নহে। কিন্তু স্বাধীনতাই পুরুবের অধাৎ ব্যক্তি-স্তার

মুধা ধর্ম। অত এব ঈধরের যদি স্বাধীনতানা থাকে, তাহা হইলে ঈশ্বর মান্ত্র হইতেও নিক্ষ্ট। ইহা কি অত্যন্ত অন্তুত নহে,—স্থ্ট জীব যে আমরা, আমরা আমাদের ইচ্ছামত স্বাধীনভাবে কাজ করিতে পারি, আর যিনি আমাদের স্রষ্টা, তিনি একটা অবগ্রন্তাবী সভিব্যক্তি-নিয়মের অধীন: অবশা দেই অভিবাজির কারণ তাঁহার মধোই বিভ্যান রহিয়াছে, কিন্তু দেই কারণটি একপ্রকার বস্তু-নিরক্ষেপ সূক্ষ্ম শক্তি, যান্ত্রিক শক্তি, দার্শনিক শক্তি মাত্র; এই যান্ত্রিক কারণটি, আমাদের অরুভূত স্বাধীন পুক্ধ-গত কারণ অপেকা অতীব নিক্ঠ। অতএব क्रेश्वत श्वासीन, (कनना आमदा श्वासीन; किन्न आमत्रा (स्क्र श्वासीन, তিনি সেরূপ স্বাধান নহেন: কেননা ঈশ্বর সমস্তই আমাদের মতন. অথচ তিনি আমাদের মতন কিছুই নহেন। আমাদের মত সমস্ত সদ গুণই তাঁহার আছে, কিন্তু দেই দব দৰ্গুণ আমানিগের অপেক্ষা অনুরপ্তা উল্লুচ। তাঁহার অসীম স্বাধীনতার সহিত, অসীম জ্ঞান সংযক্ত। তাঁহার জ্ঞানক্রিয়া যেরপে অব্যর্থ,—চিন্তা আলোচনার অনি-চয়তা হইতে মুক্ত, তিনি থেরূপ এক কটাক্ষেই মঙ্গলকে উপনন্ধি করেন—দেইরূপ তাঁহার স্বাধীনতার ক্রিয়াও স্বতঃক্ত্র্ত ও অযত্ন-সম্পাদিত। ("স্বাভাবিকী জ্ঞান-বল-ক্রিয়াচ"—উপনিষং)।

আমাদের আগ্রার ভিত্তিভূমি বে স্বাধীনতা, সেই স্বাধীনতা বেরূপ আমরা ঈশ্বরেতে আরোপ করি, সেই একই প্রকারে তার ও মৈত্রীও আমরা তাঁহাতে আরোপ করিয়া গাকি। মাহুষের মধ্যে, তার ও মৈত্রী মানুষের ধর্মক্রপে অবস্থিত, কিন্তু ঈশ্বরের উহা উপাধি। আমাদের মধ্যে যে স্বাধীনতা শ্রমার্জিত, সেই স্বাধীনতা ঈশ্বরের স্বরূপগত। অধিকারের প্রতি সন্মান প্রদর্শন করা যদি ভাষের মৃশগত ভাব হয় এবং আমাদের আগ্রমধ্যাদার নিদর্শন হয়, তবে ইহা

কখনই হইতে পারে না-নেই পূর্ণ পুরুষ, কুদ্রতর জীবদিগের অধিকারসমূহকে অবজ্ঞা করিবেন; কেন না ঐ সকল অধিকার তাঁহা হইতেই জীবেরা প্রাপ্ত হইয়াছে। যাহা প্রত্যেক মনুষাকে তাহার উচিত প্রাপা প্রদান করে দেই পরম ভার ঈশবেতেই অবস্থিত। এই যে সীমাবদ্ধ জীব মানুষ, এই মানুষের বদি আপনা হইতে বাহির হইবার শক্তি থাকে, আপনাকে ভুলিবার শক্তি থাকে, আর একজনকে ভালবাসিবার শক্তি থাকে—মন্তের প্রতি আয়ুসমর্পণ করিবার সামর্থ্য থাকে, তাহা হইলে এই নিঃস্বার্থ প্রেম, এই মৈত্রী—যাহা মন্তবের একটি পরম ধর্ম--তাহা কি ঈশ্বরের স্বরূপে অনন্তগুণে থাকিবে না ? হাঁ৷ জীবের প্রতি ঈধরের অসাম প্রেম: সেই বিধ-বিধাতার বিশ্ববিধানের অনংখ্য নিদর্শনে এই প্রেম পরিব্যক্ত। ক্লিখরের এই প্রেমের কথা প্রেটে। বিলক্ষণ অবগত ছিলেন: সেই প্রেমের ব্যাখ্যা করিয়া তিনি যে মহাব্যক্য বলিয়া গিয়াছেন ভাহা এই:--''দেই পরম বিধাতা, কি কারণে এই বিশ্ব সৃষ্টি করিয়াছেন, তাহা বলি গুন: - তিনি মঙ্গলম্বরূপ। তিনি মঙ্গলম্বরূপ, তাই তাঁহার कान अकात नेवंग नारे; प्यद्यु जिनि नेवंग रहेरज मुक-जिनि हेव्हा कतिरलन, मकन भगार्थ यठहे। मछव, ठाँशात मृत्य इडेक ।" केश्रत्वत्र रेमजीवत अन्न नाहे-क्रेश्रत्वत्र अक्र. १४वत अन्न नाहे। ब्नीवरक आंत्र अति विनास कता अम्छव ; मीमावक कीव इहेबा यउठी পাইতে পারে, ঈথর জীবকে তত্তাই দিয়াছেন। ঈথর জীবকে সমস্তই দান করিয়াছেন-এমন কি আপনাকে পর্যান্ত দান করিয়াছেন; যতটা সম্ভব ততটাই দান করিয়াছেন । এত দান করিয়াও তাঁহার কিছুই ক্ষর হয় না ; কেন না তিনি পূর্ণ, নিতা ও व्यक्तः, जिनि वालनात्क अमादिक कविद्यात-वालनात्क अमान করিরাও অক্ষ থাকেন—সমগ্র থাকেন। তাঁহার অনন্ত নৈত্রী অনন্ত শক্তির বারা বিশ্বত হইরা রহিরাছে। তাঁহার সেই অমৃতআদর্শ হইতে আমরা এই শিকা লাভ করি,—ধার বড়টা আছে, সেই
পরিমাণে সে দান ককক। কিন্তু মানবের প্রেম এত চুর্বল যে
তাহার সহিত একটু অহমিকা,—একটু স্বার্থপরতা মিপ্রিত থাকেই
থাকে। বেমন আমাদের অন্তরে একদিকে পরসেবানিটা ও আত্রবিদর্জনের উদার ভাগ নিহিত আছে, তেমনি আবার ভাহার
পালাপালি এই স্বার্থপরভারও চ্র্জ্রে মৃল সকলের হৃদরে নিব্দ্ধ
রহিরাছে।

যদি ঈশ্বর পূর্ণনদ্দণ ও পূর্ণ ছান্ত্রন্থ হন, তাহা ইইলে তিনি নদ্দণ ও জ্ঞান ছাড়। জার কিছুই করিতে পারেন না; আবার রেহেত্ তিনি দর্মণক্তিনান—তিনি যাহা ইছে। করেন তাহাই তিনি করিতে পারেন,—স্ভরাং ভাহাই তিনি করিয়া থাকেন। এই জগং ঈশ্বরেরই রচনা; অতএব ইহা স্মাক্রণে তাঁহার উদ্দেশ্যের উপ্যোগী ক্রিয়াই রচিত হইরাছে।

তথাপি, এই জগতে এমন একটা বিশৃথ্যনাও লেখিতে পাওয়া বায়, যাহা ঈর্বারের ফাল্ল ও মঙ্গশভাবের প্রতি লোবারোপ করে বিশিয়া মনে হল।

মললের ধারণার সহিত যে একটি নিয়ম সংযুক্ত রহিরাছে, গেই
নিয়মটি এই কথা বলে জে, নৈতিক কার্যের ক্ষর্তামাত্রই ভাল কাজ
করিলে প্রস্থার পার ও মল কাজ করিলে ন্তুনীয় হইয়া থাকে।
এই নিয়মটি নার্কনেটফিক, ক্ষরশান্তাবী, ও ক্ষকটিয়। এ জগতে
বিদি এই নিয়মটির বারোগ না হর ছবে, ক্ষর এই নিয়মটির কথা মিধ্যা,
নিয় এই লগং স্থাবার্যিক লহে।

এখন,—ইহা একটা বাস্তব তথা বে তালো কাল্ডের অবার্থ পরিণাম সকল সময়ে মুধ নহে, এবং মন্দ কার্য্যের অবার্থ পরিণাম সকল সময়ে ছাথ নহে।

এ কথাটা সত্য হইলেও, ঈশরের প্রসাদে, ইহা অতীব বিরল ও ইহা কতকটা ব্যতিক্রম স্থলের মত' বলিয়া মনে হয়।

প্রবৃত্তির বিরুদ্ধে সংগ্রামই ধর্ম ; এই সংগ্রাম যেমন গৌরব-পূর্ণ তেমনি কষ্টকর ; কিন্তু পাপের কট অতীব দারুণ, সে কটের শেষ নাই, সে অশান্তির অন্ত নাই।

ধর্মের কতকগুলি কট থাকিলেও ধর্মের সহচর—পরমুখ।
মেমন অধর্মের সহচর—মহা হুংখ। কি কুদ্র কি বৃহতের মধ্যে, কি
আন্ধার শুপু স্থানে, কি জীবনের প্রকাশ্য রঙ্গভূমিতে, সর্ক্রিই এইরূপ দেখিতে পাওয়া যায়।

त्राह्य ७ व्यवाह्या—हृथ इः त्थत्र এको। दृश्याः वरे व्याद किছ्टेनट्र।

এই সম্বন্ধে, মিতাচারের সহিত অমিতাচারের, স্পৃত্যার সহিত বিশৃত্যার, ধর্মের সহিত অধর্মের তুলনা করিয়া দেও। আমি মিতাচারের অর্থে বুঝি—পরিমিত আচরণ, উহা কঠোর তপশ্চরণ নহে। আমি ধর্ম অর্থে বুঝি, যুক্তি সঙ্গত ধর্ম, ভাহা নিষ্ঠুর পৈশা-চিক ধর্মা নহে।

Hufeland নামক একজন প্রথাত চিকিৎসক বলেন যে, সাধুতাবসমূহ আছোর অনুকূল এবং অসাধুতাবগুলা তাহার বিপরীত। প্রচণ্ড ক্রোধ ও ঈর্বা। বেমন শরীরকে উত্তেজিত করে, দক্ষ করে, বিকুক করে, সেইরূপ সাধুতাব সকল, সম্ভ বৈহিক ক্রিয়ার মধ্যে সাম্ভ্রম্য ও আছেতা বিধান করে। আরও তিনি বংলন, বাঁহাদের সাধু জাবন, স্থানিরপ্রিত জীবন, তাঁহারা দীর্ঘজীবী হয়েন।

এইরপ সাছোর পক্ষে, বলের পক্ষে, জীবনের পক্ষে,—অধর্ম অপেকাধর্ম উপবোগী। আমার মনে হয়, এই কথাতেই অনেকটা বলা হইল।

তার পর পাপপুনোর সাক্ষী আমাদের অন্তরায়া। এই অন্তরার আর শাস্তি কিংবা অশাস্তির উপর আমাদের আভান্তরিক স্থ্য তংখ নির্ভর করে। এই হিলাবে, আবার স্পৃথ্যলার সহিত বিশৃথ্যনার, ধর্মের সহিত অধ্ধেষি ত্লনা করিয়া দেখ।

আবার অন্তর্যায়ার কথা ছাড়িয়া দিয়া যদি জনসমাজের কথা ধরা যায়,— রনসমাজে শ্রারা অশ্রমা, মান অপমান কিসের উপর নির্ভর করে ? অবশা লোকমতের কথন কথন ভ্লও হইয়া থাকে, কিন্তু দে ভূল অধিক কলে স্থায়ী হয় না। সাধারণত,—ভও ও প্রবঞ্চ-কেরা, কথন কথন লোকের শ্রমাভক্তি আকর্ষণ করিলেও, একথা স্বীকার করিতে হইবে, লোক-সমাজে সততাই স্বয়শ লাভের ধ্ব ও অনোঘ উপায়।

পাপপুণোর যে একটি চমংকার নিয়ম আছে সেই নিয়মটির

বারাই বিশ্বমানবের অদৃষ্ট নিয়মিত হইয়া থাকে। এই পাপপুণোর

নিরমের উপরেই সমস্ত জনসমাজের, সমস্ত রাজ্যের উন্নতি অবনতি

নির্ভির করে, এবং ধর্মই স্থলাতের একমাত্র গ্রুব উপায় বলিয়া

বিবেচিত হইয়াথাকে।

ইহাই সক্রেটিন ও প্লেটোর মত; ইহাই ফ্র্যাক্ষ্ নিনের মত। এবং আমিও মানব জীবন মনোবোগ সহকারে পরীকা করিরা, আমার নিজের মভিজত চাহইতে এই মতে উপনীত হইরাছি। তবে এ কথা স্বীকার করি, ইহার কতকগুলি ব্যতিক্রমন্থলও আছে। একটমাত্র ব্যতিক্রমন্থল থাকিলেও তাহার বাাধ্যা আবশুক।

একটা দৃষ্ঠান্ত। মনে কর, একজন ক্স্ত্রী, ধনশালী, লোকপ্রিয় দৌমা যুবক একটা বিষম সমস্যার মধ্যে পড়িরাছে—ইর তাহার ফাঁসি কাঠকে বরণ করিতে হইবে, নয় বিষাস্থাতক হইয় একটা পবিত্র স্থান্তটানের পক্ষকে পরিত্যাগ করিতে হইবে। বাই হোক, অবশেষে তাহার ২০ বংসর বরসে সে ইচ্ছাপূর্ম্বক স্থাসিকাঠকেই বরণ করিল। সংউ.দেখ্য সাধনের জন্ত সে যে আপনাকে বিদান দিল—ইহার সম্বদ্ধে তৃমি কি বনিবে ? একলে পাণপূর্ণার নিরমায়স্যারে ত কোন কার্যা হইল না। তৃমি কি ধর্মানিয়্মের নিন্দা করিতে সাহসী হইবে ? অধ্বা, কেমন করিয়া ভাহার উচিত-প্রাপ্ত অ্যানিত পুরস্কার তাহাকে এই পুনিবীতে প্রদান করিবে প

ভাবিয়া দেখিলে, এইরূপ অনেক দৃষ্টান্ত পাওয়া ধায়।

এই জগতের সমস্ত নিয়মই সাধারণ নিয়ম, কাহারও জন্য এই নিয়মের তিলমান্ত ব্যতিক্রম হয় না। প্রত্যেক ব্যক্তির পাপ প্রের প্রতি লক্ষ্য না করিয়া এই নিয়মসকল আগনার নির্দিষ্ট পথে চলিয়াছে। যদি কোন ব্যক্তি বদু মেলাল লইয়া জন্ম প্রহণ করে, কোন লুজের অথচ স্থানিন্তিত ভৌতিক নিয়মই তাহার কারণ। কি জীব জন্ত, কি রক্ষনতা, সকলেই এই নিয়মের জ্ববীন। যে নিজে নির্দেষ তাহাকেও হয়ত চিয়জীবন কট ভোগ করিতে হয়। মহামারী, বাাপক রোগ, মহাবিপদ—কি সাধু কি জ্বসাধু—সকলকেই যদুছোক্রমে আক্রমণ করে।

মানব-ন্যারবিচার, নির্দেষ বাজিকে বড় একটা লণ্ডিত করে না বটে, কিছু অনেক সময়ে লোৱীকে প্রমাধাভাবে ছাড়িয়া দের। তা ছাড়া মাক্স-বিচারক মাস্থ্যের অনেক দোষ আদৌ জানিতেই পারে না। কত অপরাধ, কত নীচ অপকর্ম অনুকারের অবেবণে অনুষ্ঠিত হইরা থাকে এবং দণ্ডিত হয় না! আবার এরুপ নিংসার্থ পর-দেবার কত কাজ্প গোপনে অনুষ্ঠিত হয় — ঈর্মরই বাহার একমাত্র সাক্ষা ও বিচার কর্তা। অবশ্য, পাপ প্রোর সাক্ষা অন্তরায়ার দৃষ্ট হইতে কিছুই এড়াইরা বায় না, এবং অপরাধী আয়া স্বজীয় অপরাধের জত্ত অনুতাপের মন্ত্রা ভোগ করে। কিন্তু অনুতাপের মাত্রা, সকল সময়ে অপরাধের মাত্রার অনুরূপ হয় না। এই অনুতাপবাধের তীব্রতা অনেকটা অন্তর্কার অনুরূপ হয় না। এই অনুতাপবাধের তীব্রতা অনেকটা অন্তর্কার করে। এক কথায় এই জগতে সাধারণত পাপ প্রোর নিম্মান্থনারে কাজ্ব হইলেও, উহা গণিতের গণনার ভায় ''কড়ায়-গণ্ডায়'' ঠিকু হয় না।

ইহা হইতে কী সিদান্ত করিতে হইবে ? এই জগং স্থাঠিত নহে—এই রূপ সিদান্ত ? না, তাহা হইতেই পারে না,—আসলেও তাহা ঠিক্ নহে । কারণ, ইহা নি:সংশ্ম যে, এই জগতের যিনি অপ্তাতিনি মঙ্গলমর ও ভারবান্; তাহাড়া, সাধারণত আমরা দেখিতে পাই, এই জগতে একটা সুশৃঞ্জনা বিরাজ করিতেছে। যে সুশৃঞ্জনা আমরা চতুর্দিকে জাজনামান দেখিতে পাই, কতকগুলি ঘটনাকে আমরা তাহার সামিলে আনিতে পারি না বলিয়াই কি সেই সুশৃঞ্জনাকে একেবারে জ্বীকার করিতে হইবে ?—ইহা যার পর নাই অসঙ্গত। এই বিশ্বজ্ঞাও এখনও টিকিয়া আছে—জ্বতএব ইহা স্থাঠিত।

ভণ্টেরারের স্থায় একদণ বলেন, জগং ক্রমশং ধারাপের দিকেই যাইতেছে; আধার একদণ বলেন, জগতের কিছুই ধারাপ নহে—সবই ভাল। একটা—বিশ্ব-মঙ্গলবাদ; আর একটা,—বিশ্বঅমঙ্গলবাদ। জগতের তথাসমষ্টি বিবেচনা করিয়া দেখিলে, উহা
মঙ্গলবাদ অপেক্ষা অমঙ্গলবাদেরই প্রতিকৃল বিলিয়া মনে হয়। এই
ছই বিপরীত মতবাদের মধান্তলে বিশ্বমানব, পারলৌকিক আশাকে
স্থাপন করিয়াতে। বিশ্বমানব দেখিরাছে যে, নিয়মের কতকগুলি
ব্যাতিক্রমন্তল আছে বিলিয়া একটা মূল-নিয়মকে অগ্রাহা করা
মুক্তিসিদ্ধ নহে; তাই বিশ্বমানব এই সিদ্ধান্ত করিয়াতে যে, ঐ সকল
বাতিক্রমন্তলগুলিকে একদিন নিয়মের মধ্যে আনা যাইতে পারিবে,
একদিন তাহার কোনপ্রকার প্রতিবিধান অবশাই হইবে। হয় এই
সিক্রান্তটিকে সীকার করিতে হইবে, নয় পূর্বাধীকত ছইটি মহাতরকে অশ্বীকার করিতে হইবে। সেই ছইটি মহাত্তক অশ্বীকার করিতে হইবে। সেই ছইটি মহাত্তকে অশ্বীকার করিতে হইবে। সেই ছইটি মহাত্তকে অশ্বীকার করিতে হবৈ। বিশ্বমিটি অনতিক্রমা ও অকাটা।

এই হুইটি মহাতহকে অসীকার করিবে, বিখমানবের সমস্ত বিখাদকে সমূলে উংপাটিত করা হয়।

আবার এই ছইটি মহাতত্তকে স্বীকার করিলে প্রকারান্তরে প্রজন্মের অন্তিরকে স্বীকার করা হয়।

কিন্তু দেহ ধ্বংদ হইয়া গেলেও, আমাঝা থাকিবে—ইহা কি সম্ভব ?

বস্তুত,—বে নৈতিক আয়া, ভাল মল কাজ করিয়া দওপুর-ঝারের পাত্র হর, দেই নৈতিক আয়া একটা জড়-শরীরের সহিত এখানে আবদ্ধ রহিয়াছে। দেই আয়া শরীরের সহিত একত্র বাদ করিতেছে, কিয়ৎপরিমাণে শরীরের উপর নির্ভর করিয়া আছে, তথাপি দেই আয়া শরীর নহে। শরীর কতকগুলি অংশে বিভক্ত; শরীরের বৃদ্ধিও ছইতে পারে, হাদও হইতে পারে; শরীর

বিভাজা.—শরীর অগীম অংশে বিভক্ত হইতে পারে। বিভাজাতাই শরীরের প্রধান ধর্ম। কিন্তু সেই যে একটা-কিছু যে আপনাকে আপনি জানে, যে আপনাকে "আমি" বলিয়া, "অহং" বলিয়া অভিহিত করে: যে আপনার স্বাধীনতা, আপনার দায়িত্ব অনুভব করে. সে কি ইহাও অফুভব করে না যে, তাহার "আমি"র মধ্যে কোন থণ্ডতা নাই, কোন থণ্ডতা থাকা সম্ভবও নহে,—দে একটি অধণ্ড "আমি'' ? "আমি'' কি কথন কম "আমি'' বা বেশী "আমি" হইতে পারে ? "আমি"র কি অর্কভাগ হইতে পারে ?— দিকি ভাগ হইতে পারে ? আমার "আমি"কে আমি কথনই ভাগ ক্রিতে পারি না। হয়, এই "আমি" যাহা আছে ভাহাই আছে— নয়, এই "আমি" একেবারেই নাই। এই "মামি" বিচিত্র ব্যাপার প্রকটিত করিলেও, ইহা যে আমি দেই আমি,—ইহার তদান্মতা সম্পূর্ণকূপ বন্ধার থাকে। "আমি''র এই তদায়তা, এই অভাজ্যতা, এই অধ ওতাই "আমি''র আধ্যাত্মিকতা। অতএব অধ্যাত্মিকতাই "আমি''র মূলগত ভাব। "আমি''র এই তদায়তাসম্বনীয় বিখাদের সহিত, আত্মার আধ্যাত্মিকতা সম্বন্ধীয় বিখাস্টি জড়িত রহিয়াছে: কোন জ্ঞান-বৃদ্ধি-সম্পদ্ন জীব ইহা অস্বীকার করিতে পারে না। অতএব আমরাধধন বলি, আ্যার সহিত শরীরের মূলগত প্রভেদ আছে—উহা ওধু একটা অমুমানের কথা নহে। তাছাড়া, আমরা যথন আত্মার কথা বলি, তথন এই "আমি"র কথাই বলিয়া থাকি। মনন ও ইচ্ছাশক্তি এই চুইটিই "আমি''র উপাধি ৷ অতএব আমি মনন করিতেছি, আমি ইচ্ছা করিতেছি—এইরপ আমার যে আত্ম-হৈতন্য,—এই স্বান্মহৈতন্যের সহিত "আমি''র কোন প্রভেদ নাই। কোন আত্মটেডনাহীন জীবের আমিত থাকিতে পারে না। এই আমিত্ব তাদায়্যবিশিষ্ট, অথও ও অমিশ্র। উপাধির হারা "আমি"
পরিপুষ্ট হইলেও, "আমি"র বিভাগ হয় না। এই "আমি"
অবিতাজ্য, ধবংসহীন, এবং বোধ হয় অমর। অতএব ঐপরিক
স্থায়ের সার্থকতার জন্য যদি আত্মার অমরত্ব নিতান্তই আবশ্যক হয়,
তবে এ আবশ্যকতা অসন্তব নহে। আত্মার আধ্যায়িকতাই,
আমানের অমরতার অবশান্তাবী ভিত্তি। পাপপুণার নিয়মটিই
ইহার সাক্ষাং প্রমাণ। প্রাশ্তক আধ্যায়িকতার প্রমাণটিকে দার্শনিক প্রমাণ এবং পাপপুণার প্রমাণটিকে নৈতিক প্রমাণ বলা যায়।
এই নৈতিক প্রমাণটীই সমধিক প্রাণদ্ধ, সমধিক শোকপ্রিয়,
সমধিক প্রতায়জনক ও ক্ষান্তাহী।

সকল বস্তরই একটা সীমা আছে। কার্য্যমাত্রেরই কারণ
আছে—এই মৃল স্ত্রাটির মেরপ কোন স্থনেই অন্যথা হর না,
সেইক্লপ সকল বস্তরই একটা সীমা আছে—এই মৃল স্ত্রাটিরও
কোপাও ব্যতিক্রম হর না। অত এব মান্ত্রেরও একটা সীমা
আছে। এই সসীমতা, মান্তরের সমস্ত চিস্তার, সমস্ত ব্যবহারে,
সমস্ত শীবনে প্রকাশ পার। আবার আর এক দিকে, মান্তর
বাহাই করুক, বাহাই অনুভব করুক, বাহাই চিস্তা করুক না কেন,
মান্ত্র অসীমকেই চিস্তা করে, অসীমকেই ভালবানে, অসীমের
দিকেই তাহার প্রবণতা। এই অসীমের অভাববোধই,—বৈজ্ঞানিক কৌন্তুহলের প্রধান উদ্দীপক, সমস্ত আবিক্রিরার স্পীন্ত্র
কারণ। প্রেমও অসীমে গিরা বিশ্রাম লাভ করে। বাত্রারতে
প্রেম কন্তক্তলি আপাত-রম্য অলম্ভ ক্রম সংস্কোগ করে রটে, কিন্ত
লেই মুখের গহিত বে ক্রম্ব গরল। মিশ্রিত বাকে, ভাহাতে ক্রিরা
নাল্রব পান্তিব ক্রমের ক্ষর্নিও প্রস্তর। ক্রম্বর বান্তর ক্রের।

অনেক সময়ে তাহার সকল গৌভাগ্যের মধ্যে, সকল স্থাধ্য মধ্যে একটা অভৃপ্তি আদিয়া, নৈরাশ্র অদিয়া, তাহার স্থাবের স্থা ভাঙ্গিয়া দেয়। এইরূপ অতৃপ্তি, এইরূপ নৈরাশ্য কোথা হইতে चारेटन ? यकि काहात्र असम ही थाक, जाहा हरेटन दन व्विटिं পারিবে,—সংসারের কোন বস্তুই যে তাহাকে তৃপ্তি দিতে পারে না, তাহার কারণ,—তাহার প্রাণের বাদনা আরও উচ্চতর, অসীম পূর্ণতার প্রতিই তাহার আন্তরিক স্পৃহা। মারুষের চিস্তা ও প্রেমের বেমন সীমা নাই, সেইরূপ মারুষের চেষ্টা উদ্যুমেরও সীমা নাই। মানুবের চেষ্টা উনাম কোথায় গিয়া থামিবে, তাহা কি কেহ ব্লিতে পারে ? ইহলোকের সহিত আমাদের একরক্ম চেনা-পরিচয় যদি হইয়া থাকে তবে শীঘ্রই আমাদের লোকাস্করে বাওয়া আবশাক হইবে। মাতৃষ অনন্ত পথের যাত্রী, অনন্তকে মাফুর ক্রমাগতই অনুসরণ করিতেছে। মাফুর অসীমের ধারণা করিতেছে, অসীমকে অনুভব করিতেছে,—এমন কি, অসীমকে আপনার অন্তরে বহন করিতেছে বলিলেও হয়। অভতাব অসীম ছাড়া মাথুবের আমার কোন্দিকে গতি হইতে পারে? ইহা হইতেই মামুদের দেই অমরদ্বের ছবিবার অমুভূতি, দেই পর-লোকের বিশ্বজনীন আশা-- गश नकल धर्म, नकल कांवा, नकल ঐতিহ্য সাক্ষা দিতেছে। অদীমের দিকেই আমাদের প্রবন প্রবণ্ডা। এই অসীমের পথে মৃত্যু আসিয়া আমাদের যাত্রাভঙ্গ कतिया (मय ; आमारमत कीवरनत कार्या अनमाश शांकरक शांकरक মৃত্যু আসিলা আমাদিগকে হঠাৎ আক্রমণ করে। অতএব মৃত্যুর পরেও কিছু আছে ইহাই সম্ভব। কেন না, মৃত্যুতে আমাদের कि हुब है भित्रमाणि इस ना। धरे मूनिटक त्रव, धरे मूनि कान चात्र शोकित्व ना। चाकरे हेहा प्रम्पूर्वक्रत्थ विक्रिक हरे-রাছে। এটি বে-জাতীর ফুল, সেই জাতীর ফুলের পক্ষে ইহা बख्छ। ऋमात्र इरेबात छारा रहेबाहर ; हेरा पूर्वता लाख कतिबाहर । আমার যে পূর্ণ পরিণতি, আমার যে নৈতিক পরিণতি, তাহার স্থন্ধে আমার একটা সুস্পষ্ট ধারণা আছে। ধাহার হর্জ্য অভাব আমি অমুভৰ করি, এবং যাহার জন্ত আমি জন্ম গ্রহণ করিয়াছি ৰলিয়া আমার মনে হয়, সেই পূর্ণপরিণতি পাইবার জন্য আমার কতনা আগ্রহ ও কতনা চেষ্টা; কিন্তু ইহলোকে সে পূর্ণতায় আমি कथनइ উপনীত इहेटल भावि ना, क्विवन मिहे পूर्गला नाटलव আশামাত্র আমার মনে থাকিয়া যায়। এই আশা কি একদিন भून इहेरद ना ? এই आना कि এकটा मिथा। आना ? आत नकन জীবই স্বকীয় জীবনের পূর্ণ পরিণতি লাভ করে, আর ওধু মামু-बहे कि जारा रहेटज विभेज रहेटव १ कोटवब मट्या एवं गर्साटनका ৰড়, তাহার প্রতিই কি এইরূপ অবিচার হইবে ? মানুষ যদি অনেম্পূর্ণ ও অনুমাপ্ত অবস্থাতেই থাকিয়া বায়, তাহার সমস্ত সহজ-সংস্থার যে লক্ষ্যের প্রতি ভাহাকে আহ্বান করিতেছে শেই লক্ষ্য ৰদি ভাৰার দিছ না হয়, ভাচা হইলে দে ভূ এই স্বাৰণ্ডিভ স্টির ৰধ্যে একটা অধাভাবিক স্ষ্টিছাড়া জীব। অভএব, আয়ার অমরত ব্যতীত এই সম্পার স্মাধান আর কিছুতেই হইতে शास्त्र मा। व्यामारमञ्ज मरक,--व्यामारमञ्ज नमक वाननात-नमरु **हिख्युखित এই यে अ**नीत्मद्र मित्क व्यवन्छा, हेश आवात অমরতের নৈতিক প্রমাণকে ও দার্শনিক প্রমাণকে আরও মুদুচ্ I EJF

পরলোকে বিখাস স্থাপন করিবার অনুত্তে বখন আবরা সমত

যক্তি সংগ্রহ করিয়া পরলোকের অন্তিত এক প্রকার সম্ভোবজনকরূপে স্প্রমাণ করিয়াছি, তথন আর একটা বাধা আদিয়া উপস্থিত। সেই বাধাটিকেও অভিক্রম করা আবশাক। কল্পনা বধন সেই অজ্ঞাত-রুইসা সুতাকে চিম্বা করে, তখন ভয় না করিয়া থাকিতে পারে না। প্যাপ্তাল বলেন, যত বছ তত্তজানী হউন না কেন,-একটা বড় ভকার উপর দিয়া চলিবার সময় কোন বিপদের আশকা না থাকিলেও তাহার নীচে যদি একটা অতলম্পর্ণ গহরর থাকে. তাহা হুইলে তাঁহার হুংকপ্স না হুইয়া যায় না। কোন আলভা নাই যক্তিতে জানিলেও, কল্পনা তাঁহাকে ভীত করিয়া ভূলে। মৃত্যুর সালিধ্যে আমরা যে ভয় পাই. ইহাও কতকটা কলনার ভয়। বিশ্বাদের দৃঢ়তা দরেও এই ভরকে দমন করা সহজ নহে। তব-জ্ঞানীও এই ভয়ের হস্ত ১ইতে নিস্তার পান ন। : তবে তিনি এইমাত্র জ্ঞানেন, এই ভয় কোণা হইতে উৎপন্ন হয়; এবং তিনি কতকগুলি সুদৃঢ় আশালভাকে অবলম্বন করিয়া দক্রেটিদের ভাষ এই ভয়কে অতিক্রম করেন। আমাদের করনা, শিশুর ভার। উচ্চতর মনোবৃত্তিসমূহের শাসনাধানে রাখিয়া কলনাকে শিশুরই ভার শিক্ষা দেওয়া আবশুক। মনে করিয়া দেখ একটা ভীষণ অতলম্পর্শকে উন্ত্যন ক্রিতে হইবে। এই অজানা অন্তকালের দক্ষ্থে আদিয়া আমাদের প্রাণ কাঁপিয়া উঠে। অতএব, যতটা পারি আমাদের বৃদ্ধি ও ছালয় ২ইতে ৰণ সংগ্ৰহ করিয়া, কল্পনাকে বণীভূত করা আবশ্যক। এই কথাট ঘেন আমরা সর্বদামনে রাখি যে. যেমন कीवत्म ८७मनि मत्रराव केयंत्ररे व्याजात क्षर व्यवनयन ; व्यात क्षेत्रत ৰাহা করেন তাহাই স্তায়—তাহাই মঙ্গল।

আমরা এখন জানিরাছি প্রক্লত ঈ্বর কিরপ। আমরা ইতি-

शृत्क्री क्रेश्रादेव विश्वविद्याहन इहे हैं मूथ मचर्गन कविशाहि, म কি १—না, সতা ও ফুলর। ঈশবের শ্বরপগত যে সর্ব্বোচ্চ ভাবটী আমাদের নিকট প্রকাশ পায় সেট-স্টবরের পবিত্রতা। ধর্মনীতি ও মঙ্গলের জন্মণাতারপে, স্বাধীনতার মূলতত্ত্বপে, ভাষে ও মৈতীর মুলাধাররূপে, দণ্ডপ্রস্বারের বিধাতারূপে, ঈশর শুদ্ধস্বরূপ, "পাবনের পাবন," "পাবনং পাবনানাং।" এরপ ঈশর শুধু কতক-গুলি স্ক্র-গুণ-মাত্র-সার ঈশ্বর নহেন: তিনি পূর্ণ স্বাতন্থাবিশিষ্ট পুরুষ-যিনি আমানিগকে তাঁহার নিজের আদর্শে নির্মাণ করিয়াছেন বিনি আমাদের অদৃষ্টের নিয়ন্তা, বাঁহার বিচারের উপর আমরা নির্ভন্ন করিয়া থাকি। ঈশবের প্রীতিই আমাদিগকে তাবৎ শুভকর্মে व्यानामिक करत : ज्रेचरत्र जात्र चामारमत्र जात्र-त्किरक भतिगामिक ও পরিশাসিত করে। তিনি অসীম এই কথা যদি আমরা পুনঃপুনঃ শ্বরণ নাক্রি, তাহাহইলে আমরা তাঁহার স্বরূপকে থকা করিয়া ফেলিব। আবার যদি তাঁহার অসীম স্বরূপের মধ্যে এরূপ কতকগুলি উপাধি না থাকে যাহাতে করিয়া তাঁহার সহিত আমরা একটা সম্বন্ধ হতে আবদ্ধ হইতে পারি তাহা হইলে তিনি আমাদের পক্ষে না থাকারই সামিল হইয়া পড়েন: কেননা, তাঁহার সেই সকল উপাধি আমাদের ও জ্ঞানের ও ভাবের মৃত্তর।

এইরূপ পূর্ণ পুরুষের চিস্তা করিয়া, মাহুষের মনে যে ভাবের উদয় হয়, সেই ভাবই প্রকৃত ধর্মভাব।

অন্ত বাহাদিগের সন্নিধানেই আমরা গমন করি, তাহাদের বেরপ গুণ, সেই গুণ অনুসারেই আমাদের মনে বিচিত্র ভাবসমূহ জাগিরা উঠে। তবে বাহাতে সকল গুণ পূর্ণরূপে বিগুমান, তাঁহার সন্নিকর্মে আমাদের কি কোন বিশেষ ভাবের উদয়,হইবে না? যথন আমরা

ঈশ্বকে অনম্ভন্তরপ বলিয়া চিস্তা করি, সর্ব্বশক্তিমান বলিয়। উপল্কি করি, যথন আমরা স্থরণ করি, ধর্মনিয়মের মধ্যে তাঁহাছই ইচ্ছ। বিভাষান এবং এই ধর্মনিয়মের পালন ও লজ্যনের সহিত তিনি দও পুরস্কার সংযোজিত করিয়া দিয়াছেন এবং তাঁহার চুর্ণমা স্থায়, এই দকল দ্ওপ্রস্থার যুগায়গুরূপে দকলের প্রতি বিধান করিতেছে. তথন তাঁচার এই রাজ-মতিমা দক্ষণনে আমাদের চিত্র ভয় ও ভব্তির ভাবে অভিভূত হুট্যাপড়ে। তাহার পর, যথন আমরা ভাবিয়া দেখি, তিনি ইজ্ঞা করিয়া আমাদিগকে সৃষ্টি করিয়াছেন, — সৃষ্টি করিবার প্রয়েজন তাঁহার কিছুমাত্র ছিল না,—আমাদিগকে স্ষ্টি করিয়। তিনি আমাদের কত স্থাথে স্থী করিয়াছেন, নিত্য নৃতন সৌন্দর্যা উপভোগ করিবার জনা ডিনি এই চমৎকার ব্রহ্মাও আমা-দিগকে প্রদান করিয়াছেন; অন্ত জীবনের সম্মিলনে যাহাতে আমাদের জীবন সংব্দ্ধিত হয় এই জনা তিনি মামাদিগকে জনসমাজ দিয়াছেন, চিন্তা করিবার জন্য বৃদ্ধি দিয়াছেন, ভাল বাদিবার জন্ম সদম নিয়াছেন, কর্ম করিবার জন্য স্বাধীনতা দিয়াছেন, তথন আর একটি মধর ভাবে আমাদের এই ভয় ও ভক্তির ভাব অফুর্ফ্লিত হয়: সেই ভাবটি—প্রেম। প্রেম যথন ফুর্বল ও স্নীম জীবের প্রতি প্রযক্ত হয় তথন দেই প্রেম প্রিয় জনের তৃষ্টিগাধন করিবার জন্ম মানুষকে উত্তেজিত করে, সে প্রেম প্রিয়ন্তনের নিকট ভটতে কোন উপকার প্রত্যাশা করে না। যথন আমরা কোন স্থলর বা জগবান পাত্ৰকে ভালবাদি, তখন প্ৰথমে এ কথা ভাবি না,—এই প্রেম আমার প্রেমাম্পদের কিংবা আমার নিজের কোন কাজে আদিবে কি না। এই প্রেম যথন আবার সত্য ফুন্দর মঞ্চলের व्याशाव त्वरे क्रेबरत देवान करत, उथन डांहात पूर्वजात मुख स्टेता আমরা তাঁহাকে যে প্রেমাঞ্জলি অর্পণ করি তাহা আরও কত বিশুদ্ধ ও নি:স্বার্থ হইবার কথা।

যিনি অনন্ত গুণে আমাদের এপ্রমাম্পদ তাঁহার দিকে আমাদের আত্মান্ত হাবতই বিকলিত হইরা উঠে।

ভক্তিও প্রীতি লইয়াই আরাধনা। এই ছই ভাব ব্যতীত প্রকৃত আরাধনা হইতেই পারে না।

यिन क्रेश्वत्क क्षु मर्क्न क्रियान विनया, क्षु क्रालाक ७ ज्ला-কের প্রভু বলিয়া, ভধু জায়ের প্রবর্তক ও পাপের শাস্তা বলিয়াই দেখা যায়, তাহা হইলে সাত্রুষ উাহার মহিমা-ভারে প্রপীড়িত ও নিজের তর্বণতার অভিভূত হইয়াপড়ে; ঐপরিক বিচারের ভরে সর্বালাই কম্প্রমান হয়, আরু এই জগতের প্রতি, জীবনের প্রতি, আপনার প্রতি বাতরাগ হইরা সমস্তই তঃখমর বলিয়া অত্তব করে। ইহা ঐশবিক স্বরূপের একটা দিক্যাতা। Port Royal এই দিক পানেই ঝুঁকিয়াছেন। তাঁহার "পাাদ্কালের চিস্তাবলী" পাঠ করিয়া দেখা অতি-মন্ত্রা প্রদর্শন করিয়া (Pascal) প্যাসকাল চইটি किनिम छलियाकिन:-- এकि. मानुराय भागातित.-- बात अकि. क्रेश्रद्भव कक्रम्। व्यावाद शक्कास्त्रद्भ, यक्ति क्रेश्रद्भक कुष् कक्रमास्य বলিয়া, প্রস্রান্তা স্লেভ্যর পিতা বলিয়াই ভাবি, তাহা হইলে আর এক প্রাস্তে ঝুর্কির। পড়িতে হ্র। ভরের স্থানে প্রেমকে বসাইলে, ভবের সঙ্গে মরে অরে অরে ভক্তিও অন্তর্ভিত হইবরে সম্ভাবনা। ज्यन यात्र क्षेत्रत প्रज्ञ नरहन : এमन कि, शिठां अनरहन , दक्तनी, পিতভাবের সহিত কিয়ৎপরিষাণে ভক্তি-মিশ্র ভরও অভিত আছে; তিনি তথন ওধু দখা,—এমন কি, স্থাবিশেষে, প্রণয়ী। প্রকৃত আরাধনার, ভাক ও প্রেমের মধ্যে ক্রন্ত বিচ্ছের হয় না;— এই স্থৰে ভক্তি প্ৰেমের হারা অনুপ্রাণিত হইয়া খাকে।

এই স্বারাধনার ভাবটি বিশ্বন্ধনীন। তবে, লোকের প্রকৃতি-অমুদারে ইহার তারতমা হইয়া থাকে,—ইহা বিচিত্র আকারে প্রকাশ পার; এমন কি অনেক সময়ে, ইহা আপনাকে আপনি জানে না: কথন কথন, বিশ্বপ্রতির ও জীবনক্ষেত্রের মহান্দু ভাসমূহ দেখিয়া মাঞ্ষের হাদর হইতে এই ভাবটি উচ্ছাদ-বাক্যরূপে স্বতঃ বাহির হুইয়া পড়ে; ক্ৰনও বা তাহার নীরব আত্মার মধ্যে নিস্তব্ধ ভাবে সমুখিত হয়। এই আরাধনার ভাষায় ল্রান্তি হইতে পারে, আরাধ-নার পাত্রসম্বন্ধেও ভ্রান্তি হইতে পারে, কিন্তু আসলে ইহা সেই একই ভিনিদ। ইহা আ্যার একটা স্বতোনিস্ত অনিবার্গ্য আবেগ। ভাহার পর, যখন ইংার প্রতি বুদ্ধির প্রয়োগ হয়, তখন আমাদের বৃদ্ধি ইহাকে আধ্নক্ষত ও বৈধ বুলিয়া প্রতিপাদন করে এইমাত্র। ষ্থন আমরা ভাবি, তিনি পবিত্রস্বরূপ, তিনি আমাদের কার্যা ও মনোগত অভিপায় সকলই জানিতেছেন, এবং তিনি পর্ম আন্নাম-সারে আমাদের সেই দকল অভিপ্রায় ও কার্য্যের বিচার করিবেন.— ভখন তাঁহার নেই বিচারকে ভয় কর। অংপেক। জায়সঙ্গত আরু কি হুইতে পারে ? আবার যিনি পূর্ণস্পত্র, যিনি সমস্ত প্রেমের প্রস্তবৰ, তাঁহাকে প্রীতি করা অপেকা ভারদক্ষত আর কি হইতে পারে ৪ গোড়ায়, আরাধনা একটা স্বাভাবিক প্রবৃত্তি: পরে বৃদ্ধি তাহাকে কর্তবো পরিণত করে, কর্তব্য বলিয়া নির্দ্ধারণ করে এইমাত।

আরাধনার বে প্রবৃত্তিটি, আহার নিভ্ত মন্দিরে অধিষ্ঠিত, ভাহাই আভাস্তরিক আরাধনা, ভাহাই সামাজিক আরাধনা-পদ্ধতির অবশ্যস্তাবী ভিত্তি। *

रा हिमार्य, कनमभाक, बाकामामनज्ज, जावा ও मिन्नकनानि মানুষের স্বেচ্চাগাপেক-সামাজিক উপাদনা-প্রণালী তাহা অপেকা किहूरे अधिक नहर । এই मकन वालीह्रित मृन, मानव-श्रक्ति । মধ্যেই নিহিত। আরাধনার প্রবৃত্তিটিকে যদি তাহার নিজের হাতে একেবারে ছাড়িয়া দেওয়া যায়, তাহা হইলে, হয়—উহা নিক্ল ধ্যানে ও উন্মন্ত ভাবের উচ্ছাদে পর্যাবদিত হইয়া সহজেই অধােগতি প্রাপ্ত হর; নয়-নাংদারিক কাজকর্ম ও দৈনব্দিন প্রয়োজন-সমূহের প্রবল প্রবাহে কোথার ভাদিয়া যার। আরাধনার আরেগ যতই প্রবল হয় ততই উহা কতকগুলি ক্রিয়ার দারা আপনাকে বাহিরে প্রকাশ করিতে চেঠা করে, আপনাকে সার্থক করিয়া ভূনিবার চেষ্টা করে। তথন আরাধনা একটা প্রতাক্ষ, স্থম্পষ্ট, স্থনির্দিষ্ট ও স্থানিয়-মিত আকার ধারণ করিয়া, যে হৃদয়ভাব হইতে গোড়ায় উৎপন্ন হইরাছিল, দেই হাদর-ভাবের দিকে আবার ফিরিয়া বায়। তথন चात्राधनात्र शत्रुखिंगे এक है निष्ठाल हरेल, चात्राधनात्र (प्रहे निर्फिष्ठे লক্ষতি ভাষাকে লাগ্রত করিয়া তুলে; ক্ষীণ হইয়া পড়িলে, তাহাকে ধ্রিক করিয়া রাখে; এবং চুর্বল ও নিরছুণ কয়না-প্রস্ত সকল ্রাক্তার বাড়াবাভি হইতে উহাকে রক্ষা করে। অতএব দর্শনশার, আন্তারীক আরাধনার কেতেই সামাজিক আরাধনা-পছতির স্বাভা-বিক ভিত্তি স্থাপন করে।

কিত্ত দর্শনশাল প্রমাথবিভার সান ধণল করিরা বসিবে, দর্শন-শালের এরণ অভিপ্রার নহে; দর্শনশাল আপনার নির্দিষ্ট পথে চলিরা, অকীর উদ্দেশ্য সাধন করিবে, ইহাই ভাহার অভিপ্রার। সে উদ্দেশ্য কি ?—না, বাহা কিছু মান্ত্রকে উন্নক্ত করিতে পারে, ভাহার প্রতি অন্তর্গা প্রদর্শন করা, ভাহার সহারতা করা।